Civil Buildings, ...	30th Nov.	
Eastern Settlements, ...	30th Sept.	

Extract from a letter from the Honourable the Court of Directors, addressed to the Government of India, in the Financial Department, under date the 23d September, 1845, No. 18.

1. In the Margin* are exhibited the dates at which the several Financial Statements of the Presidency of Bengal and the North-Western Provinces have been received by us, commencing with those relating to the year 1835-36. The importance of our being supplied with early and ample information regarding India Finance must be evident to you and we desire that you take into your

তারিখ বস্তুতঃ বড় একটা খেলাফ করেন নাই। শ্রীযুত অবগত আছেন যে বাঙ্গলা দেশের সিহাবে কেবল বাঙ্গলার গবর্ণমেণ্টের আয়ব্যয় লিখিত আছে এমত নহে কিন্তু সকল রাজধানীতে যে সাধারণ আয়ব্যয় ভারতবর্ষের গবর্ণমেণ্টের কর্তৃত্বাধীনে হয় তাহাও তাহাতে সংযুক্ত আছে অতএব অন্যান্য রাজধানীর কৈফিয়ৎ যেমত শীঘ্র প্রস্তুত হয় বাঙ্গলা দেশের হিসাব তাদৃশ শীঘ্র প্রস্তুত হইতে পারে না। কিন্তু তিনি বোধ করেন যে বাঙ্গলাতে যে সাধারণ হিসাব প্রস্তুত হয় তাহা পূর্ব্বাপেক্ষা অতিত্বরায় করণের সদুপায় এই যে নানা দফ্তরের হিসাব শেষ করণের তাগাদা করণ এবং তিনি অবগত হইয়াছেন যে ঐ নানা দফ্তরের হিসাব পশ্চাৎ লিখিত নিদর্শনে যেং তারিখ নির্দ্দিষ্ট আছে তাহাতে অক্লেশে শেষ হইতে পারে। অতএব বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেব এই নিশ্চয় করিয়াছেন যে আকেকাউণ্টেণ্ট সাহেবকে উত্তর কালে ঐ তারিখ মনোযোগপূর্ব্বক প্রতিপালন করিতে হুকুম দেওয়া যায় এবং যে প্রত্যেক গতিকে ঐং তারিখে হিসাব শেষ না হয় সেইং গতিকে বিলম্বের কারণের স্পষ্ট করিয়া রিপোর্ট করেন্।

হুকুম হইল যে উক্ত নির্দ্ধারণের এবং তাহাতে সংযুক্ত লিপির এবং ১৮৪৫ সালের ২৩ সেপ্টেম্বর তারিখের ১৮ নম্বরী ভারতবর্ষের গবর্ণমেণ্টের প্রতি শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরা যে পত্র পাঠাইলেন তাহার নকল বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের আকেকাউণ্টেণ্ট সাহেবের নিকটে তাঁহার বিজ্ঞাপন ও উপদেশের নিমিত্তে পাঠান যায়।

বাঙ্গলা দেশের শ্রীযুত আকেকাউণ্টেণ্ট সাহেবের অধীনে নীচের লিখিত সিরিস্তার জমাখরচের হিসাব যেং তারিখে শেষ হইতে পারে তাহা।

	গত হিসাবের চুম্বক শেষ করণের তারিখ।	হিসাবের শেষ করণের তারিখ।
গবর্ণমেণ্ট এজেন্সী। ...	প্রতিবৎসরের ৩১ জুলাই।	প্রতিবৎসরের ৩১ জানুআরি।
সেবিং ব্যাঙ্ক।	৩১ জুলাই।	
টাকশাল।	৩১ আগষ্ট।	
ইষ্টাম্প। তাকঘর। ...	৩০ সেপ্টেম্বর।	
ছাপাখানা। রেবিনিউ। ...	৩০ নবেম্বর।	
আবকারী। সায়র। হালিল।	৩১ অক্টোবর।	
নিমক। আফীম। মারিন। ...	৩১ অক্টোবর।	
দেওয়ানী এমারৎ।	৩০ নবেম্বর।	
পূর্ব্বসমুদ্র বসতি। ...	৩০ সেপ্টেম্বর।	

১৮৪৫ সালের ২৩ সেপ্টেম্বর তারিখের ১৮ নম্বরী ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের প্রতি শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরা যে পত্র লেখেন্ তাহার চুম্বক।

১। বাঙ্গলা দেশের এবং উত্তর পশ্চিম প্রদেশের রাজধানীর রাজস্বের কৈফিয়ৎ ১৮৩৫। ৩৬ সালঅবধি করিয়া যেং তারিখে আমারদের নিকটে পঁহুছিয়াছে তাহা নীচে * লেখা গেল। ভারতবর্ষের রাজস্বের আয়ব্যয় বিষয়ের সম্পূর্ণ বিবরণ অতিত্বরায় আমারদের নিকটে প্রেরণ করা অত্যাবশ্যক ইহা তোমারদের অবশ্য সুবিদিত আছে অতএব এইপর্য্যন্ত যে সময়ে প্রেরণ

immediate consideration the adoption of such measures as may enable you in future to furnish us with the similar Statements at an earlier period than that which has hitherto been the custom.

Statement of Quick and Dead Stock.

Bengal.	N. W. Provinces.
30th April, 1836, 15th July, 1839.	May, 1838.
„ 1837, 18th Aug., 1840.	13th March, 1839.
„ 1838, 13th May, 1841.	February, 1840.
„ 1839, 23d Aug., 1842.	11th December, 1840.
„ 1840, 9th Aug., 1843.	18th January, 1842.
„ 1841, 12th July, 1844.	18th January, 1843.
„ 1842, 26th Aug., 1845.	15th April, 1844.
„ 1843, Not yet received.	29th April, 1845.
„ 1844, Not yet received.	Not yet received.

	* Bengal.		North Western Provinces.	
	Statement of actual Receipts and Disbursements.	*Regular Estimate.*	*Statement of actual Receipts and Disbursements.*	*Regular Estimate.*
1835-36,	21st May 1838.	24th April, 1837.	30th Oct., 1839.	
1836 37,	8th June, 1839.	19th May, 1838.	28th Feb., 1839.	
1837 38,	24th Feb., 1840.	13th April, 1839.	21st Sept., 1839.	
1838 39,	11th Feb., 1841.	6th July, 1840.	27th July, 1840.	8th February, 1840.
1839 40,	11th Dec., 1841.	14th Dec., 1840.	7th July, 1841.	5th December, 1840.
1840-41,	13th Jan., 1843.	11th Feb., 1842.	15th Nov., 1842.	11th October, 1841.
1841 42,	11th Dec., 1843.	12th April, 1843.	11th June, 1844.	10th March, 1843.
1842-43,	11th Nov., 1844.	13thMarch,1844.	17th Feb., 1845.	11th June, 1844.
1843-44,	Not yet received.	13th May, 1844.	3d July, 1845.	9th June, 1845.
1844-45.	Not yet received.	16th May, 1845.	Not yet received.	

[Government Gazette, 10th November, 1846.]

করণের ব্যবহার আছে তদপেক্ষা শীঘ্র ঐ সকল হিসাব আমাদের নিকটে উত্তর কালে পাঠাইবা এমত উপায় তোমরা অগ্রাহ্যে নির্দ্ধার্য্য করিবা।

সজীব ও নির্জ্জীব মৌজুদ বস্তুর কৈফিয়ৎ।

বাঙ্গলা দেশ	উত্তর পশ্চিম প্রদেশ।
১৮৩৬। ৩০ আপ্রিল।	১৮৩৯। ১৫ জুলাই। ১৮৩৮। মে।
১৮৩৭। „	১৮৪০। ১৮ আগষ্ট। ১৮৩৯। ১৩ মার্চ।
১৮৩৮। „	১৮৪১। ১৩ মে। ১৮৪০। ফেব্রুআরি।
১৮৩৯। „	১৮৪২। ২৩ আগষ্ট। ১৮৪০। ১১ ডিসেম্বর।
১৮৪০। „	১৮৪৩। ৯ আগষ্ট। ১৮৪২। ১৮ জানুআরি।
১৮৪১। „	১৮৪৪। ১২ জুলাই। ১৮৪৩। ১৮ জানুআরি।
১৮৪২। „	১৮৪৫। ২৬ আগষ্ট। ১৮৪৪। ১৫ আপ্রিল।
১৮৪৩। „	পাওয়া যায় নাই। ১৮৪৫। ২৯ আপ্রিল।
১৮৪৫। „	পাওয়া যায় নাই। পাওয়া যায় নাই।

* বাঙ্গলা দেশ

আসল জমা খরচের কৈফিয়ৎ	নিয়মিত এষ্টিমেট।	উত্তর পশ্চিম প্রদেশ। আসল জমা খরচের কৈফিৎ	নিয়মিত এষ্টিমেট
১৮৩৫। ৩৬ ১৮৩৮। ২১ মে।	১৮৩৭। ২৪ আপ্রিল।	১৮৩৯। ৩০ অক্টোবর।	
১৮৩৬। ৩৭ ১৮৩৯। ৮ জুন।	১৮৩৮। ১৯ মে।	১৮৩৯। ২৮ ফেব্রুআরি।	
১৮৩৭। ৩৮ ১৮৪০। ২৪ ফেব্রুআরি।	১৮৩৯। ১৩ আপ্রিল।	১৮৩৯। ২১ সেপ্টেম্বর।	
১৮৩৮। ৩৯ ১৮৪১। ১১ ফেব্রুআরি।	১৮৪০। ৬ জুলাই।	১৮৪০। ২৭ জুলাই। ১৮৪০। ৮ ফেব্রুআরি।	
১৮৩৯। ৪০ ১৮৪১। ১১ ডিসেম্বর।	১৮৪০। ১৪ ডিসেম্বর।	১৮৪১। ৭ জুলাই। ১৮৪০। ৫ ডিসেম্বর।	
১৮৪০। ৪১ ১৮৪৩। ১৩ জানুআরি।	১৮৪২। ১১ ফেব্রুআরি।	১৮৪২। ১৫ নবেম্বর। ১৮৪১। ১১ অক্টোবর।	
১৮৪১। ৪২ ১৮৪৩। ১১ ডিসেম্বর।	১৮৪৩। ১২ আপ্রিল।	১৮৪৪। ১১ জুন। ১৮৪৩। ১০ মার্চ।	
১৮৪২। ৪৩ ১৮৪৪। ১১ নবেম্বর।	১৮৪৪। ৯৩ মার্চ।	১৮৪৫। ১৭ ফেব্রুআরি। ১৮৪৪। ১১ জুন।	
১৮৪৩। ৪৪ পাওয়া যায় নাই।	১৮৪৪। ১৩ মে।	১৮৪৫। ৩ জুলাই। ১৮৪৫। ৯ জুন।	
১৮৪৪। ৪৫ পাওয়া যায় নাই।	১৮৪৫। ১৬ মে।	পাওয়া যায় নাই।	

Comparative Statement of Bengal Debt.

On 30th April, 1836 & 30th April, 1836,	1836	12th April, 183.
	1837	17th Augt., 1840.
" "	1837	31st March, 1841.
" "	1838	19th Jan., 1842.
" "	1839	17th March, 1843.
" "	1840	14th Nov., 1843.
" "	1841	11th Dec., 1843.
" "	1842	11th Nov., 1844.
" "	1843	Not yet received.
" "	1844	

No. 302.

To R. Walker, Esquire, Accountant to the Government of Bengal.

I am directed to acknowledge the receipt of your letter No. 17 of the 12th Instant, giving cover to a Memorandum of Returns due to the several branches of your Office on the 31st Ultimo, and with reference to the two instances noted in the Margin * of delay in the receipt by you of accounts of the Resident Councillor at Singapore and the Post Master at Monghyr, to request that in every instance of delay in the receipt of the Returns due to you from Officers under the control of the Government of Bengal that you apprehend will compel you to postpone closing your Departmental Accounts of Receipts and Disbursements beyond the dates fixed for their completion, you will be good enough to report to the Secretary to the Government of Bengal the fact of such delay and its anticipated effect upon your own accounts in order that the Government of Bengal may adopt effectual measures to put you in timely possession of the required Returns.

(Signed) J. Dorin,
Secy. to the Govt. of India.

Fort William, the 21st Augt., 1846.

(True Copies)
(Signed) J. Dorin,
Secy. to the Govt. of India.

(True Copies)
(Signed) Cecil Beadon,
Under Secy. to the Govt. of Bengal.

Sudder Board of Revenue,
Fort William, the 23d September, 1846.

(True Copies)
(Signed) G. Plowden,
Offg. Secretary.

* Singapore Cash Account for March and April, 1846.
Monghyr Post Office do. from Feb. to April.

বাঙ্গলা দেশের সরকারী কর্ম্মের তারিখ।

১৮৩৫। ৩০ আপ্রিল এবং	১৮৩৬। ৩০ আপ্রিল।	১৮৪৬। ২২ আপ্রিল।
১৮৩৬।	১৮৩৭।	১৮৪০। ২৭ আগষ্ট।
১৮৩৭।	১৮৩৮।	১৮৪১। ৩১ মার্চ।
১৮৩৮।	১৮৩৯।	১৮৪২। ৩১ জানুআরি।
১৮৩৯।	১৮৪০।	১৮৪৩। মার্চ।
১৮৪০।	১৮৪১।	১৮৪৪। নবেম্বর।
১৮৪১।	১৮৪২।	১৮৪৫। ডিসেম্বর।
১৮৪২।	১৮৪৩।	১৮৪৪। নবেম্বর।
১৮৪৩।	১৮৪৪।	পাওয়া যায় নাই।
১৮৪৪।	১৮৪৫।	

৩০২ নম্বর।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের আকৌণ্টেণ্ট শ্রীযুত আর প্রৌকর সাহেব বরাবরেষু।

বর্ত্তমান মাসের ১২ তারিখের ১৭ নম্বরী তোমার পত্র প্রাপ্ত হওয়া গেল তাহার মধ্যে গত মাসের ৩১ তারিখে তোমার দফ্তরখানার হিসাবের নানা সিরিশ্তার যে২ কৈফিয়ৎ পঁহুছে নাই তাহার এক নিদর্শন আছে পশ্চাৎ লিখিত * যে দুই গতিকে হিসাব পঁহুছনের বিলম্ব হইয়াছে অর্থাৎ সিংহপুরের রেসিডেণ্ট কৌন্সেলের সাহেবের এবং মুঙ্গেরের ডাকের অধ্যক্ষ সাহেবের হিসাব তাহার উপলক্ষে তোমাকে আদেশ করিতেছি যে বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের অধীন কর্ম্মকারকেরদের স্থানে প্রাপ্য কৈফিয়তের পঁহুছনের এমত বিলম্ব হইলে যে নানা দফ্তরের আয়ব্যয়ের হিসাব যে২ তারিখে শেষ করণের নির্দ্দেশ আছে সেই২ তারিখে তাহা শেষ করিতে না পারণের বিষয়ে তোমার আশঙ্কা জন্মে এমত প্রত্যেক গতিকে তুমি ঐ বিলম্ব এবং তৎপ্রযুক্ত তোমার হিসাবের যে কুফল হইবার সম্ভাবনা আছে তাহা বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারীর নিকটে রিপোর্ট করিবা এবং বাঙ্গলা দেশের গবর্ণমেণ্ট ঐ আবশ্যক কৈফিয়ৎ উপযুক্ত সময়ের মধ্যে তোমার প্রতি অর্পণ করণের বিষয়ে সদুপায় করিবেন।

জে ডোরিন।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

ফোর্ট উলিয়ম। ১৮৪৬। ২১ আগষ্ট।

(যথার্থ নকল।)
জে ডোরিন।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

(যথার্থ নকল।)
সিসিল বীডন।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের জ্বোট সেক্রেটারী।

সদর বোর্ড রেবিনিউ।
ফোর্ট উলিয়ম। ১৮৪৬। ২৩ সেপ্টেম্বর।

(যথার্থ নকল।)
জি প্লৌডন। একটিং সেক্রেটারী।

John C. Marshman, *Bengalee Translator.*

* ১৮৪৬ সালের মার্চ ও আপ্রিল মাসের সিংহপুরের টাকার হিসাব।
ফেব্রুআরিঅবধি আপ্রিলপর্য্যন্তের মুঙ্গেরের ডাকের হিসাব।

GOVERNMENT ADVERTISEMENTS.

SALT.

গবর্ণমেণ্টের ইশ্তিহার।

নিমক।

মাসহারারী হিসাব মৌজুদ নমক যায় ৪ পরগেনে গোলা শুক্লি হাবৎ লাগাদ ৩১ অক্টোবর ১৮৪৬ সাল প্রত্যেক এজেন্সীর ও শালিখার নমকের গোলাজাতের মৌজুদ নমকের মৌজুদ নমক বিং গত ইংস্টেটমেণ্ট।

এজেন্সীর নাম।			সন ১২৪৮ সাল মতাবকে ইং ১৮৪১। ৪২ সাল	সন ১২৪৯ সাল মতাবকে ইং ১৮৪২। ৪৩ সাল	সন ১২৫০ সাল মতাবকে ইং ১৮৪৩। ৪৪ সাল	সন ১২৫১ সাল মতাবকে ইং ১৮৪৪। ৪৫ সাল	সন ১২৫২ সাল মতাবকে ইং ১৮৪৫। ৪৬ সাল	মৌজুদ নমকের একুন
		হিজলি।						
পাঙ্গা নেমক।	ঘাট	উত্তর কালীনগর।	•	•	•	•	•	•
	ঐ	দক্ষিণ কালীনগর।	৪,২১,০৮৫/	৫,০১,৮৪৬/	৩,৪২,১০৮/	৩,১২,৯৭২/	৪,৩০,১৭৮/	২০,০৬,৮২৬/
	ঐ	কৃষ্ণনগর।	•	১,৪২,৩৩/	৩৩,৮৭৮৷৹	২,০৯,০৭৫/	২,০৯,০৭৫/	১,৫৭,৮৮৬৷৹
	ঐ	তেরোপাইকা।	•	১,২৭,২১৩/	৩,১৮,৩১৭/	৩,৪৪,৩৪৭/	৩,০৬,৬০৫/	১,১৬,৭১২/
	ঐ	রামনগর।	•	•	•	১২/	১,৫৮,৭০৫/	১,৫৮,৭১৭/
		গাছা নমক।	•	১৩,৩৪৯৷৹	১৫,২৩৪/	•	•	২৮,৫৮৩৷৹
		একুন।	৪,২০,০৮৫/	৯,২৭,২৪১৷৹	৭১,০০,৩৭৮৷৹	৬,৫৭,৩৪৮/	১০,০৪,৫৬৩/	৩,৫১,২২৭৫।৹
		তমলুক।						
পাঙ্গা নেমক।	ঘাট	নারায়ণপুর।	•	•	•	১,৮১,৬১৪/	৪,২২,০৮৮।৫	৬,৭৩,৭০২।৫
		ক্লোকী নমক।	•	•	•	•	•	৬২৷৬৸
		একুন।	•	•	•	১,৮১,৬১৪/	৪,২২,০৮৮।৫	৬,৭৩,৭৭২/১৸
		২৪ পরগনা।						
পাঙ্গা নেমক।	ঘাট	নারায়ণপুর বাহিরবুনি।	•	১,০২৪।৹	২১,১০৮/৫	৬৩,২৩৭৷৹	৯২,১৩৯৷৫	
	ঐ	ঐ তফাল।	•	৭,৬০৮/	১৬/	২,৬৭,৫৬১৷৹	৪৩০,৪২৭৷৹	
	ঐ	বালিরাঘাটা।	•	•	•	•	•	
	ঐ	বেঙরা।	•	•	•	•	•	
	ঐ	গোরদা।	•	•	•	•	•	
	ঐ	ডাইমণ্ডহারবর।	•	•	•	২৪,৪৬৫/	৬৩,২৫৩/	৮৭,৭১৮/
	ঐ	বাগণ্ডী।	•	•	•	১,২৬৫/	৪৮,৮৮৮/	৫০,৪৫৩/
	ঐ	শ্রীযুত প্রিন্সেপ সাহেবের ১ পহিলা রকম।	•	•	•	•	•	•

মৌজুদ নমক বিঃ গত ইষ্টেটমেণ্ট।

এজেন্সীর নাম।	সন ১২৪৮ সাল মতাবেক ইং ১৮৪১। ৪২ সাল	সন ১২৪৯ সাল মতাবেক ইং ১৮৪২। ৪৩ সাল	সন ১২৫০ সাল মতাবেক ইং ১৮৪৩। ৪৪ সাল	সন ১২৫১ সাল মতাবেক ইং ১৮৪৪। ৪৫ সাল	সন ১২৫২ সাল মতাবেক ইং সন ১৮৪৫। ৪৬ সাল	মৌজুদ নমকের একুন
ঐ ঐ মিশ্রিত।	০	০	৪,৬২৮।০	৬,৫২৬॥০	১৫,০০৫/	২৬,১৫২৸০
ঐ ঐ মিশ্রিত পাঙ্গা।	০	০	০	০	০	৫৫৪/
ঐ ঐ মিশ্রিত ইংলিস।	০	০	০	০	০	৫,৫৭৩/
একুন।	০	৮,৭০২।০	৪,৬৪৪।০	২,১৩,৯০৬॥৫	৪,৫৮,৬৪৫/	৬,২২,০২৫/৫
চট্টগ্রাম।						
পাঙ্গা নেমক। ঘাট নেজামপুর ডোমখালি।	০	০	১,৭৪,০৩৫॥০	১,৭৭,১৪১/৫	০	৩,৫১,১৭৬॥৫
ঐ ঐ সদর ঘাট।	০	০	০	০	৫,৮২,৪৭৬/৬	৫,৮২,৪৭৬/৬
ঐ ঐ আরাকিন।	০	০	০	১,৬৫,০৪৩॥৬	২,০৩,৬৬২।০	৩,৬৮,৭১২৸৬
ভুলুয়া পাঙ্গা ঘাট কাঁকড়া আরাকিন।	০	০	০	০	১,২৯,৫২৪৸০	১,২৯,৫২৪৸০
একুন।	০	০	১,৭৪,০৩৫॥০	৩,৪২,১৮৪৸১	২,১৩,৬৭০/৬	১৪,২৯,৮৯০।৭
শালিখা।						
পাঙ্গা নেমক। কটক।	০	০	১,৪৭,৪১৭৸০	২,৮৬,১০৫॥০	২২৯/	৪,৩৩,৭৫২।০
ঐ বালেশ্বর।	০	১,৬২,৪২৫/৭	৩,১৮,৫২৯/	৩,০৫,৪১২৸৫	৫০,৬১৪॥০	৮,৪৩,২৮১॥২
ঐ খোরদা।	০	০	০	৭,২৮৭১৸৩	০	৭২,৮৭১৸৩
ঐ চিলকা।	৩৫,৪৫৩/	৮৮,১৬৬/	১,২৪,২৬৮/	১,২৮,২৮০॥০	০	৩,৭৬,১৬৭॥০
করকচ নেমক। মান্দ্রাজ পরমিট। ১ পহিলা রকম।	০	০	১,২৮,৩০২॥০	৮৪,৪৭০/	১,১০,৫০৩/	৩,২৩,২৭৫॥০
ঐ ঐ ২ দোসরা রকম।	০	২,২৭,৬০২॥২	২,৫৭,৩১৮৸০	২,৫৫,৩২৫৸০	৭৭,৭০৮/	৮,১৮,০২৫/২
ঐ ঐ ৩ তেসরা রকম।	০	০	১২,১৫৩/	০	০	১২,১৫৩/
মিশ্রিত পাঙ্গা।	০	০	০	০	০	১৬,৫২৬॥৭
ক্রোকী করকচ।	০	০	০	০	১৪।৯	১৪।৯
ক্রোকী সৈন্ধব।	০	০	০	০	০	০
ক্রোকী নমক।	০	০	০	০	৬॥০॥	৬॥০॥
একুন।	৩৫,৪৫৩/	৪,৮৫,১৯৩॥৯	৯,৮৭,৯৮২/	১১,৩২,৫৩৬।৮	২,৩৯,০৭৫।৯॥	২৮,৯৬,৭৭৪।৩॥
মোট একুন।	৪,৫৫,৫৩৮/	১২,২১,১৩৭।৯	১৮,৭৬,৭০৬॥০	২৫,২৭,৫৮৯৸৪	৩১,০৮,০৪২/০॥	৯২,১১,৭৩৭/৭।

এচ টরেন্স। সেক্রেটারী।

LAND ADVERTISEMENTS.

ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

ঘোষণা করা যাইতেছে যে সন ১৮৪৫ সালের প্রথম আইনের ৬ ধারার মর্ম্মানুসারে জেলা হুগলীর সাবেক ইষ্টাম্প দারোগা কালিদাস সরকারের জেম্মার ইষ্টাম্পের তহবিল-তছরূপাতি টাকা সন ১৮৪৬ সালের ৭ অক্‌টোবর মোতাবক বাঙ্গলা সন ১২৫৩ সালের ২২ আশ্বিন রোজ বুধবার দিবা অবসানপর্য্যন্ত জেলা চব্বিশপরগনার কালেক্‌টরিতে দাখিল না করাপ্রযুক্ত বাকীদার মজকুরের নীচের লিখিত জায়দাদ সন মজকুরের ১৯ নবেম্বর মোতাবক বাঙ্গলা সন ১২৫৩ সালের ৫ অগ্রহায়ণ রোজ বৃহস্পতিবার দিবস প্রকাশ নীলামে বিক্রী হইবেক ইতি।

নম্বরের শ্রেণী	মহালের হাল	রেজিষ্টরির নম্বর	মহালের নাম	মালিকের নাম	সদর জমা কোং সিক্কা	বাকীর পরিমাণ	কৈফিয়ৎ
১ নং	দায়িমী	৬০৮	পং হাবিলি শহর কিং মোং ভাটপাড়া	... গঙ্গাধর হালদার	৪৭৫ ।৶১০	১০৭০০ ।৶	(১৪৮৶)
২ নং	বাকী মালগুজারি যেরূপে আদায় হয় সেইরূপে আদায় করণের দাওয়ার নিমিত্ত বিক্রয় হওয়া ভূমি।	ঐ	পং ঐ মোং ঐ	ঐ	ঐ	ঐ	/১৸ এক আনা নয় গণ্ডা তিন কড়া রকমের মধ্যে দুর্গাদাস সরকারের হিস্যা রকম ॥০ আনা বাদে বাকী আট আনায় ঐ দেনদারের যে হক।
৩ নং	ঐ	ঐ	ঐ	ঐ	ঐ	ঐ	/৪ মওয়াজি আন্দাজী আট কাঠা বলরাম সরকারের ভদ্রাসন বসত বাটীর সদর মহল দোতালা চকমিলন মায় ৺ পূজার দালানের পশ্চিম অংশে কাশীনাথ ভট্টাচার্য্য দিগরের ব্রহ্মোত্তর বলরাম সরকারের জমাই জমি ইহার মধ্যে দুর্গাদাস সরকারের হিস্যা ॥০ আনা বাদে বাকী আট আনা উক্ত জমিইত্যাদিতে দেনদারের যে হক।
৪ নং	ঐ	ঐ	ঐ	ঐ	ঐ	ঐ	১/ মওয়াজী আন্দাজী দুই বিঘা খেরাজী জমি ঐ বাটীর উত্তর এক বাগান ও খিড়কীর পুষ্করিণী এক মায় বান্দা ঘাট পূর্ব্ব উত্তর পশ্চিম পাকা প্রাচীর ও বাগানের বাহির পূর্ব্ব উত্তর কোণে প্রজা দুর্গা চাঁড়ালের বসত ইহার মধ্যে ঐ দুর্গাদাসের হিস্যা ॥০ আনা বাদে বাকী ॥০ আট আনায় ঐ দেনদারের যে হক।
৫ নং	ঐ	ঐ	পং আরমা মোং চন্দ্রবাটী	ঐ	ঐ	ঐ	২৸০ মওয়াজী আন্দাজী সাড়ে পাঁচ বিঘা বলরাম সরকারের পাট্টাই জমাই জমিতে পুষ্প বাগান ও বাজার পত্তনের জায়গা ইহার মধ্যে ঐ দুর্গাদাসের হিস্যা ॥০ আনা বাদে বাকী ॥০ আনায় ঐ দেনদারে যে হক।
৬ নং	ঐ	ঐ	পং হালীশহর মোং ভাটপাড়া	ঐ	ঐ	ঐ	।০ মওয়াজী আন্দাজী দশ কাঠা বলরাম সরকারের পাট্টাই খেরাজী জমির মধ্যে ঐ দুর্গাদাসের ॥০ আনা অংশ বাদে বাকী ॥০ আনায় ঐ দেনদারের যে হক।
৭ নং	ঐ	ঐ	ঐ	ঐ	ঐ	ঐ	৪/ বিঘা মওয়াজী আন্দাজী আট বিঘা এজহারি লাখেরাজ ব্রহ্মোত্তর বলরাম সরকারের নীলাম খরীদা দরুন রামকুমার ন্যায়বাচস্পতির ঐ জমিতে আম্র কাঠাল ও নারিকেল বাগান মায়পুষ্করিণী ঘোত প্রজা ভগবান সরকার ইহার মধ্যে দুর্গাদাসের অর্দ্ধেক বাদে বাকী অর্দ্ধেকে ঐ দেনদারের যে হক।
							॥২॥ মওয়াজী আন্দাজী এক বিঘা পাঁচ কাঠা এজহারি লাখেরাজ বলরাম সরকারের নীলাম খরীদা দরুন রামকুমার ঠাকুরের নায়েপোদের বাটী ইহার মধ্যে ঐ দুর্গাদাসের অর্দ্ধেক বাদে বাকী অর্দ্ধেকে ঐ দেনদারের যে হক।

নম্বরের শ্রেণী	মহালের হাল	রেজিষ্টরির নম্বর	মহালের নাম	মালিকের নাম	সদর জমা কোং সিক্কা	বাকীর পরিমাণ	কৈফিয়ৎ
	বাকী মালগুজারি যেরূপে আদায় হয় সেইরূপে আদায় করণের দাওয়ার নিমিত্ত বিক্রয় হওয়া ভূমি।						(১৪৮৶
৮ নং		৬০৮	পং হালিশহর মোং ভাটপাড়া ...	... গঙ্গাধর হালদার	৪৭৫ ।৶১০	১০৭০০।৶	১। ০ মওয়াজী আন্দাজী দশ কাঠা এজহারি লাখেরাজ বলরাম সরকারের নীলাম খরীদা দরুন রামকুমার ঠাকুর প্রজা মাধব স্বর্ণকার ও কালাচাঁদ স্বর্ণকার ইহার মধ্যে ঐ দুর্গাদাসের অর্দ্ধেক বাদে বাকী অর্দ্ধেকে ঐ দেনদারের যে হক।
৯ নং	০	০	ঐ	০	০	ঐ	১॥০ মওয়াজী আন্দাজী ছয় বিঘা এজহারি লাখেরাজ নামে ফকীমীর বাগান ইহার মধ্যে কেশবরাম ভট্টাচার্য্যদিগরের হিস্যা ৩/ বিঘা বাদে বাকী ৩/ বিঘা জমি বলরাম সরকারের নীলাম খরীদা দরুন রামকুমার ন্যায়বাচস্পতি ইহার মধ্যে ঐ দুর্গাদাসের অর্দ্ধেক বাদে বাকী অর্দ্ধেকে ঐ দেনদারের যে হক।
১০ নং	০	০	ঐ	০	০	ঐ	॥০ মওয়াজী আন্দাজী এক বিঘা এজহারি লাখেরাজ জমি বলরাম সরকারের নীলাম খরীদা দরুন রামকুমার ন্যায়বাচস্পতির নামে রমজান আলির বসত বাটী হাল বসত প্রজা কাশীনাথ পাল কুমার ইহার মধ্যে ঐ দুর্গাদাসের অর্দ্ধেক বাদে বাকী অর্দ্ধেকে ঐ দেনদারের যে হক।
১১	০	০	ঐ	০	০	ঐ	১।০ মওয়াজী আন্দাজী আড়াই বিঘা এজহারি লাখেরাজ জমি বলরাম সরকারের নীলাম খরিদা ফকিমীর বাগানের উত্তর দরুন রামকুমার ন্যায় বাচস্পতির নামে এড়ো বাগান ইহার মধ্যে ঐ দুর্গাদাসের অর্দ্ধেক বাদে বাকী অর্দ্ধেকে ঐ দেনদারের যে হক।
১২	০	০	ঐ	০	০	ঐ	/২॥ মওয়াজী আন্দাজী পাঁচ কাঠা এজহারি লাখেরাজ জমী বলরাম সরকারের নীলাম খরিদা দরুন গোবিন্দচন্দ্র হালদার প্রজা বিশ্বনাথ দাস দিগরের ১/ বিঘা জমির মধ্যে উক্ত জমি ইহার মধ্যে ঐ দুর্গাদাসের অর্দ্ধেক বাদে বাকী অর্দ্ধেকে ঐ দেনদারের যে হক।
১৩	০	০	ঐ	০	০	ঐ	।২ মওয়াজী আন্দাজী চৌদ্দ কাঠা এজহারি লাখেরাজ জমি বলরাম সরকারের নীলাম খরিদা এই জমি খেরাজী আট কাঠা ভদ্রাসন সদর বাটীর পূর্ব্ব অংশে ইহাতে অন্দর মহল ঐ ॥৪ কাঠা জমির মধ্যে ঐ দুর্গাদাসের অর্দ্ধেক বাদে বাকী অর্দ্ধেকে ঐ দেনদারের যে হক।
১৪	০	০	ঐ	০	০	ঐ	/৩॥ মওয়াজী আন্দাজী ।২ কাঠা এজহারি লাখেরাজ ঐ মহালের পূর্ব্ব দক্ষিণ দুর্গাদাস সরকারের অন্দর মহল দোহারা দোতালা এক মহাল পাকা কোঠা বাটী ঐ সাত কাঠা জমির পর দুর্গাদাসের যে এমারত আছে তাহা ও অর্দ্ধেক জমি বাদে বাকী অর্দ্ধেকে ঐ দেনদারের যে হক।

(৩১৭)

নম্বরের শ্রেণী	মহালের হাল	রেজিষ্টরির নম্বর	মহালের নাম	মালিকের নাম	সদর জমা কোং সিক্কা	বাকীর পরিমাণ	কৈফিয়ৎ
১৫ নং	বাকী মালগুজারি যেরূপে আদায় হয় সেইরূপে আদায় করণের দাওয়ার নিমিত্তে বিক্রয় হওয়া ভূমি।	৬০৮	পং হালিশহর মোং ভাটপাড়া	গঙ্গাধর হালদার ...	৪৭৫ ।৶১০	১০৭০০ ।৶	৸১৪৸৶ ৬০ মওয়াজী আন্দাজী দেড় বিঘা এজহারি লাখেরাজ জমি বলরাম সরকারের নীলাম খরিদা দরুন রামকুমার ন্যায়বাচস্পতির নামে পাওার বাগানে ইহার মধ্যে ঐ দুর্গাদাসের অর্দ্ধেক বাদে বাকী অর্দ্ধেকে ঐ দেনদারের যে হক। ২৷৷০ মওয়াজী আন্দাজী পাঁচ বিঘা এজহারি লাখেরাজ জমি বলরাম সরকারের খরিদা নামে চেমোর বাকড়ি ১ বন্দ শালি জমি ইহার মধ্যে ঐ দুর্গাদাসের অর্দ্ধেক বাদে বাকী অর্দ্ধেকে ঐ দেনদারের যে হক। ১৷৷০ মওয়াজী আন্দাজী তিন বিঘা এজহারী লাখেরাজ ১ বন্দ শালি জমি বলরাম সরকারের খরিদা ইহাতে ঐ দুর্গাদাসের অর্দ্ধেক বাদে বাকী অর্দ্ধেকে ঐ দেনদারের যে হক। ১/২৷৷ মওয়াজী আন্দাজী দুই বিঘা পাঁচ কাঠা এজহারি লাখেরাজ ১ বন্দ শালি জমি বলরাম সরকারের খরিদা ইহার মধ্যে ঐ দুর্গাদাসের অর্দ্ধেক বাদে বাকী অর্দ্ধেকে ঐ দেনদারের যে হক। ৸২৷৷ মওয়াজী আন্দাজী এক বিঘা পনের কাঠা এজহারী লাখেরাজ জমি বলরাম সরকারের খরিদা ১ বন্দ শালি জমি ইহার মধ্যে ঐ দুর্গাদাসের অর্দ্ধেক বাদে বাকী অর্দ্ধেকে ঐ দেনদারের যে হক। ৭। মওয়াজী আন্দাজী চৌদ্দ বিঘা দশ কাঠা এজহারি লাখেরাজ বলরাম সরকারের খরিদা ঐ জমিতে বাগান ও পুষ্করিণী ইহার মধ্যে ঐ দুর্গাদাসের অর্দ্ধেক বাদে বাকী অর্দ্ধেকে ঐ দেনদারের যে হক। ১৷৷০ মওয়াজী আন্দাজী তিন বিঘা এজহারি লাখেরাজ দরুন গঙ্গাধর হালদার সরকারের পাট্টাই বলরামের জমাই জমি ইহার মধ্যে ঐ দুর্গাদাসের অর্দ্ধেক বাদে বাকী অর্দ্ধেকে ঐ দেনদারের রায়তি স্বত্বে যে হক। ২।০ মওয়াজী অন্দাজী সাড়ে চারি বিঘা এজহারি লাখেরাজ জমী ভোলানাথ মুখোপাধ্যায়ের খরিদা বলরাম সরকারের জমাই জমি ইহার মধ্যে ঐ দুর্গাদাসের অর্দ্ধেক বাদে বাকী অর্দ্ধেকে ঐ দেনদারের রায়তি স্বত্বে যে হক তাং ২ নবেম্বর। ১৮৪৬ সাল।
১৬ নং	৹	৹	পরগনে ঐ মোং মদরাণী গ্রামের কাট খিয়ার বিলের মধ্যে	৹	৹	ঐ	
১৭	৹	৹	ঐ গ্রাম ঐ বিলের মধ্যে	৹	৹	ঐ	
১৮	৹	৹	ঐ	৹	৹	ঐ	
১৯	৹	৹	ঐ	৹	৹	ঐ	
২০	৹	৹	ঐ	৹	৹	ঐ	
২১	৹	৹	ঐ	৹	৹	ঐ	
২২	৹	৹	ঐ	৹	৹	ঐ	

J. H. YOUNG, *Acting Collector.*

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT:

The 28th October, 1846.

APPOINTMENTS.

Moulvy Roushun Alli, to be Acting Moonsiff of Putneetullah, Dinagepore.

Baboo Doorgapershad Bose, (who has obtained a Diploma) to be Acting Moonsiff of Lubsha, 24-Pergunnahs, during the absence on leave of the incumbent, or until further orders.

Moonshee Khyroolla, to be Acting Moonsiff of Pingna, Zillah Mymensingh.

Moulvy Tuffuzzul Ruhman, Moonsiff of Tanore, Zillah Rajshaye, to be Acting Moonsiff of Mungulkote, East Burdwan.

LEAVES OF ABSENCE.

Baboo Woomeshchunder Mookerjee, Moonsiff of Putneetullah, Zillah Dinagepore, for two months, from the 23d instant, under Medical Certificate.

Baboo Nilmoney Mitter, Moonsiff of Lubshaw, Zillah 24-Pergunnahs, for six months, from the 23rd instant, under Medical Certificate.

Baboo Srinath Bhooya, Moonsiff of Bughree, Zillah Midnapore, for fifteen days, from the 23d instant, under Medical Certificate.

Moonshee Gholam Pyembur, Moonsiff of Mungulcote, Zillah East Burdwan, for six weeks, from the 23rd instant, under Medical Certificate.

B. J. Colvin, *Offg. Register.*

সদর দেওয়ানী আদালতের হুকুম।

১৮৪৬ সাল ২৮ অক্টোবর।

নিয়োগ।

শ্রীযুত মৌলবী রৌশন আলী দিনাজপুরের পত্নী-তলার এক্টিং মুনসেফ হইবেন।

জিলা চব্বিশপরগনার লবসার মুনসেফের অনুপস্থান কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত যোগ্যতার পত্রপ্রাপ্ত শ্রীযুত বাবু দুর্গাপ্রসাদ বসু ঐ স্থানের এক্টিং মুনসেফ হইবেন।

শ্রীযুত মুনশী খয়েরউল্লা জিলা ময়মুনসিংহের পিঙ্গনার এক্টিং মুনসেফ হইবেন।

জিলা রাজশাহীর তানোরের মুনসেফ শ্রীযুত মৌলবী তফজ্জুল রহমান পূর্ব্ব বর্দ্ধমানের মঙ্গলকোটের এক্টিং মুনসেফ হইবেন।

ছুটী।

জিলা দিনাজপুরে পত্নীতলার মুনসেফ শ্রীযুত বাবু উমেশচন্দ্র মুখুয্যা চিকিৎসকের সার্টিফিকটক্রমে বর্ত্তমান মাসের ২৩ তারিখঅবধি দুই মাসের ছুটী পাইয়াছেন।

জিলা চব্বিশপরগনার লবসার মুনসেফ শ্রীযুত বাবু নীলমণি মিত্র চিকিৎসকের সার্টিফিকটক্রমে বর্ত্তমান মাসের ২৩ তারিখঅবধি ছয় মাসের ছুটী পাইয়াছেন।

জিলা মেদিনীপুরের বঘড়ির মুনসেফ শ্রীযুত বাবু শ্রীনাথ ভুঞা চিকিৎসকের সার্টিফিকটক্রমে বর্ত্তমান মাসের ২৩ তারিখঅবধি পনের দিনের ছুটী পাইয়াছেন।

জিলা পূর্ব্ব বর্দ্ধমানের মঙ্গলকোটের মুনসেফ শ্রীযুত মুনশী গোলাম পৈগম্বর চিকিৎসকের সার্টিফিকটক্রমে বর্ত্তমান মাসের ২৩ তারিখঅবধি ছয় সপ্তাহের ছুটী পাইয়াছেন।

বি জে কলবিন। এক্টিং রেজিষ্টর।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA,

In the matter of the Relief of THOMAS PHILPOT, late of Sooterkin Lane, in the Town of Calcutta, Examiner in the General Department, adjudged entitled on Saturday the Twenty-sixth day of October, one thousand eight hundred and thirty-three, to the benefit of the Act of the ninth, George the Fourth, Chapter seventy-three, entitled an Act to provide for the Relief of Insolvent Debtors in the East Indies.

NOTICE is hereby given, that at a Court holden on Monday the 19th day of October last, pursuant to the provisions of the statute ninth, George the Fourth, Chapter seventy-three, it was and is ordered, that the said Insolvent be for ever discharged from all liability whatsoever for or in respect of the Debts due from him to the following persons, (that is to say) Thomas Bracken, Frederick Handel Burkinyoung, and William Cobb Hurry, Annundmohun Dutt, Muddenmohun Ghose, Munee Khanum, Bhubunmohun Bysack, Sifoo, Ramsoonder Dutt, Co-Operative Society, Seboo Dutt, Gungaram, Mrs. Ann Harriet Preston, Mrs. Thomas Rutledge, Gooroo Doss, Hurry Hurr Doss, Messieurs E. Noskey and Company, Canoo Doss, Ruggoo Doss, Maun Doss, Kessub Doss, Juggoomohun Seal, Kooroonoo Manthee, and Francis Ghose, unless cause be shewn to the contrary on Saturday the fifth day of December next.

Calcutta, 4th November, 1846. Ch. Strettell, *Insolvent's Attorney.*

শহর কলিকাতার অক্ষমঋণিদগের পরিত্রাণার্থ আদালত।

শহর কলিকাতার সুটরকিন লেনের টামস ফিলপট সাহেব জেনরল ডিপার্টমেণ্ট একজেমিনর যাহার উদ্ধারের বিষয়ে গত রাজার নিয়মের ৭৩ অধ্যায় অনুসারে সন ১৮৪৬,২৬ অক্টোবর তারিখে নির্দ্ধারিত হইল।

ইহার দ্বারা জ্ঞাত করা যাইতেছে উক্ত রাজার নিয়মের ৭৩ অধ্যায় অনুসারে সন ১৮৪৬ সালের ১৯ অক্টোবর সোমবার দিবসে যে আদালত অবধারিত হইয়াছিল তদ্দ্বারা হুকুম হইল যে উক্ত অক্ষম নীচের লিখিত ব্যক্তিরদিগের অর্থাৎ টামস ব্রাকেন। ফ্রেডেরিক হেনডিল বরকিনইয়ং। উলিয়ম কব হরি। আনন্দমোহন দত্ত। মদনমোহন ঘোষ। মন্নিখানম। ভুবনমোহন বসাক। সৈফু। রামসুন্দর দত্ত। কোঅপরেটিব সোসাইটি। শিবু দত্ত। গঙ্গারাম। মিষ্ট্রেস এন হেরিএট প্রেস্টন। মিষ্ট্রেস টামস রটলেজ। গুরুদাস। হরিহর দাস। মিসিআর্স ই নাশকি কোম্পানি। কানুদাস। রঘুদাস। মানদাস। কেশবদাস। জগমোহন শীল। কুরুন মাণ্ডি। এবং ফ্রেনসিস গ্রোয়। নিকট আপন ঋণির সমুদাইক দায়হইতে চিরকালের নিমিত্ত মুক্ত হইবেন যদ্যপি কারণ বিপরিতরূপে না দর্শান হয় আগত শনিবার ৫ ডিসেম্বর তরিখ ইতি।

কলিকাতা। ১৮৪৬। ৪ নবেম্বর। সি জি ষ্ট্রেটল। ইনশালবেণ্টের উকীল।

In the matter of RODERICK MACKENZIE, an Insolvent.

On Saturday the 17th day of October last, upon an application of the Assignee in this matter, it was ordered that the said Assignee do from and out of the sum of Co.'s Rs. 9,725-0-6 in his hands, pay a dividend at the rate of Co.'s Rs. 4 per cent. (which will amount to the sum of Co.'s Rs. 8,833-2-0) upon the several claims admitted on the Schedule of the said Insolvent, so soon as such claims shall be duly substantiated to the satisfaction of the said Assignee.

Notice whereof is hereby given. Assignee's Office, 4th November, 1846.

যোত্রহীন রড্রিক মাকেঞ্জি সাহেবের বিষয়ে।

গত অক্টোবর মাসের ১৭ তারিখ শনিবারে অসৈনি সাহেবের দরখাস্তমতে হুকুম হইল যে উক্ত আসৈনি সাহেবের হাতে যে ২৭২৫৲৬ টাকা আছে তাহাহইতে উক্ত যোত্রহীনের তফসীলে যে সকল দাওয়া আছে তাহা উক্ত আসৈনি সাহেবের খাতিরজমামতে সাবুদ হইলে তিনি প্রত্যেক দাওয়ার উপর শতকরা ৪৲ টাকার ডিবিডেণ্ড দিবেন। অর্থাৎ সর্ব্বসুদ্ধ ৮৮৩৩৶ টাকা দিবেন।

ইহার সম্বাদ দেওয়া গেল। আসৈনির দপ্তরখানা। ১৮৪৬। ৪ নবেম্বর।

The like Notice in the matter of JOHN VICTOR LANDEMAN, an Insolvent, in which it was ordered that out of the sum of Co.'s Rs. 1,630-5-4, a Dividend at the rate of 20 per cent. (amounting to Co.'s Rs. 1,594-13-11) be paid.

যোত্রহীন জান বিক্টর লাণ্ডিমান সাহেবের বিষয়ে উক্ত প্রকার সম্বাদ দেওয়া যাইতেছে তাহাতে হুকুম হইল যে ১৬৩০।/৪ টাকাহইতে শতকরা ২০ টাকার ডিবিডেণ্ড অর্থাৎ ১৫৯৪৶/১১ টাকা দেওয়া যায়।

The like notice in the matter of CHARLES HOGG, an Insolvent, in which it was ordered that out of the sum of Co.'s Rs. 15,082-14-6, a Dividend at the rate of 100 per cent. (amounting to Co.'s Rs. 15,142-15-4) be paid.

যোত্রহীন চার্লস হগ সাহেবের বিষয়ে উক্ত প্রকার সম্বাদ দেওয়া যাইতেছে তাহাতে হুকুম হইল যে ১৫০৮২৷৶৬ টাকাহইতে শতকরা ১০০৲ টাকা অর্থাৎ সর্ব্বসুদ্ধ ১৫১৪২৷৶৪ টাকা দেওয়া যায়।

NOTICE is hereby given, that by an order made in the matter of the Petition of RICHARD ALEXANDER JAMES ROE, an Insolvent, on the fifth day of November instant, it was ordered that unless cause be shewn to the contrary on Saturday the fifth day of December next, the said Insolvent be for ever discharged from all liability whatsoever for or in respect of the several debts due from him to the following persons, that is to say Needhee Sing, J. M. Dove, William Dickson, Rajmohun Roy, Ramcoomar Chatterjee, Surroopchunder Bose, Golabchund, or Sullaram, Roop Sing, Beharry Sing, Govindram, Gereeram, Audaram, Ram Mauceus, Madhub, Euvan Bux Peon, Mr. H. G. Smith, Messrs. Pittar and Company, Surdar Khan Peon, Pranday Bunneah, Autolall Day, Burrowsey Bearer, Mr. G. Board, Chunder Dhooby, Sisty Ghose, Messrs. Arthur Pittar Lattey and Company, Ramnarain Ghose, Kally Moody, Prawn and Modhoosooden, Prawn Ghose, Shuroop Sircar, Bhugram Mohun Odicary, Mohun Sing, Rajoo Ayah, Poorby Mehtranee, Tarra Mehtranee, Highun, Dillmahomed, Dennoo Musalchie, Ramdoss Bearer, Burrowsey, Dhuckhoo Cook, Saudduck Bhistie, Sumboo Molly, Bhobunny Syce, Mungloo Grasscut, Holoo Dube Dhooby, Bussoruddy, Ramdhone, and Juggoo Mater.

JUDGE and BURKINYOUNG.

যোত্রহীন রিচার্ড আলেকজাণ্ডর জেম্‌স রো সাহেবের বিষয়ে ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে বর্ত্তমান নবেম্বর মাসের ৫ তারিখে হুকুম হইল যে আগামি ডিসেম্বর মাসের ৫ তারিখ শনিবারে বিপরীত কারণ দর্শান না গেলে উক্ত যোত্রহীন নীচের লিখিত মহাশয়েরদের যে সকল টাকা ধারেন তাহার সমস্ত কর্জ ও দায়হইতে মুক্ত হইবেন। নিধি সিংহ, জে এম ডব, উলিয়ম ডিকসন, রাজমোহন রায়, রামকুমার চাটুর্য্যা, স্বরূপচন্দ্র বসু, গোলাবচাঁদ অথবা সোলারাম, রূপ সিংহ, বিহারী সিংহ, গোবিন্দরাম, গীরিরাম, আদ্যরাম, রামমকেশ, মাধব, ইবানবক্স পেয়াদা, এচ জি স্মিথ, পিটার কোম্পানি, সরদারখাঁ পেয়াদা, প্রাণদে বণিক, আতপলাল দে, ভরসি বেহারা, জি বোর্ড সাহেব, চন্দ্র ধোবি, সৃষ্টি ঘোষ, আর্থর পিটার লাটি কোম্পানি, রামনারায়ণ ঘোষ, কালী মুদী, প্রাণ ও মধুসূদন পরাণ ঘোষ, স্বরূপ সরকার, ভগুরামমোহন অধিকারী, মোহন সিংহ, রাজু আয়া, পূর্ব্বি মেতরাণী, তারা মেতরাণী, হিঙ্গন, দিলমহম্মদ, দিনু মশালচি, রামদাস বেহারা, ভরসি, ধাবকু বাবর্চি, সাদক ভিস্তী, শম্ভু মালী, ভবানী সহীস, মঙ্গলু ঘাসিয়ারী, হলু দোবে ধোবা, বসরুদ্দী, রামধন, ও জগ্ন মেতর।

জজ ও বর্কিন্যং।

রিসিবর আফিস।

বাজার ইজারা।

নবকৃষ্ণ মিত্রদিগর বাদী হরিশ্চন্দ্র মিত্রদিগর প্রতিবাদী ইত্যাদি।

সকলকে জ্ঞাত করা যাইতেছে যে সুপ্রিম কোর্টের রিসিবর শ্রীযুত রাবর্ট ওডৌড সাহেব ২০ নবেম্বর শুক্রবার বেলা দুই প্রহর এক ঘণ্টার সময় তাঁহার আফিসে শহর কলিকাতার চাঁদনিচক বাজারের ইজারার ডাক লইবেন যাঁহারা ইজারা লওনেচ্ছুক হয়েন তাঁহারা ঐ সময়ে উক্ত আফিসে উপস্থিত হইবেন।

আর২ বৃত্তান্ত রিসিবর আফিসে তত্ত্ব করিলে জানিতে পারিবেন।

কোর্ট হৌস রিসিবর আফিস। তারিখ নবেম্বর ১৮৪৬ সাল।

রিসিবর আফিস। মহালদিগর ইজারা।

ছাতু সিংহ বাদী ও রাজকৃষ্ণ সিংহদিগর প্রতিবাদী ইত্যাদি।

সকলকে জ্ঞাত করা যাইতেছে যে বর্ত্তমান সনের ২৩ নবেম্বর সোমবার বেলা দুই প্রহর এক ঘণ্টার সময় সুপ্রিম কোর্টের রিসিবর শ্রীযুত রাবর্ট ওডৌড সাহেব তাঁহার আফিসে উপরোক্ত বাদি ও প্রতিবাদিদিগের যৌতা ইস্টেটের দরুন নীচের লিখিত মহালহায় ইত্যাদির ইজারার ডাক লইবেন যাঁহারা ইজারা লওনেচ্ছুক হয়েন ঐ সময়ে উক্ত আফিসে উপস্থিত হইবেন।

জিলা হুগলি মোতালক।

পত্তনি তালুক লাট বিনোদবাটী ও কুরচি ওগয়রহ তালুক কীশমত কোতরঙ্গ কীশমত বয়ড়া ওগয়রহ।

জিলা ২৪ পরগনা মোতালক।

মহাল জিরাট ও উইলকীনসনগঞ্জ ও নয়াবস্তি ওগয়রহ মহাল ভবানীপুর চক্কবেড় আন্দাজি ৩২/ বিঘা জমী মায় পুষ্করিণী ওগয়রহ মহাল দেবোত্তর ও ব্রহ্মোত্তর মৌজা কৈখালি মণ্ডল গাঁতি আটঘরা গরুই গরানডাঙ্গা ও রঘুনাথপুর ওগয়রহ।

মহাল শালিখা কিলখানা আন্দাজি ৩৫/ বিঘা জমী।

আর২ বৃত্তান্ত রিসিবর আফিসে তত্ত্ব করিলে জানিতে পারিবেন।

রিসিবর আফিস কোর্ট হৌস। ৬ নবেম্বর ১৮৪৬ সাল।

[*Government Gazette*, 10*th November*, 1846.]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান মার্শমন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, NOVEMBER 17, 1846.

কলিকাতা মঙ্গলবার ১৮৪৬ সাল ১৭ নবেম্বর।

DRAFTS OF ACTS.

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE,
THE 26TH SEPTEMBER, 1846.

The following Draft of a proposed Act was read in Council for the first time on the 26th September, 1846:

ACT No. —— OF 1846.

An Act to declare and enact the competency of the Courts of Nizamut Adawlut and the Courts of Session to punish Offences by fine.

Whereas doubts have arisen whether by the existing Law the Courts of Nizamut Adawlut and the Courts of Session within the Territories subject to the Presidency of Fort William in Bengal, have power generally to punish by fine offences for which the Law has not provided any specific punishment:

It is hereby declared and enacted, that it is competent to the said Courts to punish by fine, at the discretion of the Court, any offenders convicted before them of offences, for which the Law has not provided specific punishment, and in default of payment of the fine to sentence the offender to imprisonment with or without labor.

Provided always that the imprisonment to which such offender shall have been so sentenced, shall not exceed seven years in the case of sentences passed by the Courts of Session, or fourteen years in the case of sentences passed by the Nizamut Adawlut.

Ordered, that the Draft now read be published for general information.

Ordered, that the said Draft be re-considered at the first meeting of the Legislative Council of India, after the 26th day of November next.

G. A. BUSHBY,
Secy. to the Govt. of India.

[*Government Gazette, 17th November*, 1846.]

আইনের মুসাবিদা।

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
লেজিসলেটিব।
ইঙ্গরেজী ১৮৪৬ সাল ২৬ সেপ্টেম্বর।

প্রস্তাবিত আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৪৬ সালের ২৬ সেপ্টেম্বর তারিখে হজুর কৌন্সেলে প্রথমবার পাঠ করা গেল।

ইঙ্গরেজী ১৮৪৬ সাল——আক্ট।

সদর নিজামৎ আদালত এবং সেশন আদালতের জরীমানার দ্বারা অপরাধের দণ্ডকরণের ক্ষমতা প্রকাশকরণ এবং দেওনের আইন।

যেহেতুক বাঙ্গলা দেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর অধীন দেশের মধ্যে যে২ অপরাধের বিষয়ে আইনে কোন বিশেষ দণ্ড নির্দ্দিষ্ট নাই সেই২ অপরাধের জরীমানার দ্বারা দণ্ড করিতে চলিত আইনানুসারে সদর নিজামৎ আদালতের এবং সেশন আদালতের সামান্যতঃ ক্ষমতা আছে কি না এই বিষয়ে সন্দেহ হইয়াছে

অতএব ইহার দ্বারা প্রকাশ এবং হুকুম হইল যে আইনের দ্বারা যে২ অপরাধের কোন বিশেষ দণ্ড নির্দ্দিষ্ট নাই সেই২ অপরাধ সাব্যস্তহওয়া কোন অপরাধিদিগকে উক্ত আদালতসকল আপন২ বিবেচনাক্রমে জরীমানার দ্বারা দণ্ড করিতে পারেন্ এবং ঐ জরীমানার টাকা না দেওয়া গেলে অপরাধিকে পরিশ্রম বিশিষ্ট কি পরিশ্রম বিনা কয়েদ করণের হুকুম দিতে পারেন্ ইতি।

কিন্তু জানা কর্ত্তব্য যে ঐ অপরাধির যে কয়েদের দণ্ড হয় তাহা সেশন আদালতের দণ্ডাজ্ঞাক্রমে হইলে সাত বৎসরের অধিক এবং নিজামৎ আদালতের দণ্ডাজ্ঞাক্রমে হইলে চৌদ্দ বৎসরের অধিক হইবেক না ইতি।

হুকুম হইল যে এক্ষণে পাঠকরা মুসাবিদা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

হুকুম হইল যে আগামি ২৬ নবেম্বর তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের যে প্রথম বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনরায় বিবেচনা করা যায়।

জি এ বুশবি।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE,
THE 26TH SEPTEMBER, 1846.

The following Draft of a proposed Act was read in Council for the first time on the 26th of September, 1846 :

ACT No. —— OF 1846.

An Act for regulating the proceedings in certain cases of distraint for Arrears of Rent.

It is hereby enacted, in modification of Section 9, Regulation VII. of 1799, Section 9, Regulation V. of 1800, and Clause 2, Section 17, Regulation XXVIII. of 1803, all of the Bengal Code, that if any person not being such a defaulter as is therein mentioned or responsible for him, shall claim as his right property which has been distrained for arrears of rent due from the said defaulter, and shall within 5 days, reckoning from the day after attachment, enter into a bond before the Collector of the Zillah or the Commissioner appointed under Act I. of 1839, with good security binding himself to institute before the Collector within 15 days from the date of such bond, a summary suit against the distrainer and defaulter for the trial of the right, and to restore the property or make good its value in case the claim be disallowed with all costs of suit and damages, the distrainer shall immediately withdraw the attachment.

Provided always and it is hereby enacted, that if the claimant shall not within the said 15 days institute such summary suit, it shall be lawful for the distrainer to recover the value of the property distrained, together with the expences of the attachment, by attachment and sale of the personal property of the claimant, or his surety, or both, unless the claimant shall restore the property, or, if the distrainer prefer it, make good its value.

And it is hereby enacted, that no suit to set aside the summary award of the Collector under this Act, shall be brought after the expiration of one year from the date of such award.

Ordered, that the Draft now read be published for general information.

Ordered, that the said Draft be re-considered at the first meeting of the Legislative Council of India, after the 26th day of November next.

G. A. BUSHBY,
Secy. to the Govt. of India.

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
লেজিসলেটিব।
ইঙ্গরেজী ১৮৪৬ সাল ২৬ সেপ্টেম্বর।

প্রস্তাবিত আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৪৬ সালের ২৬ সেপ্টেম্বর তারিখে হজুর কৌন্সেলে প্রথমবার পাঠ করা গেল।

ইঙ্গরেজী ১৮৪৬ সাল—— আক্ট।

বাকী খাজানার নিমিত্তে কোন২ গতিকে দ্রব্যাদি ক্রোক-করণের নিয়ম করিবার আইন।

হুকুম হইল যে বাঙ্গলা দেশের চলিত ১৭৯৯ সালের ৭ আইনের ৯ ধারা এবং ১৮০০ সালের ৫ আইনের ৯ ধারা এবং ১৮০৩ সালের ২৮ আইনের ১৭ ধারার ২ প্রকরণ মতান্তর হইল। ঐ আইনে বাকীদার বলিয়া যে ব্যক্তি নির্দ্দিষ্ট আছে সেই ব্যক্তিছাড়া অথবা ঐ বাকীদারের জামিনছাড়া অন্য কোন ব্যক্তি উক্ত বাকীদারের স্থানে পাওনা বাকী খাজানার নিমিত্ত যে সম্পত্তি ক্রোক হইয়াছে তাহা যদি আপনার হক বলিয়া দাওয়া করে এবং যদি ক্রোকের দিবসের পর ৫ দিবসের মধ্যে জিলার কালেক্টর সাহেব অথবা ১৮৩৯ সালের ১ আইনানুসারে নিযুক্ত কমিস্যনরের সমক্ষে মাতবর জামিন দিয়া এমত একরারনামা লিখিয়া দেয় যে ঐ একরারনামার তারিখঅবধি ১৫ দিবসের মধ্যে আমি আপনার হকের বিচার হওনের নিমিত্ত ক্রোককরণিয়া এবং বাকীদারের নামে সরাসরী নালিশ করিব এবং যদি আমার দাওয়া মঞ্জুর না হয় তবে আমি সম্পত্তি ফিরিয়া দিব অথবা তাহার মূল্য পোষাইয়া দিব এবং ঐ মোকদ্দমার সকল খরচা ও ক্ষতি দিব তবে ঐ ক্রোককরণিয়া তৎক্ষণাৎ ক্রোক উঠাইয়া দিবেক ইতি।

কিন্তু জ্ঞানা কর্ত্তব্য এবং ইহাতে হুকুম হইল যে ঐ দাওয়াদার যদি ১৫ দিবসের মধ্যে উক্ত সরাসরী মোকদ্দমা উপস্থিত না করে এবং যদ্যপি ঐ দাওয়াদার সম্পত্তি ফিরিয়া না দেয় অথবা ক্রোককরণিয়া ব্যক্তির ইচ্ছা হইলে তাহার মূল্য পোষাইয়া না দেয় তবে ক্রোককরণিয়া ব্যক্তি ক্রোক-হওয়া সম্পত্তির মূল্য ক্রোকের খরচাসমেত দাওয়াদারের অথবা তাহার জামিনের কি উভয়ের অস্থাবর সম্পত্তি ক্রোক ও বিক্রয় করণের দ্বারা উসুল করিতে পারে ইতি।

এবং ইহাতে হুকুম হইল যে এই আইনানুসারে কালেক্টর সাহেব যে সরাসরী ফয়সলা করেন সেই ফয়সলার তারিখঅবধি এক বৎসর গত হইলে পর তাহা অন্যথা করণার্থ কোন মোকদ্দমা গ্রাহ্য হইবেক না ইতি।

হুকুম হইল যে এক্ষণে পাঠকরা মুসাবিদা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

হুকুম হইল যে আগামি ২৬ নবেম্বর তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের যে প্রথম বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনরায় বিবেচনা করা যায়।

জি এ বুশবি।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

(No. 15.)

FORT WILLIAM,
FINANCIAL DEPARTMENT,
THE 24TH JULY, 1846.

NOTIFICATION.

The following Rules for regulating Leave of Absence and Acting Allowances to Public Officers in India, not in the Covenanted Service of the East India Company, have been passed by the Ho-

১৫ নম্বর।
ফোর্ট উলিয়ম।
ফিনান্সিয়ল ডিপার্টমেণ্ট।
১৮৪৬ সাল ২৪ জুলাই।

বিজ্ঞাপন।

ইষ্ট ইণ্ডিয়া কোম্পানি বাহাদুরের চিহ্নিত চাকরব্যতিরেকে ভারতবর্ষে সরকারী কর্ম্মকারকেরদের ছুটীর এবং একটিং সময়ের বেতনের নিয়মকরণার্থ নীচের লিখিত বিধান শ্রীযুত রাইট অনরবিল গবর্নর জেনরল বাহাদুরের

nourable the President in Council with the concurrence of the Right Honourable the Governor General, and are published for general information :

I. Heads of Offices and Departments may grant to their Subordinates leave of absence without deduction from Salary, during the vacations authorized by Government in each Department, and it shall not be necessary to report the same to any higher authority.

II. In addition to the above, the Local Government will, at the recommendation of the Head of a Department and on sufficient cause being shown, grant special leave of absence on private affairs, for not more than six months, to any place within the limits of the East India Company's Charter, one-half of the absentee's Salary being deducted for such period of absence.

III. The Local Government will also grant Leave of Absence on Medical Certificate, for any period, not exceeding one year, to any place within the limits of the East India Company's Charter, one-half of the Absentee's Salary being deducted for such period of absence.

IV. In cases of extreme urgency the Heads of Offices are authorized to grant Leave of Absence on Medical Certificate, to the extent of a month, subject to the deduction specified in the preceding Rule, reporting the same to Government for sanction.

V. If the period of leave granted under Rule III. be less than one year, the Government will extend the same, whether continuously or otherwise, to the full period allowed by the Rule, on the production of a Medical Certificate shewing the necessity for such an extension.

VI. But after the enjoyment of a full year's leave on Medical Certificate, whether continuously or by instalments, no further leave will be granted under Rule III. until after the lapse of three years from the expiry of previous leave under that Rule.

VII. Absence without leave will render the Absentee liable to loss of appointment, and will be attended with entire forfeiture of Salary for the whole period of such absence.

VIII. No person appointed to a situation under the Government shall draw the Salary of his appointment for any period prior to the date of his joining it.

IX. An Officer holding a situation appointed to one of equal or higher value, will, until he joins, draw so much of the Salary of his new Office as may be equal to the Salary of his former situation, provided he does not exceed the time allowed for joining under the following Rule : should he do so, no Salary will be passed to him for such period in excess.

X. The time ordinarily allowed for joining an appointment is to be calculated at the rate of 15 miles a day, (Sundays excepted,) together with a week to prepare for the journey, but on occasions

অনুমতিক্রমে হজুর কৌন্সেলে শ্রীযুত অনরবিল প্রসীডেণ্ট সাহেব জারী করিয়াছেন এবং তাহা সকল লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হইতেছে।

১। দফ্তরের ও সিরিশ্তার অধ্যক্ষেরা প্রত্যেক দফ্তরে গবর্ণমেণ্টের দ্বারা যে ছুটী নির্দ্দিষ্ট আছে সেই সময় ব্যাপিয়া আপনং অধীন কর্ম্মকারকদিগকে ছুটী দিতে পারেন্ এবং তাঁহারদের মাহিয়ানা কর্ত্তন হইবেক না এবং এই ছুটীর বিষয়ে উপরিস্থ কোন কর্ত্তারদের নিকটে রিপোর্ট করণের আবশ্যক হইবেক না।

২। উপরের উক্ত বিধানের অতিরিক্ত হুকুম হইল যে কোন সিরিশ্তার অধ্যক্ষের পরামর্শক্রমে এবং মাতবর কারণ দর্শান গেলে কোম্পানি বাহাদুরের চার্টরের সীমার মধ্যস্থিত কোন স্থানে যাইবার নিমিত্তে নিজ কর্ম্মের উপলক্ষে ঐ প্রকার কর্ম্মকারকদিগকে রাজধানীর গবর্ণমেণ্ট ছয় মাসপর্য্যন্ত বিশেষ ছুটী দিতে পারেন্। কিন্তু ঐ ছুটীর সময় ব্যাপিয়া অবর্ত্তমান কর্ম্মকারকের মাহিয়ানার অর্দ্ধেক কর্ত্তন হইবেক।

৩। পুনশ্চ রাজধানীর গবর্ণমেণ্ট চিকিৎসকের সর্টিফিকটক্রমে কোম্পানি বাহাদুরের চার্টরের সীমার মধ্যে কোন স্থানে যাইবার জন্যে এক বৎসরের অনধিক কালপর্য্যন্ত ছুটী দিতে পারেন্ কিন্তু ঐ ছুটীর সময় ব্যাপিয়া অবর্ত্তমান কর্ম্মকারকের মাহিয়ানার অর্দ্ধেক কর্ত্তন হইবেক।

৪। অত্যাবশ্যক হইলে দফ্তরের অধ্যক্ষ চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসপর্য্যন্ত ছুটী দিতে ক্ষমতা পাইয়াছেন। কিন্তু পূর্ব্বোক্ত বিধানের নির্দ্দিষ্টমতে মাহিয়ানা কর্ত্তন হইবেক। এবং ঐ দফ্তরের অধ্যক্ষ গবর্ণমেণ্টের মঞ্জুরীর নিমিত্তে এই বিষয়ের রিপোর্ট তথায় করিবেন।

৫। ৩ বিধানানুসারে যে ছুটী দেওয়া যায় তাহা যদি এক বৎসরের ন্যূন হয় তবে তাহা বিস্তার করণের আবশ্যক জ্ঞাপনার্থ চিকিৎসকের এক সর্টিফিকট দাখিল হইলে গবর্ণমেণ্ট ঐ বিধানের সম্পূর্ণ মিয়াদপর্য্যন্ত ঐ ছুটীর অব্যবহিত পরে অথবা সময়ান্তরে ঐ ছুটী পূর্ণ করিয়া দিতে পারেন।

৬। কিন্তু চিকিৎসকের সর্টিফিকটক্রমে অনবরত অথবা সময়ের ব্যবধানক্রমে যে এক সম্পূর্ণ বৎসরের ছুটী ভোগ হইলে পর ৩ বিধানক্রমে যে ছুটী দেওয়া গিয়াছে তাহা শেষ হওনের পর তিন বৎসর গত না হইলে ঐং কর্ম্মকারককে ৩ বিধানানুসারে পুনরায় ছুটী দেওয়া যাইবেক না।

৭। যদি কোন ব্যক্তি ছুটী না পাইয়া গরহাজির হন্ তবে সেই ব্যক্তি পদচ্যুত হওনের যোগ্য হইবেন এবং ঐ গরহাজির হওনের সমস্ত সময়ে তাঁহার তাবৎ মাহিয়ানা কর্ত্তন হইবেক।

৮। যে কোন ব্যক্তি গবর্ণমেণ্টের অধীন কোন কর্ম্মে নিযুক্ত হন্ সেই ব্যক্তি ঐ কর্ম্মে বসনের পূর্ব্বে আপনার পদের কোন বেতন পাইবেন না।

৯। কোন পদধারি কর্ম্মকারক তত্তুল্য অথবা তদপেক্ষা উচ্চ মূল্যের পদে নিযুক্ত হইলে যদি পশ্চাৎ লিখিত বিধানানুসারে নূতন পদে পঁহুছনের যে সময় নির্দ্দিষ্ট আছে সেই সময় খেলাফ না করেন তবে যাবৎ ঐ নূতন পদে না বসেন তাবৎ তাঁহার ঐ নূতন পদের বেতনের যে অংশ তাঁহার সাবেক পদের বেতনের তুল্য হয় তাহাই পাইবেন। কিন্তু যদ্যপি ঐ পঁহুছনের মিয়াদ খেলাফ হয় তবে খেলাফহওয়া সময়ের নিমিত্তে সেই ব্যক্তি কোন মাহিয়ানা পাইবেন না।

১০। কোন কর্ম্মের স্থানে পঁহুছনের নিমিত্ত সামান্যতঃ যে সময় দেওয়া গেল তাহা রবিবারছাড়া দিনপ্রতি ১৫ মাইল করিয়া হিসাব করা যাইবেক এবং যাত্রার নিমিত্ত প্রস্তুতহওনার্থ এক সপ্তাহ দেওয়া যাইবেক। কিন্তু

of emergency it will be optional with the Government to prescribe the period within which any journey is to be performed.

XI. A person Officiating temporarily in any situation on the occurrence of a vacancy, or during the absence of the real incumbent, will if he hold no other appointment, draw one-half the Salary of such situation, and if he hold any other situation of less value, he will receive half the fixed Salary of his own appointment, together with half the fixed Salary of that in which he officiates, but no additional expense is to be incurred by the absence of any Officer on leave.

XII. These Rules are to be held applicable to all Officers in the Uncovenanted Service of the Government, who may be in the receipt of Salaries of 100 Rs. a month or upwards. To all others their spirit is to be applied so far as circumstances will permit. To Officers receiving their appointments direct from the Government, leave of absence will be granted by the Government only, and in respect to other Officers whose appointment and removal rest with their immediate Superiors or with the Heads of Departments, it will be optional with the Local Governments to delegate to such Heads of Offices and Departments, power to act upon the Rules without special reference to higher authority.

XIII. But it is to be clearly understood, that no leave of absence on private affairs shall be claimable by any party whatever under these Rules as a matter of right, but that such leave shall be granted only at the pleasure of the Government or its authorized Officers, when the concession of the indulgence in no way interferes with the interests of the Public Service.

By order of the Honourable the President in Council,

J. A. Dorin, *Secy. to the Govt. of India.*

CIRCULAR ORDERS OF THE SUDDER NIZAMUT ADAWLUT.

No. 11.

To the Criminal Authorities in the Lower Provinces.

The Court are pleased to prescribe the following form of Writ, for the attachment of moveable or immoveable property of persons charged with Criminal offences who have absconded, to be used under Act XXIII. 1840 :—The words "land or other immoveable property" being employed when the attachment has reference to the rule in Clause 4, Section 26, Regulation XX. 1817 ; and the words "goods, effects, or other property" when it has reference to Clause 6, of that Section.

Writ for attachment of property of persons charged with Criminal offences, who have absconded.

To Mohummud Ally, Nazir of the Fouzdarry Court of Zillah Hooghly.

Whereas a Warrant was issued on the ——

অত্যাবশ্যক হইলে যে কালের মধ্যে কোন যাত্রা শেষ করিতে হইবেক তাহার মিয়াদ গবর্ণমেণ্ট আপন ইচ্ছাক্রমে নির্দ্দিষ্ট করিতে পারেন।

১১। কোন পদ শূন্য হওয়াতে অথবা প্রকৃত পদে নিযুক্ত ব্যক্তির অবর্ত্তমান সময়ে যে ব্যক্তি একটিংরূপে ক্ষণেক কালের নিমিত্ত সে পদের কার্য্য করেন্ সেই ব্যক্তির যদি অন্য কোন পদ না থাকে তবে ঐ পদের বেতনের অর্দ্ধেক পাইবেন কিন্তু যদি তদপেক্ষা কম মূল্যের তাঁহার কোন পদ থাকে তবে তাঁহার নিজ পদের অর্দ্ধেক মাহিয়ানা এবং যে পদে তিনি একটিংরূপে কর্ম্ম করেন্ সেই পদের নিরূপিত মাহিয়ানার অর্দ্ধেক পাইবেন কিন্তু ছুটী পাইয়া কোন কর্ম্মকারক অনুপস্থিত হইলে তৎপ্রযুক্ত সরকারের শিরে অতিরিক্ত কোন খরচা বসাইতে হইবেক না।

১২। সরকারের অচিহ্নিত চাকরের মধ্যে যে সকল কর্ম্মকারক মাসে ১০০৲ টাকা মাহিয়ানা কিম্বা তদপেক্ষা অধিক টাকা পান্ তাঁহারদের বিষয়ে উপরের উক্ত বিধান সকল খাটিবেক। অন্য সকল কর্ম্মকারকের বিষয়ে ঐ২ বিধানের ভাব যেপর্য্যন্ত খাটিতে পারে সেইপর্য্যন্ত খাটিবেক। যে কর্ম্মকারকেরা একেবারে গবর্ণমেণ্টহইতে নিযুক্ত হন্ তাঁহারদিগকে কেবল গবর্ণমেণ্ট ছুটী দিতে পারেন্। এবং অন্য যে২ কর্ম্মকারকের নিয়োগ ও তগীর করণের ভার তাঁহারদের অব্যবহিত কর্ত্তা অথবা সিরিশ্তার অধ্যক্ষেরদের প্রতি আছে তাঁহারদের বিষয়ে হুকুম হইল যে রাজধানীর গবর্ণমেণ্ট ইচ্ছা করিলে ঐ কর্ত্তা বা অধ্যক্ষেরদের উপরিস্থ কর্ম্মকারকদিগকে বিশেষ জিজ্ঞাসা না করিয়া এই সকল বিধানানুসারে কার্য্য করিতে তাঁহারদিগকে ক্ষমতা দিতে পারেন্।

১৩। কিন্তু ইহা অতিস্পষ্টরূপে জানা কর্ত্তব্য যে কোন ব্যক্তি উক্ত বিধানানুসারে নিজ কর্ম্মের উপলক্ষে আপন হক আছে বলিয়া ছুটীর দাওয়া করিতে পারেন্ না কিন্তু যখন সেইরূপ অনুগ্রহ করিলে সরকারী কার্য্যের কোন ব্যাঘাত না হয় তখন গবর্ণমেণ্ট অথবা তাঁহার ক্ষমতাপ্রাপ্ত কর্ম্মকারক আপন বিবেচনাক্রমে ঐ ছুটী দিবেন।

হজুর কৌন্সেলে শ্রীযুত অনরবিল প্রসীডেণ্ট সাহেবের হুকুমক্রমে।

জে এ ডোরিন। ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

John C. Marshman, *Bengalee Translator.*

সদর নিজামৎ আদালতের সরক্যুলর অর্ডর।

১১ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত ফৌজদারীর কার্য্যকারক বরাবরেষু।

সদর নিজামৎ আদালত হুকুম করিতেছেন যে ফৌজদারী অপরাধ করণের অপরাদগ্রস্ত ব্যক্তিরা পলায়ন করিলে তাহারদের স্থাবর অথবা অস্থাবর সম্পত্তি ক্রোককরণার্থ পশ্চাৎ লিখিত রিট অর্থাৎ পরওয়ানার পাঠ ১৮৪০ সালের ২৩ আইনানুসারে ব্যবহার হইবেক। যখন ১৮১৭ সালের ২০ আইনের ২৬ ধারার ৪ প্রকরণের বিধির সম্পর্কে ঐ ক্রোক হয় তখন "ভূমি কি অন্য স্থাবর বস্তু" এই কথা ব্যবহার করিতে হইবেক এবং যখন ঐ ধারার ৬ প্রকরণের বিধির সম্পর্কে ক্রোক হয় তখন "জিনিস কি দ্রব্য বা অন্য সম্পত্তি" এই কথা ব্যবহার করিতে হইবেক।

ফৌজদারী অপরাধকরণের অপরাদগ্রস্ত যে ব্যক্তিরা পলায়ন করে তাহারদের সম্পত্তি ক্রোককরণের রিট।

জিলা হুগলীর ফৌজদারী আদালতের নাজির শ্রীযুত মহম্মদ আলী প্রতি আগে।

যেহেতুক অমুক অপরাধের নালিশের জওয়াব দেও-

যশোহরের দ্বিতীয় প্রধান সদর আমীন শ্রীযুত বাবু লোকনাথ বসু দশহরার বন্দের অতিরিক্ত এক দিনের ছুটী পাইয়াছেন।

বাঁকুড়ার ফতওয়াদায়ক শ্রীযুত মৌলবী জহুরালীকে গত আগষ্ট মাসের ২৪ তারিখে দশহরার বন্দের অতিরিক্ত যে দশ দিনের ছুটী দেওয়া যায় তাহা রহিত হইল।

বিজ্ঞাপন।

১৮৪৬ সাল ৪ নবেম্বর।

ভাগলপুরের সিবিল ও সেশন জজ শ্রীযুত এফ গুলসবরি সাহেব (Mr. F. Gouldsbury,) গত মাসের ২৬ তারিখে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন্।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর্ সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

২১০৪ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর্ সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৬ সাল ৪ নবেম্বর।

শ্রীযুত লেপ্টেনেণ্ট এ ফিচ সাহেব (Lieutenant A. Fytche,) সান্দোএ স্থানে প্রধান আসিষ্টাণ্টী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

এদেশীয় পদাতিক ৬৮ পল্টনের লেপ্টেনেণ্ট শ্রীযুত জি ফেথফুল সাহেব (Lieutenant G. Faithfull,) সান্দোএ স্থানে ছোট আসিষ্টাণ্টী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ত্রিপুরার মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত সি এফ কার্ণাক সাহেব (Mr. C. F. Carnac,) ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণের নির্দ্দিষ্ট বিশেষ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

শ্রীযুত এচ আলেকজাণ্ডর সাহেব (Mr. H. Alexander,) হাবড়াতে নগরীয় কমিটির মেম্বর হইবেন।

শ্রীযুত এফ ক্রাঙ্ক সাহেব (Mr. F. Crank,) বাগুণ্ডীতে নিমক চৌকীর সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

শ্রীযুত ডবলিউ ডবলিউ সুইণ্ডেন সাহেব (Mr. W. W. Swinden,) বাকরগঞ্জে নিমক চৌকীর সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

ছুটী।

১৮৪৬ সাল ২৮ অক্টোবর।

পাবনার একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত আর আবরক্রম্বি সাহেব (Mr. R. Abercrombie,) আপন কর্ম্মের ভার শ্রীযুত আর জে রিচার্ডসন সাহেবের (Mr. R. J. Richardson,) প্রতি অর্পণ করিয়া স্বীয় কর্ম্মোপলক্ষে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৪৬ সাল ৪ নবেম্বর।

সান্দোএ স্থানের প্রধান আসিষ্টাণ্ট শ্রীযুত কাপ্তান এল পি ডি এল্ড সাহেব (Captain L. P. D. Eld,) বর্দ্ধমান মাসের ১৫ তারিখঅবধি স্বীয় কর্ম্মোপলক্ষে চারি মাসের ছুটী পাইয়াছেন।

মালদহের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত অনরবিল এফ ড্রুমণ্ড সাহেব (Hon'ble F. Drummond,)গত মাসের ১২ তারিখে যে ছুটী পান্ তদতিরিক্ত স্বীয় কর্ম্মোপলক্ষে দশ দিনের ছুটী পাইয়াছেন।

১৮৪৬ সাল ৭ নবেম্বর।

যশোহরের একটিং মাজিষ্ট্রেট শ্রীযুত ডবলিউ এস সিটন কার সাহেব (Mr. W. S. Seton Karr,) আপন কর্ম্মের ভার শ্রীযুত সি এস বেলাই সাহেবের (Mr. C. S. Belli,) প্রতি অর্পণ করিয়া স্বীয় কর্ম্মোপলক্ষে এক মাসের ছুটী পাইয়াছেন। তাঁহার অনুপস্থানপর্য্যন্ত শ্রীযুত বেলাই সাহেব তাঁহার কর্ম্ম চালাইবেন।

পূরণিয়ার সিবিল ও সেশন জজ শ্রীযুত ডি প্রিঙ্গল সাহেব (Mr. D. Pringle,) আপন সিরিশতার চলিত কর্ম্মের ভার ঐ জিলার প্রধান সদর আমীনের প্রতি অর্পণ করিয়া স্বীয় কর্ম্মোপলক্ষে এক মাসের ছুটী পাইয়াছেন।

ময়মনসিংহের সদর আমীন শ্রীযুত মৌলবী উসফ আলী চিকিৎসকের সর্টিফিকটক্রমে চারি মাসের ছুটী পাইয়াছেন।

মুরশিদাবাদের প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী সৈয়দ আবদুল ওয়াহিদ খাঁ গত সেপ্টেম্বর মাসের ২১ তারিখে যে ছুটী পান্ তদতিরিক্ত স্বীয় কর্ম্মোপলক্ষে সাত দিনের ছুটী পাইয়াছেন।

ছিলটের প্রধান সদর আমীন শ্রীযুত রায় রাধাগোবিন্দ সোম গত মাসের ১৪ তারিখে যে ছুটী পান্ তদতিরিক্ত চারি দিনের ছুটী পাইয়াছেন।

কাটওয়ার ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত জি হিউএট সাহেবকে (Mr. G. Hewett,) গত সেপ্টেম্বর মাসের ৯ তারিখে যে ছুটী দেওয়া যায় তাহা ঐ মাসের ১৭ তারিখঅবধি রহিত হইল।

[*Government Gazette, 24th November,* 1846.]

ত্রিপুরার প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী মহম্মদ আলীকে গত সেপ্টেম্বর মাসের ২১ তারিখে দশহরার বন্দের অতিরিক্ত যে এক মাসের ছুটী দেওয়া যায় তাহা রহিত হইল।

ফরিদপুরের ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত সৈয়দ জৈনুদ্দীন হুসেনকে গত মাসের ২৩ তারিখে যে ছুটী দেওয়া যায় তাহার অবশিষ্ট কাল বর্ত্তমান মাসের ২৫ তারিখঅবধি রহিত হইল। সেই তারিখে তিনি আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন্।

বিজ্ঞাপন।

১৮৪৬ সাল ১০ নবেম্বর।

শ্রীযুত এফ টকর সাহেব (Mr. F. Tucker,) মুঙ্গেরে মাজিষ্ট্রেট সাহেবের সিরিশ্তার কর্ম্মের ভার গত মাসের ২৪ তারিখে শ্রীযুত এফ এ বি গ্লোবর সাহেবের (Mr. F. A. B. Glover,) প্রতি অর্পণ করিলেন এবং বর্ত্তমান মাসের ২ তারিখে তাহা পুনর্গ্রহণ করেন।

দিনাজপুরের কালেক্টর শ্রীযুত সি ষ্টিয়র সাহেব (Mr. C. Steer,) বর্ত্তমান মাসের ২ তারিখে আপন কর্ম্মের ভার শ্রীযুত আর স্কট সাহেবের (Mr. R. Scott,) প্রতি অর্পণ করেন্।

বগুড়ার একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট শ্রীযুত জি ইউ ইউল সাহেব (Mr. G. U. Yule,) গত মাসের ৩১ তারিখে আপন কর্ম্মের ভার শ্রীযুত সি লিমণ্ড সাহেবের (Mr. C. Limond,) প্রতি অর্পণ করেন্।

এদেশীয় ৬৪ পল্টনের লেপ্টেনেণ্ট শ্রীযুত ডি এ চেস সাহেব (Lieut. D. A. Chase,) তালাইন সৈন্যেরদের সঙ্গে কর্ম্ম করিতে নিযুক্ত হইয়া গত মাসের ২২ তারিখে আপন কর্ম্মের ভার গ্রহণ করেন্।

সিবিলসম্পর্কীয় সিরিশ্তার শ্রীযুত এ টি ডিক সাহেব (Mr. A. T. Dick,) কনিংহেম (Cunyngham,) উপরি নাম গ্রহণ করিয়াছেন।

শ্রীযুত পাদরি জে বি ডাগিলার সাহেব (Rev. J. B. D'Aguilar,) শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের দ্বারা বাঙ্গলা দেশের আসিষ্টাণ্ট ধর্ম্মোপদেশকতা কর্ম্মে নিযুক্ত হইয়া "মনার্ক" নামক জাহাজে পঁহুছিয়াছেন এমত রিপোর্ট করেন। ঐ জাহাজ গত মাসের ২৮ তারিখে খাজুরীতে পঁহুছে।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

২১২৯ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৬ সাল ১০ নবেম্বর।

হুগলীর পণ্ডিত শ্রীযুত মধুসূদন বাচস্পতি প্রথম চক্রের পণ্ডিত হইবেন এবং চব্বিশপরগনায় থাকিবেন।

১৮৪৬ সাল ১১ নবেম্বর।

শ্রীযুত কাপ্তান ডি এল রিচার্ডসন সাহেব (Captain D. L. Richardson,) হুগলীতে মহম্মদ মসিনের কালেজের অধ্যক্ষ হইবেন।

শ্রীযুত এম রচফোর্ট সাহেব (Mr. M. Rochfort,) কৃষ্ণনগরের কালেজের অধ্যক্ষ হইবেন।

শ্রীযুত এ রজর্স সাহেব (Mr. A. Rogers,) কলিকাতা বন্দরহইতে বিদেশ গমনকারিরদের আসিষ্টাণ্ট রক্ষক হইবেন।

ছুটী।

১৮৪৬ সাল ১১ নবেম্বর।

নদীয়ার সিবিল ও সেশন জজ শ্রীযুত জে সি ব্রৌণ সাহেব (Mr. J. C. Brown,) আপন সিরিশ্তার চলিত কর্ম্মের ভার ঐ জিলার প্রধান সদর আমীনের প্রতি অর্পণ করিয়া স্বীয় কর্ম্মোপলক্ষে এক মাসের ছুটী পাইয়াছেন।

ত্রিহুতের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত এচ আর মাডকস সাহেব (Mr. H. R. Madocks,) গত মাসের ১৭ তারিখে যে ছুটী পান্ তাহা রহিত হইল।

জৌনপুরের আফীনের সব-ডেপুটী এজেণ্ট শ্রীযুত ই এফ ফেরিস সাহেব (Mr. E. F. Ferris,) গত সেপ্টেম্বর মাসের ২৩ তারিখে যে ছুটী পান্ তাহা রহিত হইল।

১৮৪৩ সালের ১৫ আইনানুসারে নিযুক্ত মুরশিদাবাদের ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত এফ জে বেল সাহেবকে (Mr. F. J. Bell,) গত আগষ্ট মাসের ২০ তারিখে যে ছুটী দেওয়া যায় তাহার অবশিষ্ট কাল বর্ত্তমান মাসের ৯ তারিখঅবধি রহিত হইল।

শাহাবাদের সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত টি সি হচিন্সন সাহেবকে (Mr. T. C. Hutchinson,) গত সেপ্টেম্বর মাসের ২৬ তারিখে যে ছুটী দেওয়া যায় তাহার অবশিষ্ট কাল বর্ত্তমান মাসের ১ তারিখঅবধি রহিত হইল।

ঢাকার আবকারীর সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত বাবু উদয়চন্দ্র আঢ্য গত সেপ্টেম্বর মাসের ২৩ তারিখে যে ছুটী পান তাহা বৃদ্ধি হইয়া গত মাসের ২০ তারিখপর্য্যন্ত হইল।

বিজ্ঞাপন।

১৮৪৬ সাল ১৪ নবেম্বর।

যশোহরের একটিং মাজিষ্ট্রেট শ্রীযুত ডবলিউ সিটন কার সাহেব (Mr. W. Seton Karr,) বর্ত্তমান মাসের ৯ তারিখে আপন কর্ম্মের ভার শ্রীযুত বেলাই সাহেবের (Mr. Belli,) প্রতি অর্পণ করেন।

সিবিলসম্পর্কীয় সিরিশ্তার শ্রীযুত জি গফ সাহেব (Mr. G. Gough,) "বেণ্টিঙ্ক" নামক বাষ্পীয় জাহাজের দ্বারা নিয়মিত ছুটীহইতে প্রত্যাগমন করিয়াছেন এমত রিপোর্ট করেন। ঐ জাহাজ বর্ত্তমান মাসের ৬ তারিখে খাজুরীতে পঁহুছে।

সিবিলসম্পর্কীয় সিরিশ্তার শ্রীযুত এস ফ্রেজর সাহেব (Mr. S. Fraser,) ও শ্রীযুত জি গফ সাহেব (Mr. G. Gough,) ইঙ্গলণ্ডহইতে প্রত্যাগমন করিয়াছেন তাহাতে নিয়মিতরূপে দুইটা ছুটী পাওয়া যায় তাহা নীচের লিখিত দুই সাহেবকে দেওয়া গেল অর্থাৎ

শ্রীযুত এস ফ্রেজর সাহেবের (Mr. S. Fraser,) প্রত্যাগমনে শ্রীযুত সি এচ লশিংটন সাহেব (Mr. C. H. Lushington,) ও শ্রীযুত জি গফ সাহেবের (Mr. G. Gough,) প্রত্যাগমনে শ্রীযুত জি এল মার্টিন সাহেব (Mr. G. L. Martin,) বার্দ্ধক্যপ্রযুক্ত ছুটী পাইবেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

২১৩৯ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৬ সাল ১৮ নবেম্বর।

শ্রীযুত বাবু গঙ্গাপ্রসাদ গোসাঁইয়ের পরিবর্ত্তে শ্রীযুত বাবু গৌরমোহন গোসাঁই শ্রীরামপুরে নগরীয় কমিটির মেম্বর হইবেন।

ছুটী।

১৮৪৬ সাল ১১ নবেম্বর।

পূর্ব্ব বর্দ্ধমানের কালেক্টর শ্রীযুত ডবলিউ লুক সাহেব (Mr. W. Luke,) আপনার কাজারীর চলিত কর্ম্মের ভার শ্রীযুত এ হামণ্ড সাহেবের (Mr. A. Hammond,) প্রতি অর্পণ করিয়া স্বীয় কর্ম্মোপলক্ষে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৩৩ সালের ১ আইনানুসারে নিযুক্ত সারনের ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু দিগম্বর মিত্র স্বীয় কর্ম্মোপলক্ষে ছয় মাসের ছুটী পাইয়াছেন।

১৮৪৬ সাল ১৪ নবেম্বর।

যশোহরে খুলনার জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জে ডবলিউ ডালরিম্পল সাহেব (Mr. J. W. Dalrymple,) স্বীয় কর্ম্মোপলক্ষে ইউরোপে গমনার্থ আট মাসের ছুটী পাইয়াছেন।

পাবনার জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত আর জে রিচার্ডসন সাহেব (Mr. R. J. Richardson,) চিকিৎসকের সর্টিফিকটক্রমে ছয় সপ্তাহের ছুটী পাইয়াছেন।

মালদহের পণ্ডিত শ্রীযুত নরহরি শিরোমণি দশহরার বন্দের অতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে চারি সপ্তাহের ছুটী পাইয়াছেন।

১৮৪৬ সাল ১৬ নবেম্বর।

কটকের কমিস্যনর এবং পেশকশী মহালের সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত এ জে এম মিল্‌স সাহেব (Mr. A. J. M. Mills,) স্বীয় কর্ম্মোপলক্ষে এক মাসের ছুটী পাইয়াছেন।

মুঙ্গেরের একটিং মাজিষ্ট্রেট শ্রীযুত টি ইয়ং সাহেব (Mr. T. Young,) গত মাসের ২৬ তারিখে যে ছুটী পান্ তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই মাসের ছুটী পাইয়াছেন।

কটকের প্রধান সদর আমীন শ্রীযুত পণ্ডিত তারকনাথ বিদ্যাসাগর গত মাসের ২৬ তারিখে যে ছুটী পান্ তদতিরিক্ত ঐ মাসের ৩১ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

আসামের ডেপুটী কমিস্যনর শ্রীযুত মেজর জে মাথি সাহেবকে (Major J. Matthie,) গত সেপ্টেম্বর মাসের ২ তারিখে যে ছুটী দেওয়া যায় তাহা তাঁহার প্রার্থনার রহিত হইয়াছে।

বিজ্ঞাপন।

১৮৪৬ সাল ৪ নবেম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেব হুকুম করিয়াছেন যে থানা মুলফতগঞ্জের পরিবর্ত্তে ফরিদপুর জিলার নবাবগঞ্জের থানা ঢাকায় মুনশীগঞ্জের ডেপুটী মাজিষ্ট্রেটের এলাকাভুক্ত হয়।

১৮৪৬ সাল ১৮ নবেম্বর।

বেহারের একটিং কালেক্টর শ্রীযুত ডবলিউ বেল সাহেব (Mr. W. Bell,) বর্ত্তমান মাসের ৭ তারিখে আপন কাছারীর কর্ম্মের ভার অতিরিক্ত ডেপুটী কালেক্টর শ্রীযুত সৈয়দ আজিমুদ্দীন খাঁর প্রতি অর্পণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে।

এফ্ জে হালিডে।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS.

গবর্ণমেণ্টের ইশতিহার।

LAND ADVERTISEMENTS.

ভূমিবিষয়ক ইশতিহার।

এত্তেলানামা কাছারী কালেক্টরি জেলা কটক মধ্য প্রদেশের সকল মনুষ্য জ্ঞাপন হওয়া নিমিত্তক সংবাদ দেওয়া যাইতেছে

যে ইঙ্গরেজী সন ১৮৪৫ সালের ১ প্রথম আইন ৬ ধারানুসারে নীচের লিখিত মাহালের নাগাইদী কিস্তী মাহ জুন সন ১৮৪৬ সাল মতাবক সন ১২৫৩ সাল আমলীর ষোল আনা সরকারের পাওনা বাকী মালগুজারির নিমিত্তে ইঙ্গরেজী সন ১৮৪৬ সাল দিজম্বর মাহার ৮ তারিখে মতাবক সন ১২৫৪ সাল আমলী তারিখ ২৫ অগ্রহায়ণ মঙ্গলবার উক্ত কালেক্টরির কাছারিতে বিনাওজরে গ্রেপ্তার হইবেক এবং নিতান্ত বিক্রী হইবেক ইতি তারিখ ১৩ নবেম্বর সন ১৮৪৬ সাল মতাবক তারিখ ৩০ কার্ত্তিক সন ১২৫৪ সাল আমলী রোজ শুক্রবার।

নম্বর লাট	নম্বর তৌজী	নাম মাহাল	নাম মালিক	সদর জমা	সন ১৮৪৬ সাল নাগাদী কিস্তী মাহ জুন পরগ	তায়দাদ মিলকিয়ত যে বিক্রী হইবেক	পাওনা টাকা
১	৭৯৯	তালুক নারায়ণপুর	মাহরাজা পদ্ম নাভদেও	৪৮৭৬৸৫	কালামাটীয়া	হকিয়ত সরবরাকারি কিঃ আনা মৌজে অণ্ডরা শামিল তালুকে নারায়ণপুর পরগনে কালামাটীয়া কি দোরবস্ত মৌজার মপস্বল জমা মবলগে ১৭৮৯৶ কোম্পানি নারায়ণ শোক্রীত সিংহ ও মধুপাল্টী সিংহ ও অপত্তি খণ্ডাইতরা ও মেত্রানন্দ সুন্দররা নামেতে লেখা যাইতেছে হকিয়ত অপত্তি খণ্ডাইতরা মাল জামিনীদার বিশ্বাধর শাওতসিঙ্গার ও উপেন্দ্র বিমুরাণ মন্তাজরান খামার ও খোদকস্তা মৌজে তরাড় পাল্ল শামিল তালুকে বরি পরগনে কালামাটীয়া মাহাল তাবে ক্রোট আফয়াডেডব।	১৭০৶৮ কো টাকা

M. S. Gilmore, *Collector.*

INSOLVENT COURT.

যোত্রহীনেরদের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

NOTICE is hereby given, that by an order of the said Court, bearing date the 31st day of October last, the matters of the Petition of PUNCHANUN BYSACK, late of Burrabazar, in the Town of Calcutta, Banian and Trader, and heretofore a prisoner for debt in the Common Jail of Calcutta, seeking

[*Government Gazette, 24th November*, 1846.]

the benefit of the Act of the ninth year of the Reign of his late Majesty George the IV. entitled "an Act to provide for the Relief of Insolvent Debtors in the East Indies," are appointed to be heard in the said Court, on Saturday the 3d day of January next, at the hour of 11 o'clock in the forenoon.

Calcutta, 7th November, 1846. PAUL and SMELT, *Insolvent's Attornies.*

শহর কলিকাতার অক্ষম ঋণিরদিগের পরিত্রাণার্থ আদালত।

কলিকাতা নগরের বড়বাজার নিবাসি ব্যবসায়ী ও মহাজন পঞ্চানন বসাক সম্প্রতি কলিকাতার সাধারণ জেলখানায় ঋণপ্রযুক্ত কয়েদ হইয়া ভারতবর্ষের যোত্রহীন ঋণিরদের উপকারার্থ আইন নামক পূত চতুর্থ জর্জ রাজার অধিকারের নবম বৎসরের আইনক্রমে উপকার প্রার্থনা করিতেছেন অতএব ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে উক্ত আদালতের গত অক্টোবর মাসের ৩১ তারিখের হুকুমক্রমে উক্ত যোত্রহীনের দরখাস্তের মর্ম্ম আগামি জানুআরি মাসের ৩ তারিখ শনিবার বেলা এগার ঘণ্টার সময়ে উক্ত আদালতে শুনা যাইবেক।

কলিকাতা ১৮৪৬। ৭ নবেম্বর। পাউল ও স্মেল্ট। যোত্রহীনের উকীল।

In the matter of ALEXANDER ROGERS, carrying on trade and business as Merchant and Agent at Baretto's Lane, in the Town of Calcutta, and now residing at the French Settlement of Chandernagore.

NOTICE is hereby given, that by an order made on the Twentieth day of November instant, it is adjudged that the Petition of Rajbullub Seal, a creditor of the said ALEXANDER ROGERS, was true and that the said Alexander Rogers had committed an Act of Insolvency, and that by another order of the said Court, made on the same day, Robert O'Dowda, Esquire, was appointed the Assignee of the Estate of the said Insolvent. Dated this twentieth day of November, one thousand eight hundred and forty-six. G. O. BEEBY, *Attorney for the Petitioner and Robert O'Dowda, Esquire.*

কলিকাতা নগরের বারেটো গলিতে সওদাগরী ও এজেন্টী কর্ম্মকারি এক্ষণে ফ্রান্সীয়েরদের অধীন চন্দননগর নিবাসি আলেক্জাণ্ডর রজর্স সাহেবের বিষয়ে

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে বর্ত্তমান নবেম্বর মাসের ২০ তারিখে নির্দ্ধারণ হইল যে উক্ত আলেকজাণ্ডর রজর্স সাহেবের মহাজন রাজবল্লভ শীলের দরখাস্ত সত্য এবং উক্ত আলেকজাণ্ডর রজর্স সাহেব যোত্রহীন বটেন আর সেই দিনে উক্ত আদালতের অন্য হুকুমক্রমে শ্রীযুত রাবর্ট ওডৌডা সাহেব উক্ত যোত্রহীনের ইষ্টেটের আসেনি পদে নিযুক্ত হইলেন ইতি। ১৮৪৬। ২০ নবেম্বর।

জি ও বিবি। দরখাস্তকারির ও শ্রীযুত রাবর্ট ওডৌডা সাহেবের উকীল

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৬। ২৪ নবেম্বর।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান কাশমন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট্

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, DECEMBER 1, 1846.

কলিকাতা মঙ্গলবার ১৮৪৬ সাল ১ ডিসেম্বর।

DRAFTS OF ACTS.

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE,
THE 24TH OCTOBER, 1846.

The following Draft of a proposed Act was read in Council for the first time on the 24th of October, 1846:

ACT No. —— OF 1846.

Concerning the binding of Apprentices.

Whereas it is expedient to facilitate the setting out and instruction of the children of persons, inhabitants in the Territories under the Government of the East India Company, following European manners and usages, particularly orphans and destitute children brought up by public Charities, in Arts, Trades, Crafts and employments, by which when they come to mature age they may be enabled to gain a livelihood; and whereas it is considered proper for this end to promote the system of Apprenticeship, which has partially obtained hitherto, by legal provisions calculated to render the contract between Master and Apprentice effectual for the reciprocal benefit of the parties.

I. It is hereby enacted, that it shall be lawful for any person, inhabiting in any part of the Territories under the Government of the East India Company to take, retain, or become an Apprentice.

II. Provided that no person shall be bound as an Apprentice except by his Parent or Guardian, and it is hereby declared that an orphan or destitute person brought up by any public charity may be bound by the Governors, Directors or Managers thereof as his Guardians for this purpose.

III. And provided that no person shall be bound as an Apprentice, who is under the age of

[*Government Gazette, 1st December*, 1846.]

আইনের মুসাবিদা।

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
লেজিসলেটিব।
ইঙ্গরেজী ১৮৪৬ সাল ২৪ অক্টোবর।

প্রস্তাবিত আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৪৬ সালের ২৪ অক্টোবর তারিখে হজুর কৌন্সেলে প্রথমবার পাঠকরা গেল।

ইঙ্গরেজী ১৮৪৬ সাল——আক্ট।

আপ্রেণ্টিসকে বন্ধকরণের বিষয়ি আইন।

যেহেতুক ভারতবর্ষের কোম্পানি বাহাদুরের শাসিত দেশনিবাসি ইউরোপীয় আচার ব্যবহারবিশিষ্ট ব্যক্তিদের বালক এবং বিশেষতঃ ধর্ম্মার্থ প্রতিপালনালয়ে পিতৃমাতৃহীন এবং অনাথ বালকেরদের যে শিল্প ও ব্যবসায় ও কর্ম্মের দ্বারা তাহারা বয়ঃপ্রাপ্ত হইলে উপজীবিকা পাইতে পারে সেই শিল্পপ্রভৃতিতে তাহারদিগকে নিযুক্ত করণ ও তাহা শিখাওনের সুগমকরা উচিত বোধ হইল এবং যেহেতুক এই নিমিত্ত ইহার পূর্ব্বে যে আপ্রেণ্টিসী নিয়ম একপ্রকারে ব্যবহার হইতেছিল তাহা যে আইনের বিধানের দ্বারা মনিব ও আপ্রেণ্টিসের বন্দোবস্ত পরস্পর উভয় পক্ষের হিতজনক হওনের সম্ভাবনা এইমত আইনের বিধানের দ্বারা ঐ নিয়মের পোষকতা করা উচিত বোধ হইল।

১ ধারা। অতএব ইহাতে হুকুম হইল যে কোম্পানি বাহাদুরের শাসিত দেশের কোন ভাগনিবাসি কোন ব্যক্তি আপ্রেণ্টিস লইতে অথবা রাখিতে পারেন্ অথবা আপ্রেণ্টিস হইতে পারে ইতি।

২ ধারা। কিন্তু জানা কর্ত্তব্য যে কোন ব্যক্তি আপন পিতামাতা অথবা রক্ষকভিন্ন অন্য কোন ব্যক্তিকর্ত্তৃক আপ্রেণ্টিসরূপে বদ্ধ হইতে পারে না এবং ইহাতে হুকুম হইল যে পিতৃমাতৃহীন অথবা অনাথ যে বালক কোন ধর্ম্মার্থ প্রতিপালনালয়ে প্রতিপালন হয় সেই বালককে সেই প্রতিপালনালয়ে অধ্যক্ষ কি কর্ত্তা বা সরবরাহকার তাহার রক্ষকস্বরূপ সেই নিমিত্ত তাহাকে বদ্ধ করিতে পারেন ইতি।

৩ ধারা। এবং জানা কর্ত্তব্য যে ১০ বৎসরের ন্যূন বয়স্ক কোন বালক আপ্রেণ্টিসরূপে বদ্ধ হইতে পারিবেক

10 years, and that no person above the age of 13 years, shall be so bound without his own consent; and that no person shall be so bound for a term to extend beyond the time at which he will attain the age of 21 years.

IV. And provided that no person shall be bound to serve as an Apprentice out of the Territories under the Government of the East India Company, except on board a Ship or Vessel.

V. And it is hereby enacted, that when any person shall be bound as an Apprentice to any Officer of Government as such, for employment in the public service, in the event of the resignation or removal of such Officer, the Apprentice shall be considered as bound in the same manner to his successor.

VI. And it is hereby enacted, that any boy being of the age of 13 years, may be bound as an Apprentice in the Sea Service to any of Her Majesty's subjects being the Owner or Owners of any registered Ship or Vessel, belonging to and trading from any Port in the said Territories declared to be a Registering Port under Act X. of 1841, to be employed in any such Ship or Vessel the property of such person, and while so employed to be instructed in the craft and duties of a Seaman, provided that the Master of such Ship or Vessel shall be a British Subject, or for Sea Service in any Ship or Vessel of the East India Company belonging to any such Port, commanded by a British subject, in which case the contract shall be made with the Master Attendant at such Port or any Officer appointed to represent the East India Company in this behalf, who shall appoint the Ship or Vessel in which such Apprentice is to serve from time to time.

VII. And it is hereby enacted, that the Master or Commander of any Ship or Vessel in which an Apprentice bound under the last Section shall be appointed to serve by the party to whom he is bound, shall be deemed the Agent of such party for the purposes of this Act.

VIII. And it is hereby enacted, that every contract of Apprenticeship shall be reduced to writing, which writing shall set forth distinctly the conditions agreed upon, particularly specifying the age of the Apprentice and the term for which he is bound, what he is to be taught, where and how he is to be employed, and whether under the immediate superintendence and direction of the Master or of an Agent for him, and what provision is to be made for his maintenance, lodging and clothing, especially whether he is to be lodged and boarded in the house, and as a member of the family of the Master, or of his Agent, or otherwise; or if the Apprentice shall be bound to serve in a Sea-going Vessel, or in a Vessel employed in river navigation, where his berth is to be on board, and how and with whom he is to mess, and what provisions, clothing, and bedding are to be supplied to him,

না এবং ১৩ বৎসরের অধিক বয়স্ক কোন ব্যক্তি আপনার সম্মতি বিনা সেইরূপে বদ্ধ হইবেক না এবং আপ্রেন্টিসকে কেবল এত কালের নিমিত্তে বদ্ধ করিতে হইবেক যে সেই ব্যক্তি ২১ বৎসর বয়ঃপ্রাপ্ত হইলেই সেই বিশেষ বন্ধনহইতে মুক্ত হয় ইতি।

৪ ধারা। এবং জ্ঞানা কর্ত্তব্য যে কোন ব্যক্তি জাহাজাদিতে গমনার্থ বিনা কোম্পানি বাহাদুরের শাসিত দেশের বাহিরে কর্ম্মকরণার্থ আপ্রেন্টিসরূপে বদ্ধ হইবেক না ইতি।

৫ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে সরকারী কর্ম্মে ভুক্তহওনার্থ যখন কোন ব্যক্তি আপ্রেন্টিসরূপে কোন সরকারী কর্ম্মকারকের নিকটে তাহার সরকারী পদোপলক্ষে বদ্ধ হয় তখন ঐ কর্ম্মকারক কর্ম্মে ইস্তাফা দিলে বা অবসর হইলে যিনি তাঁহার পদে নিযুক্ত হন সেই কর্ম্মকারকের নিকটে ঐ আপ্রেন্টিস বদ্ধ আছে এমত জ্ঞান হইবেক ইতি।

৬ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে কোম্পানি বাহাদুরের শাসিত দেশের মধ্যে ১৮৪১ সালের ১০ আইনানুসারে যেং বন্দরে জাহাজের রেজিষ্টরী হইতে পারে এইমত বন্দরসম্পর্কীয় এবং এমত বন্দরে বাণিজ্যকারি কোন রেজিষ্টরী হওয়া জাহাজাদির মালিক বা মালিকসকল শ্রীযুতা মহারাণীর প্রজা হইলে তাঁহারদের নিকটে সমুদ্রীয় কর্ম্মের নিমিত্ত এবং তাঁহারদের সম্পত্তি যে উক্ত প্রকার জাহাজাদি তাহাতে কর্ম্মকরণার্থ ১৩ বৎসর বয়ঃপ্রাপ্ত কোন বালক আপ্রেন্টিসরূপে বদ্ধ হইতে পারে এবং সেই জাহাজে নিযুক্ত থাকনের সময়ে তাহাকে নাবিকের ব্যবস্থা ও কার্য্য শিক্ষা দেওয়া যাইবেক। কিন্তু জ্ঞানা কর্ত্তব্য যে ঐ প্রকার জাহাজাদির অধ্যক্ষ ব্রিটনীয় প্রজা না হইলে এইরূপ কর্ম্ম হইতে পারিবেক না অথবা বালক ঐ প্রকার বন্দরসম্পর্কীয় কোম্পানি বাহাদুরের যে কোন জাহাজাদির অধ্যক্ষ ব্রিটনীয় প্রজা হন সেই জাহাজাদিতে সমুদ্রীয় কর্ম্মের নিমিত্ত বদ্ধ হইতে পারে তাহা হইলে ঐ বন্দরে যে ব্যক্তি মাষ্টর এটেণ্ডেণ্ট থাকেন তাঁহার সঙ্গে অথবা এই আইনের সম্পর্কে কোম্পানি বাহাদুরের প্রতিনিধিরূপে নিযুক্ত কোন কর্ম্মকারকের সঙ্গে তাহার বন্দোবস্ত করা যাইবেক এবং যে জাহাজাদিতে ঐ আপ্রেন্টিস সময়ক্রমে কর্ম্ম করিবেক তাহা ঐ কর্ম্মকারক নির্দ্দিষ্ট করিবেন ইতি।

৭ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে উপরের উক্ত ধারানুসারে আপ্রেন্টিস যে ব্যক্তির নিকটে বদ্ধ হয় সেই ব্যক্তি যে জাহাজাদিতে তাহাকে কর্ম্ম করণার্থ নিযুক্ত করেন সেই জাহাজাদির অধ্যক্ষ অথবা মালিম এই আইনের অভিপ্রায়ের নিমিত্তে সেই ব্যক্তির এজেণ্টের ন্যায় জ্ঞান হইবেন ইতি।

৮ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে আপ্রেন্টিসের প্রত্যেক বন্দোবস্ত লেখা যাইবেক এবং যেং নিয়ম ধার্য্য হয় তাহা অতিস্পষ্টরূপে সেই লিপিতে লিখিতে হইবেক এবং তাহাতে এই সকল বৃত্তান্ত থাকিবেক অর্থাৎ আপ্রেন্টিসের বয়স এবং যত কালের নিমিত্তে বদ্ধ হইবেক এবং যাহা তাহাকে শিখান যাইবেক এবং যে স্থানে ও যে প্রকারে সে ব্যক্তি নিযুক্ত হইবেক এবং তাহার মনিবের নিজের কর্ত্তৃত্বাধীনে ও আজ্ঞাধীনে নিযুক্ত থাকিবেক অথবা মনিবের কোন এজেণ্টের কর্ত্তৃত্বাধীনে ও আজ্ঞাধীনে থাকিবেক এবং তাহার আহার ও বাসস্থান ও পোশাকের নিমিত্তে যেং নিয়ম হইবেক তাহা এবং বিশেষতঃ মনিবের ঘরে থাকিবেক এবং খাইবেক এবং মনিবের পরিবারের অথবা তাহার এজেণ্টের পরিবারের মধ্যে গণ্য হইবেক কি না ও যদি ঐ আপ্রেন্টিস কোন সমুদ্রে বা নদীতে গমনাগমনকারি জাহাজে কর্ম্ম করণার্থ বদ্ধ হয় তবে জাহাজের মধ্যে তাহাকে থাকিবার যে স্থান দেওয়া যাইবেক এবং যেরূপে ও যাহার সঙ্গে তাহার আহারাদি করিতে হইবেক এবং যে আহারীয় দ্রব্য ও

and how he is to be provided for when he is not on board.

IX. And it is hereby enacted, that every such contract shall be in duplicate, and that each copy shall be signed by the person to whom the Apprentice is bound, and by the person or persons by whom he is bound, and by the Apprentice himself when he is above the age of 18 years: provided that when the Apprentice is bound by the Governors, Directors or Managers of a Public Charity, the signature of two of them, or of their Secretary or Officer on their behalf, shall be sufficient.

X. And it is hereby enacted, that no such contract shall be valid unless it be executed in the manner aforesaid, nor until it has been registered in the Office of the Chief Magistrate of the Place or District where it has been executed, or if the Apprentice shall be bound to the Sea Service in the office of the person appointed under Act X. of 1841, to make Registry of Ships and Vessels at the Port where the Apprentice is to enter on the said Service.

XI. And it is hereby enacted, that when the Apprentice is bound to serve at some other place than that where the contract has been executed, out of the jurisdiction of the Magistrate in whose office it has been registered, the Master within one month after the arrival of the Apprentice at such place, by himself or by his Agent, under whom the Apprentice is to be employed according to the contract, shall apply to the Chief Magistrate of the District to Register the Contract in his office.

XII. And it is hereby enacted, that if the Master shall fail to register the contract within one month as directed in the last Section, he shall not be entitled to apply to a Magistrate to take cognizance of any cause of complaint he may have against the Apprentice in the manner hereinafter provided, but it shall nevertheless be competent to any Magistrate to take cognizance of complaints against the Master on application made to him on behalf of the Apprentice.

XIII. And it is hereby enacted, that when by the contract of Apprenticeship the Apprentice is bound to service at a certain place, or in a certain District, or in a certain trade or business, and the Master desires to remove him to some other place or District, or to employ him in some other trade or business, or in any other way than as stipulated in the contract, he shall be at liberty to do so with the consent of the person or persons by whom the Apprentice was bound, and with the consent of the Apprentice himself if he is above the age of 18 years, provided that the alterations agreed to shall be expressed in writing on each copy of the contract with the signature of the proper parties according to Section VIII. of this Act; and shall be registered in the office of the Chief Magistrate of the place or District where the Apprentice shall have been employed.

XIV. And it is hereby enacted, that when an

পোষাক ও বিছানা তাহাকে দেওয়া যাইবেক এবং জাহাজে না থাকিবার সময়ে তাহার গ্রাসাচ্ছাদন-প্রভৃতির বিষয়ে যে নিয়ম হয় এই সকল বৃত্তান্ত বন্দোবস্ত পত্রে লেখা থাকিবেক ইতি।

৯ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে এরূপ প্রত্যেক বন্দোবস্তের ডুপ্লিকেট করা যাইবেক অর্থাৎ তাহার দুইখান লেখা যাইবেক এবং যে ব্যক্তির নিকটে ঐ আপ্রেণ্টিস বদ্ধ হয় এবং যে ব্যক্তি বা ব্যক্তিদের দ্বারা বদ্ধ হয় এবং আপ্রেণ্টিস ১৩ বৎসরবয়স্কের উর্দ্ধ হইলে সেই আপ্রেণ্টিসের দ্বারা প্রত্যেক নকলে সহী হইবেক। কিন্তু জানা কর্ত্তব্য যে ঐ আপ্রেণ্টিস যখন কোন ধর্ম্মার্থ প্রতিপালনালয়ের অধ্যক্ষ কিম্বা কর্ত্তা অথবা সরবরাহকারের দ্বারা বদ্ধ হয় তখন তাঁহারদের মধ্যে দুই জনের অথবা তাঁহারদের পক্ষে সেক্রেটারী বা কোন কর্ম্মকারকের সহী থাকিলে হইবেক ইতি।

১০ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে বন্দোবস্ত পত্রে উক্ত প্রকারে যদি সহী না হয় এবং যে স্থানে বা জিলায় সহী হয় সেই স্থান বা জিলার প্রধান মাজিস্ট্রেট সাহেবের দপ্তরে যদি রেজিষ্টরী না হয় তবে অথবা আপ্রেণ্টিস সমুদ্রীয় কর্ম্মের নিমিত্তে বদ্ধ হইলে যে বন্দরে ঐ আপ্রেণ্টিস কর্ম্মে ভর্ত্তি হইবেক সেই বন্দরে যদি জাহাজাদির রেজিষ্টরী করণার্থ ১৮৪১ সালের ১০ আইনানুসারে নিযুক্ত ব্যক্তির দপ্তরে রেজিষ্টরী না হয় তবে ঐ বন্দোবস্ত মাতবর হইবেক না ইতি।

১১ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে বন্দোবস্ত যে স্থানে সহী হয় তাহাছাড়া এবং যে মাজিস্ট্রেট সাহেবের দপ্তরে তাহা রেজিষ্টরী হয় তাহার এলাকাছাড়া যখন অন্য কোন স্থানে কর্ম্ম করণার্থ আপ্রেণ্টিস বদ্ধ হয় তখন তাহার মনিব সেই স্থানে আপ্রেণ্টিসের পঁহুছনের পর এক মাসের মধ্যে স্বয়ং অথবা বন্দোবস্তক্রমে যে এজেণ্টের অধীনে আপ্রেণ্টিস কর্ম্ম করণার্থ নিযুক্ত হয় সেই এজেণ্ট ঐ জিলার প্রধান মাজিস্ট্রেট সাহেবের নিকটে ঐ বন্দোবস্ত রেজিষ্টরী করণার্থ দরখাস্ত করিবেন ইতি।

১২ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে উপরের ধারার নিরূপিতমতে যদি মনিব এক মাসের মধ্যে বন্দোবস্ত রেজিষ্টরী করিতে ত্রুটি করেন তবে তাঁহার আপ্রেণ্টিসের প্রতি যে কোন নালিশের কারণ থাকে তাহা পশ্চাৎ লিখিতমতে বিচার করিতে মাজিস্ট্রেট সাহেবের নিকটে দরখাস্ত করিতে পারিবেন না কিন্তু মনিবের নামে আপ্রেণ্টিসের যে কোন নালিশ থাকে তাহা আপ্রেণ্টিসের পক্ষে দরখাস্তক্রমে মাজিস্ট্রেট সাহেবের নিকটে হইলে তিনি তাহা গ্রাহ্য করিতে পারেন ইতি।

১৩ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে আপ্রেণ্টিসী বন্দোবস্তক্রমে যখন আপ্রেণ্টিস কোন বিশেষ স্থানে অথবা কোন বিশেষ জিলায় অথবা কোন বিশেষ ব্যবসা বা কার্য্য করণার্থ বদ্ধ হয় এবং তাহার মনিব অন্য কোন স্থানে বা জিলায় তাহাকে লইয়া যাইতে চাহেন অথবা অন্য কোন ব্যবসা বা কার্য্যে কিম্বা বন্দোবস্তের নিরূপিতমত ছাড়া অন্য কোন মতে তাহাকে নিযুক্ত করিতে চাহেন, তখন যে ব্যক্তি বা ব্যক্তিরদের দ্বারা আপ্রেণ্টিস বদ্ধ হইয়াছিল তাঁহারদের অনুমতিক্রমে এবং আপ্রেণ্টিস ১৩ বৎসরের উর্দ্ধবয়স্ক হইলে তাহার নিজ অনুমতিক্রমে তাহা করিতে পারেন। কিন্তু জানা কর্ত্তব্য যে এইরূপে যে ফেরফারের নিয়ম হয় তাহা এই আইনের ৮ ধারার বিধির অনুসারে ঐ বন্দোবস্তের প্রত্যেক নকলে লিখিতে হইবেক এবং বন্দোবস্তসম্পর্কীয় সকল ব্যক্তি তাহাতে সহী করিবেন এবং যে স্থানে অথবা জিলাতে ঐ আপ্রেণ্টিস কর্ম্ম করিয়াছে সেই স্থান বা জিলার প্রধান মাজিস্ট্রেট সাহেবের দপ্তরে তাহা রেজিষ্টরী করিতে হইবেক ইতি।

১৪ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে যখন কোন

Apprentice shall be removed under the last Section, the provision of Section XI. and Section XII. shall be applicable.

XV. And it is hereby enacted, that in the case of a Sea Apprentice, when the contract of Apprenticeship is registered, as above directed, the name and description of the Vessel in which such Apprentice is to serve, and the name and description of the Master or Commander thereof as a British subject, shall be certified on each copy of the contract with the signature of the Master of the Apprentice, and shall be entered in the book of Registry: and that if the Apprentice shall be transferred to any other Vessel the transfer shall be noted and registered in like manner.

XVI. And it is hereby enacted, that a contract of Apprenticeship may be determined at any time before the expiration of the term specified in it by the consent of all the parties, provided that such consent shall be certified in writing on each copy of the contract with the signature of all the parties, according to Section IX. of this Act, and shall be registered in the office where the contract was first registered, or in that of the Chief Magistrate of the place or District where the Apprentice shall have been last employed.

XVII. And it is hereby enacted, that the Master of any Apprentice bound under this Act may with the consent of the persons by whom he was bound and with the consent of the Apprentice himself and not otherwise, assign such Apprentice to any other person, who is willing to take him for the residue of the term mentioned in the contract of Apprenticeship, and subject to the conditions thereof, provided that such person shall by endorsement under his own hand on each copy of the contract declare his acceptance of such Apprentice, and acknowledge himself bound by the agreements and covenants therein mentioned to be performed on the part of the Master, and that the consent of the other parties aforesaid shall be expressed in writing on the same and signed by them respectively. And that such assignment shall be registered in the office where the contract was first registered, or in that of the Chief Magistrate of the District where the Apprentice shall have been last employed.

XVIII. And it is hereby enacted, that upon complaint made to any Magistrate in the said Territories by or on behalf of any Apprentice bound under this Act, of misusage, or of refusal or neglect to provide for him, or to give him instruction according to the contract of Apprenticeship, or of cruelty, or other ill-treatment by his Master, or by the Agent under whom he shall have been placed by his Master, if it shall appear to the Magistrate that there is cause for the complaint, it shall be lawful for him to summon the Master, or his Agent, as the case may be, if he shall be within his jurisdiction, to appear before him at a reasonable time, to be stated in the Summons, to answer

আপ্রেন্টিস ১৩ ধারানুসারে স্থানান্তর হয় তখন ১১ এবং ১২ ধারার বিধি খাটিবেক ইতি।

১৫ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে মফস্বলে কর্ম্ম করণার্থ যখন আপ্রেন্টিসের বন্দোবস্ত পূর্ব্বোক্তমতে রেজিষ্টরী হয় তখন যে জাহাজে ঐ আপ্রেন্টিস কর্ম্মকরণার্থ নিযুক্ত হয় তাহার নাম ও বিবরণ এবং ব্রিটনীয় প্রজাস্বরূপ ঐ জাহাজের অধ্যক্ষ কি মালিমের নাম ও চেহারা বন্দোবস্তের প্রত্যেক নকলে লিখিতে হইবেক এবং আপ্রেন্টিসের মনিবের সহী তাহাতে থাকিবেক এবং তাহা রেজিষ্টরী বহীতে লেখা যাইবেক এবং যদি ঐ আপ্রেন্টিস বদল হইয়া অন্য কোন জাহাজে নিযুক্ত হয় তবে ঐ বদল সেইরূপে লেখা যাইবেক এবং সেইরূপে রেজিষ্টরী হইবেক ইতি।

১৬ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে বন্দোবস্তেতে যে মিয়াদ নিরূপণ আছে তাহা অতীত হওনের পূর্ব্বে সেই ব্যাপারসম্পর্কীয় সকল ব্যক্তির সম্মতিক্রমে আপ্রেন্টিসী বন্দোবস্ত শেষ হইতে পারে। কিন্তু জানা কর্ত্তব্য যে ঐ সম্মতি এই আইনের ৯ ধারার নির্দ্দিষ্টমতে বন্দোবস্তের প্রত্যেক নকলে লিখিতে হইবেক এবং সকল ব্যক্তির সহী তাহাতে থাকিবেক এবং যে দফ্তরে বন্দোবস্তপত্র প্রথম রেজিষ্টরী হইয়াছিল অথবা যে স্থান বা জিলাতে আপ্রেন্টিস শেষে কর্ম্ম করিয়াছিল সেই স্থান বা জিলার প্রধান মাজিষ্ট্রেট সাহেবের দফ্তরে তাহা রেজিষ্টরী হইবেক ইতি।

১৭ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে এই আইনানুসারে বদ্ধ কোন আপ্রেন্টিসের মনিব যে ব্যক্তিরদের দ্বারা আপ্রেন্টিস বদ্ধ হইয়াছিল তাহারদের এবং সেই আপ্রেন্টিসের নিজের অনুমতিক্রমে আপ্রেন্টিসী বন্দোবস্তের লিখিত মিয়াদের অবশিষ্ট কালের নিমিত্তে এবং তাহার মধ্যে লিখিত নিয়মানুসারে অন্য যে কোন ব্যক্তি তাহাকে লইতে চাহেন তাঁহার হস্তে তাহাকে অর্পণ করিতে পারেন কিন্তু উক্ত ব্যক্তিরদের অনুমতি বিনা হইতে পারে না। কিন্তু জানা কর্ত্তব্য যে যে ব্যক্তি আপ্রেন্টিসকে এইরূপে লন তিনি বন্দোবস্তের প্রত্যেক নকলের পৃষ্ঠে স্বহস্তে এইমত লিখিয়া দিবেন যে আমি ঐ আপ্রেন্টিসকে গ্রাহ্য করিলাম এবং ঐ বন্দোবস্তের মধ্যে মনিবের কর্ত্তব্য কর্ম্মের বিষয়ে যেং নিয়ম ও করার লেখা আছে সেইং নিয়ম ও করারে আমি বদ্ধ আছি এমত স্বীকার করি এবং পূর্ব্বোক্ত অন্য ব্যক্তিরা তাহাতে সম্মত আছেন ইহা বন্দোবস্তের উপরে লিখনের দ্বারা জানাইতে হইবেক এবং তাঁহারা প্রত্যেকে তাহাতে দস্তখত করিবেন। এবং ঐ অর্পণের বৃত্তান্ত যে দফ্তরে বন্দোবস্ত প্রথম রেজিষ্টরী হইয়াছিল অথবা যে জিলাতে ঐ আপ্রেন্টিস শেষে কর্ম্মে নিযুক্ত ছিল সেই জিলার প্রধান মাজিষ্ট্রেট সাহেবের দফ্তরে রেজিষ্টরী হইবেক ইতি।

১৮ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে এই আইনানুসারে বদ্ধহওয়া আপ্রেন্টিস নিজে অথবা অন্যের দ্বারা যদি উক্ত দেশের মধ্যে কোন মাজিষ্ট্রেট সাহেবের নিকটে এইমত নালিশ করে যে আমার মনিব অথবা যে এজেন্টের অধীনে আমার মনিব আমাকে রাখিয়াছিলেন সেই এজেন্ট আমার প্রতি কুব্যবহার করিয়াছেন বা আপ্রেন্টিসী বন্দোবস্তের নিয়মানুসারে ভরণপোষণ অথবা শিক্ষা দিতে ত্রুটি বা অস্বীকার করিয়াছেন অথবা নিষ্ঠুর ব্যবহার করিয়াছেন বা অন্য কোন প্রকারে অত্যাচার করিয়াছেন এবং যদি মাজিষ্ট্রেট সাহেবের এমত বোধ হয় যে সেই নালিশ সমূলক বটে তবে ঐ মনিব অথবা বিষয়বিশেষে তাঁহার এজেন্ট তাঁহার এলাকার মধ্যে থাকিলে, তাঁহাকে ঐ নালিশের জওয়াব দেওনার্থ উপযুক্ত সময়ের মধ্যে তাঁহার সম্মুখে হাজির হইবার নিমিত্তে

the complaint, and at such time, whether the Master or his Agent be present or not (service of the Summons being proved) to examine into the matter of the complaint, and upon proof thereof to impose upon the offender, whether he shall be the Master or his Agent, a reasonable fine not exceeding 200 Rupees; and if the offender shall not pay the fine to levy the same by distress and sale of his Goods and Chattels, and in case the offender shall not be the Master but his Agent, by distress and sale of the Goods and Chattels of the Master also. And if there shall not be found sufficient Goods and Chattels whereon to levy the same, to commit the offender to prison until the fine shall be discharged, provided that he shall not be kept in prison for a period exceeding two months; and provided that if sentence shall have been passed after an exparte investigation the offender shall not be committed to prison until he has been brought before the Magistrate, and having been personally called upon to discharge the penalty has failed to do so.

XIX. And it is hereby enacted, that in a case in which a Magistrate shall have passed sentence upon the Master of an Apprentice or Agent under the last Section, it shall be lawful for him at his discretion to adjudge that the Apprentice shall be discharged, and if any premium shall have been paid on the binding of such Apprentice to make an order upon the Master to refund the whole or any part thereof, and in case the sum ordered to be refunded by such Master shall not be paid to the person or persons directed in any such order to receive the same, to levy the same by distress upon the Goods and Chattels of such Master with the costs and charges of such distress; and if there shall not be found sufficient Goods and Chattels whereon to levy the same, to commit such Master to prison for any term not exceeding two months, unless the sum ordered to be refunded with all costs shall be sooner paid and satisfied.

XX. Provided that when the Master of an Apprentice shall have been committed to prison in default of payment of a fine imposed under Section XVIII. of this Act, the imprisonment to which he may be subjected under the last Section in default of payment of the sum ordered to be refunded, shall not extend beyond the time which in addition to the term ordered under Section XVIII. shall make up the period of three months.

XXI. And it is hereby enacted, that when a Magistrate shall order the discharge of an Apprentice under Section XIX. of this Act, any sum that may be levied under Section XVIII., together with the whole or a part of any sum that may be levied under Section XIX., shall be applied at the discretion of the Magistrate for the purpose of binding or placing out the discharged Apprentice with a new Master, or otherwise for his use and benefit.

XXII. And it is hereby enacted, that upon complaint made by any Master of an Apprentice bound to him under this Act or by his Agent,

[*Government Gazette, 1st December*, 1846.]

তাঁহাকে তলব করিতে পারেন এবং ঐ সময় ঐ তলবদিহীতে নির্দ্দিষ্ট থাকিবেক এবং তলবদিহী জারী হওনের প্রমাণ হইলে ঐ মনিব বা তাঁহার এজেণ্ট উপস্থিত হউন বা না হউন মাজিষ্ট্রেট সাহেব ঐ নালিশের বিষয় তদারীক করিবেন এবং তাহার প্রমাণ হইলে অপরাধি ব্যক্তি মনিব হউন বা তাঁহার এজেণ্ট হউন তাঁহার ২০০ টাকার অনধিক গুরাজিবী জরীমানা করিবেন। এবং যদি অপরাধী জরীমানার টাকা না দেন তবে তাঁহার জিনিস ও অস্থাবর সম্পত্তি ক্রোক ও বিক্রয় করণের দ্বারা তাহা আদায় করিতে পারেন এবং যদি অপরাধী মনিব না হন কিন্তু তাঁহার এজেণ্ট হন তবে মনিবের জিনিস ও অস্থাবর সম্পত্তি বিক্রয় ও ক্রোক করিতে পারেন। এবং ঐ জরীমানার টাকা উসুল হওনের প্রচুর জিনিস ও অস্থাবর সম্পত্তি যদি না পাওয়া যায় তবে জরীমানার টাকা না দেওয়াপর্য্যন্ত মাজিষ্ট্রেট সাহেব অপরাধিকে জেলখানায় কয়েদ করিতে পারেন। কিন্তু জানা কর্ত্তব্য যে সেই ব্যক্তি দুই মাসের অধিক কাল-পর্য্যন্ত জেলখানায় কয়েদ থাকিবেন না এবং আরো জানা কর্ত্তব্য যে যদ্যপি ঐ দণ্ডের হুকুম একতরফা বিচার-ক্রমে হইয়া থাকে তবে যাবৎ অপরাধিকে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে উপস্থিত না করা যায় এবং সেই স্থানে ঐ জরীমানার টাকা দিতে তাঁহার প্রতি হুকুম হওনের পর তিনি তাহা দিতে ত্রুটি না করেন তাবৎ ঐ অপরাধী জেলখানায় কয়েদ হইবেন না ইতি।

১৯ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে উপরের উক্ত ধারাক্রমে যদি মাজিষ্ট্রেট সাহেব কোন আপ্রেণ্টি-সের মনিব অথবা তাঁহার এজেণ্টের প্রতি দণ্ডের হুকুম করেন তবে ঐ মাজিষ্ট্রেট সাহেব আপনার বিবেচনামতে ঐ আপ্রেণ্টিসকে খালাস করণের হুকুম দিতে পারেন এবং যদি ঐ আপ্রেণ্টিসকে বন্ধকরণের সময়ে কোন পুর-স্কার দেওয়া গিয়া থাকে তবে সেই পুরস্কার অথবা তা-হার কোন অংশ ফিরিয়া দিতে ঐ মনিবের প্রতি হুকুম দিতে পারেন এবং যদি ঐ মনিবের প্রতি এইরূপে যে টাকা ফিরিয়া দিবার হুকুম হয় তাহা যে ব্যক্তি বা ব্য-ক্তিরদের লইতে ঐ হুকুমে নির্দ্দিষ্ট আছে সেই ব্যক্তি বা ব্যক্তিরদিগকে যদি ঐ মনিব না দেন তবে মাজিষ্ট্রেট সা-হেব ঐ মনিবের জিনিস ও অস্থাবর সম্পত্তি ক্রোকের দ্বারা ঐ টাকা এবং ঐ ক্রোকের খরচা ও ব্যয় আদায় করিতে পারেন এবং যাহাতে তাহা উসুল হইতে পারে যদি এমত প্রচুর জিনিস এবং অস্থাবর সম্পত্তি না পাওয়া যায় তবে ঐ মনিবকে দুই মাসের অনধিক কাল মিয়াদে কয়েদ করিতে পারেন কিন্তু যদি মিয়াদ অতীত না হইতে সেই টাকা দেওয়া যায় ও পরিশোধ হয় তবে সেই ব্যক্তি কয়েদহইতে মুক্ত হইবেন ইতি।

২০ ধারা। কিন্তু জানা কর্ত্তব্য যে কোন আপ্রেণ্টিসের মনিব যদি এই আইনের ১৮ ধারানুসারে হওয়া জরীমা-নার টাকা না দেওয়াপ্রযুক্ত জেলখানায় কয়েদ হন তবে ১৯ ধারাক্রমে যে টাকা তাঁহাকে ফিরিয়া দিবার হুকুম হয় তাহা না দেওয়াতে তাঁহার যে কয়েদ হয় তাহা এমত মিয়াদের অধিক হইবেক না যে ১৮ ধারার নির্দ্দিষ্ট কয়েদ সমেত লইয়া তিন মাসের অধিক হয় ইতি।

২১ ধারা। এবং ইহাতে আরো হুকুম হইল যে যখন কোন মাজিষ্ট্রেট সাহেব এই আইনের ১৯ ধারানু-সারে কোন আপ্রেণ্টিসকে বন্দোবস্তহইতে খালাসকরণের হুকুম দেন তখন ১৮ ধারানুসারে যে কোন টাকা আ-দায় হয় তাহা এবং ১৯ ধারানুসারে যে টাকা উসুল হয় তাহার সমুদয় কি তাহার কতক অংশ মাজিষ্ট্রেট সাহে-বের বিবেচনাক্রমে খালাসহওয়া আপ্রেণ্টিসকে নূতন মনিবের নিকটে বদ্ধ করিবার বা নিযুক্ত করিবার জন্যে বা প্রকারান্তরে তাহার প্রয়োজন বা উপকারেতে ব্যয় হই-বেক ইতি।

২২ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে এই আইন-

against such Apprentice, to any Magistrate of any place or District in the said Territories where such Apprentice shall be employed, or in the case of a Sea Apprentice where he shall be in the course of his employment, of any misdemeanor, misconduct or ill behaviour of such Apprentice, or if such Apprentice shall have absconded, upon complaint made thereof by the Master or his Agent, to any Magistrate of the place or District where such Apprentice shall be found, or where he shall have been employed, it shall be lawful for any such Magistrate in the latter case to issue his Warrant for apprehending such Apprentice, and in either case to hear and determine the complaint and to punish the offender by committing him to a house of correction or to prison, there to be held to hard labour for a reasonable time not exceeding three months, or if the offender be a boy of such tender years as to make punishment in the way of School discipline more suitable, by inflicting on him corporal chastisement not exceeding ten stripes with a light rattan, provided that it shall be lawful for the Magistrate instead of committing such offender to a house of correction or to prison to be held to hard labor as aforesaid to pass an order for his being kept in solitary confinement in any suitable place in or out of prison for a period not exceeding three weeks; or if the Magistrate deem any such punishment unfitting, to pass an order to the Master of the Apprentice or his Agent to keep the offender in close confinement in his own house or on board the Vessel to which he may belong, upon a reduced diet for a period not exceeding one month, and at his discretion to direct that at the expiration of the stated period the Apprentice shall be again brought up before him that he may satisfy himself that he has been properly dealt with.

XXIII. And it is hereby enacted, that it shall be lawful for the Magistrate on proof of wilful and continual misconduct on the part of the Apprentice, whereby it shall appear that he is incorrigible, and on the demand of the Master, to adjudge that the contract of Apprenticeship shall be determined. Provided that it shall be at the discretion of the Magistrate on a consideration of the circumstances to order the refund of a part of any premium that may have been paid to the Master on binding such Apprentice, to the person or persons by whom it was paid on behalf of such Apprentice.

XXIV. Provided always, that no Magistrate shall entertain a complaint on the part of a Master against an Apprentice under this Act, unless it be preferred within one month after the cause of complaint shall have arisen, or if the cause of complaint shall have arisen on board a Ship or Vessel on a voyage within one month after the arrival thereof at a port or place in the said Territories. And that no Magistrate shall entertain a complaint on the part of an Apprentice against his Master or the Agent of his Master under this Act, unless it be preferred within three months after the cause

ক্রমে কোন আপ্রেণ্টিস যে মনিবের নিকটে বদ্ধ হয় সেই মনিব অথবা তাঁহার এজেণ্ট উক্ত দেশের মধ্যে যে স্থান বা জিলাতে ঐ আপ্রেণ্টিস কর্ম্ম করিতেছে সেই স্থান বা জিলার মাজিষ্ট্রেট সাহেবের নিকটে কিম্বা সমুদ্রীয় আপ্রেণ্টিস হইলে যে স্থানে সে কার্য্যক্রমে পঁহুছে সেই স্থানের মাজিষ্ট্রেট সাহেবের নিকটে ঐ আপ্রেণ্টিসের কোন অপরাধ বা কুক্রিয়া কি দোষের বিষয়ে নালিশ করেন অথবা যদি আপ্রেণ্টিস পলাইয়া থাকে তবে যে স্থানে বা যে জিলাতে ঐ আপ্রেণ্টিসকে পাওয়া যায় অথবা কর্ম্ম করিতেছিল সেই স্থান বা জিলার মাজিষ্ট্রেট সাহেবের নিকটে নালিশ হইলে মাজিষ্ট্রেট সাহেব শেষোক্ত প্রতিকে ঐ আপ্রেণ্টিসকে গ্রেপ্তার করণার্থ পরওয়ানা বাহির করিতে পারেন এবং উভয় গতিকে ঐ নালিশ শুনিতে ও তাহার নিষ্পত্তি করিতে পারেন এবং অপরাধিকে শাসনাগারে অথবা জেলখানায় তিন মাসের অধিক না হয় এমত ওয়াজিবী সময়ে কঠিন পরিশ্রমবিশিষ্ট কয়েদ করণের হুকুম দিতে পারেন অথবা যদি অপরাধী এমত অপ্রাপ্তবয়স্ক বালক হয় যে পাঠশালার শাসনের ন্যায় তাহার দণ্ড করা উচিত হয় তবে লঘু বেত দিয়া দশ ঘার অধিক না হয় এমত শারীরিক শাস্তি দিতে পারেন। কিন্তু জানা কর্ত্তব্য যে মাজিষ্ট্রেট সাহেব ঐ অপরাধিকে কঠিন পরিশ্রম দিবার জন্যে পূর্ব্বোক্তমতে শাসনাগারে অথবা জেলখানায় কয়েদ না করিয়া জেলখানার মধ্যে কি জেলখানার বাহিরে কোন উপযুক্ত স্থানে তিন মাসের অধিক না হয় এমত মিয়াদপর্য্যন্ত তাহাকে একাকী কয়েদ করিতে হুকুম দিতে পারেন। অথবা যদি মাজিষ্ট্রেট সাহেব এমত দণ্ড উচিত বোধ না করেন তবে ঐ আপ্রেণ্টিসের মনিব অথবা তাঁহার এজেণ্টকে এইমত হুকুম দিতে পারেন যে ঐ অপরাধিকে আপনার নিজ ঘরে অথবা যে জাহাজের কর্ম্মে সেই ব্যক্তি থাকে সেই জাহাজের মধ্যে তাহাকে এক মাসের অনধিক কালপর্য্যন্ত অল্পাহার দিয়া কঠিন কয়েদ করেন এবং ঐ আপ্রেণ্টিসের প্রতি উপযুক্ত ব্যবহার হইয়াছে কি না ইহা মাজিষ্ট্রেট সাহেবের বোধগম্য করণার্থ তিনি হুকুম দিতে পারেন যে ঐ মিয়াদ গত হইলে ঐ আপ্রেণ্টিসকে তাহার সম্মুখে আনা যায় ইতি।

২৩ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে যদি এমত প্রমাণ হয় যে সেই আপ্রেণ্টিসের এমত শ্রমশ্বা এবং অনবরত কুক্রিয়া হইতেছে যে তাহার সুস্থ হওনের ভরসা নাই তবে মাজিষ্ট্রেট সাহেব মনিবের দাওয়াক্রমে ঐ আপ্রেণ্টিসসম্পর্কীয় বন্দোবস্ত নিষ্পন্ন হইয়াছে এমত হুকুম দিতে পারেন। কিন্তু জানা কর্ত্তব্য যে ঐ আপ্রেণ্টিসকে বদ্ধ করণের সময়ে মনিবকে যে পুরস্কার দেওয়া গিয়াছিল তাহার কোন অংশ যে ব্যক্তির বা ব্যক্তিদের দ্বারা ঐ আপ্রেণ্টিসের পক্ষে দেওয়া গিয়াছিল তাহাকে বা তাহারদিগকে তাহা ফিরিয়া দিতে মাজিষ্ট্রেট সাহেব সকল বিষয় বুঝিয়া আপনার বিবেচনাক্রমে হুকুম করিতে পারেন ইতি।

২৪ ধারা। কিন্তু জানা কর্ত্তব্য যে নালিশের কারণ হওনের পর এক মাসের মধ্যে যদি এই আইনক্রমে মনিব আপনার আপ্রেণ্টিসের নামে নালিশ না করেন তবে মাজিষ্ট্রেট সাহেব তাহা গ্রাহ্য করিবেন না। অথবা যদি নালিশের কারণ কোন জাহাজে যাত্রার সময়ে হইয়া থাকে তবে সেই জাহাজ উক্ত দেশের কোন বন্দরে বা স্থানে পঁহুছনের পর এক মাসের মধ্যে নালিশ না হইলে তাহা গ্রাহ্য হইবেক না। এবং আপনার মনিবের বিরুদ্ধে বা মনিবের এজেণ্টের বিরুদ্ধে যদি এই আইনক্রমে আপ্রেণ্টিসের নালিশের কারণ থাকে তবে তাহা হওনের

of complaint shall have arisen, or if the cause of complaint shall have arisen on board a Ship or Vessel on a voyage within three months after the arrival thereof at a port or place in the said Territories.

XXV. And it is hereby enacted, that if the Master of any Apprentice shall die before the expiration of the term for which such Apprentice shall have been bound, the contract of Apprenticeship shall be considered as determined; provided that if any premium shall have been paid to such Master on the binding of the Apprentice to him, a proportionate part thereof shall be returned by the Executors or Administrators out of the Estate of the deceased to the person or persons who shall have paid the same, to be employed by such person or persons towards the binding out such Apprentice to a new Master, unless the Executor or Administrator of the deceased Master or some Member of his family living with him at the time of his death shall continue the business in which such Apprentice shall have been employed, and shall within three months from the decease of the late Master make offer in writing to retain the Apprentice on the terms of the original contract; in which case the Estate of the deceased shall be discharged from all liability on account of such premium.

XXVI. And it is hereby enacted, that if such offer to retain the Apprentice shall be made as aforesaid and shall be consented to by such Apprentice, and the person or persons by whom he shall have been bound; the same shall be fully expressed and certified on each copy of the original contract of Apprenticeship with the signature of the parties respectively; and such certificate shall be registered in the office of the Chief Magistrate of the place or District where such Apprentice shall have been employed, or in the case of a Sea Apprentice in the office in which the original contract shall have been registered, and the Apprentice shall be considered as bound to the person or persons so retaining him for the remaining part of the term specified in the said contract.

XXVII. Provided always, that if the Master of any Apprentice bound under this Act shall die during the term of Apprenticeship, such Apprentice shall be entitled to maintenance for three months from and after the decease of his Master, out of the assets left by him; provided that during such three months such Apprentice shall continue to live with and serve as an Apprentice the Executor or Administrator of such Master, or such person as he shall appoint.

XXVIII. And it is hereby enacted, that when a Commission of Bankruptcy shall be issued against any person to whom an Apprentice shall have been bound under this Act, or when such person shall be adjudged to have committed an Act of Insolvency, such Apprentice shall be discharged from all obligation under the contract of Apprenticeship, provided that if any premium shall have been paid on binding him as an Apprentice the person or

পর যদি তিন মাসের মধ্যে তাহা উপস্থিত না করা যায় তবে ঐ হইতে না অথবা যদি নালিশের কারণ কোন জাহাজের উপর যাত্রার সময়ে হইয়া থাকে তবে সেই জাহাজ উক্ত রাজ্যের মধ্যে কোন বন্দরে বা গ্রামে পঁহুছনের পর তিন মাসের মধ্যে যদি উপস্থিত না হয় তবে তাহা গ্রাহ্য হইবেক না ইতি।

২৫ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে যে স্থলদের নিমিত্তে আপ্রেণ্টিস বন্ধ হয় সেই মিয়াদ অতীতহওনের পূর্ব্বে যদি ঐ আপ্রেণ্টিসের মনিব মরেন তবে তাহার আপ্রেণ্টিসী বন্দোবস্ত নিষ্ফল হইয়াছে জানা হইবেক কিন্তু জানা কর্ত্তব্য যে ঐ মনিবের নিকটে আপ্রেণ্টিস বন্ধ হওনের সময়ে যদি ঐ মনিবকে কোন পুরস্কার দেওয়া গিয়াছিল তবে মৃত ব্যক্তির ইষ্টেটের অছি অথবা আডমিনিষ্ট্রেটর সেই পুরস্কারের উপযুক্ত অংশ যে ব্যক্তি বা ব্যক্তিরা তাহা দিয়াছিলেন তাঁহাকে বা তাঁহারদিগকে তাহা ফিরিয়া দিবেন এবং তাঁহারা সেই টাকা লইয়া ঐ আপ্রেণ্টিসকে কোন নূতন মনিবের নিকটে বন্ধ করিবার নিমিত্তে তাহা ব্যয় করিবেন। কিন্তু যদি ঐ মৃত মনিবের অছি কি আডমিনিষ্ট্রেটর অথবা তাঁহার মরণের সময়ে তাঁহার সঙ্গে সহবাসকারী তাঁহার পরিবারের কোন এক জন যে ব্যবসাতে ঐ আপ্রেণ্টিস নিযুক্ত ছিল তাহা চালাইতে থাকেন এবং মৃত মনিবের মরণের পর তিন মাসের মধ্যে আসল বন্দোবস্তের নিয়মানুসারে আপ্রেণ্টিসকে রাখিতে লিখনের দ্বারা প্রস্তাব করেন তবে মৃত ব্যক্তির ইষ্টেট ঐ পুরস্কারের বাবৎ সকল দায়হইতে মুক্ত হইবেক ইতি।

২৬ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে পূর্ব্বোক্ত মতে ঐ আপ্রেণ্টিসকে রাখিতে যদি প্রস্তাব হয় এবং যদি ঐ আপ্রেণ্টিস আপনি এবং যে ব্যক্তি বা ব্যক্তিরা তাহাকে বন্ধ করিয়াছিলেন তাঁহারা তাহাতে সম্মত হন তবে তাহা আপ্রেণ্টিসী আসল বন্দোবস্তের প্রত্যেক নকলে অতিস্পষ্টরূপে নির্দ্দিষ্ট করিতে হইবেক ও লেখা যাইবেক এবং তাহাতে ঐ সকল ব্যক্তি সহী করিবেন এবং ঐ সর্টিফিকেট যেখানে বা যিলাতে ঐ আপ্রেণ্টিস নিযুক্ত ছিল সেই স্থান বা জিলার প্রধান মাজিষ্ট্রেট সাহেবের দপ্তরে অথবা সমুদ্রীয় আপ্রেণ্টিস হইলে যে দপ্তরে আসল বন্দোবস্ত রেজিষ্টরী হইয়াছিল সেই দপ্তরে রেজিষ্টরী হইবেক এবং উক্ত বন্দোবস্তে নির্দ্ধারিত মিয়াদের অবশিষ্ট কালপর্য্যন্ত ঐ আপ্রেণ্টিস তাহাকে এইরূপে রাখিয়া ব্যক্তি বা ব্যক্তিরদের নিকটে বন্ধ আছে এমত জান হইবেক ইতি।

২৭ ধারা। কিন্তু নিয়ত জানা কর্ত্তব্য যে এই আইনানুসারে বন্ধ কোন আপ্রেণ্টিসের মনিব যদি আপ্রেণ্টিসী মিয়াদের মধ্যে মরেন তবে ঐ মনিব যে স্থিত রাখিয়া যান তাহাহইতে ঐ মনিবের মরণঅবধি তিন মাসপর্য্যন্ত অন্নাচ্ছাদন পাইবার আপ্রেণ্টিসের হক থাকিবেক। কিন্তু জানা কর্ত্তব্য যে ঐ তিন মাস ব্যাপিয়া ঐ আপ্রেণ্টিস ঐ মনিবের অছি অথবা আডমিনিষ্ট্রেটরের সঙ্গে কি যে ব্যক্তিকে তিনি নিযুক্ত করেন তাহার সঙ্গে বাস করিতে এবং তাহার কর্ম্ম করিতে থাকিবেক ইতি।

২৮ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে যে ব্যক্তির নিকটে এই আইনানুসারে কোন আপ্রেণ্টিস বন্ধ হয় সেই ব্যক্তির বিরুদ্ধে দেউলিয়ার কমিশন বাহির হইলে অথবা সেই ব্যক্তির যোগ্যহীনতা নির্দ্ধার্য্য হইলে ঐ আপ্রেণ্টিস আপন বন্দোবস্তের সমস্ত দায়হইতে মুক্ত হইবেক। কিন্তু জানা কর্ত্তব্য যে যদি তাহাকে আপ্রেণ্টিসরূপে বন্ধ করণের সময়ে কোন পুরস্কার দেওয়া গিয়া থাকে তবে যে ব্যক্তি বা ব্যক্তিরা তাহাকে বন্ধ

persons by whom he shall have been bound shall be entitled to claim a proportionate part thereof as a debt against the Estate of the Bankrupt or Insolvent.

XXIX. And it is hereby enacted, that when application shall be made to a Magistrate or other Registering Officer for the registration of an original contract of Apprenticeship under Section X. of this Act or of a certificate of the consent of parties to the removal of an Apprentice from the place at which he was originally bound to serve, or to any other alteration of the contract under Section XIV., or of a certificate of the transfer of a Sea Apprentice from one Vessel to another under Section XV., or of a certificate of the consent of parties to the determination of a contract of Apprenticeship under Section XVI., or to the assignment of an Apprentice under Section XVII., or to the retaining of an Apprentice after the death of the Master to whom he was bound, by the Executor or Administrator or a Member of the family of the deceased under Section XXV. without which registration such Acts respectively shall not be valid, it shall be at the discretion of the Magistrate or Officer to call for the attendance of the parties before him to attest the contract or certificate, provided that on every such occasion the Magistrate or Officer shall require the Apprentice to be brought before him whether the other parties shall be required to attend in person or not, and provided that whenever any such registration shall be made, a certificate of the registration shall be made on each copy of the contract, and signed by the Magistrate or other Registering Officer.

XXX. And it is hereby enacted, that for the purposes of this Act all British subjects, as well as other persons in the Territories under the Government of the East India Company without the local limits of the jurisdictions of Her Majesty's Supreme Courts, shall be amenable to the jurisdiction of the Magistrates of the East India Company.

XXXI. And it is hereby enacted, that from any sentence or order passed by any Magistrate without the local limits aforesaid, an appeal shall lie to the Court of Session to which such Magistrate shall be subordinate, provided the appeal be made within one month from the date of the sentence or order.

XXXII. And it is hereby enacted, that the words "Master," "person" and "he" in this Act shall be understood to include several persons as well as one person, and females as well as males, and bodies corporate as well as individuals, unless there be something in the context repugnant to such construction.

Ordered, that the Draft now read be published for general information.

Ordered, that the said Draft be re-considered at the first meeting of the Legislative Council of India, after the 24th day of January next.

G. A. Bushby,
Secy. to the Govt. of India.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৬। ১ ডিসেম্বর।]

করিয়াছিলেন তাঁহারা ঐ টাকার উপযুক্ত অংশ দেউলিয়া অথবা যোজিহীনের ইষ্টেটের দেনা টাকার ন্যায় দাওয়া করিতে পারেন ইতি।

২৯ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে যখন এই আইনের ১০ ধারানুসারে আপ্রেণ্টিসী আসল বন্দোবস্ত অথবা যে স্থানে কর্ম্ম করিতে সে প্রথমতঃ বদ্ধ ছিল তথাহইতে আপ্রেণ্টিসের স্থানান্তর করণের বিষয়ে অথবা ১৪ ধারানুসারে বন্দোবস্তের অন্য কোন ফেরফার করণের বিষয়ে নানা ব্যক্তির সম্মতির সর্টিফিকট কি ১৫ ধারানুসারে সমুদ্রীয় আপ্রেণ্টিসকে এক জাহাজহইতে লইয়া অন্য জাহাজে নিযুক্ত করণের সর্টিফিকট অথবা ১৬ ধারানুসারে আপ্রেণ্টিসের বন্দোবস্ত নিষ্ফল হওনের বিষয়ে তৎসম্পর্কীয় ব্যক্তিদের অনুমতির সর্টিফিকট কি ১৭ ধারানুসারে আপ্রেণ্টিসকে অন্যের নিকটে অর্পণ করণের সর্টিফিকট অথবা ২৫ ধারানুসারে যে মনিবের নিকটে আপ্রেণ্টিস বদ্ধ ছিল তাঁহার মরণোত্তর তাঁহার অছি কি আডমিনিষ্ট্রেটর কিম্বা মৃত ব্যক্তির পরিবারের কাহার ঐ আপ্রেণ্টিসকে রাখণের সর্টিফিকট অর্থাৎ এই যে সকল সর্টিফিকট রেজিষ্টরী না হইলে সিদ্ধ হইতে পারে না তাহা যখন রেজিষ্টরী করণার্থ দরখাস্ত কোন মাজিষ্ট্রেট কি রেজিষ্টরীকরণিয়া অন্য কার্য্যকারকের নিকটে দাখিল হয় তখন ঐ মাজিষ্ট্রেট সাহেব অথবা রেজিষ্টরীকরণিয়া অন্য কর্ম্মকারক আপনার বিবেচনাক্রমে বন্দোবস্তপত্র অথবা সর্টিফিকটে সহীকরণার্থ আপনার নিকটে হাজির হইতে ঐ সকল লোককে হুকুম দিতে পারেন। কিন্তু জানা কর্ত্তব্য যে এইমত প্রত্যেক গতিকে ঐ অন্য ব্যক্তিদিগকে স্বয়ং হাজির হওনের হুকুম হইলে বা না হইলে মাজিষ্ট্রেট সাহেব বা রেজিষ্টরীকরণিয়া অন্য কর্ম্মকারক আপ্রেণ্টিসকে অবশ্য আপনার সম্মুখে আনিবার হুকুম দিবেন এবং জানা কর্ত্তব্য যে যখন এইরূপে কোন রেজিষ্টরী হয় তখন ঐ রেজিষ্টরীহওনের সর্টিফিকট বন্দোবস্তপত্রের প্রত্যেক নকলে করা যাইবেক এবং মাজিষ্ট্রেট সাহেব অথবা রেজিষ্টরীকরণিয়া অন্য কর্ম্মকারক তাহাতে দস্তখৎ করিবেন ইতি।

৩০ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে এই আইনের অভিপ্রায়ের নিমিত্তে সমস্ত ব্রিটনীয় প্রজা এবং শ্রীযুতা মহারাণীর সুপ্রিম কোর্টের এলাকার বিশেষ সীমাসরহদ্দের বাহিরে কোম্পানি বাহাদুরের শাসিত দেশবাসি অন্য ব্যক্তি কোম্পানি বাহাদুরের মাজিষ্ট্রেটের এলাকার অধীন হইবেন ইতি।

৩১ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে পূর্ব্বোক্ত বিশেষ সীমার বাহিরে কোন মাজিষ্ট্রেট সাহেব যে দণ্ডাজ্ঞা বা হুকুম করেন তাহার উপর আপীল যে সেশন আদালতের তাবে ঐ মাজিষ্ট্রেট সাহেব থাকেন সেই আদালতে হইবেক কিন্তু জানা কর্ত্তব্য যে ঐ আপীল দণ্ডাজ্ঞা বা হুকুম হওনের তারিখের পর এক মাসের মধ্যে করিতে হইবেক ইতি।

৩২ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে এই আইনের মধ্যে "মুনিব" এবং "ব্যক্তি" এবং "তিনি" এই কথা যেমন এক ব্যক্তিকে বুঝায় তেমন নানা ব্যক্তিকেও বুঝায় এবং যেমন স্ত্রী তেমন পুরুষকেও বুঝায় এবং যেমন চার্টরপ্রাপ্ত সমাজ তেমনি বিশেষ২ ব্যক্তিকে বুঝায় কিন্তু যদি পূর্ব্বাপর দেখিয়া এইরূপ অর্থ করণ অসঙ্গত বোধ হয় তবে বুঝাইবেক না ইতি।

হুকুম হইল যে এক্ষণে পাঠকরা মুসাবিদা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

হুকুম হইল যে আগামি ২৪ জানুআরি তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের যে প্রথম বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনরায় বিবেচনা করা যায়।

জি এ বুশবি।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।
JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENTS.

The 20th November, 1846.

Baboo Goopeekishen Banerjee, (who has obtained a diploma), to be Acting Moonsiff of Ranaghat, Zillah Nuddea.

The 21st November, 1846.

Moulvy Mahomed Aulum, Moonsiff of Nyaserai, Zillah Hooghly, to be Moonsiff of Oolooberria, in the same Zillah.

Baboo Doorgapershad Ghose, Moonsiff of Ooloo-berria, to be Moonsiff of Nyaserai.

LEAVES OF ABSENCE.

The 20th November, 1846.

Syud Buddereeddoja, Moonsiff of Ranaghat, Zillah Nuddea, for four months and sixteen days, from the 23d ultimo.

The 27th November, 1846.

Moulovie Mazum Hossein, Moonsiff of Madhubgunge, Zillah West Burdwan, for the 2d Proximo.

Baboo Radhamohun Chowdry, Moonsiff of Rajarampore, Dinagepore, for 15 days, from the 1st instant.

B. J. Colvin, *Offg. Register.*

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৪৬ সাল ২০ নবেম্বর।

যোগ্যতার পত্রপ্রাপ্ত শ্রীযুত বাবু গোপীকৃষ্ণ বাঁড়ুয্যা জিলা নদীয়ার রাণাঘাটের একটিং মুনসেফ হইবেন।

১৮৪৬ সাল ২১ নবেম্বর।

জিলা হুগলীর নওয়াসরাইয়ের মুনসেফ শ্রীযুত মৌলবী মহম্মদ আলম ঐ জিলার উলুবেড়িয়ার মুনসেফ হইবেন।

উলুবেড়িয়ার মুনসেফ শ্রীযুত বাবু দুর্গাপ্রসাদ ঘোষ নওয়াসরাইয়ের মুনসেফ হইবেন।

ছুটী।

১৮৪৬ সাল ২১ নবেম্বর।

জিলা নদীয়ার রাণাঘাটের মুনসেফ শ্রীযুত সৈয়দ বদরীদ্দজা গত মাসের ২৩ তারিখঅবধি চারি মাস ও ষোল দিনের ছুটী পাইয়াছেন।

১৮৪৬ সাল ২৭ নবেম্বর।

পশ্চিম বর্দ্ধমানের মাধবগঞ্জের মুনসেফ শ্রীযুত মৌলবী মাজুম হুসেন আগামি মাসের ২ তারিখে ছুটী পাইয়াছেন।

দিনাজপুরের রাজারামপুরের মুনসেফ শ্রীযুত বাবু রাধামোহন চৌধুরী বর্ত্তমান মাসের ১ তারিখঅবধি পনের দিনের ছুটী পাইয়াছেন।

রি জে কলবিন। একটিং রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

২১৭৫ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৬ সাল ১৮ নবেম্বর।

চাটিগাঁর অতিরিক্ত কালেক্টর শ্রীযুত সি এচ লশিংটন সাহেব (Mr. C. H. Lushington,) শ্রীযুত রিকেট্স সাহেবের (Mr. Ricketts,) অনুপস্থানপর্য্যন্ত আপনার কর্ম্ম চালাইয়াও ১৬ সংখ্যক অর্থাৎ চাটিগাঁ এলাকার রাজস্বের কমিস্যনরী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত জে আর বি রস সাহেব (Mr. J. R. B. Ross,) ১৮৩৩ সালের ৯ আইনানুসারে চব্বিশপরগনার ডেপুটী কালেক্টরী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ছুটী।

১৮৪৬ সাল ১৮ নবেম্বর।

১৬ সংখ্যক অর্থাৎ চাটিগাঁ এলাকার রাজস্বের কমিস্যনর শ্রীযুত এচ রিকেট্স সাহেব (Mr. H. Ricketts,) চিকিৎসকের সার্টিফিকটক্রমে দুই মাসের ছুটী পাইয়াছেন।

বাকরগঞ্জের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত এ মনি সাহেব (Mr. A. Money,) গত সেপ্টেম্বর মাসের ২৪ তারিখঅবধি চিকিৎসকের সার্টিফিকটক্রমে ছয় সপ্তাহের ছুটী পাইয়াছেন।

চাটিগাঁর মাজিষ্ট্রেট শ্রীযুত জে এ ও ফারকুরসন সাহেব (Mr. J. A. O. Farquharson,) ১৮৪৫ সালের ৭ নবেম্বর তারিখে যে ছুটী পান তদতিরিক্ত আপনার কর্ম্ম স্থানে পহুছিবার জন্যে এক মাসের ছুটী পাইয়াছেন।

বীরভূমের মাজিষ্ট্রেট শ্রীযুত টি সি লক সাহেব (Mr. T. C. Loch,) আপন কর্ম্মের ভার ঐ জিলার একটিং কালেক্টর সাহেবের প্রতি অর্পণ করিয়া স্বীয় কর্ম্মোপলক্ষে এক মাসের ছুটী পাইয়াছেন।

কলিকাতার ডেপুটী কালেক্টর শ্রীযুত ডি ডবলিউ ফ্রেজর সাহেব (Mr. D. W. Fraser,) গত মাসের ২৪ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত চিকিৎসকের সার্টিফিকটক্রমে দুই মাসের ছুটী পাইয়াছেন।

১৮৩৩ সালের ৯ আইনানুসারে নিযুক্ত চব্বিশপরগনার ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু গোবিন্দপ্রসাদ পণ্ডিত গত সেপ্টেম্বর মাসের ২৩ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত চিকিৎসকের সার্টিফিকটক্রমে দুই মাসের ছুটী পাইয়াছেন।

১৮৩৩ সালের ৯ আইনানুসারে নিযুক্ত বাঁকুড়ার ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু তারকনাথ ঘোষ গত আগষ্ট মাসের ২৪ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত আপনার কর্ম্ম স্থানে পহুছিবার জন্যে দুই দিনের ছুটী পাইয়াছেন।

১৮৪৬ সাল ১৯ নবেম্বর।

নদীয়ার মাজিষ্ট্রেট শ্রীযুত ই টি ট্রেবর সাহেব (Mr. E. T. Trevor,) আপন কর্ম্মের ভার আপনার আসিষ্টাণ্ট শ্রীযুত এফ সি ফৌল সাহেবের (Mr. F. C. Fowle,) প্রতি অর্পণ করিয়া স্বীয় কর্ম্মোপলক্ষে এক মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৪৬ সাল ২১ নবেম্বর।

কটকের সিবিল ও সেশন জজ শ্রীযুত এচ ব্রৌনলো সাহেব (Mr. H. Brownlow,) মায়েরসায়েরী কর্ম্মে গমনার্থ বর্ত্তমান মাসের ১৩ তারিখে আপনার সিরিশ্তার চলিত কর্ম্মের ভার ঐ জিলার প্রধান সদর আমীনের প্রতি অর্পণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে। এফ জে হালিডে।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

২২১০ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৬ সাল ৭ নবেম্বর।

শ্রীযুত জেমস আণ্ডর্সন সাহেব (Mr. James Ander-

[*Government Gazette*, 1st *December*, 1846.

son,) বালেশ্বরের সিবিল আসিস্টাণ্ট চিকিৎসক হইবেন এবং ঐ স্থানের নিমকের এজেণ্টের আসিস্টাণ্ট হইবেন।

১৮৪৬ সাল ২৫ নবেম্বর।

পিনাঙ্গের প্রধান আসিস্টণ্ট রেসিডেণ্ট শ্রীযুত টি ডবলিউ লুইস সাহেব (Mr. T. W. Lewis,) শ্রীযুত সামণ্ড সাহেবের (Mr. Salmond,) গমনের তারিখঅবধি মলাকার রেসিডেণ্ট কৌন্সেলর হইবেন।

১৮৩৩ সালের ৯ আইনানুসারে নিযুক্ত ডেপুটী কালেক্টর শ্রীযুত জে পিরন সাহেব (Mr. J. Piron,) প্রথম শ্রেণীভুক্ত হইয়া ১৬ সংখ্যক অর্থাৎ চাটিগাঁ এলাকায় নিযুক্ত হইয়াছেন।

ছুটী

১৮৪৬ সাল ২১ নবেম্বর।

বেহারের একটিং অতিরিক্ত জজ শ্রীযুত জে ডবলিউ টেম্পলর সাহেব (Mr. J. W. Templer,) আপনার সিরিশতার কর্ম্মের ভার ঐ জিলার জজ সাহেবের প্রতি অর্পণ করিয়া স্বীয় কর্ম্মোপলক্ষে এক মাসের ছুটী পাইয়াছেন।

সিংহভূমে দক্ষিণ পশ্চিম অঞ্চলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের প্রথম শ্রেণীর আসিস্টাণ্ট শ্রীযুত লেপ্টেনেণ্ট ডবলিউ এচ ওক্স সাহেব (Lieutenant W. H. Oakes,) স্বীয় কর্ম্মোপলক্ষে এক মাসের ছুটী পাইয়াছেন।

মেদিনীপুরের ডেপুটী মাজিস্ট্রেট শ্রীযুত জি সি চাপমান সাহেব (Mr. G. C. Chapman,) স্বীয় কর্ম্মোপলক্ষে পনের দিনের ছুটী পাইয়াছেন।

বাকরগঞ্জের প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী মহম্মদ কলিম গত আগষ্ট মাসের ২৬ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত ছয় দিনের ছুটী পাইয়াছেন।

মুরশিদাবাদের প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী সৈয়দ আবদুল ওয়াহীদ খাঁ বর্ত্তমান মাসের ৭ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত তিন সপ্তাহের ছুটী পাইয়াছেন।

১৮৪৬ সাল ২৫ নবেম্বর।

মলাকার রেসিডেণ্ট কৌন্সেলর শ্রীযুত জে ডবলিউ সামণ্ড সাহেব (Mr. J. W. Salmond,) চিকিৎসকের সর্টিফিকটক্রমে ছয় মাসের ছুটী পাইয়াছেন।

মান্দ্রাজের শ্রীযুত লার্ড বিশপ সাহেব হাবড়ার ধর্ম্মোপদেশক শ্রীযুত পাদরি স্কট সাহেবকে (Reverend J. Scott,) বিধির ২৫ ধারানুসারে যে ছুটী দেন তাহা মঞ্জুর হইল।

রঙ্গপুরের প্রধান সদর আমীন শ্রীযুত পণ্ডিত উপেন্দ্রচন্দ্র ন্যায়রত্ন দশহরার বন্দের অতিরিক্ত এক মাস তের দিনের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৪৬ সাল ২৫ নবেম্বর।

বেহারের একটিং কালেক্টর শ্রীযুত ডবলিউ বেল সাহেব (Mr. W. Bell,) বর্ত্তমান মাসের ৭ তারিখে আপনার কর্ম্মের ভার ডেপুটী কালেক্টর শ্রীযুত সৈয়দ আজীমউদ্দীন হুসেন খাঁর প্রতি অর্পণ করেন।

পূরণিয়ার সিবিল ও সেশন জজ শ্রীযুত ডি প্রিঙ্গল সাহেব (Mr. D. Pringle,) বর্ত্তমান মাসের ১৬ তারিখে আপন সিরিশতার চলিত কার্ম্মের ভার ঐ জিলার প্রধান সদর আমীনের প্রতি অর্পণ করেন।

ত্রিপুরার মাজিস্ট্রেট শ্রীযুত এচ ডি এচ ফর্গসন সাহেব (Mr. H. D. H. Fergusson,) বর্ত্তমান মাসের ১৬ তারিখে আপনার সিরিশতার কর্ম্মের ভার ঐ জিলার কালেক্টর শ্রীযুত এচ সি মেটকাফ সাহেবের (Mr. H. C. Metcalfe,) প্রতি অর্পণ করেন।

নদীয়ার মাজিস্ট্রেট শ্রীযুত ই টি ট্রবর সাহেব (Mr. E. T. Trevor,) বর্ত্তমান মাসের ২১ তারিখে আপন সিরিশতার কর্ম্মের ভার শ্রীযুত এফ সি ফৌল সাহেবের (Mr. F. C. Fowle,) প্রতি অর্পণ করেন।

পূরণিয়ার মাজিস্ট্রেট শ্রীযুত জি মার্টিন সাহেব (Mr. G. Martin,) বর্ত্তমান মাসের ১৬ তারিখে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে। এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

২২৩০ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৬ সাল ৭ নবেম্বর।

গত মাসের ৫ তারিখে শ্রীযুত আর ফিনি সাহেবের (Mr. R. Finney,) বলুয়ার ডেপুটী কালেক্টরী কর্ম্মে যে নিয়োগ হয় তাহা রহিত হইল।

১৮৪৬ সাল ২৩ নবেম্বর।

ত্রিপুরার মাজিস্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিস্টাণ্ট শ্রীযুত সি এফ কার্ণাক সাহেব (Mr. C. F. Carnac,) ১৮২১ সালের ৪ আইনের নির্দ্দিষ্ট বিশেষ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

১৮৪৬ সাল ২৫ নবেম্বর।

শ্রীযুত এ হামণ্ড সাহেব (Mr. A. Hammond,) ও শ্রীযুত বাবু রসিককৃষ্ণ মল্লিক বর্দ্ধমানে বিদ্যাধ্যাপনের কমিটির মেম্বর হইবেন।

১৮৪৬ সাল ২৭ নবেম্বর।

শ্রীযুত মৌলবী মোআজ্জিম হুসেন দিনাজপুরের প্রধান সদর আমীন হইবেন।

ছুটী।

১৮৪৬ সাল ২৫ নবেম্বর।

ময়মুনসিংহের একটিং সিবিল ও সেশন জজ শ্রীযুত আর ই কনলিফ সাহেব (Mr. R. E. Cunliffe,) আপন সিরিশতার চলিত কর্ম্মের ভার ঐ জিলার প্রধান সদর আমীনের প্রতি অর্পণ করিয়া বিধির ১১ ধারানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন।

হুগলীর মাজিস্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিস্টাণ্ট শ্রীযুত এফ এ ই ডালরিম্পল সাহেব (Mr. F. A. E. Dalrymple,) স্বীয় কর্ম্মোপলক্ষে এক সপ্তাহের ছুটী পাইয়াছেন।

১৮৪৬ সাল ২৫ নবেম্বর।

বেহারের মাজিস্ট্রেট শ্রীযুত ই এফ লাটুর সাহেব (Mr. E. F. Lautour,) আপনার কর্ম্মের ভার ডেপুটী মাজিস্ট্রেট শ্রীযুত উইলসন সাহেবের (Mr. Wilson,) প্রতি অর্পণ করিয়া চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই মাসের ছুটী পাইয়াছেন।

খাসিয়া পর্ব্বতে পোলিটিকাল এজেণ্ট সাহেবের আসিস্টাণ্ট শ্রীযুত এচ ইঙ্গলিস সাহেব (Mr. H. Inglis,) গত সেপ্টেম্বর মাসের ২৬ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত স্বীয় কর্ম্মোপলক্ষে দুই মাসের ছুটী পাইয়াছেন।

হুগলীর আদালতের ফতওয়াদায়ক শ্রীযুত মৌলবী সৈয়দ আহমদ বকশ চিকিৎসকের সর্টিফিকটক্রমে ছয় সপ্তাহের ছুটী পাইয়াছেন।

ময়মুনসিংহের প্রধান সদর আমীন শ্রীযুত সি মাকি সাহেবকে (Mr. C. Mackay,) গত মাসের ১২ তারিখে যে ছুটী দেওয়া যায় তাহার অবশিষ্ট কাল বর্ত্তমান মাসের ১৪ তারিখঅবধি রহিত হইল। ঐ তারিখে তিনি আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করিলেন।

১৮৩৩ সালের ৯ আইনানুসারে নিযুক্ত নদীয়ার ডেপুটী কালেক্টর শ্রীযুত জে এম সথরলাণ্ড সাহেবকে (Mr. J. M. Sutherland,) গত সেপ্টেম্বর মাসের ১৬ তারিখে যে ছুটী দেওয়া যায় তাহার অবশিষ্ট কাল গত মাসের ২৩ তারিখঅবধি রহিত হইল। ঐ তারিখে তিনি আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করিলেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে। এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

said Dinnonauth Seal, Dawarkanauth Seal, Cossinauth Seal, and Modoosoodun Day, had committed an Act of Insolvency, and that by another order of the said Court, made on the same day, Robert O'Dowda, Esquire, was appointed Assignee of the Estate of the said Insolvents. Dated this 25th day of November, one thousand eight hundred and forty-six.

PAUL and SMELT, *Attornies for the Petitioners and Robert O'Dowda, Esq.*

দীননাথ শীল কোম্পানির নামে কলিকাতা নগরে সওদাগর ও বণিকের কর্ম্মকারি পূর্ব্বে নূতন চীনাবাজার-নিবাসি এক্ষণে বাঙ্গলা দেশের হুগলীনিবাসি দীননাথ শীল ও দ্বারকানাথ শীল ও কাশীনাথ শীল ও মধুসূদন দের বিষয়ে

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে বর্ত্তমান নবেম্বর মাসের ১৮ তারিখে নির্দ্ধারণ হইল যে উক্ত দীননাথ শীল ও দ্বারকানাথ শীল ও কাশীনাথ শীল ও মধুসূদন দের মহাজন রামচাঁদ বড়াল যে দরখাস্ত দাখিল করেন্ তাহা সত্য বটে এবং উক্ত দীননাথ শীল ও দ্বারকানাথ শীল ও কাশীনাথ শীল ও মধুসূদন দে যোত্রহীন হউন এবং ঐ তারিখে উক্ত আদালতে হুকুম হইল যে শ্রীযুত রাবর্ট ওডৌডা সাহেব উক্ত যোত্রহীনেরদের ইস্টেটের আসৈনি পদে নিযুক্ত হন্।

১৮৪৬। ২৫ নবেম্বর। পাউল ও স্মেল্ট। দরখাস্তকারির ও শ্রীযুত রাবর্ট ওডৌডা সাহেবের উকীল।

By an order of the said Court, made on the fourth day of November instant, in the matter of MEERZA ALLY, lately carrying on business in the Town of Calcutta, as a Merchant, and now residing at Bhowaneypore, in the twenty-four Pergunnahs, in the Province of Bengal, and against which said Meerza Ally, an adjudication of Insolvency on the Petition of Isac Aaron, was made and pronounced on the first day of September last; Notice is hereby given, that the said Court hath appointed Saturday the second day of January next, for hearing in the said matter.

The names of the creditors of the said MEERZA ALLY, and the amount of their respective claims appear in a Schedule filed with the Chief Clerk of the said Court, to which any creditor may refer.

Calcutta, 26th November, 1846. PEARD, *Attorney for the above named Insolvent.*

পূর্ব্বে বাঙ্গলা দেশের কলিকাতা নগরে সওদাগরী কর্ম্মকারি এক্ষণে জিলা চব্বিশপরগনার ভবানীপুরনিবাসি মিরজা আলী যোত্রহীন বটেন এমত নির্দ্ধারণ তাঁহার মহাজন আইজাক আরুণের দরখাস্তমতে গত সেপ্টেম্বর মাসের ১ তারিখে হইয়াছিল অতএব ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে বর্ত্তমান নবেম্বর মাসের ৪ তারিখে উক্ত আদালতে হুকুম হইল যে তাঁহার দরখাস্তের মর্ম্ম আগামি জানুআরি মাসের ২ তারিখ শনিবারে উক্ত আদালতে শুনা যায়।

উক্ত মিরজা আলীর মহাজনেরদের নাম ও তাঁহারদের সকল দাওয়া তফসীলে লিখিত হইয়া উক্ত আদালতের প্রধান ক্লার্ক সাহেবের নিকটে দাখিল হইয়াছে মহাজনেরা তাহা দেখিতে পারেন।

কলিকাতা। ১৮৪৬। ২৬ নবেম্বর। পিয়র্ড। যোত্রহীনের উকীল।

In the matter of SADDOOCHURN DUTT, and DENONAUTH DUTT, Insolvents.

NOTICE is hereby given, that by an order made in this matter on and bearing date the twenty-fifth day of November instant, it is ordered that unless cause be shewn to the contrary on Saturday the fifth day of December next, the Petition of the said Insolvents, filed in this matter, seeking for relief under the Provisions of the Act of the ninth year of his late Majesty George the Fourth, entitled an Act to provide for the Relief of Insolvent Debtors, in the East Indies, &c., be dismissed, and that Patrick O'Hanlon, Esquire, the Common Assignee of this Court, do reassign and deliver over to the said Insolvents the whole of the property and effects of the said Insolvents now vested in him under the assignment executed to him by the said Insolvents.

Calcutta, 26th November, 1846. W. H. POE, *Attorney for the said Insolvents.*

যোত্রহীন সাধুচরণ দত্ত ও দীননাথ দত্তের বিষয়ে বর্ত্তমান নবেম্বর মাসের ২৫ তারিখে উক্ত আদালতে হুকুম হইল যে আগামি ডিসেম্বর মাসের ৫ তারিখ শনিবারে বিপরীত কারণ দর্শান না গেলে ভারতবর্ষের যোত্রহীন ঋণিরদের উপকারার্থ আইননামক মৃত চতুর্থ জর্জ রাজার অধিকারের নবম বৎসরের আইনক্রমে উপকার প্রার্থনাকারি উক্ত যোত্রহীনেরা খালাস হন এবং এই আদালতের সাধারণ আসৈনি শ্রীযুত পাত্রিক ওহানলন সাহেব উক্ত যোত্রহীনেরদের যে সকল মাল ও সম্পত্তি উক্ত যোত্রহীনেরদের দ্বারা তাঁহার হস্তে অর্পণ হইয়াছিল সেই সকল মাল ও সম্পত্তি উক্ত যোত্রহীনেরদের প্রতি পুনরায় সমর্পণ করেন্।

কলিকাতা। ১৮৪৬। ২৬ নবেম্বর। ডবলিউ এচ পো। উক্ত যোত্রহীনেরদের উকীল।

NOTICE is hereby given, that by an order of the said Court, made on the sixteenth day of November instant, the matter of the Petition of PETER LEAL, formerly of Garstin's Buildings, carrying on trade and business, as Wine Merchant, and Commission Agent, under the name, style and firm of P. Leal and Co., and late of Fordyce Lane, in the Town of Calcutta, and heretofore a prisoner confined in the Common Jail of Calcutta, seeking the benefit of the Act of the ninth year of the Reign of his late Majesty King George the Fourth, entitled "an Act to provide for the Relief of Insolvent Debtors in the East Indies," are appointed to be heard in the said Court, on Saturday the 2nd day of January next.

The names of the creditors of the said PETER LEAL, appear in a Schedule filed with his said Petition in the Office of the Chief Clerk of the said Court, to which any creditor may refer.

Calcutta, 25th November, 1846. E. PANIOTY, *Insolvent's Attorney.*

পি লিল কোম্পানির নামে কলিকাতা নগরের গার্ষ্টিনবিল্ডিংনামক স্থানে সরাবওয়ালা ও কমিসান এজেন্টী কর্ম্মকারি পূর্ব্বে কলিকাতা নগরের ফোর্ডস লেন নিবাসি পিটর লিল সাহেব এক্ষণে কলিকাতার সাধারণ জেলখানায় ঋণপ্রযুক্ত কয়েদ হইয়া ভারতবর্ষের যোত্রহীন ঋণিরদের উপকারার্থ আইননামক মৃত চতুর্থ জর্জ রাজার অধিকারের নবম বৎসরের আইনক্রমে উপকার প্রার্থনা করিতেছেন অতএব ইহার দ্বারা সম্বাদ দেওয়া

যাইতেছে যে বর্ত্তমান নবেম্বর মাসের ১৬ তারিখের উক্ত আদালতের হুকুমক্রমে তাঁহার দরখাস্তের মর্ম্ম আগামি জানুআরি মাসের ২ তারিখ শনিবারে উক্ত আদালতে শুনা যাইবেক।

উক্ত পিটর লিল সাহেবের মহাজনেরদের নাম তফসীলে লিখিত হইয়া তাঁহার দরখাস্ত সম্বলিত উক্ত আদালতের প্রধান ক্লার্ক সাহেবের দপ্তরখানায় দাখিল হইয়াছে মহাজনেরা তাহা দেখিতে পারেন।

কলিকাতা। ১৮৪৬। ২৫ নবেম্বর। ই পানিওটি। যোত্রহীনের উকীল।

NOTICE is hereby given, that by an order of the said Court, made on the 13th day of October last, the matter of the Petition of WILLIAM BAILS, sued by the name of W. Bails late of Boitnekhannah in Calcutta, Gentleman, and late a prisoner confined in the Common Gaol of Calcutta, seeking the benefit of the Act of the ninth year of the Reign of his late Majesty George the Fourth, entitled "an Act to provide for the relief of Insolvent Debtors in the East Indies," is appointed to be heard in the said Court, on Saturday the 2nd of January next.

The names of the creditors of the said W. BAILS, appear in a Schedule filed with his said petition in the Office of the Chief Clerk of the said Court, to which any creditors may refer.

Calcutta, 1846. E. PANIOTY, *Insolvent's Attorney.*

কলিকাতা নগরের বৈঠকখানানিবাসি ডবলিউ বেল্‌স নামে সফীনাহওয়া উলিয়ম বেল্‌স সাহেব সম্প্রতি কলিকাতার সাধারণ জেলখানায় কয়েদ হইয়া ভারতবর্ষের যোত্রহীন ঋণিরদের উপকারার্থ আইননামক মৃত চতুর্থ জর্জ রাজার অধিকারের নবম বৎসরের আইনক্রমে উপকার প্রার্থনা করিতেছেন অতএব ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে উক্ত আদালতের গত অক্টোবর মাসের ১৩ তারিখের হুকুমক্রমে তাঁহার দরখাস্তের মর্ম্ম আগামি জানুআরি মাসের ২ তারিখ শনিবারে উক্ত আদালতে শুনা যাইবেক।

উক্ত ডবলিউ বেল্‌স সাহেবের মহাজনেরদের নাম তফসীলে লিখিত হইয়া তাঁহার দরখাস্ত সম্বলিত উক্ত আদালতের প্রধান ক্লার্ক সাহেবের দপ্তরখানায় দাখিল হইয়াছে মহাজনেরা তাহা দেখিতে পারেন্।

কলিকাতা। ১৮৪৬। ই পানিওটি। যোত্রহীনের উকীল।

NOTICE is hereby given that by an order of the said Court, made on the 23rd day of September last, the matters of the Petition of RAMSOONDER DOSS, late of Nabootollah Lane, in the Town of Calcutta, Banian, and late a prisoner confined in the Common Jail of Calcutta, seeking the benefit of the Act of the ninth year of the Reign of his late Majesty George the Fourth, Entitled "an Act to provide for the Relief of Insolvent Debtors, in the East Indies," are appointed to be heard in the said Court, on Saturday the second day of January next.

The names of the creditors of the said RAMSOONDER DOSS, appear in a Schedule filed with his said petition in the Office of the Chief Clerk of the said Court, to which any creditors may refer.

Calcutta, 25th day of November, 1846. E. PANIOTY, *Insolvent's Attorney.*

কলিকাতা নগরের নেবুতলানিবাসি বণিক রামসুন্দর দাস কলিকাতার সাধারণ জেলখানায় ঋণপ্রযুক্ত কয়েদ হইয়া ভারতবর্ষের যোত্রহীন ঋণিরদের উপকারার্থ আইননামক মৃত চতুর্থ জর্জ রাজার অধিকারের নবম বৎসরের আইনক্রমে উপকার প্রার্থনা করিতেছেন অতএব ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে গত সেপ্টেম্বর মাসের ২৩ তারিখের উক্ত আদালতের হুকুমক্রমে তাঁহার দরখাস্তের মর্ম্ম আগামি জানুআরি মাসের ২ তারিখ শনিবারে উক্ত আদালতে শুনা যাইবেক।

উক্ত রামসুন্দর দাসের মহাজনেরদের নাম তফসীলে লিখিত হইয়া তাঁহার দরখাস্ত সম্বলিত উক্ত আদালতের প্রধান ক্লার্ক সাহেবের দপ্তরখানায় দাখিল হইয়াছে মহাজনেরা তাহা দেখিতে পারেন্।

কলিকাতা। ১৮৪৬। ২৫ নবেম্বর। ই পানিওটি। যোত্রহীনের উকীল।

NOTICE is hereby given, that by an order of the said Court, made on the 15th day of October last, the matter of the Petition of ROBERT ERSKINE, late of Scotts Lane, in Boitnekhannah in the town of Calcutta, an assistant on the Calcutta Government Custom House, and now a prisoner confined in the Common Jail of Calcutta, seeking the benefit of an Act of the ninth year of the Reign of his late Majesty George the Fourth, entitled an act to provide for the Relief of Insolvent Debtors in the East Indies, is appointed to be heard in the said Court, on Saturday, the 2d day of January next.

The names of the Creditors of the said ROBERT ERSKINE, appear in a Schedule filed with his said Petition in the office of the Chief Clerk of the said Court, to which any creditors may refer.

Calcutta, 25th November, 1846. E. PANIOTY, *Insolvent's Attorney.*

কলিকাতার গবর্ণমেণ্টের কষ্টম হৌসের আসিষ্টাণ্ট কলিকাতা নগরের বৈঠকখানার স্কট লেননিবাসি রাবর্ট আর্স্কিন সাহেব সম্প্রতি কলিকাতার সাধারণ জেলখানায় কয়েদ হইয়া ভারতবর্ষের যোত্রহীন ঋণিরদের উপকারার্থ আইননামক মৃত চতুর্থ জর্জ রাজার অধিকারের নবম বৎসরের আইনক্রমে উপকার প্রার্থনা করিতেছেন অতএব ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে গত অক্টোবর মাসের ১৫ তারিখের উক্ত আদালতের হুকুমক্রমে তাঁহার দরখাস্তের মর্ম্ম আগামি জানুআরি মাসের ২ তারিখ শনিবারে উক্ত আদালতে শুনা যাইবেক।

উক্ত রাবর্ট আর্স্কিন সাহেবের মহাজনেরদের নাম তফসীলে লিখিত হইয়া তাঁহার দরখাস্ত সম্বলিত উক্ত আদালতের প্রধান ক্লার্ক সাহেবের দপ্তরখানায় দাখিল হইয়াছে মহাজনেরা তাহা দেখিতে পারেন্।

কলিকাতা। ১৮৪৬। ২৫ নবেম্বর। ই পানিওটি। যোত্রহীনের উকীল।

NOTICE is hereby given, that by an order of the said Court, made on the 23d day of October last, the matter of the Petition of JOHN JAMES TURNER SMITH, sued by the name of J. T. Smith, of Sooterkin's lane in Calcutta, inhabitant, and late a prisoner confined in the Common Jail of Calcutta, seeking the benefit of the Act of the ninth year of the Reign of his late Majesty George the Fourth, entitled an act to provide for the Relief of Insolvent Debtors in the East Indies, is appointed to be heard in the said Court, on Saturday, the 2d day of January next.

The names of the creditors of the said J. T. SMITH, appear in a Schedule filed with his said Petition in the Office of the Chief Clerk of the said Court, to which any creditors may refer.

Calcutta, 25th November, 1846. E. PANIOTY, *Insolvent's Attorney.*

কলিকাতার মুটরকিন লেননিবাসি জে টি স্মিথ নামে সফীনা হওয়া জান জেমস টর্ণর স্মিথ সাহেব সম্প্রতি কলিকাতার সাধারণ জেলখানায় ঋণপ্রযুক্ত কয়েদ হইয়া ভারতবর্ষের যোত্রহীন ঋণিদের উপকারার্থ আইননামক মৃত চতুর্থ জর্জ রাজার অধিকারের নবম বৎসরের আইনক্রমে উপকার প্রার্থনা করিতেছেন অতএব ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে গত অক্টোবর মাসের ২৩ তারিখের উক্ত আদালতের হুকুমক্রমে তাঁহার দরখাস্তের মর্ম্ম আগামি জানুআরি মাসের ২ তারিখ শনিবারে উক্ত আদালতে শুনা যাইবেক।

উক্ত জে টি স্মিথ সাহেবের মহাজনেরদের নাম তফসীলে লিখিত হইয়া তাঁহার দরখাস্তসমূলিত উক্ত আদালতের প্রধান ক্লার্ক সাহেবের দপ্তরখানায় দাখিল হইয়াছে মহাজনেরা তাহা দেখিতে পারেন।

কলিকাতা ১৮৪৬। ২৫ নবেম্বর। ই পানিওটি। যোত্রহীনের উকীল।

[*Government Gazette*, 1st *December*, 1846.]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান ক্রাশমন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

অতিরিক্ত
গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, SATURDAY, DECEMBER 5, 1846.

কলিকাতা শনিবার ১৮৪৬ সাল ৫ ডিসেম্বর।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

OPIUM ADVERTISEMENTS. আফিমবিষয়ক ইশ্‌তিহার।

ফোর্ট উলিয়ম আফিম দপ্তর সন ১৮৪৬ সাল তারিখ ৪ ডিসেম্বর মোতাবেকে বাঙ্গলা সন ১২৫৩ সাল ২০ অগ্রহায়ণ।

গত ৩০ নবেম্বর সোমবার দিবস এক্সচেঞ্জ ঘরে আফিমের নীলামে যে সকল ঘটনা উপস্থিত হইয়াছিল তন্নিমিত্তে ইশতেহার দেওয়া যাইতেছে যে সন ১৮৪৬ সাল তারিখ ৭ ডিসেম্বর মোতাবেকে বাঙ্গলা সন ১২৫৩ সাল তারিখ ২৩ অগ্রহায়ণ সোমবার পূর্ব্বাহ্নে দিবা এগার ঘণ্টার সময়ে মোকাম কলিকাতার এক্সচেঞ্জ ঘরে নীচের লিখিত মেকদার সন ১৮৪৫। ৪৬ সালের পয়দায়শী আফিম সমুদ্রপথে রপ্তানির জন্য নীলামে পশ্চাৎ লিখিত শরতে বিক্রয় করা যাইবেক।

বেহারের পয়দায়শী আফিম—— ১৬৯০
বানারসের পয়দায়শী আফিম —— ৭১৫

জুমলা সিন্দুক ২৪০৫

নীলামের শরত।

১ দফা। পূর্ব্বোক্ত আফিম সকল সমুদ্রপথে রপ্তানির জন্য বিক্রয় করা যাইবেক এবং এরূপে রপ্তানিভিন্ন অন্য কোন বাবতে সার্টিফিকেট দেওয়া যাইবেক না।

২ দফা। ফি সিন্দুক আফিম ন্যূন সংখ্যা কো৲ ৪০০৲ টাকা দরে চলিতমতে ধরা যাইবেক তাহার উপর যে ব্যক্তি সর্ব্বাপেক্ষা অধিক মূল্য দিতে চাহিবেক তাহাকেই বিক্রয় করা যাইবেক যদিস্যাৎ এমত কোন ঘটনা উপস্থিত না হয় যে ঘটনার জন্যে এই নীলামের শরতের ১২ দফার বিশেষ নিয়ম নির্দ্ধারিত করা গেল।

৩ দফা। ঐ নীলাম পূর্ব্বাহ্নে দিবা এগার ঘণ্টার সময় আরম্ভ হইবেক এবং অপরাহ্নে দুই প্রহর পাঁচ ঘণ্টার পর স্থগিত হইবেক কিন্তু যদি ঐ ঘড়িতে যে সকল লাটহায় বিক্রয়ের কারণ ইশতেহার হইল তাহার কতক লাট গরবিক্রী থাকে তবে সাহেবান বোর্ডের বিবেচনানুসারে তৎপর দিবস যদি সে দিবস রবিবার কিম্বা কোন পর্ব্বাহ না হয় তবে বেলা এগার ঘণ্টার সময় পুনশ্চ বিক্রয় করিতে আরম্ভ করা যাইবেক এই রীতিক্রমে যাবৎ সামুদায়িক লাট বিক্রীত না হয় তাবৎ নীলাম করা যাইবেক। আর যে দিবসে বিক্রয়ের ইশতেহার হইল সে দিবস যদি ঐ সমুদায় ২৪০৫ সিন্দুক আফিম বিক্রয় না হয় তবে যে সকল লাট হাতে থাকিবেক তাহা সাহেবান বোর্ড ভবিষ্যৎ কোন নীলামে বিক্রয় করিতে পারিবেন।

৪ দফা। ঐ আফিমের ফি লাট ৫ সিন্দুকে হইবেক।

৫ দফা। নীলামঘরের ভিতর খরিদারের নাম সেলবহীতে রেজষ্টরী হওনের পূর্ব্বে প্রত্যেক লাট যে দরে ডাক মঞ্জুর হইবেক সেই দরের মোটের উপর ফি শত ২৫৲ টাকার হিসাবে খরিদারকে আমানত পেশগীর বাবৎ প্রমিস্যরী নোট অর্থাৎ তমঃসুক লিখিয়া দিতে হইবেক আর আগামি সন ১৮৪৬ সালের ৯ ডিসেম্বর বুধবার বেলা দুই প্রহর চারি ঘণ্টার পূর্ব্বে বোর্ডের দপ্তরখানায় আসিয়া সবজেজরর সাহেবের রসিদ অথবা কোম্পানির কাগজ এওজ দিয়া পূর্ব্বোক্ত দর্শনি প্রমিস্যরি নোটসকল খালাস করিতে হইবেক কিন্তু নিরূপিত সময়মধ্যে যদি খালাস না করে তবে যে সকল লাটহায়ের আমানৎ পেশগী হিসাবে টাকা অথবা সবজেজরর সাহেবের রসিদ কিম্বা কোম্পানির কাগজ দাখিল না হইবেক তাহা বোর্ডের সাহেবান যে সময় ও নিয়ম স্থির করিবেন সেই সময় ও সেই নিয়মানুসারে ছানী নীলামে বিক্রয় হইবেক তাহাতে যে নোকশান ও খরচখরচা পড়িবেক তাহা পূর্ব্বোক্তমতে যাহারদিগের আ-

মানৎ পেশগী দাখিল করিতে ত্রুটি হইবেক তাহারদিগকে দিতে হইবেক ও মুনফা যদ্যপি হয় তাহা কোম্পানি বাহাদুরের সরকারে জব্দ হইবেক।

৬ দফা। ঐ নীলামের দিবস পূর্ব্বোক্ত শরতমতে যে সকল প্রমিস্যরি নোট লওয়া যাইবেক তাহা যদি আগামি পূর্ব্বোক্ত ১৮৪৬ সালের ৯ ডিসেম্বর তারিখে খালাস না হয় তবে ঐ সকল নোট কোম্পানির তরফ উকিলের স্থানে দেওয়া যাইবেক তাঁহাকে যেমত উচিত বোধ হইবেক সেইমত তিনি ঐ নোটের বাবত টাকা আদায় করিবেন।

৭ দফা। যে আফিমের বাবত আমানৎ পেশগীর টাকা ঐ ৯ ডিসেম্বর দিবা দুই প্রহর চারি ঘণ্টার পূর্ব্বে দাখিল না হইবেক তাহার হিসাবে কোন টাকা কিম্বা সবত্রেজরর সাহেবের রসিদ অথবা কোম্পানির কাগজ পশ্চাৎ লওয়া যাইবেক না।

৮ দফা। যে সকল আফিম বিক্রয়ার্থে এইক্ষণে ইশতেহার দেওয়া যাইতেছে তাহার কিস্মতের বেবাক টাকা নীলামের তারিখ ইস্তক পূরা পোনের দিনের মধ্যে দাখিল করিতে হইবেক অর্থাৎ সন ১৮৪৬ সালের ২২ ডিসেম্বর মঙ্গলবার দিবা দুই প্রহর চারি ঘণ্টার পর উক্ত কিস্মতের বাবত ত্রেজরি রসিদ আর লওয়া যাইবেক না যদিস্যাৎ ঐ আফিমের কোন লাটের টাকা দাখিল হইয়া হিসাব নিষ্পত্তি না হয় তবে যে দরে লাট ডাক মঞ্জুর হইয়া থাকে তাহার মোট টাকার উপর ফি শত ২৫৲ টাকার হিসাবে সমান পরিমাণে যে টাকা আমানৎ হইয়া থাকিবেক অথবা কোন রকম কোম্পানির কাগজ যাহা ঐ লাট ফি সিন্দুকের হিসাবে দাখিল হইয়া থাকিবেক তাহা সরকারে জব্দ হইবেক। পরে বোর্ড পরমিট ও নেমক ও আফিমের সাহেবান আলিশানের দ্বারা যে তারিখে যেপ্রকারে নীলাম করা উচিত বিবেচনা হইবেক সেই দিবস সেইপ্রকারে ঐ আফিম সরকার বাহাদুরের নিজ হিসাবে বিক্রয় হইবেক। তাহাতে ছানি নীলামে যে লাভ হইবেক তাহাতে নাদাওয়া হইয়া পহিলা খরিদারকে প্রথম খরিদ দরহইতে ছানি নীলামের খরিদ দরে যত টাকা নোকশান অথবা তফাওৎ হইবেক তাহা আদায় করিতে হইবেক।

৯ দফা। যে সকল খরিদারান পূর্ব্বোক্তমতে বেবাক টাকা দাখিল করিয়া আফিমের সার্টিফিকেট অর্থাৎ আফিম বাহির করিবার হুকুম লইবেক তাহারদিগের এক্তিয়ার রহিল যে আপন খরিদা আফিমের প্রত্যেক সার্টিফিকেটের মধ্যে কত লাট দরজ করিতে চাহে তাহা বিশেষ করিয়া জানায় কারণ ইহা স্পষ্টরূপে জানা কর্ত্তব্য যে পূর্ব্বোক্তমতে যে সকল সার্টিফিকেট একবার লইয়া যাইবেক তাহাই চূড়ান্ত হইবেক এবং ঐ সার্টিফিকেটের পরিবর্ত্তে পশ্চাৎ অন্য কোন সার্টিফিকেট অথবা হুকুম যাহাতে এক২ লাট করিয়া খালাস হইতে পারে অথবা প্রথম যত লাট কিম্বা সিন্দুকের জন্য সার্টিফিকেট দেওয়া যায় তাহা ভিন্ন অন্য কোন প্রকারে কমিবেশী পরিমাণ খালাস হইতে পারে এমত সার্টিফিকেট এওজ দেওয়া যাইবেক না।

১০ দফা। এই ইশ্‌তেহারের ৫ দফার লিখিত নিয়মানুসারে আমানতের হিসাবে যে কোন কোম্পানির কাগজ অথবা সবত্রেজরর সাহেবের রসিদ দাখিল করিয়া লইতে হইবেক তাহা কেবল যে সকল খরিদারের নাম সেলবহিতে লেখা থাকে তাহারদিগের নিকটহইতে অথবা তাহারদিগের এজেণ্ট অর্থাৎ মোক্তারের নিকটহইতে লওয়া যাইবেক এবং ঐরূপ আমানত পেশগী দাখিলের রসিদ কেবল ঐ পূর্ব্বোক্ত খরিদারের নামে হইবেক ও আফিম মজকুরা খালাস হইলে পর পূর্ব্বোক্ত কোম্পানির কাগজ তাহারদিগকে অথবা তাহারদিগের বরাতি লোককে ফিরাইয়া দেওয়া যাইবেক।

১১ দফা। শ্রীযুত সাহেবান আলিশান বোর্ডের তরফ সরকারী যে সাহেব নীলামের সুপরিনটেনডেণ্ট হইবেন তাঁহার এমত এক্তিয়ার আছে যে তিনি আপন বিবেচনানুসারে কোন ব্যক্তির ডাক অগ্রাহ্য করেন কিন্তু যদিস্যাৎ সে ব্যক্তি যে ডাক করিবেক তাহার মোট টাকার উপর ফিশতে ২৫৲ টাকার হিসাবে সমান পরিমাণে বাঙ্গালব্যাঙ্ক নোট কিম্বা সবত্রেজরর সাহেবের রসিদ অথবা কোম্পানির কাগজ তলব করিবামাত্র দাখিল করে তবে তাহারদিগের ডাক অগ্রাহ্য করিবেন না।

১২ দফা। নীলাম রোধকরণের মানসে কেহ কৃত্রিম ডাক করিলে তাহা রহিত করণার্থে এই ইশতেহারের দ্বারা বিজ্ঞাপন করা যাইতেছে যে সরকারের কার্য্যকারক যে সাহেব নীলামের কর্ম্ম সম্পাদন করিবেন তিনি নীলাম কালে যে কোন সময়ে হউক আপন এক্তিয়ারে কোন গরবিক্রী লাটের নীলাম রহিত করিয়া পুনরায় তৎক্ষণাৎ সেই লাট উচ্চ পরিমিত মূল্যে ধরিতে পারিবেন তাহাতে সেই দরক্রমে কম করিতে থাকিবেন যাবৎ কেহ ডাক না করে তদনন্তর প্রথমে যে ব্যক্তি পূর্ব্বোক্তমতে কোন লাটের নিমিত্তে অকৃত্রিম ডাক করিবেক সেই ব্যক্তি ঐ লাটের খরিদাররূপে গণ্য হইবেক এবং ঐ নীলামের কার্য্যসম্পাদক সাহেবের আরো এক্তিয়ার রহিল যে তাহার পর যত লাট উচিত বুঝিবেন তত লাট ঐরূপে বিক্রয় করিতে পরিবেন কিন্তু এই শরতের ২ দফার লিখিত ন্যূনসংখ্যা ৪০০৲ টাকার মূল্যের কমে কোন লাট বিক্রয় হইবেক না।

১৩ দফা। নীলামি খরিদারের এমত এক্তিয়ার আছে যে প্রথম যে লাট খরিদ করিবেক সেই লাট নম্বরহইতে যত লাট সেই এজেন্সির আফিম খরিদ করিতে চাহে তাহা তৎক্ষণাৎ প্রকাশ করিয়া কহে এবং তদনুসারে খরিদ করে এমতে ২৫ লাটপর্য্যন্ত ঊর্দ্ধসংখ্যা খরিদ করিতে পারিবেক এবং এইরূপে যত লাট খরিদ হইবেক তত লাটের বাবৎ পহিলা লাটের মোট দরের উপর ২৫৲ টাকার হিসাবে যত টাকা হয় সেই হিসাবে সমান পরিমাণে টাকা আমানত করিতে হইবেক। এবং পহিলা লাট ফি সিন্দুক যত টাকা দরে খরিদ করিয়া থাকে সেই হিসাবে কিস্মতের টাকা দাখিল করিতে হইবেক। এমতে যদিস্যাৎ ঐ আফিমের এত লাট গরবিক্রী থাকে যে যে তাহাতে ২৫ লাট পূরা হইতে পারে তবে পাইবেক নতুবা পাইবেক না।

১৪ দফা। এই ইশ্‌তেহারের লিখিত আফিমের বিক্রীসম্পর্কীয় কিম্বা ঐ আফিমের হিসাব রফার বিষয়ে কোন বিবাদ অথবা গরমেল উপস্থিত হইলে তাহা সুবে বাঙ্গলার সুপ্রিম কোর্ট আদালতের বিচারে নিষ্পত্তি হইবেক আর খরিদারেরদিগের মধ্যে কেহ ঐ আদালতের এলাকার অধীন নহে বলিয়া কোন আপত্তি করিলে গ্রাহ্য হইবেক না।

১৫ দফা। নীচের লিখিত তপসীলমাফিক কাগজাত ও যে আফিম বিক্রী হইবেক তাহার নমুনা নীলামের দিবস দেখান যাইবেক অথবা তাহার পূর্ব্বে বোর্ড পরমিট নেমক ও আফিমের সেক্রেটারী সাহেবের দপ্তরখানায় অনুসন্ধান করিলে দেখিতে পাওয়া যাইবেক।

১ নং যে আফিম বিক্রয় কারণ এইক্ষণে ইশতেহার হইল তাহার সার্টিফিকেট।

২ নং ঐ আফিম তজবিজের রিপোর্ট।

১৬ দফা। সকলকে জ্ঞাত করা যাইতেছে যে সন ১৮৪৫। ৪৬ সালের বেহার ও বানারসের আফিম তৈয়ারি কারণ গত সনহায়ের মত যত্ন ও খবরদারি করা গিয়াছে বিশেষতঃ আফিমের লোচসুদ্ধা নিভাঁজ প্রস্তুত করিয়া

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৬। ৫ ডিসেম্বর।]

পাঠাইতে এবং গুটী তৈয়ারী কারণ নিয়মিত পরিমাণ পাতি ব্যবহার করিতে এবং প্রতিগুটীতে সমান ভাগ আফিম রাখিতে সাবধান হওয়া গিয়াছে আফিম মজকুরের বেহার ও বানারসের মোকামি ওজনের হিসাব ও ঐ মোকামের ফি চালানহইতে ছয় সিন্দুক করিয়া কলিকাতায় যে ওজন করা যায় তাহার গড় ওজনের হিসাবে বোর্ড পরমিট নেমক ও আফিমের সেক্রেটারী সাহেবের দপ্তরখানায় তক্তা করিলে দেখিতে পাওয়া যাইবেক। এবং গত দুই সুনের পরদায়শী যে চারি সিন্দুক বেহার ও বানারসের আফিম রাখা গিয়াছে তাহা নীলামের দিবস খরিদারান লোককে দেখান যাইবেক তদ্দৃষ্টে বেপারিয়ান বিবেচনা করিতে পারিবেন যে কিপ্রকার নির্বিঘ্নাবস্থায় ঐ আফিম রহিয়াছে।

১৭। যে আফিম বিক্রয় কারণ এইক্ষণে ইশতেহার হইল তাহার ওজন ও রকমের বিষয়ে আফিমের কারবারসম্পর্কীয় কোন ব্যক্তি আর কোন সমাচার জানিতে চাহিলে পরমিট ও নেমক ও আফিম বোর্ডের দপ্তরখানায় দরখাস্ত করিলে পূর্ব্বাপর রীত্যনুসারে জানিতে পারিবেক কিন্তু নীলামের পর যে সকল সিন্দুক জাহাজে রপ্তানি করিবার নিমিত্তে দেওয়া যাইবেক সেই আফিমের ওজন কমী অথবা তফাত কিম্বা মিশ্রিত করণের ওজরে এনামের জন্যে কোন দাওয়া করিলে তাহা প্রচলিত নিয়মানুসারে শ্রীযুক্ত সাহেবান বোর্ড কোন প্রকারেই শুনিবেন না ও গ্রাহ্য করিবেন না।

১৮ দফা। সকলকে জ্ঞাত করা যাইতেছে যে উপরের লিখিত মেকদার আফিম সেওয়ায় ইমসন নীচের লিখিত মেকদার বেহার ও বানারসের আফিম কিঞ্চিৎ কমী বা বেশী হউক পশ্চাৎ লিখিত তারিখে অথবা তাহার কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ নীলামে ধরা যাইবেক।

				বেহার সিন্দুক	বানারসের সিন্দুক	জুমলা সিন্দুক
সন ১৮৪৬ সালের	২৮	ডিসেম্বর	সোমবার অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১৬৯০	৭১৫	২৪০৫
সন ১৮৪৭ সালের	২৫	জানুআরি	সোমবার অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১৬৯০	৭১৫	২৪০৫
সন ১৮৪৭ সালের	২২	ফেব্রুআরি	ঐ অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১৬৯০	৭১৫	২৪০৫
ঐ	২২	মার্চ	ঐ অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১৬৯০	৭১৫	২৪০৫
ঐ	১৯	এপ্রেল	ঐ অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১৬৯০	৭১৫	২৪০৫
ঐ	১৭	মে	ঐ অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১৬৯০	৭১৫	২৪০৫
ঐ	১৪	জুন	ঐ অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১৬৯০	৭১৫	২৪০৫
ঐ	১২	জুলাই	ঐ অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১৬৮৫	৭২৩	২৪০৮

১৯ দফা। অধিকন্তু সকলকে জ্ঞাত করা যাইতেছে যে সন ১৮১৫ সালের ৭ মার্চ তারিখে ইংরাজ ও ফরাসিস উভয়ে একরারনামার লিখিত ষষ্ঠ প্রকরণানুসারে ফরাসের বাদশাহের তরফের যে এজেন্ট সাহেবান বাঙ্গলায় থাকিবেন কিম্বা তাঁহারা যে ব্যক্তিদিগকে নিযুক্ত করিবেন সেই সকল ব্যক্তি উপরের লিখিত সন ১৮৪৬ সালের নবেম্বর ও ডিসেম্বর ও সন ১৮৪৭ সালের জানুআরি ও ফেব্রুআরি ও মার্চ ও এপ্রেল ও মে ও জুন ও জুলাই মাহার ৯ নীলামে যে মেকদার বেহার ও বানারসের আফিম বিক্রয় করার ইশতেহার হইল তাহার মধ্যে উর্দ্ধ সংখ্যা ৩০০ সিন্দুকপর্য্যন্ত আফিম লইবার এক্তিয়ার রাখেন এই আফিম যে নীলামে অথবা যে নীলামহায়ের সম্পর্কীয় হইবেক তাহার গড় দরে লইবেন আর ফরাসের এজেন্ট সাহেবানের ঐ আইয়ামের মধ্যে যত আফিম লওনের প্রয়োজন হইবেক তাহা সমুদায় নীলামে অথবা নীলামহায়েতে লইবেন তাহার নির্ণয় করিয়া এই ইশতেহার হওনের পর ৩০ দিবসের মধ্যে প্রার্থনা লিপি লিখিবেন যদ্যপি ফরাসের এজেন্ট সাহেবান উপরের মেয়াদ মধ্যে আফিম লওন কারণ কোন প্রার্থনা না করেন তবে উপরের লিখিত সমুদায় ২১৬৪৮ সিন্দুক বেহার ও বানারসের আফিম ধারামতে নীলামে বিক্রয় হইবেক এবং ঐ পূর্ব্ব ৯ নীলামে যে মেকদার আফিম বিক্রয় হওনের ইশতেহার হইল তাহার অন্দরে যদি ফরাসের এজেন্ট সাহেবান কোন মেকদার আফিম ঐ নয় নীলামের প্রত্যেক অথবা কোন এক নীলামে লইবার দরখাস্ত করেন কিন্তু আফিম মজকুরের কিম্মত মেয়াদ মধ্যে না দেন তবে সেই আফিম বিক্রয় করিবার এক্তিয়ার সুবে বাঙ্গালার শ্রীলশ্রীযুত ডিপুটী গবর্ণর বাহাদুর রাখেন হয় কিম্মত আদায়ের মেয়াদ গতে যে নীলাম উপস্থিত হইবেক তাহার নিরূপিত মেকদার বৃদ্ধি করিয়া বিক্রয় করিবেন অথবা ঐ নিমিত্তে এক স্বতন্ত্র নীলাম মোকরর করিয়া বিক্রয় করিবেন।

একরারনামা।

উপরের লিখিত ইংরাজ ও ফরাসিস জাতির একরারনামার ষষ্ঠ প্রকরণে আফিমের তেজারতের বিষয়ে উভয়ে সম্মত হইলেন যে আফিমের প্রত্যেক নীলামের কালে ফরাসের বাদশাহের এজেন্ট সাহেবান কিম্বা তাঁহারদিগের তরফ যে ব্যক্তি নিযুক্ত হইবেন তিনি যত সিন্দুক আফিম লইতে প্রার্থনা করিবেন তত দেওয়া যাইবেক কিন্তু প্রত্যেক বৎসর ৩০০ সিন্দুকের অধিক লইতে পারিবেন না যে নীলামে আফিম লইবেন সেই নীলামের গড় দরে লইতে হইবেক আর কোনো এক দফা যে মেকদার আফিমের দরখাস্ত করিবেন যদ্যপি ফরাসের এজেন্ট সাহেবান মেয়াদ মধ্যে তাহা খালাস না করেন তবে সেই আফিম উপরের লিখিত ৩০০ সিন্দুকের মধ্যে বাদ পড়িবেক আফিম লইবার দরখাস্ত কলিকাতার শ্রীলশ্রীযুক্ত গবর্ণর জেনরল বাহাদুরের নিকট গবর্ণমেণ্ট গেজেট খবরের কাগজে বিক্রয়ের ইশতেহার দেওনের পর ৩০ দিবসের মধ্যে দাখিল করিতে হইবেক।

বিমৌজিব হুকুম সাহেবান আলিশান বোর্ড পরমিট ও নেমক ও আফিম।

এচ টরেন্স। সেক্রেটারী।

[*Government Gazette, 5th December*, 1846.]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান কাশমন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, DECEMBER 8, 1846.

কলিকাতা মঙ্গলবার ১৮৪৬ সাল ৮ ডিসেম্বর।

DRAFTS OF ACTS.

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE,
THE 31ST OCTOBER, 1846.

The following Draft of a proposed Act was read in Council for the first time on the 31st of October, 1846:

ACT No. —— OF 1846.

An Act for constituting Commissioners for the improvement of the Town of Calcutta partly by appointment of the Government and partly by election of the Rate-payers.

Whereas by the 158th Section of the 52d Chapter of the Statute 33, George III., certain powers and duties in regard to the collection and disbursement of the Assessment thereby authorized to be made by the Justices of the Peace within or for the Presidency of Fort William, were conferred and imposed upon the said Justices. And whereas by Act No. XXIV. of 1840, certain changes were made in the Law relating to the said Assessment.

And whereas it is apparent that the Sewerage and Drainage of the Town of Calcutta, and the supply of water for the domestic use of the inhabitants thereof, and for the due cleansing of Drains therein, and the means of providing for the due ventilation of the Town, and the making convenient lines of communication by spacious streets, and the preventing and removing of nuisances, and the due provision of adequate means for the relief of the sick poor in the said Town are very defective, all which cause excessive disease and great mortality. And whereas the Laws and Regulations now in force, and the pecuniary means applicable to the said objects are wholly insufficient for the remedy

[*Government Gazette, 8th December*, 1846.]

আইনের মুসাবিদা।

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
লেজিসলেটিব।
ইঙ্গরেজী ১৮৪৬ সাল ৩১ অক্টোবর।

প্রস্তাবিত আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৪৬ সালের ৩১ অক্টোবর তারিখে হজুর কৌন্সেলে প্রথমবার পাঠ করা গেল।

ইঙ্গরেজী ১৮৪৬ সাল —— আক্ট।

শহর কলিকাতা উন্নতকরণার্থ গবর্ণমেণ্টের নিয়োগের দ্বারা কতক ও টাক্সদেওনিরারদের মনোনীত করণের দ্বারা কতক কমিস্যনর সংস্থাপন করণের আইন।

যেহেতুক তৃতীয় জর্জের ৩৩ বৎসরীয় আইনের ৫২ অধ্যায়ের ১৫৮ ধারার দ্বারা ফোর্ট উলিয়ম রাজধানীর মধ্যে এবং তন্নিমিত্ত স্থাপিত জুষ্টিস অফ দি পীস যে কর আদায় করণের ক্ষমতা পাইয়াছিলেন সেই কর আদায় এবং ব্যয় করণের বিষয়ে কতক২ ক্ষমতা ঐ২ জুষ্টিস অফ দি পীসের প্রতি অর্পণ হইয়াছিল এবং কতক কর্ত্তব্য কার্য্যের ভার তাঁহারদের প্রতি দেওয়া গিয়াছিল। এবং যেহেতুক ১৮৪০ সালের ২৪ আইনের দ্বারা উক্ত করের বিষয়ি আইনের কতক ফেরফার হইয়াছিল।

এবং যেহেতুক দৃষ্ট হইতেছে যে শহর কলিকাতার মোরী ও নরদমা ও ঐ শহর নিবাসিরদের গৃহের ব্যয়ার্থ এবং ঐ নরদমা উপযুক্তরূপে পরিষ্কার করণার্থ জল অতি অপ্রচুর আছে এবং শহরের মধ্যে উপযুক্তরূপে বায়ু বহনের এবং চৌড়া রাস্তার দ্বারা গমনাগমনের সুগমকরণের এবং অনিষ্টজনক বিষয় নিবারণ ও উঠাইয়া দেওনের এবং উক্ত শহরের দরিদ্র পীড়িত ব্যক্তিরদের উপকারার্থ উপযুক্ত উপায় অত্যন্ত অপ্রচুর আছে এবং এই সকল কারণপ্রযুক্ত শহরে অত্যন্ত পীড়া ও বড় মারী হইতেছে। এবং যেহেতুক যে আইন ও বিধান এক্ষণে চলন আছে এবং ঐ২ কার্য্যের নিমিত্তে যে অর্থ ব্যবহার্য্য আছে তাহা এইমত

of so great a mischief, and whereas it is expedient that remedy should be had herein.

I. It is hereby enacted, that Act No. XXIV. of 1840, entitled an Act for amending the Law with respect to Rates for municipal purposes within the Town of Calcutta, is repealed.

II. And it is hereby enacted, that all the said powers and duties in regard to the collection and disbursement of the said Assessments shall from and after the day of cease to be exercised and performed by the said Justices for the Town of Calcutta, and shall be exercised and performed by a Board of Commissioners to be called the Commissioners for the Improvement of the Town of Calcutta, of whom six shall be appointed by the Governor of Bengal, and eight shall be elected by the Rate-payers of the Town of Calcutta, that is to say, by the Rate-payers of each of the following Divisions, viz.

1st or Upper North Division.

A North by Mahrattah Ditch.
South by Cotton Street and Meerbhur's Ghaut Street.
East by Chitpore Road.
West by River Hooghly.

B North by the Mahrattah Ditch.
South by Mutchoa Bazar.
West by Chitpore Road.
East by Central Road.

C North and East by Circular Road.
South by Mutchoa Bazar Road.
West by Central Road.

2d or Lower North Division.

A North by Cotton Street and Meerbhur's Ghaut Street.
South by Police Ghaut, Hare Street, North side of Tank Square and Loll Bazar.
East by Chitpore Road.
West by the River Hooghly.

B North by Mutchoa Bazar, South by Bow Bazar Street.
East by Central Road.
West by Chitpore Road.

C North by Mutchoa Bazar.
South by Bow Bazar Street.
East by Circular Road.
West by Central Road.

3d or Upper South Division.

A North by Police Ghaut, Hare Street, North side of Tank Square and Loll Bazar.
South by East and West Esplanade Row.
East by Cossitollah Street.
West by the River Hooghly.

B North by Bow Bazar Street.
South by Dhurrumtollah.
West by Cossitollah.
East by Central Road.

C North by Boitakhanna Street.
South by Dhurrumtollah ditto.
East by Circular Road.
West by Central Road.

ভারি অনিষ্ট বিষয়ের প্রতিকার করণের নিতান্ত অপ্রচুর এবং যেহেতুক এইই বিষয়ের প্রতিকার করা অত্যাবশ্যক।

১ ধারা। অতএব ইহাতে হুকুম হইল যে শহর কলিকাতার মধ্যে নগরীয় কার্য্যের নিমিত্তে করের বিষয়ি আইন সংশোধনের আইন এই নামযুক্ত ১৮৪০ সালের ২৪ আইন রদ হইল।

২ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে উক্ত করাদায় ও ব্যয়করণের বিষয়ি উক্ত কেল ক্ষমতা ও কর্ত্তব্য কার্য্য অমুক মাসের অমুক দিনের পর শহর কলিকাতার উক্ত জুষ্টিস সাহেবেরদের প্রতি আর অর্পণ থাকিবেক না এবং তাঁহারদের দ্বারা আর নির্ব্বাহ হইবেক না এবং ঐ ক্ষমতা এক বোর্ড অফ কমিস্যনরেরদের প্রতি অর্পণ হইবেক এবং ঐ কার্য্য তাঁহারদের দ্বারা নির্ব্বাহ হইবেক এবং তাঁহারদের নাম কলিকাতা শহরের উন্নতাকরণের কমিস্যনর হইবেক এবং তাঁহারদের মধ্যে ছয় জন বাঙ্গলা দেশের শ্রীযুত গবর্নর সাহেবের দ্বারা নিযুক্ত হইবেন আর আট জন কলিকাতা শহরের করদেওনিয়া ব্যক্তিরদের দ্বারা মনোনীত হইবেন অর্থাৎ পশ্চাৎ লিখিত প্রত্যেক পল্লীর করদেওনিয়ারদের দ্বারা।

প্রথম অর্থাৎ উত্তর পল্লির উত্তর অংশ।

A উত্তর। মহারাষ্ট্রীয় নরদমা।
দক্ষিণ। কটন ষ্ট্রিট ও মীরবহরের ঘাটের রাস্তা।
পূর্ব্ব। চিতপুরের রাস্তা।
পশ্চিম। হুগলী নদী অর্থাৎ গঙ্গা।

B উত্তর। মহারাষ্ট্রীয় নরদমা।
দক্ষিণ। মাছুআ বাজার।
পশ্চিম। চিতপুরের রাস্তা।
পূর্ব্ব। মধ্যম রাস্তা।

C উত্তর ও পূর্ব্ব। বাহির রাস্তা।
দক্ষিণ। মাছুআ বাজারের রাস্তা।
পশ্চিম। মধ্যম রাস্তা।

দ্বিতীয় অর্থাৎ উত্তর পল্লির দক্ষিণ অংশ।

A উত্তর। কটন ষ্ট্রিট ও মীরবহরের ঘাটের রাস্তা।
দক্ষিণ। পোলীসঘাট ও হের ষ্ট্রিট ও লালদীঘির উত্তর দিগ ও লালবাজার।
পূর্ব্ব। চিতপুরের রাস্তা।
পশ্চিম। হুগলী নদী অর্থাৎ গঙ্গা।

B উত্তর। মাছুআ বাজার। দক্ষিণ বহুবাজারের রাস্তা।
পূর্ব্ব। মধ্যম রাস্তা।
পশ্চিম। চিতপুরের রাস্তা।

C উত্তর। মাছুআ বাজার।
দক্ষিণ। বহুবাজারের রাস্তা।
পূর্ব্ব। বাহির রাস্তা।
পশ্চিম। মধ্যম রাস্তা।

তৃতীয় অর্থাৎ দক্ষিণ পল্লির উত্তর অংশ।

A উত্তর। পোলীসঘাট ও হের ষ্ট্রিট ও লালদীঘির উত্তর দিগ ও লালবাজার।
দক্ষিণ। পূর্ব্ব ও পশ্চিম এস্‌প্লানেড রো।
পূর্ব্ব। কসাইটোলার রাস্তা।
পশ্চিম। হুগলী নদী অর্থাৎ গঙ্গা।

B উত্তর। বহুবাজারের রাস্তা।
দক্ষিণ। ধর্ম্মতলা।
পশ্চিম। কসাইটোলা।
পূর্ব্ব। মধ্যম রাস্তা।

C উত্তর। বৈঠকখানার রাস্তা।
দক্ষিণ। ধর্ম্মতলার রাস্তা।
পূর্ব্ব। বাহির রাস্তা।
পশ্চিম। মধ্যম রাস্তা।

4th or Lower South Division.

A North by Dhurrumtollah Street.
South by Park Street.
East by Circular Road.
West by Chowringhee Road.

B South and East by Circular Road.
North by Park Street.
West by Chowringhee Road;

or of such other Divisions as the Governor of Bengal may from time to time appoint.

III. And it is hereby enacted, that the said Commissioners shall severally receive out of the said Assessments, such Salaries as may from time to time be fixed by the Governor of Bengal, with the concurrence of the Governor General in Council, and that for the exercise and performance of all the powers and duties hereinbefore or hereinafter conferred and imposed upon the said Commissioners, five shall be a quorum. Provided always and it is hereby enacted, that it shall be lawful for any one of the said Commissioners to issue a warrant of Distress for the recovery of any arrears of any rates or taxes accruing under the said 158th Section of the said Statute or under this Act.

IV. And it is hereby enacted, that the time and place and manner of the elections of the said elective Commissioners in each of the said Divisions shall be according to such scheme as shall be agreed upon by a general meeting of the Rate-payers of the said Town, consisting of not less than one hundred of the said Rate-payers, and presented on behalf of such meeting to the Governor of Bengal and approved by him. But so as such elections shall take place annually.

Provided always and it is hereby enacted, that if no such general meeting of the Rate-payers of the said Town shall be held within three months from the passing of this Act, or if no such scheme shall be presented on behalf of such meeting to the Governor of Bengal within three months after such meeting shall have been held, it shall then be lawful for the said Governor of Bengal to prepare a scheme according to which the time, place and manner of the said elections shall take place.

Provided also and it is hereby enacted, that in either case the scheme shall be laid by the Governor of Bengal before the Governor General in Council for his approbation, and shall not be in force until such approbation shall have been signified in writing.

V. And it is hereby enacted, that the said Commissioners shall from and after the said day have power within the said Town to levy upon the Owners and Users of the several kinds of Carriages, Carts and Horses mentioned in the Schedule to this Act annexed, taxes according to the rate mentioned in the said Schedule, and that the said Commissioners shall have power and discretion to compound with Livery Stable Keepers and other persons keeping Carriages and Horses for

[*Government Gazette*, 8*th December*, 1846.]

চতুর্থ অর্থাৎ দক্ষিণ পল্লির দক্ষিণ অংশ।

A উত্তর। ধর্মতলার রাস্তা।
দক্ষিণ। পার্ক ষ্ট্রিট।
পূর্ব্ব। বাহির রাস্তা।
পশ্চিম। চৌরঙ্গীর রাস্তা।

B দক্ষিণ। ও পূর্ব্ব। বাহির রাস্তা।
উত্তর। পার্ক ষ্ট্রিট।
পশ্চিম। চৌরঙ্গীর রাস্তা।

অথবা অন্য যে পল্লী বাঙ্গলা দেশের শ্রীযুত গবরনর সাহেব সময়ে২ নিরূপণ করেন।

৩ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে যে মাহিয়ানা সময়ক্রমে বাঙ্গলা দেশের শ্রীযুত গবরনর সাহেব শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলের সম্মতিক্রমে ধার্য্য করেন তাহা ঐ২ কমিস্যনর একে২ উক্ত করহইতে পাইবেন এবং ঐ২ কমিস্যনরের প্রতি পূর্ব্ব অথবা পশ্চাৎ লিখিত যে ক্ষমতা অর্পণ হইল এবং যে কার্য্যের ভার দেওয়া গেল তাহা নির্ব্বাহ ও নিষ্পাত্তিকরণার্থ পাঁচ জন বৈঠক করিলে কার্য্য সিদ্ধি হইবেক। কিন্তু জানা কর্ত্তব্য এবং ইহাতে হুকুম হইল যে উক্ত আক্ট পার্লিমেণ্টের ১৫৮ ধারা অথবা এই আইনক্রমে যে কর বা টাক্স ধার্য্য আছে তাহার বাকী আদায়ের নিমিত্তে ঐ২ কমিস্যনরের কোন এক জন ক্রোকী পরওয়ানা বাহির করিতে পারেন্ ইতি।

৪ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে যে পাণ্ডুলেখ্যে উক্ত শহরের করদেওনিয়া অন্যূন এক শত জনের সাধারণ বৈঠকে সম্মতি হয় এবং ঐ বৈঠকের পক্ষে বাঙ্গলা দেশের শ্রীযুত গবরনর সাহেবের নিকটে দরপেশ হইয়া তাঁহার দ্বারা মঞ্জুর হয় এই মত পাণ্ডুলেখ্যানুসারে ঐ২ প্রত্যেক পল্লীর কমিস্যনরের মনোনীত হওনের সময় ও স্থান ও রীতি নিরূপণ হইবেক। কিন্তু মনোনীত করণের কার্য্য বৎসরে২ হইবেক ইতি।

এবং জানা কর্ত্তব্য এবং ইহাতে হুকুম হইল যে এই আইন জারী হওনের পর যদি তিন মাসের মধ্যে ঐ শহরের করদেওনিয়া ব্যক্তিদের সেইরূপ কোন সাধারণ বৈঠক না হয় অথবা ঐ বৈঠক হওনের পর যদি তিন মাসের মধ্যে ঐরূপ কোন পাণ্ডুলেখ্য ঐ বৈঠকের পক্ষে বাঙ্গলা দেশের শ্রীযুত গবরনর সাহেবের নিকটে দরপেশ না হয় তবে বাঙ্গলা দেশের শ্রীযুত গবরনর সাহেব একটা পাণ্ডুলেখ্য প্রস্তুত করিতে পারেন এবং তদনুসারে উক্ত মনোনীত করণের সময় ও স্থান ও রীতি নিরূপণ হইবেক।

এবং জানা কর্ত্তব্য এবং ইহাতে হুকুম হইল যে উভয় গতিকে ঐ পাণ্ডুলেখ্য বাঙ্গলা দেশের শ্রীযুত গবরনর সাহেব শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলের সম্মতির নিমিত্তে তাঁহার নিকটে পাঠাইবেন এবং যাবৎ ঐ সম্মতি লিখনের দ্বারা জ্ঞাপন করা না যায় তাবৎ ঐ পাণ্ডুলেখ্য সিদ্ধ হইবেক না ইতি।

৫ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে পূর্ব্বোক্ত তারিখঅবধি এবং তাহার পর এই আইনের শেষে লেখা তফসীলের নির্দ্দিষ্ট নানাপ্রকার কারেজ এবং কার্ট অর্থাৎ ব্যক্তি এবং জিনিস বহনের গাড়ি এবং ঘোড়ার মালিক ও ব্যবহারকারিদের উপর ঐ তফসীলের লিখিত হারানুসারে উক্ত শহরের মধ্যে টাক্স বসাইতে ঐ২ কমিস্যনরের ক্ষমতা থাকিবেক এবং আড়গড়ারাখনিয়া এবং অন্যান্য যে ব্যক্তিরা তাহার নিমিত্তে গাড়ি ও ঘোড়া রাখে তাহারদের সঙ্গে ঐ২ কমিস্যনরেরা এমত বন্দোবস্ত করণের ক্ষমতা ও বিবেচনা থাকিবেক যে

hire for an annual rate of tax to be assessed upon the Carriages and Horses in their Establishments in lieu of taxes according to the rates mentioned in the said Schedule.

VI. And it is enacted, that the said taxes according to the rates mentioned in the said Schedule shall be levied quarterly. Provided always that no person who has not been the Owner or User of a Carriage or Horse within the said Town during thirty days in any one quarter of a year shall be liable to any tax in respect of any Carriage or Horse; and that no person who has not been the Owner or User of a Carriage or Horse within the said limits for an entire quarter shall be liable for more than a rateable portion of any of the said taxes according to the time during which such person has been the Owner or User of any Carriage or Horse within the said Town. Provided also, that no such tax shall be levied in respect of any Horse, Carriage or Cart in the employment of Government.

VII. And it is hereby enacted, that the assessments and rates made under the authority of the Statute 33, George III. C. 52, Section 158, and of Section II. of this Act, shall be of such amount as together with the amount of the taxes to be levied by the Commissioners under Section V. of this Act, and together with such other funds as may be placed at the disposal of the said Commissioners by the Government of Bengal, shall appear to the said Commissioners expedient for completely effecting the purposes specified in this Act, any thing in the said 158th Section of the said Statute notwithstanding. Provided always, that no rate shall be made exceeding five per cent. on the assessed value of property without the sanction of the Governor of Bengal.

VIII. And it is hereby enacted, that for the assessment and collection of the rates and taxes to be levied by the said Commissioners it shall be lawful for the said Commissioners to appoint such Assessor or Assessors, Collector or Collectors to make such union of the offices of Assessor and Collector, and to prescribe such rules and take such securities for the due execution of the duties of such Assessors and Collectors as the said Commissioners shall deem expedient, and such Assessors and Collectors shall receive such salaries as the Government of Bengal may see fit to sanction.

IX. And it is hereby enacted, that it shall not be necessary in any assessment rate or warrant of distress under the said Statute, and this Act to specify the names of the owners or occupiers of Houses, Buildings and Grounds; but it shall be sufficient if every property rated be identified, and in the case of Houses numbered in any street, that the name of the street and number of the House rated be particularly specified.

X. And it is hereby enacted, that the Goods and Chattels of the owners of any Houses, Buildings or Grounds rated under the said Statute, and this Act, shall be seizable any where (except Goods

উক্ত তফসীলের লিখিত হারানুসারে তাহারদের যে টাক্স লাগিত তাহার পরিবর্ত্তে তাহারদের আড়গড়ার গাড়ি ও ঘোড়ার উপর বার্ষিক টাক্সের বিশেষ হার বসান্ ইতি।

৬ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে তফসীলের লিখিত হারের টাক্স তিন২ মাস অন্তরে আদায় হইবেক। কিন্তু জানা কর্ত্তব্য যে যে ব্যক্তি উক্ত শহরের মধ্যে বৎসরের কোন এক ত্রৈমাসিক সময়ের মধ্যে ৩০ দিনপর্য্যন্ত উক্ত শহরের মধ্যে কোন গাড়ি বা ঘোড়ার মালিক ছিল না বা তাহা ব্যবহার করে নাই সেই ব্যক্তি সেই গাড়ি বা ঘোড়ার বাবৎ টাক্সের দায়ী হইবেক না। এবং যে ব্যক্তি সম্পূর্ণ তিন মাস ব্যাপিয়া উক্ত সীমার মধ্যে কোন গাড়ি বা ঘোড়ার মালিক ছিল না বা তাহা ব্যবহার করে নাই সেই ব্যক্তি উক্ত শহরের মধ্যে যে কালপর্য্যন্ত ঐ গাড়ি বা ঘোড়ার মালিক ছিল বা তাহা ব্যবহার করিয়াছিল উক্ত টাক্সের কেবল সেই কালের উপযুক্ত অংশের দায়ী হইবেক। কিন্তু জানা কর্ত্তব্য যে গবর্ণমেণ্টের কর্ম্মে নিযুক্ত কোন ঘোড়া বা চড়িবার কি জিনিসের গাড়ির বাবতে এই প্রকার কোন টাক্স লওয়া যাইবেক না ইতি।

৭ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে যে কর এবং টাক্স তৃতীয় জর্জ্জের ৩৩ বৎসরীয় আইনের ৫২ অধ্যায়ের ১৫৮ ধারার এবং এই আইনের ২ ধারার হুকুমক্রমে নির্দ্দিষ্ট করা যায় তাহার সংখ্যা এত হইবেক যে এই আইনের ৫ ধারার অনুসারে কমিস্যনরের দ্বারা যে২ টাক্স বসাইবার হুকুম আছে তাহা লইয়া এবং বাঙ্গলা দেশের গবর্ণমেণ্ট উক্ত কমিস্যনরকে যে২ টাকা অর্পণ করেন তাহা লইয়া এই আইনের নিরূপিত অভিপ্রায় সম্পূর্ণরূপে সিদ্ধ করণার্থ ঐ২ কমিস্যনরের বোধে প্রচুর হয় এবং উক্ত আক্ট পার্লিমেণ্টের ১৫৮ ধারাতে ইহার বিপরীত কিছু লেখা থাকিলেও তাহাতে কিছু হানি হইবেক না। কিন্তু জানা কর্ত্তব্য যে বাঙ্গলা দেশের শ্রীযুত গবরনর সাহেবের অনুমতি বিনা কোন সম্পত্তির নিরূপিত মূল্যের উপর শতকরা ৫৲ টাকার অধিক টাক্স বসান যাইবেক না ইতি।

৮ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে ঐ২ কমিস্যনরের যে২ কর ও টাক্স বসাইতে হইবেক তাহা নিরূপণ করণ এবং আদায় করণার্থ ঐ২ কমিস্যনর যেমত উচিত বোধ করেন সেই মতে এক বা ততোধিক নিরূপণকর্ত্তা এবং এক বা ততোধিক কালেক্টর নিযুক্ত করিতে পারেন এবং ঐ নিরূপণকর্ত্তা এবং কালেক্টরের পদ সংযোগ করিতে পারেন এবং নিরূপণকর্ত্তা ও কালেক্টরেরদের প্রতি অর্পিত কার্য্যের উপযুক্তরূপে নির্ব্বাহকরণার্থ যেমত ঐ কমিস্যনরের উচিত বোধ হয় সেই মত নিয়ম করিতে পারেন এবং জামিন লইতে পারেন এবং যে২ মাহিয়ানা বাঙ্গলা দেশের গবর্ণমেণ্ট ধার্য্য করিতে উচিত বোধ করেন সেই২ মাহিয়ানা ঐ নিরূপণকর্ত্তা ও কালেক্টরেরা পাইবেন ইতি।

৯ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে উক্ত আক্ট পার্লিমেণ্টের এবং এই আইনের অনুসারে যে কোন কর বা টাক্স বা ক্রোকী পরওয়ানা হয় তাহার মধ্যে বাটী ও এমারৎ ও ভূমির মালিক বা দখীলকারেরদের নাম বিশেষ করিয়া লিখিবার আবশ্যক হইবেক না কিন্তু যে সম্পত্তির উপর কর বসান যায় তাহা যদি চেনা যাইতে পারে তবে প্রচুর হইবেক এবং কোন রাস্তায় নম্বরকরা বাটীর বিষয়ে হইলে যদি ঐ করদায়ি বাটীর রাস্তার নাম ও নম্বর বিশেষ করিয়া লেখা থাকে তাহাতে কর্ম্ম সিদ্ধ হইবেক ইতি।

১০ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে উক্ত আক্ট পার্লিমেণ্ট এবং এই আইনানুসারে যে বাটী ও এমারৎ ও ভূমির উপর কর বসান যায় সেই কর যদি না দেওয়া যায় তবে সেই বাটীপ্রভৃতির মালিকের জিনিস ও সম্পত্তি

and Chattels concealed as hereinafter mentioned) for deficiency in the payment of rates, and that all Goods and Chattels which shall be found upon any premises rated shall be seizable for any arrears, which may be due for a period of one year immediately preceding such seizure, and in the case of the seizure of the Goods and Chattels of a tenant under such circumstances, such tenant may deduct the amount of the levy from the next payment of his rent.

XI. And it is hereby enacted, that when there is ground to suspect that Goods and Chattels liable to distress under the said Statute, and this Act, are concealed in any Zenana, the Officer charged with the execution of the warrant shall make a special report to the Commissioner granting the same, who shall thereupon follow as closely as is practicable, the rules for the seizure of Goods and Chattels in like cases adopted by Her Majesty's Supreme Court.

XII. And it is hereby enacted, that it shall be lawful for the said Commissioners, and they are hereby required to make rules and as occasion may require to add to, revoke or alter the same, for the regulation of the time and manner of assessing and levying the said taxes, and for compelling persons to give any information which may be necessary for that purpose, and for imposing penalties upon persons not performing any duty cast upon them by the said rules for the said purpose, and upon persons obstructing any persons acting under the said Commissioners in that behalf so as that such penalty shall not in any case exceed 100 Rupees.

XIII. And it is hereby enacted, that such rules shall be laid before the Governor of Bengal and approved by him, and shall then be laid by the said Governor of Bengal before the Governor General in Council, and when approved by him shall have the force of law. Provided always, and it is hereby enacted, that the said taxes shall not be leviable until such rules have been so made and approved.

XIV. And it is hereby enacted, that it shall be lawful for the said Commissioners to levy the arrears of the said taxes and any penalties which may be incurred under the said rules by the same process of distress as is hereinbefore provided for the levying of the aforesaid rates on Houses, Buildings and Grounds.

XV. And it is hereby enacted, that the whole proceeds of the said rates and taxes, after paying all Establishments and incidental expences shall, together with such monies as the Government of Bengal with the sanction of the Governor General in Council may direct to be paid over to the said Commissioners, be applied by them to the following purposes, viz.

1. Formation of Tanks and Aqueducts for the conveyance of water to all parts of the Town.

2. Opening of Streets and Squares in crowded parts of the Town.

[*Government Gazette, 8th December*, 1846.]

সেখানে থাকে ক্রোক হইতে পারে কেবল পশ্চাৎ লিখিত কারণ জিনিস ও সম্পত্তি বর্জিত থাকিল। এবং যে বাটীপ্রভৃতির কর নিরূপণ হইয়াছে তাহার মধ্যে যে সকল জিনিস ও সম্পত্তি পাওয়া যায় তাহা ক্রোককরণের অব্যবহিত পূর্ব্বে এক বৎসরের যে টাক্স বাকী থাকে তাহার নিমিত্ত ক্রোক হইতে পারে। এবং যদি এইমত গতিকে কোন ভাড়াটিয়ার জিনিস ও সম্পত্তি ক্রোক হয় তবে ঐ ভাড়াটিয়ার তৎপরে যে ভাড়া দিতে হইবেক ঐ করের টাকা তাহাহইতে বাদ দিতে পারে ইতি।

১১ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে যখন এই মত শোরে হয় যে উক্ত আক্টে পার্লিমেণ্টে এবং এই আইনানুসারে ক্রোক হওনের যোগ্য জিনিস ও সম্পত্তি কোন অন্তঃপুরের মধ্যে লুক্কায়িত আছে তখন পরওয়ানা জারী করণের ভারপ্রাপ্ত কর্ম্মকারক যে কমিস্যনর ঐ পরওয়ানা দিয়াছিলেন তাঁহার নিকটে বিশেষ রিপোর্ট করিবেন এবং তিনি শ্রীশ্রীমতী মহারাণীর সুপ্রিম কোর্টে সেই প্রকার গতিকে জিনিস ও সম্পত্তি ক্রোককরণার্থ যে২ নিয়ম চলন আছে সাধ্যপর্য্যন্ত তদনুসারে কার্য্য করিবেন ইতি।

১২ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে এই কমিস্যনর পশ্চাৎ লিখিত বিষয়ের নিমিত্তে বিধি করিতে পারেন এবং তাঁহারদের প্রতি বিধি করণের ইহার দ্বারা হুকুম হইতেছে এবং যেমন আবশ্যক বোধ হয় তেমন নূতন বিধি করিতে পারেন অথবা পূর্ব্বাপর বিধি অন্যথা কি মতান্তর করিতে পারেন অর্থাৎ উক্ত টাক্স নিরূপণ ও আদায় করণের সময় ও প্রকারের বিষয়ি এবং তন্নিমিত্ত যে সম্বাদের আবশ্যক হয় তাহা ব্যক্তিরদিগকে জোর করিয়া দেওয়াওনের বিষয়ি এবং তন্নিমিত্ত উক্ত বিধির দ্বারা যে কর্ত্তব্য কার্য্য কাহারু প্রতি অর্পণ হয় তাহা না করাতে ঐ ব্যক্তিরদের জরীমানা নিরূপণ করণের বিষয়ি এবং সেই নিমিত্তে ঐ২ কমিস্যনরের তাবে কর্ম্মকারি ব্যক্তিরদের বাধা জন্মাওনের অপরাধিরদের জরীমানা করণের বিষয়ি নিয়ম কিন্তু কোন গতিকে ঐ জরীমানা ১০০৲ টাকার অধিক হইবেক না ইতি।

১৩ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে ঐ বিধি সকল বাঙ্গলা দেশের শ্রীযুত গবর্নর সাহেবের নিকটে প্রস্তাব হইবেক এবং তিনি ঐ বিধি মঞ্জুর করিলে তাহা শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলে দরপেশ করিবেন এবং তাঁহার মঞ্জুর হইলে ঐ সকল বিধান আইনের মত বলবৎ হইবেক। কিন্তু জ্ঞানা কর্ত্তব্য এবং ইহাতে হুকুম হইল যে যাবৎ ঐ বিধান এইরূপে না করা যায় এবং মঞ্জুর না হয় তাবৎ কোন টাক্স আদায় হইবেক না ইতি।

১৪ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে বাটী ও এমারৎ ও ভূমির পূর্ব্বোক্ত টাক্স আদায় করিবার নিমিত্ত পূর্ব্বোক্ত যে ক্রোকের পরওয়ানার বিষয়ে হুকুম আছে সেই প্রকার ক্রোকী পরওয়ানার দ্বারা ঐ২ কমিস্যনর উক্ত টাক্সের বকেয়া আদায় করিতে পারেন এবং উক্ত নিয়মানুসারে যে জরীমানার হুকুম হয় তাহা আদায় করিতে পারেন ইতি।

১৫ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে উক্ত কর ও টাক্স লইয়া প্রথমে নিরিশতার সকল খরচ এবং বাজে-খরচ দেওয়া যাইবেক এবং তৎপরে তাহার সমুদয় টাকা এবং বাঙ্গলা দেশের গবর্ণমেণ্ট শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলের অনুমতিক্রমে যে২ টাকা ঐ২ কমিস্যনরকে অর্পণ করিতে হুকুম দেন তাহা পশ্চাৎ লিখিত কার্য্যে ব্যয় হইবেক ইতি।

১। পুষ্করিণী খননকরা এবং শহরের সকল স্থানেতে জল দেওনার্থ নরদমা।

২। শহরের যে২ স্থানে ঘর অতিঘন আছে সেই২ স্থানে রাস্তা এবং চতুষ্কোণ রাস্তা প্রস্তুত করণ।

3. Filling up stagnant pools of water and removing obstructions to the free circulation of air.

4. Lighting and watering the roads and streets.

5. Cleansing and repairing the same, and the drains of the said Town.

6. And in improving and embellishing the said Town generally.

SCHEDULE.

	Rs.	
A 4 wheeled Carriage on springs, drawn by two Horses,	36	per annum.
by one Horse, ...	9	do.
A 2 wheeled Carriage on springs, ...	18	do.
A Carriage drawn by Bullocks,	9	do.
A Keranchie, ... / A Hackerie, ... / A Cart, ...	6	do.
A Riding Horse, ...	18	do.

Ordered, that the Draft now read be published for general information.

Ordered, that the said Draft be re-considered at the first meeting of the Legislative Council of India, after the 31st day of January next.

G. A. Bushby,
Secy. to the Govt. of India.

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE,
The 7th November, 1846.

The following Draft of a proposed Act was read in Council for the first time on the 7th of November, 1846 :

Act No. —— of 1846.

An Act for the Survey and Assessment of Lands in the Town of Calcutta, within the local limits of the jurisdiction of Her Majesty's Supreme Court of Judicature.

I. Whereas by reason of the defect of compulsory provision for the registration of mutations of Landed Property and from other causes, the Lands liable to the payment of ground rent in the Town of Calcutta, within the local limits of the jurisdiction of Her Majesty's Supreme Court of Judicature, cannot in many instances be identified, and the proprietors thereof cannot be ascertained so that the dues of Government from the said lands cannot be realized with certainty and regularity, and it has become necessary to form a more correct assessment, and a new registry of such lands, and to make provision for the compulsory registration of all mutations of property therein :

It is therefore hereby enacted, that whenever an Officer shall be appointed by the Governor of Bengal to survey and assess the Lands, situate within the said local limits of the jurisdiction of Her Majesty's Supreme Court, such Officer shall, by public notification, require all persons, owning or occupying lands and tenements within the said lo-

৩। অপ্রবাহ জলাশয় পূর্ণকরণ এবং বায়ুর স্বচ্ছন্দে গমনাগমনের অবরোধ উঠাইয়া দেওন।

৪। রাস্তাতে আলো দেওন ও জল দেওন।

৫। রাস্তা এবং শহরের নরদমা পরিষ্কার করণ ও মেরামৎ করণ।

৬। এবং সামান্যতঃ শহরের উন্নতা করণ ও শোভাকরণ।

তফসীল।

	টাকা।	
দুই ঘোড়ার যোতা স্প্রিঙ্গের উপরে বসান চারি চাকার গাড়ি	৩৬৲	বৎসরে
এক ঘোড়ার ঐ ঐ	৯৲	,,
স্প্রিঙ্গের উপর দুই চাকার গাড়ি	১৮৲	,,
বলদে যোতা গাড়ি	৯৲	,,
কেরাচি গাড়ি ... ... / ছকড়া গাড়ি ... ... / বলদ গাড়ি	৬৲	
সওয়ারী ঘোড়া	১৮৲	,,

হুকুম হইল যে এক্ষণে পাঠকরা মুসাবিদা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

হুকুম হইল যে আগামি ৩১ জানুআরি তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের যে প্রথম বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনরায় বিবেচনা করা যায়।

জি এ বুশবি।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
লেজিসলেটিব।
ইঙ্গরেজী ১৮৪৬ সাল ৭ নবেম্বর।

প্রস্তাবিত আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৪৬ সালের ৭ নবেম্বর তারিখে হজুর কৌন্সেলে প্রথম বার পাঠ করা গেল।

ইঙ্গরেজী ১৮৪৬ সাল —— আক্ট।

শ্রীশ্রীমতী মহারাণীর সুপ্রিম কোর্টের এলাকার বিশেষ সীমাসরহদ্দের মধ্যে কলিকাতা শহরে ভূমির জরিপ ও কর ধার্য্যকরণের আইন।

১ ধারা। যেহেতুক ভূমিসম্পত্তির ফেরফারের রেজিষ্টরী না করিলে নয় এমত কোন বিধান না থাকাতে এবং কারণান্তরপ্রযুক্ত শ্রীশ্রীমতী মহারাণীর সুপ্রিম কোর্টের এলাকার বিশেষ সীমাসরহদ্দের মধ্যে শহর কলিকাতায় খাজানা দিবার যোগ্য ভূমি অনেকহ স্থানেতে চেনা যাইতে পারে না এবং ঐ ভূমির মালিককে নিশ্চয় করা যাইতে পারে না এবং তৎপ্রযুক্ত ঐ ভূমিহইতে সরকারের পাওনা নিশ্চয়রূপে এবং নিয়মানুসারে আদায় হইতে পারে না এবং পূর্ব্বাপেক্ষা উত্তমরূপে ঐ ভূমির খাজানা ধার্য্যকরণ এবং ঐ ভূমির নূতন রেজিষ্টরী করণ এবং ঐ সীমার মধ্যে সকল ভূমি সম্পত্তির ফেরফারের অবশ্য রেজিষ্টরী করণের নিয়ম করণ আবশ্যক হইয়াছে।

অতএব ইহাতে হুকুম হইল যে শ্রীশ্রীমতী মহারাণীর সুপ্রিম কোর্টের এলাকার বিশেষ সীমাসরহদ্দের মধ্যে ভূমির জরিপ এবং কর ধার্য্যকরণার্থ যখন হাজর দেশের শ্রীযুত গবরনর সাহেব কোন কর্ম্মকারককে নিযুক্ত করেন তখন ঐ কর্ম্মকারক ঘোষণার দ্বারা ঐ বিশেষ সীমাসরহদ্দের মধ্যে ভূমি ও বাটীর মালিক কি দখীলকার সকল ব্যক্তিকে ঐ ঘোষণার তারিখ অবধি এক মাসের কম না হয় এমত উপযুক্ত সময়ের

cal limits, to appear before him in person or by duly constituted Attorney within a reasonable time, not being less than one month from the date of the notification at whatever place within the said limits his office may be held, with all Pottahs, Ground-rent Bills, Bills of Sale, and other writings, in virtue of which they may own, or occupy such lands, and to attend him from day to day during his enquiries.

II. And it is hereby enacted, that the said Officer shall for the purposes of this Act have full power and authority at all seasonable hours in the day time to enter or to direct his subordinate Officers to enter into and upon any land or tenement within the said local limits, and in and upon the land on which any house, building or other erection is built or building, or intended to be built, and into and upon any buildings or any part thereof without being liable to any action at law or suit in Equity, or any other legal proceedings or molestation whatsoever for or on account of such entry, or of any thing done or to be done in any part thereof in pursuance of this Act. Provided, that such Officer or Subordinate Officers shall not enter upon any lands or tenements which may be occupied at the time, unless with the consent of the occupier thereof, without previously giving the said occupier reasonable notice of his or their inteation to do so.

III. And it is hereby enacted, that if any person at any time shall obstruct or molest the said Officer or any of his Subordinate Officers in the performance and execution of his or their duty, or any thing which they are required to do by or by virtue or in consequence of this Act, every such person so offending shall on conviction before a Magistrate for the Town of Calcutta forfeit and pay for every such offence any sum not exceeding 200 Rupees.

IV. And whereas such notification as is directed by Section I. of this Act may not in all cases be effectual, it is therefore hereby enacted, that it shall be lawful for the Surveying Officer to cause any person owning or occupying lands or tenements within the said local limits, to be served with a special notice under his official seal and signature, stating the purpose for which the attendance of such person is required, and any document which such person is to bring with him and the period within which such person is to attend, and if such person cannot be found the notice shall be affixed to his usual place of residence.

V. And it is hereby enacted, that if any person shall wilfully omit to obey any lawful summons to attend before the Surveying Officer personally, or by duly constituted Attorney, or to produce any document which he is required by the said Officer to produce, or to answer any lawful question put by the said Officer, it shall be competent to the said officer to impose upon such person a daily fine,

মধ্যে উক্ত সীমার ভিতরে যে কোন স্থানে তাহার দফুরখানা থাকে সেই স্থানে তাঁহার সম্মুখে স্বয়ং উপস্থিত হইতে কিম্বা উপস্থিত হওনার্থ রীতিমতে কোন মোখ্তারকে নিযুক্ত করিতে হুকুম দিবেন এবং যে সকল পাট্টা এবং ভূমির খাজানার বিল এবং বিক্রয়পত্র ও অন্য দলীলক্রমে তাহারা সেই ভূমির মালিকী স্বত্ব রাখে অথবা দখল করে তাহা আপনারদের সঙ্গে আনে এবং তাহার তজবীজের সময়ে দিন২ তাঁহার নিকটে তাহারা হাজির থাকে ইতি।

২ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে এই আইনের অভিপ্রায়ের নিমিত্তে উক্ত কর্ম্মকারকের এই শক্তি ও ক্ষমতা থাকিবেক যে দিবাভাগে সকল উপযুক্ত ঘণ্টায় উক্ত বিশেষ সীমার মধ্যে কোন ভূমি অথবা বাটীতে এবং যে ভূমিতে কোন ঘর বা বাটী কি অন্য এমারৎ গাঁথা হইয়াছে বা হইতেছে কি হইবার কল্পনা আছে তাহার মধ্যে এবং কোন এমারতে কি এমারতের কোন ভাগে প্রবেশ করেন, অথবা তাঁহার তাবেদার কর্ম্মকারককে প্রবেশ করিবার হুকুম দেন এবং সেইরূপে প্রবেশ করণের জন্যে বা নিমিত্তে অথবা সেই স্থানের কোন ভাগে এই আইনের অভিপ্রায়ের নিমিত্তে যে কোন কর্ম্ম করেন বা করিতে উদ্যত হন্ তাহার জন্যে আইন এবং একটি অনুসারে তাঁহার নামে কোন নালিশ হইতে পারে না অথবা তাঁহার প্রতিকূলে আইনসম্পর্কীয় অন্য কোন কার্য্য বা ব্যাঘাত হইতে পারিবেক না। কিন্তু জানা কর্ত্তব্য যে যদি ঐ ভূমি বা বাটীতে তৎসময়ে কোন ব্যক্তির দখল থাকে তবে তাহার দখীলকারের অনুমতি না পাইলে অথবা প্রবেশ করণের মানসের উপযুক্ত এত্তেলা উক্ত দখীলকারকে না দিলে ঐ কর্ম্মকারক কি তাঁহার তাবেদার আমলা ঐ ভূমি অথবা বাটীতে প্রবেশ করিতে পারিবেন না ইতি।

৩ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে ঐ কর্ম্মকারক অথবা তাঁহার তাবেদার আমলারদের কর্ত্তব্য কার্য্য করণের সময়ে অথবা এই আইনক্রমে অথবা তাহার বলে কি এই আইনপ্রযুক্ত তাঁহারদের যে কোন কার্য্য করিতে হয় তাহা করণ এবং নির্ব্বাহকরণ সময়ে যদি কোন ব্যক্তি উক্ত কর্ম্মকারককে অথবা তাঁহার তাবেদার আমলারদিগকে অবরোধ করে কি উত্যক্ত করে তবে সেই অপরাধি ব্যক্তির দোষ শহর কলিকাতার কোন মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে সাব্যস্ত হইলে প্রত্যেক অপরাধের নিমিত্ত সেই ব্যক্তি ২০০৲ টাকার অধিক না হয় এমত জরীমানা দিবেক ইতি।

৪ ধারা। এবং যেহেতুক এমত হইতে পারে যে এই আইনের ১ ধারার নিরূপিত এত্তেলা প্রত্যেক গতিকে সফল হইবেক না অতএব ইহাতে হুকুম হইল যে জরিপকরণিয়া কর্ম্মকারক উক্ত বিশেষ সীমার মধ্যে ভূমি বা বাটীর মালিক কি দখীলকার ব্যক্তিকে আপনার পদোপলক্ষে মোহর ও দস্তখৎযুক্ত এক বিশেষ এত্তেলা দিতে পারেন্ এবং যে নিমিত্তে ঐ ব্যক্তিকে হাজিরহওনের হুকুম হইয়াছে তাহা এবং যে২ দলীল ঐ ব্যক্তির আপনার সঙ্গে আনিতে হইবেক তাহা এবং যে মিয়াদের মধ্যে তাহার হাজির হইতে হইবেক তাহা ঐ এত্তেলানামাতে বিশেষ করিয়া লেখা থাকিবেক এবং যদি সেই ব্যক্তিকে না পাওয়া যায় তবে তাহার সামান্য বাসস্থানে ঐ এত্তেলা লট্‌কান যাইবেক ইতি।

৫ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে ঐ জরিপকরণিয়া কর্ম্মকারকের সম্মুখে কোন ব্যক্তির স্বয়ং উপস্থিত হইতে অথবা রীতিমত কোন মোখ্তারকে নিযুক্ত করিতে আইনসিদ্ধ তলব হইলে যদি সেই ব্যক্তি তাহা না মানে কি উক্ত কর্ম্মকারক যে দলীল দাখিল করিতে হুকুম দেন তাহা দাখিল না করে অথবা ঐ কর্ম্মকারক আইনসিদ্ধ যে জিজ্ঞাসা করেন্ তাহার উত্তর না দেয় তবে ঐ কর্ম্মকারকের এইমত ক্ষমতা থাকিবেক যে ঐ ব্যক্তি যত কাল এইরূপে ত্রুটি করে তত কাল দিন২ দশ টাকার অধিক না

not exceeding Ten Rupees, so long as he may be recusant, such fine, if not paid to be recoverable summarily by distraint and sale of the defaulter's personal property.

VI. And it is hereby enacted, that it shall be competent to the Surveying Officer to examine the parties whom he may summon on oath, or solemn affirmation, and any person who after making such oath or affirmation may wilfully and knowingly depose falsely before such Officer on any point material to the question under his investigation shall be held to be guilty of perjury, and shall be committed by any Magistrate of the Town of Calcutta for trial before Her Majesty's Supreme Court of Judicature.

VII. And it is hereby enacted, that the person or persons who may have been in bona fide possession of any parcel of land as proprietor for one year previous to the date of the proceedings of the Surveying Officer shall be registered and settled with as proprietor, and all other claimants shall be left to their remedies at Law or Equity in the proper Courts, provided always that no action shall lie against the Surveying Officer in Her Majesty's Supreme Court or in any other Court, for decisions passed by him under this Section.

VIII. And it is hereby enacted, that if after the notification prescribed by Section I. of this Act, and after due enquiry by the Surveying Officer no claimant shall be discovered for any parcel of land, the Surveying Officer shall put up a notice for one month on the said parcel, and in the event of no claimant appearing within that time such parcel shall be registered as the property of the State.

IX. And it is hereby enacted, that all lands of which the rate as at present assessed cannot be traced, or which have not heretofore been assessed, shall be assessed at the rate of Three Rupees per beegah.

X. And it is hereby enacted, that the Surveying Officer shall submit his proceedings in every case to the Revenue Commissioner of the Division who shall be competent to revise and alter them, and no settlement of the Surveying Officer shall be binding until it has received the confirmation of the said Commissioner, whose confirmation shall be final.

XI. And it is hereby enacted, that an appeal shall lie against any order passed by the Surveying Officer under this Act if preferred within one month from the date thereof to the Revenue Commissioner of the Division, whose decision in every case of appeal shall be final.

XII. And it is hereby enacted, that after the final orders of the Revenue Commissioner of the Division have been passed in any case, it shall be competent to the Surveying Officer to conclude the Settlement with the party or parties entitled to engage under the said orders by granting a pottah or lease, and taking a cabooleut or counterpart engagement.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪১। ৮ ডিসেম্বর।]

হয় এমত তাহার জরীমানা করেন এবং যদি ঐ জরীমানার টাকা না দেওয়া যায় তবে ক্রটিকারির অস্থাবর সম্পত্তি ক্রোক ও বিক্রয়ের দ্বারা তাহা সরাসরীমতে আদায় করেন্ ইতি।

৬ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে ঐ জরিপকরণিয়া কর্ম্মকারক যে২ ব্যক্তিকে তলব করেন তাহারদিগকে শপথ অথবা সুকৃতি করাইয়া জোবানবন্দী লইতে পারেন্ এবং এইরূপে শপথ বা সুকৃতি করণের পর কোন ব্যক্তি খামখা ও জানিয়া শুনিয়া যে কার্য্যের তজবীজ হইতেছে তৎসম্পর্কীয় আবশ্যক কোন বিষয়ে ঐ কর্ম্মকারকের সমক্ষে মিথ্যা সাক্ষ্য দেয় তবে মিথ্যা শপথের দোষী হইবেক এবং শ্রীশ্রীমতী মহারাণীর সুপ্রিম কোর্টে বিচার হওনার্থ শহর কলিকাতার কোন মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা ঐ আদালতে অর্পণ হইবেক ইতি।

৭ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে জরিপকরণিয়া কর্ম্মকারকের কার্য্যের তারিখের পূর্ব্বে এক বৎসরপর্য্যন্ত যে কোন ব্যক্তি বা ব্যক্তিরা প্রকৃতপ্রস্তাবে কোন খণ্ড ভূমির মালিকস্বরূপ দখল করিতেছে সেই ব্যক্তি তাহার মালিকের ন্যায় রেজিষ্টরী হইবেক এবং তাহার সঙ্গে বন্দোবস্ত হইবেক এবং অন্য সকল দাওয়াদার উপযুক্ত আদালতে আইন কি একটি পক্ষে আপন২ প্রতিকারের চেষ্টা করিতে পারে। কিন্তু জানা কর্ত্তব্য যে ঐ জরিপকরণিয়া কর্ম্মকারক এই ধারাক্রমে যে২ নিষ্পত্তি করেন তাহার বাবতে শ্রীশ্রীমতী মহারাণীর সুপ্রিম কোর্টে অথবা অন্য কোন আদালতে তাঁহার নামে নালিশ হইতে পারিবেক না ইতি।

৮ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে এই আইনের ১ ধারাতে যে এত্তেলা দেওনের হুকুম আছে তাহা দেওনের পর এবং জরিপকরণিয়া কর্ম্মকারকের উপযুক্ত অনুসন্ধানের পর যদি কোন খণ্ড ভূমির কোন দাওয়াদারকে না পাওয়া যায় তবে ঐ জরিপকরণিয়া কর্ম্মকারক উক্ত খণ্ড ভূমির উপর এক মাসপর্য্যন্ত একটা এত্তেলা লট্‌কাইবেন এবং যদি সেই সময়ের মধ্যে কোন দাওয়াদার উপস্থিত না হয় তবে সেই খণ্ড ভূমি সরকারের সম্পত্তিস্বরূপ রেজিষ্টরী হইবেক ইতি।

৯ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে যে সকল ভূমির এক্ষণকার ধার্য্যহওয়া টাক্সের কোন অনুসন্ধান না পাওয়া যায় অথবা যে সকল ভূমির উপর ইহার পূর্ব্বে কোন কর ধার্য্য হয় নাই তাহার বিঘাপ্রতি ৩৲ টাকা কর ধার্য্য হইবেক ইতি।

১০ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে জরিপকরণিয়া কর্ম্মকারক প্রত্যেক গতিকে আপনার কার্য্য সেই এলাকার রাজস্বের কমিস্যনর সাহেবের নিকটে দরপেশ করিবেন এবং তিনি তাহা সংশোধন ও মতান্তর করিতে পারেন্ এবং জরিপকরণিয়া কর্ম্মকারকের বন্দোবস্তে যাবৎ উক্ত কমিস্যনর সাহেবের সম্মতি না হয় তাবৎ তাহা বলবৎ হইবেক না এবং ঐ কমিস্যনর সাহেবের মঞ্জুরী চূড়ান্ত হইবেক ইতি।

১১ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে জরিপকরণিয়া কর্ম্মকারক এই আইনক্রমে যে কোন হুকুম করেন তাহার তারিখের পর এক মাসের মধ্যে ঐ এলাকার রাজস্বের কমিস্যনর সাহেবের নিকটে তাহার আপীল হইতে পারে এবং আপীলের প্রত্যেক মোকদ্দমায় ঐ কমিস্যনর সাহেবের নিষ্পত্তি চূড়ান্ত হইবেক ইতি।

১২ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে কোন মোকদ্দমায় ঐ এলাকার রাজস্বের কমিস্যনর সাহেবের চূড়ান্ত হুকুম হইলে পর ঐ হুকুমানুসারে যে ব্যক্তি বা ব্যক্তিরা বন্দোবস্ত করিতে ক্ষমতা পাইল তাহারদের সঙ্গে জরিপকরণিয়া কর্ম্মকারক বন্দোবস্ত করিতে পারেন এবং তাহারদিগকে পাট্টা দিতে পারেন এবং তাহারদের স্থানে কবুলিয়ৎ লইতে পারেন ইতি।

XIII. And it is hereby enacted, that whenever a settlement for any parcel of land has been concluded, every new right therein or to any part thereof whether acquired by inheritance, gift, purchase or otherwise shall be registered by the party or parties to whom such right shall have accrued within three months after such right shall have accrued, and all land, any new right wherein has not been registered, shall be liable to an assessment of Six Rupees per beegah until every new right therein shall have been registered.

XIV. And it is hereby enacted, that when a claim to hold land lakhiraj or free of assessment shall be set up, the Surveying Officer shall investigate the claim, and record his proceedings in the case, and report the same for the orders of the Commissioner of Revenue whose decision on the merits of such claim shall be final.

XV. And it is hereby enacted, that for the purpose of such investigation it shall be lawful for the Surveying Officer by writing under his hand, to summon any person whatsoever to attend as a witness at a time and place to be specified in such summons, and that every witness so duly summoned to attend as aforesaid, who shall not attend, or who attending shall refuse to give evidence on oath or solemn affirmation or declaration or to answer all such questions as the Surveying Officer may legally demand, shall be liable to be attached in the Supreme Court upon complaint made in like manner as if such witness had neglected to attend on any trial in such Supreme Court.

XVI. And it is hereby enacted, that any witness examined before such Surveying Officer shall be examined upon oath, which such Surveying Officer is hereby authorized to administer. Provided always that in all cases wherein a solemn declaration or affirmation would be allowed in Her Majesty's Courts of Judicature to be substituted for an oath the said Surveying Officer shall substitute such solemn declaration or affirmation for an oath.

XVII. And it is hereby enacted, that any witness wilfully and knowingly giving false testimony on oath or solemn declaration or affirmation before such Surveying Officer shall be deemed guilty of wilful and corrupt perjury.

XVIII. And it is hereby enacted, that lakhiraj tenures of which uninterrupted possession shall have been held exempt from assessment from the 12th August 1765 to the present time shall be valid; and that no other lakhiraj tenures shall be deemed valid unless the same shall be held under a grant from the British Government, which grant shall not have expired.

Ordered, that the Draft now be read be published for general information.

Ordered, that the said Draft re-considered at the first meeting of the Legislative Council of India after the 7th day of January next.

G. A. Bushby,
Secy. to the Govt. of India.

[*Government Gazette, 8th December*, 1846.]

১৩ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে কোন খাস ভূমির নিমিত্তে বন্দোবস্ত সিদ্ধ হইলে পর তাহাতে অথবা তাহার কোন অংশে উত্তরাধিকারিত্ব বা দান কি খরীদ অথবা প্রকারান্তরে যে কোন নূতন স্বত্ব অর্শে তাহা অর্শিবার পর তিন মাসের মধ্যে যে ব্যক্তির বা ব্যক্তিদের স্বত্ব হইয়াছে তাহারদের দ্বারা তাহা রেজিষ্টরী হইবেক এবং যে সকল ভূমির কোন নূতন স্বত্ব রেজিষ্টরী না হইয়াছে যাবৎ তাহা রেজিষ্টরী না হয় তাবৎ প্রত্যেক বিঘা ৬৲ টাকার হিসাবে করের যোগ্য হইবেক ইতি।

১৪ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে যখন লাখেরাজ ভূমি কোনরূপে ধার্য্যকরণের দাওয়া হয় তখন জরিপকরণিয়া কর্ম্মকারক ঐ দাওয়া তজবীজ করিবেন এবং সেই বিষয়ে তাঁহার কার্য্যের রিকার্ড করিবেন এবং রাজস্বের কমিস্যনর সাহেবের হুকুমের নিমিত্তে তাহার রিপোর্ট তথায় করিবেন এবং ঐ দাওয়ার সত্যাসত্যতার বিষয়ে কমিস্যনর সাহেব যে নিষ্পত্তি করেন তাহাই চূড়ান্ত হইবেক ইতি।

১৫ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে সেইরূপ তজবীজকরণের জন্যে জরিপকরণিয়া কর্ম্মকারক কোন ব্যক্তিকে সাক্ষিস্বরূপ তাঁহার নিকটে হাজির হইতে আপন লিখনের দ্বারা তলব করিতে পারেন এবং যে সময়ে ও যে স্থানে হাজির হইতে হইবেক তাহা ঐ তলবচিঠীতে লেখা থাকিবেক এবং যে প্রত্যেক সাক্ষী পূর্ব্বোক্তমতে রীত্যনুসারে সাক্ষি হওনের তলবচিঠী পাইয়া হাজির না হয় অথবা হাজির হইয়া শপথ অথবা সুকৃতি কি প্রতিজ্ঞাক্রমে সাক্ষ্য দিতে অথবা জরিপকরণিয়া কর্ম্মকারক আইনমতে যে সকল জিজ্ঞাসা করিতে পারেন তাহার উত্তর দিতে স্বীকার না করে সেই সাক্ষী সুপ্রিম কোর্টে কোন মোকদ্দমায় হাজির হইতে ত্রুটি করিলে যেরূপ হইত সেইরূপে সুপ্রিম কোর্টে তাহার বিষয়ে নালিশ হইলে কয়েদের যোগ্য হইবেক ইতি।

১৬ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে যদি কোন সাক্ষির ঐ জরিপকরণিয়া কর্ম্মকারকের সম্মুখে জোবানবন্দী দিতে হয় তবে সেই ব্যক্তির জোবানবন্দী শপথপূর্ব্বক লওয়া যাইবেক এবং ঐ জরিপকরণিয়া কর্ম্মকারকের সেইরূপ শপথ করাওণের ক্ষমতা ইহার দ্বারা দেওয়া গেল। কিন্তু জানা কর্ত্তব্য যে যে সকল গতিকে শ্রীশ্রীমতী মহারাণীর সুপ্রিম কোর্টে শপথের পরিবর্ত্তে প্রতিজ্ঞা অথবা সুকৃতি করণের অনুমতি হইতে পারে এইমত গতিকে ঐ জরিপাকরণিয়া কর্ম্মকারক শপথের পরিবর্ত্তে প্রতিজ্ঞা অথবা সুকৃতি করাইতে পারেন ইতি।

১৭ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে কোন সাক্ষী যদি ঐ জরিপকরণিয়া কর্ম্মকারকের সম্মুখে শপথ অথবা প্রতিজ্ঞা কি সুকৃতিক্রমে খামখা ও জানিয়া শুনিয়া মিথ্যা সাক্ষ্য দেয় তবে সেই সাক্ষী খামখা মিথ্যা শপথের অপরাধী জ্ঞান হইবেক ইতি।

১৮ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে যে লাখেরাজ ভূমির ১৭৬৫ সালের ১২ আগষ্ট তারিখ অবধি অবিচ্ছেদে অদ্যপর্য্যন্ত নিষ্কররূপে দখল হইয়া আসিতেছে তাহা মাতবর জ্ঞান হইবেক এবং অন্যান্য লাখেরাজ ভূমি যদি ব্রিটিশ গবর্ণমেণ্টের দানক্রমে ভোগ হইতেছে এবং ঐ দানের মিয়াদ অতীত না হইয়াছে তবে তাহা মাতবর জ্ঞান হইবেক নতুবা হইবেক না ইতি।

হুকুম হইল যে এক্ষণে পাঠকরা মুসাবিদা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

হুকুম হইল যে আগামি ৭ জানুআরি তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের যে প্রথম বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনরায় বিবেচনা করা যায়।

জি এ বুশবি
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

John C. Marshman, *Bengalee Translator.*

CIRCULAR ORDER OF THE SUDDER DEWANNY ADAWLUT.

No. 25.

To the Several Civil Authorities in the Lower Provinces.

The Courts of Sudder Dewanny Adawlut, for the Lower and North-Western Provinces, considering the principle of Construction No. 866, to be at variance with that of Construction No. 351, are pleased to rescind the former, and to notify such rescission accordingly.

W. KIRKPATRICK, *Deputy Register.*

Fort William, the 6th November, 1846.

সদর দেওয়ানী আদালতের সরক্যুলর অর্ডর।

২৫ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত প্রত্যেক দেওয়ানীর কার্য্যকারক বরাবরেষু।

বাঙ্গলাপ্রভৃতি দেশের ও উত্তর পশ্চিম প্রদেশের সদর দেওয়ানী আদালতের সাহেবেরা বিবেচনা করিয়াছেন যে ৮৬৬ নম্বরী আইনের অর্থের মূল নিয়ম ৩৫১ নম্বরী আইনের অর্থের মূল নিয়মের বিরুদ্ধ। অতএব তাঁহারা ৮৬৬ নম্বরী আইনের অর্থ রদ করিয়াছেন ও তাহা রদ হওনের বিষয় জানাইতেছেন।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৪৬। ৬ নবেম্বর।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

NOTIFICATION.

ORDER BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENT.

The 27th November, 1846.

Moulovie Mahomed Monaim, Moonsiff of Bazeetpore, to be Officiating Moonsiff of Madargunge, Zillah Mymensing.

B. J. COLVIN, *Offg. Register.*

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৪৬ সাল ২৭ নবেম্বর।

জিলা ময়মনসিংহের বাজিৎপুরের মুনসেফ শ্রীযুত মৌলবী মহম্মদ মনায়িম মাদরগঞ্জের একটিং মুনসেফ হইবেন।

বি জে কলবিন। একটিং রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৬ সাল ২৭ নবেম্বর।

নদীয়ার প্রধান সদর আমীন শ্রীযুত বাবু রামলোচন ঘোষকে গত সেপ্টেম্বর মাসের ৯ তারিখে যে ছুটী দেওয়া যায় তাহার অবশিষ্ট কাল বর্ত্তমান মাসের ১১ তারিখপর্য্যন্ত রহিত হইল ঐ তারিখে তিনি আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন।

বিজ্ঞাপন।

১৮৪৬ সাল ২৮ নবেম্বর।

মালদহের জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এফ বি কেম্প সাহেব (Mr. F. B. Kemp,) বর্ত্তমান মাসের ২০ তারিখে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন।

সদর দেওয়ানী ও নিজামৎ আদালতের রেজিষ্টর শ্রীযুত জে হকিন্স সাহেব (Mr. J. Hawkins,) বর্ত্তমান মাসের ২৭ তারিখে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে। এফ জে হালিডে।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS.

গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

LAND ADVERTISEMENTS.

ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

সুন্দরবনের কমিস্যনরের ইশ্‌তিহার।

সম্বাদ দেওয়া যাইতেছে যে সুন্দরবনের অন্তঃপাতি গবর্ণমেণ্টের সম্পত্তির নীচের লিখিত লাট ইঙ্গরেজী ১৮৪৬ সালের ৩১ ডিসেম্বর তারিখে মোং বাঙ্গলা সন ১২৫৩ সালের ১৭ পৌষ বৃহস্পতিবার বেলা দুই প্রহরের সময়ে আলীপুরে সুন্দরবনের কমিস্যনরের কাছারীতে নীলাম হইবেক। যে জন অতিউচ্চ মূল্য ডাকেন ও আপন ডাকের সমুদয় টাকা অবিলম্বে সুন্দরবনের কমিস্যনরের নিকটে দাখিল করেন সে জনের নামে পাট্টা করা যাইবেক ও গবর্ণমেণ্টের মঞ্জুরীক্রমে তাঁহাকে দেওয়া যাইবেক এবং সেই জন সর্ব্বপ্রকারে ঐ লাটের গ্রাহক হইবেন ও পাট্টার নিয়মেতে বদ্ধ হইবেন। আরো ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ঐ পাট্টার নিয়ম এবং ঐ লাটের বর্ত্তমান প্রকার ও তাহার আড়দীর্ঘ প্রকাশক নক্‌শা যে কেহ দেখিতে বা জানিতে চাহেন তিনি আপন কিম্বা লোকদ্বারা তাহা অবগত হইতে পারেন্। আর এই সকল বিষয় নীলামের সময়ে প্রকাশ হইবেক।

উমাকান্ত সেন। সুন্দরবনের কমিস্যনর।

লাট নং ৭১
ঐ নং ৮১
ঐ নং ৮৪

সুন্দরবনের কমিস্যনরের দপ্তরখানা। আলীপুর। ১৮৪৬। ৫ ডিসেম্বর।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৬। ৮ ডিসেম্বর।]

এত্তেলানামা কাছারী কালেক্টরী মধ্যম প্রদেশ জেলা কটক সমস্ত লোকদিগের জ্ঞাতার্থ কারণ সংবাদ দেওয়া যাতেছে ইঙ্গরেজী ১৮৪৫ সালের প্রথম আইনের ছয় ধারানুসারে কটক জেলার নীচের লিখিত মাহালের মধ্য হইতে কিঃ সাত আনা জালগুজারি নাগাএদ কিস্তী মাহ জুন সন ১৮৪৬ সাল মোতাবক ১২৫৩ সাল আমলী ষোলপণি বাকী সরকারের পাওনা আদায়ের কারণ বর্ত্তমান ১৮৪৬ সাল ডিসেম্বর মাহার ১৫ তারিখ মোতাবক সন ১২৫৪ সাল আমলী পৌষ মাহার ৩ তারিখ রোজ মঙ্গলবার এই জেলার কালেক্টরি কাছারীতে নিলামে বিক্রয় হইবেক ২৫ অবেম্বর সন ১৮৪৬ সাল।

শ্রেণীর নম্বর	মাহালের প্রকার	জিলার তৌজির লিখিত মাহালের নম্বর	মাহালের নাম	লিখিত মালিক	সদর জমা কোম্পানি	ইং সন ১৮৪৬ সালের জুন মাহার কিস্তির পাওনা টাকা	মন্তব্য কথা
		* ২৪ পরগনা।						
পাঙ্গা নেমক।	হাট	নারায়ণপুর বাহিরবুনি।	০	১,০৯৪।০	০	৫,৮৩৯/৫	৬৩,৯৩৭৷৷০	৭০,৮৭০৸৫
ঐ	ঐ	ঐ তফাল।	০	৭,৬০৮/	১৬/	১,৫১,৭৯২/	২,৬৭,৫৬১৷৷০	৪,২৬,৯৭৭৷৷০
ঐ	ঐ	বালিয়াঘাটা।	০	০	০	০	০	০
ঐ	ঐ	বেঁওতা।	০	০	০	০	০	০
ঐ	ঐ	গোরুদা।	০	০	০	০	৫৫৬৸৭	৫৫৬৸৭
ঐ	ঐ	ডাইমণ্ডহারবর।	০	০	০	১৯,৯৫৩/	৬৩,২৫৩/	৮৩,২০৬/
ঐ	ঐ	বাগণ্ডী।	০	০	০	১,৫৬৫/	৭১,৫২৪/	৭৩,১৫২/
ঐ	ঐ	শ্রীযুত প্রিন্সেপ সাহেবের ১ পহিলা রকম।	০	০	০	০	০	০

* নারায়ণপুর মিশ্রিত নেমক সন ১২৫৩ সাল ২৫৮২/ মোন

মৌজুদ নমক বিঃ গত ইষ্টেটমেণ্ট।

এজেন্সীর নাম।	সন ১২৪৮ সাল মতাবকে ইং ১৮৪১। ৪২ সাল	সন ১২৪৯ সাল মতাবকে ইং ১৮৪২। ৪৩ সাল	সন ১২৫০ সাল মতাবকে ইং ১৮৪৩। ৪৪ সাল	সন ১২৫১ সাল মতাবকে ইং ১৮৪৪। ৪৫ সাল	সন ১২৫২ সাল মতাবকে ইং ১৮৪৫। ৪৬ সাল	মৌজুদ নমকের একুন
পাঙ্গা নেমক। ঘাট। শ্রীযুত প্রিন্সেপ সাহেবের মিশ্রিত।	০	০	৪,৬২৮।০	৬,৫২৬॥০	৪,৭৫৫/	১৫,৯০৯৸০
ঐ ঐ মিশ্রিত পাঙ্গা।	০	০	০	০	০	৫৫৪/
ঐ ঐ মিশ্রিত ইংলিস	০	০	০	০	০	৫,৫৭৩/
একুন।	০	৮,৭০২।০	৪,৬৪৪।০	১,৮৫,৬৭৫॥৫	৪,৭১,৬৫৭৸৭	৬,৭৬,৮০৭/২
চট্টগ্রাম।						
পাঙ্গা নেমক। ঘাট নেজামপুর ডোমখালি।	০	০	১,৭০,০৫৮৸৫	১,৭৩,০৭৩৸০	০	৩,৪৩,১৩২॥৫
ঐ ঐ সদর ঘাট।	০	০	০	০	৪,৮৪,৭৭৪।০৸	৪,৮৪,৭৭৪।০৸
ঐ ঐ আরাকিন।	০	০	০	১,৬০,৫২৭।৬	২,০৩,৬৬৯।০	৩,৬৪,১২৬॥৬
ভুলুয়া পাঙ্গা ঘাট কাঁকড়া আরাকিন।	০	০	০	০	১,২৭,৫২৪৸০	১,২৭,৫২৪৸০
একুন।	০	০	১,৭০,০৫৮৸৫	৩,৩৩,৬০১/৬	৮,১৫,৯৬৮।০৸	১৩,১২,৬২৮।১৸
শালিখা।						
পাঙ্গা নেমক। কটক।	০	০	১,৪৭,৪১৭৸০	২,৮৫,৮০৫॥০	২২৯/	৪,৩৩,৪৫২।০
ঐ বালেশ্বর।	০	১,৬৯,৪২৫/৭	৩,১৬,৩২৯/	৩,০৪,৪১২৸৫	৫০,৬১৪॥০	৮,৪০,৭৮১॥২
ঐ খোরদা।	০	০	০	৭২,০২১৸৩	০	৭২,০২১৸৩
ঐ চিলকা।	৩৫,৪৫৩/	৮৮,১৬৬/	১'২৪,২৪৮/	১,২৮,২৮০॥০	০	৩,৭২,১৪৭॥০
করকচ নেমক। * মান্দ্রাজ পরমিট। পহিলা রকম।	০	০	১,১৪,৬৫২॥০	৮৪,৪৭০/	১,১০,৫০৩/	৩,০৯,৬২৫॥০
ঐ ঐ ২ দোসরা রকম।	০	২,২৪,৬৫২॥২	২,৫৫,০১৮৸০	২,৫৫,৩৯৫৸০	৭৭,৭০৮/	৮,১২,৭৭৫/২
ঐ ঐ ৩ তেসরা রকম।	০	০	২,৪১৮॥০	০	০	২,৪১৮॥০
মিশ্রিত পাঙ্গা।	০	০	০	০	০	১৬,৫২৬॥৭
ক্রোকী করকচ।	০	০	০	০	১৪।৯	১৪।৯
ক্রোকী সৈন্ধব।	০	০	০	০	০	০
ক্রোকী নমক।	০	০	০	০	৬॥০॥	৬॥০॥
একুন।	৩৫,৪৫৩/	৪,৮২,২৪৩॥৯	৯,৬৭,০৮৪॥০	১১,৩০,৩৮৬।৮	২,৩৯,০৭৫।৯॥	২৮,৭০,৭৬৯৸৩॥
মোট একুন।	৪,৫৫,৫৩৮/	১২,১৭,০৬২।৯	১৮,৫১,৮২৫।৫	২৪,৫০,৫৬৩।৫	২৭,৯৬,২০৩/২।	৮৭,৯৩,৯১৬॥৭

* আমদানি সন ১৮৪৬। ৪৭ সাল ২ রকম ২২৪০/ মোন

এচ টরেন্স। সেক্রেটারী।

LAND ADVERTISEMENTS.

ভূমিবিষয়ক ইশতিহার।

ইতালানামা কাছারী কালেক্টরী কিঃ মধ্যম জেলা কটক সকল লোকের জ্ঞাতার্থে সম্বাদ দেওয়া যাইতেছে।

সন ১৮৪৫ মসিহা প্রথম আইনের ৬ ধারানুসার নির্ণয় লিখিত মাহাল লাৎ কিস্তী জুন সন ১৮৪৬ সাল মোৎ সন ১২৫৩ সাল সরকারের মোলপনি মালগুজারি বাকী আদায় জন্য সন ১৮৪৬ মসিহা ২৯ ডিসেম্বর তারিখ মোঃ সন ১২৫৪ সাল ১৭ মাহ পৌষ রোজ মঙ্গলবার উক্ত কালেক্টরি কাছারিতে বিনাওজর ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রী হইবেক সন ১৮৪৬ সাল ৪ তারিখ ডিসেম্বর মোতাবক সন ১২৫৪ সাল ২১ অগ্রহায়ণ রোজ শুক্রবার।

নং লাট	নম্বর তৌজী	নাম মাহাল	নাম মালিক আরাজী	সদর জমা সন ১৮৪৬ মসিহা	নাম পরগনা	তায়দাদী মিলকিয়ত যাহা বিক্রী হইবেক	সন ১৮৪৬ সাল লাৎ কিস্তী জুন পাওনা টাকা
১	৯৭৯	তাৎ নারায়ণপুর	মহারাজা পদ্মনাভ দেউ	৪৮৭৬৸৫	পৎ কলামাটীয়া	হকিয়ত সরকারি মোৎ কলামাটীয়া শামিল তাৎ নারায়ণপুর পৎ কলামাটীয়া দরোবস্ত মেজার মফস্বলি জমা কোম্পানি ২৭০॥/১১ পাই জগবন্ধু বলিয়ার রায় নামে লেখা যাইতেছে উক্ত বলিয়ার রায় মালজামিনদার মধু পালটা সিংহ ও বশানন্দ বলিয়ার সিংহ মুস্তাজরান খামার মৌঃ অণ্ডরা শামিল তাঃ নারায়ণপুর পৎ কলামাটীয়া মাহাল তাবে কোর্ট অফ ওয়ার্ডস।	২৮২॥৩

M. S. Gilmore, *Collector.*

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, DECEMBER 22, 1846.

কলিকাতা মঙ্গলবার ১৮৪৬ সাল ২২ ডিসেম্বর।

CIRCULAR ORDERS OF THE ACCOUNTANT GENERAL.

No. 715A.

To the Collectors of Land Revenue.

Government having, under date the 15th April last, been pleased to prescribe, with a view to prevent accumulations of Balances on account of Stamp Fees recoverable in Pauper suits decided by the Civil Courts of your district, that the recoveries on that account should be made by you through the intervention of the Government Vakeel, and that you should render to the Board of Customs, Salt and Opium, through the Revenue Commissioner, an Annual Statement of the Demand, Collections and Balances, on account of Stamp Fees, I have the honor, to acquaint you, that at the requisition of the Board, I furnished them on the 6th May last with a Form of Statement to be adopted by you in regard to the Stamp Fees to be recovered in your district (which Form has already been circulated by them) and I request, that in bringing to credit the recoveries in your Treasury Accounts you will be pleased to enter them separately under the Head of "Superintendent of Stamps" in the manner shewn in the Margin* taking care that the Collections as per your Treasury Accounts invariably correspond with those shewn in your 'Annual Returns,' the results of which are to be eventually checked in this Department.

2d. As the Government has also been pleased to authorize a Commission to be paid to the Government Pleaders for the realizations made by them on account of the above Fees, I have the honor to request, that you will have the goodness to include all disbursements of the above descrip-

* "Amount of Stamp Fees recovered from Suitors in Forma Pauperis"

Rs. 0 0 0.

[*Government Gazette*, 22d *December*, 1846.]

আক্কৌণ্টেণ্ট জেনরল সাহেবের সরক্যুলর অর্ডর।

৭১৫A নম্বর।

ভূমির রাজস্বের শ্রীযুত কালেক্টর সাহেব বরাবরেষু। তোমার জিলার দেওয়ানী আদালতে নিষ্পত্তিহওয়া পাপরের মোকদ্দমায় ইষ্টাম্পের যে রসুম উসুল করিতে হয় তাহার ফাজিলের বাহুল্য না হয় এই অভিপ্রায়ে গবর্ণমেণ্ট গত আপ্রিল মাসের ১৫ তারিখে হুকুম করিয়াছিলেন যে সেই প্রকার সকল টাকা সরকারী উকীলের দ্বারা তুমি আপনি উসুল কর এবং ইষ্টাম্পের রসুমের বিষয়ি সকল দাওয়া ও আদায় হওয়া ও বাকী টাকার এক বার্ষিক কৈফিয়ৎ রাজস্বের কমিস্যনর সাহেবের দ্বারা হাসিল ও নিমক ও আফীনের বোর্ডের নিকটে পাঠাও। অতএব তোমাকে জানাইতেছি যে তোমার জিলার ইষ্টাম্পের যে রসুম উসুল করিতে হইবেক তাহার বিষয়ে তোমার ব্যবহার করিবার জন্যে এক কৈফিয়তের পাঠ বোর্ডের হুকুমক্রমে গত মে মাসের ৬তারিখে তাঁহারদিগের নিকটে অর্পণ করিলাম। সেই পাঠ তাঁহারা বিলি করিয়া দিয়াছেন এবং আমি এক্ষণে আদেশ করিতেছি যে তোমার খাজানাখানার হিসাবে ঐ উসুলহওয়া টাকা জমা করণের সময়ে তুমি নীচের লিখিতমতে * "ইষ্টাম্পের সুপরিণ্টেণ্ডেণ্ট" এই শিরোভাগের নীচে তাহা স্বতন্ত্র লেখ। এবং এই বিষয়ে সাবধান হইবা যে তোমার খাজানাখানার হিসাবের বহীতে যে সকল টাকা জমা হয় তাহা নিয়ত তোমার বার্ষিক কৈফিয়তের লিখিত সংখ্যার সঙ্গে মিলে। ঐ বার্ষিক কৈফিয়ৎ এই সিরিশ্‌তায় পরিশেষে মোকাবিলা করা যাইবেক।

২। আর সরকারী উকীল উক্ত রসুমের যত টাকা উসুল করেন্ তাহার উপর তাঁহাকে কমিস্যন দিতে গবর্ণমেণ্ট হুকুম করিয়াছেন অতএব আদেশ করিতেছি যে উক্ত প্রকার সকল ব্যয়ে কমিস্যনর সাহেবের দস্তখৎ হইলে তাহা তোমার বাজেখরচের বিলের মধ্যে লেখ এবং সিবিল আডিটর সাহেব তাহা মঞ্জুর করিলে পর

* "পাপরের মোকদ্দমায় ফরিয়াদী বা আসামীর স্থানে প্রাপ্ত ইষ্টাম্পের রসুম।"

কোং ০০০০ টাকা।

tion, when duly countersigned by the Commissioner in your Contingent Bills, and, after Audit by the Civil Auditor to charge the same in your Treasury Account under the Head of "Superintendent of Stamps" supporting the debits with the Audited Bills.

(Signed) R. WALKER,
Accountant to the Government of Bengal.

Fort William, Accountant's Office,
Revenue Department,
The 24th November, 1846.

No. 716.

To the Collectors of Land Revenue.

I have the honor to forward herewith for your information and guidance Copy of a Memorandum received by me from the Deputy Accountant General to the Government of India together with the set of rules which accompanied it, on the subject of the calculation of Anticipation Interest on Subscriptions to Loans.

(Signed) R. WALKER,
Accountant to Govt. of Bengal.

Fort William, Accountant's Office,
Revenue Department,
The 5th December, 1846.

No. 874.

Memorandum for the Revenue Branch of the Office of Accounts.

Considerable misapprehension prevailing, as to the manner in which broken Interest should be computed, on subscriptions to the 5 per cent Loan now open, with reference to clause 7 of the advertisement of the 31st March, 1841—republished in the *Gazette* of the 5th October last, the Deputy Accountant General to the Government of India has deemed it expodient to frame a set of Rules on this Account, drawn up in conformity with the practice which prevails at the General Treasury, and requests that the Accountant to the Government of Bengal will have the goodness to circulate the same for the information and guidance of all Officers in charge of Public Treasuries under the Bengal Government.

(Signed) R. WALKER,
Deputy Accountant General to the Govt. of India.

Fort William, the 21st November, 1846.

Rules for the calculation of Anticipation Interest on Subscriptions to Loans.

Interest to be calculated by the month; each month to be taken as $\frac{1}{12}$th of a year and to consist of 30 days or parts.

In cases where it may be necessary to calculate interest on the fractional parts of a month of 31 days, the extra day to be struck out.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৬। ২২ ডিসেম্বর।]

"ইষ্টাম্পের সুপরিণ্টেণ্ডেণ্ট" এই শিরোভাগের নিম্নে তোমার খাজানাখানার হিসাবের বহীতে তাহার খরচ লেখ এবং ঐ মঞ্জুরহওয়া বিলের দ্বারা সেই খরচের পোষকতা কর।

আর ওয়াকর।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের আকৈকৌণ্টেণ্ট।

ফোর্ট উলিয়ম। আকৈকৌণ্টেণ্ট সাহেবের দপ্তরখানা।
রেবিনিউ ডিপার্টমেণ্ট।
১৮৪৬। ২৪ নবেম্বর।

---

৭১৬ নম্বর।

ভূমির রাজস্বের শ্রীযুত কালেক্টর সাহেব বরাবরেষু।

কোম্পানির কর্জে যে২ টাকা অর্পণ হয় তাহার আগাম সুদের হিসাবকরণের বিষয়ে ভারতবর্ষের গবর্ণমেণ্টের ডেপুটী আকৈকৌণ্টেণ্ট জেনরল সাহেব যে লিপি আমার নিকটে পাঠান্ এবং তাহার সঙ্গে যে২ নিয়ম প্রেরিত হয় তাহার এক নকল তোমার বিজ্ঞাপন ও উপদেশের নিমিত্তে তোমার নিকটে পাঠাইতেছি।

আর ওয়াকর।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের আকৈকৌণ্টেণ্ট।

ফোর্ট উলিয়ম। আকৈকৌণ্টেণ্ট সাহেবের দপ্তরখানা।
রেবিনিউ ডিপার্টমেণ্টে।
১৮৪৬। ৫ ডিসেম্বর।

৮৭৪ নম্বর।

হিসাবের সিরিশ্তার রাজস্বের দপ্তরের জন্যে লিপি।

শতকরা ৫৲ টাকার যে লোন অর্থাৎ কর্জ এক্ষণে খোলা আছে তাহাতে অর্পিত টাকার ভাঙ্গা দিনের সুদ যেরূপে হিসাব করিতে হইবেক তদ্বিষয়ে অনেক ভ্রম থাকাতে ১৮৪১ সালের ৩১ মার্চ তারিখের ইশ্তিহারের যে ৭ প্রকরণ গত অক্টোবর মাসের ৫ তারিখের গেজেটে পুনরায় প্রকাশ হয় তাহার উপলক্ষে ভারতবর্ষের গবর্ণমেণ্টের ডেপুটী আকৈকৌণ্টেণ্ট জেনরল সাহেব জেনরল ট্রেজুরীতে যে ব্যবহার চলিতেছে তাহার অনুযায়ি এই বিষয়ের এক প্রস্থ বিধি প্রস্তুত করিতে উচিত বোধ করিয়াছেন এবং তিনি আদেশ করিতেছেন যে বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের আকৈকৌণ্টেণ্ট সাহেব বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের অধীন সরকারী খাজানাখানার ভারপ্রাপ্ত সকল কার্য্যকারকের বিজ্ঞাপন ও উপদেশের নিমিত্তে তাহার নকল তাঁহারদের নিকটে পাঠান্।

আর ওয়াকর।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের ডেপুটী আকৈকৌণ্টেণ্ট জেনরল।

ফোর্ট উলিয়ম। ১৮৪৬। ২১ নবেম্বর।

সরকারী কর্জে অর্পিত টাকার আগাম সুদ হিসাবকরণের বিষয়ি লিখি।

সুদ মাসানুসারে হিসাব হইবেক। প্রতিমাস ১২সরের দ্বাদশাংশের এক অংশ এবং ৩০ দিনে কি ভাগে বিভক্ত আছে এমত জ্ঞান করিতে হইবেক।

যে গতিকে ৩১ দিনের মাসের ভগ্ন দিনের সুদ হিসাব করিতে হয় সেই গতিকে মাসের কেবল ৩০ দিন গণ্য হইবেক।

Application of above Rule to present 5 per cent Loan of 1841-42, on which the ½ yearly Interest falls due on the 31st December, and 30th June of each year.

A person subscribing on the 27th October, 1846, will be entitled to Anticipation Interest from 27th October to 30th December, 1846, inclusive or for 2 months and 3 days, thus:

From 27th October to 26th December, 1846. 2 months or $\frac{2}{12}$th of a year.

„ 27th December to 30th December, 3 days or $\frac{3}{30}$ths of $\frac{1}{12}$th (December, having 31 days—one day is omitted).

A person subscribing to the Loan on the 29th of December will be entitled to only one day's Anticipation Interest, on the 30th he will not be entitled to any.

In the half year ending with the 30th June there will be no deduction on this Account—June having only 30 days.

(Signed) R. WALKER,
Deputy Accountant General to the Govt. of India.

(True Copies)
(Signed) R. WALKER,
Accountant to Govt. of Bengal.

No. 717.

To the Abkaree Superintendents of the 1st and 2nd Divisions.

It appearing from the Accounts of several Abkaree Superintendents lately received that deposit items of recent date have been transferred by them to the credit of Government under the head of "Profit and Loss," contrary to existing rules on the subject, and as it does not appear that the Orders of Government and Circulars of this Office bearing on the case, have yet been communicated to you, I have caused copies of the same to be forthwith prepared, and I now have the honour to transmit them herewith, for your information and guidance.

(Signed) R. WALKER,
Accountant to the Govt. of Bengal.

Fort William, Accountant's Office,
Revenue Department,
The 9th December, 1846.

Circular No. 434, dated the 18th August, 1832.

To the Collectors of Land Revenue.

1st. Government having been pleased under orders, in the Judicial Department, dated 24th ultimo, to direct as a general rule, that all unclaimed deposits in the Judicial and Revenue Accounts, of seven years' standing,* shall be carried to the credit of Government under the head of "Profit and Loss," and that sums thus removed from the head of "Deposits" to that of "Profit and Loss," shall

* Twenty years have been substituted for seven. See Circular No. 567, of 30th December, 1837.

[*Government Gazette, 22d December*, 1846.]

১৮৪১। ৪২ সালের শতকরা ৫৲ টাকা সুদের যে কর্জে ষাণ্মাসিক সুদ প্রতিবৎসরের ৩১ ডিসেম্বর তারিখে ও ৩০ জুন তারিখে পাওনা হয় সেই কর্জের বিষয়ে উক্ত বিধি খাটাওনের উদাহরণ।

যে ব্যক্তি ১৮৪৬ সালের ২৭ অক্টোবর তারিখে টাকা সেই কর্জে অর্পণ করেন তিনি ১৮৪৬ সালের ২৭ অক্টোবরঅবধি ৩০ ডিসেম্বরপর্য্যন্ত অর্থাৎ দুই মাস তিন দিনের আগাম সুদ এই প্রকারে পাইতে পারেন। অর্থাৎ

১৮৪৬ সালের ২৭ অক্টোবরঅবধি ২৬ ডিসেম্বরপর্য্যন্ত দুই মাস কিম্বা বৎসরের বারো অংশের দুই অংশ।

২৭ ডিসেম্বরঅবধি ৩০ ডিসেম্বরপর্য্যন্ত ৩ দিন অর্থাৎ বারো মাসের এক মাসের দশমাংশ। (ডিসেম্বর মাসের ৩১ দিন হওয়াতে এক দিন ছাড়া গেল।)

যে ব্যক্তি ডিসেম্বর মাসের ২৯ তারিখে ঐ কর্জে টাকা অর্পণ করেন তিনি ঐ মাসের কেবল এক দিনের আগাম সুদ পাইতে পারেন। ৩০ তারিখে টাকা অর্পণ করিলে আগাম কিছু সুদ পাইবেন না।

জুন মাসে কেবল ৩০ দিন আছে অতএব সে ছয় মাস ৩০ জুন তারিখে শেষ হয় সেই ছয় মাসে এই বাবতে কিছু বাদ দেওয়া যাইবেক না।

আর ওয়াকর।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের ডেপুটী আকৌণ্টেণ্ট জেনরল।

(যথার্থ নকল।)
আর ওয়াকর।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের আকৌণ্টেণ্ট।

---

৭১৭ নম্বর।

প্রথম ও দ্বিতীয় ভাগের আবকারীর শ্রীযুত সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব বরাবরেষু।

কএক জন আবকারীর সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের স্থানে সম্প্রতি আবকারীর যে হিসাব পাওয়া গিয়াছে তাহার দ্বারা দৃষ্ট হইতেছে যে ইহার অল্প কাল পূর্ব্বের আমানৎহওয়া টাকার বিষয়ে যে বিধান চলন আছে তাহার বিরুদ্ধে ঐ আমানতী টাকা "লাভনোকসানের" খাতায় সরকারের নামে জমা হইয়াছে। আরো বোধ হইতেছে যে তৎসম্পর্কে গবর্ণমেণ্টের হুকুম এবং এই সিরিশ্‌তার সরক্যুলর অর্ডর তোমাকে জানান যায় নাই অতএব তাহার নকল অগৌণে প্রস্তুত করাইয়াছি এবং তাহা তোমার বিজ্ঞাপন ও উপদেশের নিমিত্তে তোমার নিকটে এক্ষণে পাঠাইতেছি।

আর ওয়াকর।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের আকৌণ্টেণ্ট।

ফোর্ট উলিয়ম। আকৌণ্টেণ্ট সাহেবের দপ্তরখানা।
রেবিনিউ ডিপার্টমেণ্ট।
১৮৪৬। ৯ ডিসেম্বর।

১৮৩২ সালের ১৮ আগষ্ট তারিখের ৪৩৪ নম্বরী সরক্যুলর অর্ডর।

ভূমির রাজস্বের শ্রীযুত কালেক্টর সাহেব বরাবরেষু।

১। গত মাসের ২৪ তারিখের জুডিসিয়ল ডিপার্টমেণ্টে প্রকাশিত হুকুমের দ্বারা গবর্ণমেণ্ট এই সাধারণ নিয়ম করিলেন যে আদালত ও রাজস্ব সম্পর্কীয় হিসাবে যে আমানতী টাকার বিষয়ে সাত বৎসরপর্য্যন্ত কেহ দাওয়া করে নাই তাহা "লাভনোকসানের" খাতায় সরকারের নামে জমা হয় এবং যে সকল টাকা এইমতে "আমানতের" খাতাহইতে খারিজ হইয়া "লাভনোকসানের" খাতায় দাখিল হয় তাহা রীতিমত প্রাপ্ত

সাত বৎসরের পরিবর্ত্তে বিশ বৎসর নির্দ্দিষ্ট হইয়াছে। ১৮৩৭ সালের ৩০ ডিসেম্বর তারিখের ৫৬৭ নম্বরী সরক্যুলর অর্ডর দেখ।

not be repaid without the sanction of Government obtained in the usual form, I have the honour to request, with reference to the account particulars of the balance of deposits due to individuals from your Treasury on the 30th April last, that you will transfer in your accounts from the head of "Deposits" to that of "Profit and Loss," all deposits that have continued unclaimed in your Treasury for seven years and upwards.

2nd. In making the transfer in question, you will be good enough to charge the "Deposit" head with the several transferable items in detail, indicating for each the Treasury or Cash Account in which the corresponding credit is to be found, the numbers and dates of the receipt, the name of the depositor or the estate, or purpose for which the original Deposit was made, and the amount transferred; you will also credit the several items thus charged in similar detail under the head of "Profit and Loss."

3rd. You are requested to bear in mind that only such items are to be transferred from the head of "Deposits" to that of "Profit and Loss," as you may be satisfied by references to the credits originally afforded under the first mentioned head, were real transactions, regularly brought upon the accounts at the time of their occurrence.

4th. Although the period of seven years has been adopted upon my recommendation, Government have left the term open to further adjustment, should it hereafter be found to be inconveniently short. You are therefore requested to urge any objections you may entertain as to the period, or even as to the propriety of transferring any particular items standing in the position noticed in the 1st Paragraph, previously to making transfer of them.

5th. In making transfers you will be pleased to favour me with a detailed list, particularizing the items transferred, adding any remarks which you may deem necessary relative to their having continued long unclaimed, and to the probability or otherwise of their being demanded hereafter.

6th. Charges which may be subsequently entered in your account under "Profit and Loss," on account of repayments of claims sanctioned by Government, must, previous to being exhibited in the body of your accounts, be audited in the Bills submitted for that purpose, and the debit entry should in all such cases contain a reference to the credit afforded under that head, agreeably to the present instructions.

7th. The object of the transfers now authorized being to lighten the Mofussil Deposit Accounts of numerous items, principally of small amount and of long standing, which are constantly brought forward from year to year, and which encumber the accounts without any advantage, I trust that the

গবর্ণমেণ্টের অনুমতিবিনা ফিরিয়া দেওয়া না যায়। অতএব গত ৩০ আপ্রিল তারিখে নানা ব্যক্তির যে আমানতীর অবশিষ্ট টাকা তোমার খাজানাখানাহইতে পাওনা ছিল তাহার হিসাবের বিবরণের উপলক্ষে তোমাকে আদেশ করিতেছি যে তোমার খাজানাখানায় যে সকল আমানতী টাকার সাত বৎসরপর্য্যন্ত এবং তাহাহইতে অধিক কালপর্য্যন্ত দাওয়া হয় নাই তাহা তোমার হিসাবে "আমানতের" খাতাহইতে খারিজ করিয়া "লাভনোকসানের" খাতায় দাখিল কর।

২। সেইরূপ খারিজদাখিল করণের সময়ে এরূপ নানা টাকার বেওরা "আমানতের" খাতায় খরচ লিখিবা এবং প্রত্যেক গতিকে যে খাজানাখানার অথবা নগদ টাকার হিসাবে তাহার জমা পাওয়া যায় তাহা এবং টাকা আমানৎ হওনের নম্বর ও তারিখ এবং আমানৎকারি ব্যক্তি অথবা ইষ্টেটের নাম কি যে নিমিত্তে আসল আমানৎ হইয়াছিল এবং যত টাকা খারিজদাখিল হইতেছে তাহা নির্দ্দিষ্ট করিবা। এবং যে নানা টাকার এইরূপে খরচ লেখা যায় তাহার বেওরাসমেত "লাভনোকসানের" খাতায় জমা কর।

৩। তোমার স্মরণে রাখিতে হইবেক যে আমানতের খাতায় আসল জমাহওয়া টাকা সৃষ্টি করিয়া যে২ টাকা প্রকৃতপ্রস্তাবে জমা হইয়াছে এবং কার্য্য হওনের সময়ে নিয়মমত হিসাবে তোলা গিয়াছিল কেবল সেইপ্রকার টাকা "আমানতের" খাতাহইতে খারিজ হইয়া "লাভনোকসানের" খাতায় দাখিল হইবেক।

৪। যদ্যপি এই সাত বৎসর মিয়াদ আমার পরামর্শক্রমে ধার্য্য হইয়াছে তথাপি গবর্ণমেণ্ট এই অনুমতি দিয়াছেন যে ইহার পর যদ্যপি সেই মিয়াদ এইমত অল্প বোধ হয় যে তাহাতে ক্লেশ জন্মে তবে সেই মিয়াদ বাড়ান যাইতে পারে। অতএব সেই মিয়াদের বিষয়ে যদ্যপি তোমার কোন আপত্তি থাকে অথবা খারিজদাখিল করণের পূর্ব্বে প্রথম দফার নির্দ্দিষ্ট প্রকার কোন বিশেষ টাকার খারিজদাখিল করা উপযুক্ত কি না এই বিষয়ে যদি কোন সন্দেহ থাকে তবে তাহা জানাইতে তোমার প্রতি হুকুম হইতেছে।

৫। এইরূপ খারিজদাখিল করণের সময়ে তুমি তাহার এক বেওরাযুক্ত তালিকা আমাকে জানাইবা এবং খারিজহওয়া টাকার সকল বিবরণ তাহাতে থাকিবেক। ঐ টাকার বহু কালাবধি দাওয়া না হওনের বিষয়ে এবং কস্মিন কালে তাহার দাওয়া হওনের সম্ভাবনার বিষয়ে তোমার যদি কিছু মন্তব্য কথা থাকে তাহা আমাকে জানাইবা।

৬। যে দাওয়ার টাকা ফিরিয়া দিতে গবর্ণমেণ্ট অনুমতি করেন তাহার বিল আডিট আফিসে মঞ্জুর না হওয়াপর্য্যন্ত তোমার হিসাবে "লাভনোকসানের" খাতায় লেখা যাইবেক না এবং এই সকল গতিকে সেই খাতায় যে জমা লেখা গিয়াছিল এই বিধানানুসারে সেই জমার বিবরণ খরচের দিগে লিখিতে হইবেক।

৭। যে খারিজদাখিল করণের বিষয়ে এক্ষণে হুকুম হইতেছে তাহার অভিপ্রায় এই যে মফঃসলের আমানতের হিসাবে যে বহুসংখ্যক বিষয় বৎসরে২ নিত্য হিসাবে লেখা যাইতেছে অথচ যদ্দ্বারা নিষ্ফলরূপে হিসাবের বাহুল্য হইতেছে তাহা উঠান যায় সেই বিষয় সকল প্রায় অল্প টাকার এবং বহু কালের। অতএব আমার ভরসা হইতেছে যে এই হুকুমের দ্বারা হিসাব প্রস্তুত করণের

present order will have the effect of both abridging the labour of preparation, and enabling you to expedite the transmission of the Annual Returns required from your Office.

(Signed) J. A. Dorin, *A. R. D.*

Circular No. 533, dated the 21st of March, 1836.

To the Collectors of Land Revenue.

1st. With reference to a correspondence between the Sudder Board of Revenue and this Office on the subject of the repayment of unclaimed Deposits of seven years' standing and upwards, which may have transferred to "Profit and Loss" under the rules contained in the Circular of this Department, dated 18th August, 1832, No. 434—I have the honor to request, that henceforward you will submit all applications for the refund of such Deposits to the Commissioner of your Division, accompanying the same with a report as to the fact of the amount having been carried to the credit of Government, and not having been subsequently repaid.

2nd. The Commissioner will, after considering the application, transmit it to the Accountant, with the view to the Accountant's checking the same, and reporting to the Commissioner whether the amount applied for be at credit, or otherwise in his Registers, to enable him to pass his final orders on the case.*

3rd. All repayments of Deposits carried to the credit of "Profit and Loss" are subject to Audit previous to debit, as expressed in the 6th Paragraph of the Circular of 18th August, 1832,† above cited, you will therefore have the goodness to retain the same in your Inefficient Balance, until they shall have been passed in separate Bills by the Civil Auditor, to whom a copy of the Commissioner's authority and of the Accountant's letter to that officer certifying non-repayment is to be forwarded with the Bill.

4th. To guard against the possibility of any overpayments on this account, you are requested to cause a Register of the accompanying form to be kept in your Office, recording therein all Deposits of seven years' standing and upwards which may have, or may hereafter be, carried to the credit of Government on the one hand, and per contra the several disbursements, which may have been, or may hereafter be authorized on the same account; a similar Register has been opened in this Office.

5th. For your further information and guidance on the subject, I have the honor to annex copy of the orders of the Government of Bengal of the 9th Ultimo, in pursuance of which the present instructions are issued.

(Signed) J. A. Dorin, *A. R. D.*

---

* 1st and 2nd Paras. modified by Circular No. 609, of 26th June, 1840.

† Circular No. 434.

[*Government Gazette*, 22*d December*, 1846.]

পরিশ্রম লাঘব হইবেক এবং তোমার দপ্তরহইতে যে২ মাসিক কৈফিৎ পাঠাইতে হয় তাহা শীঘ্র পাঠাইতে পারিবা।

জে এ ডোরিন।
আক্কৌণ্টেণ্ট রেবিনিউ ডিপার্টমেণ্ট।

১৮৩৬ সালের ২১ মার্চ তারিখের ৫৩৩ নম্বরী সরক্যুলর অর্ডর।

ভূমির রাজস্বের শ্রীযুত কালেক্টর সাহেব বরাবরেষু।

১। ১৮৩২ সালের ১৮ আগষ্ট তারিখের ৪৩৪ নম্বরী এই সিরিশ্তার সরক্যুলর অর্ডরের বিধির অনুসারে সাত বৎসরের এবং তাহার উর্দ্ধ কালের দাওয়া না হওয়া যে আমানতী টাকা খারিজ হইয়া "লাভনোকসানের" খাতায় দাখিল হইয়াছে তাহা ফিরিয়া দেওনের বিষয়ে সদর বোর্ড রেবিনিউর এবং এই সিরিশ্তার লিখনপঠন হইয়াছে তাহার উপলক্ষে তোমাকে আদেশ করিতেছি যে ঐরূপ আমানতী টাকা ফিরিয়া দেওনের বিষয়ে যে সকল দরখাস্ত হয় তাহা তোমার এলাকার কমিস্যনর সাহেবের প্রতি অর্পণ কর। অর্পণের সময়ে ঐ টাকা সরকারের নামে নিতান্ত যে জমা হইয়াছে এবং তৎপরে ফিরিয়া দেওয়া যায় নাহি এই বিষয়ের এক রিপোর্ট পাঠাও।

২। কমিস্যনর সাহেব দরখাস্ত বিবেচনা করণের পর তাহা আক্কৌণ্টেণ্ট সাহেবের নিকটে পাঠাইবেন এবং আক্কৌণ্টেণ্ট সাহেব তাহা মোকাবিলা করিবেন এবং দরখাস্তের টাকা তাহার রেজিষ্টরী বহীতে নিতান্ত জমা আছে কি না এই বিষয়ের রিপোর্ট কমিস্যনর সাহেবের নিকটে দিবেন তৎপরে কমিস্যনর সাহেব চূড়ান্ত হুকুম দিবেন।*

৩। পূর্ব্বোক্ত ১৮৩২ সালের ১৮ আগষ্ট তারিখের সরক্যুলর অর্ডরের† ৬ দফায় যেমত লেখা আছে সেইমতে যে সকল আমানৎ "লাভনোকসানের" খাতায় জমা হইয়াছে তাহার বিল আডিট অর্থাৎ মঞ্জুর না হওয়াপর্য্যন্ত খাতায় খরচ লেখা যাইবেক না অতএব যাবৎ সিবিল আডিটর সাহেব আলাহিদা২ বিলে তাহা ফিরিয়া দেওয়া মঞ্জুর না করেন তাবৎ সেই টাকা তোমার "অনিষ্পত্তি বালান্সের" মধ্যে থাকিবেক। এই বিলের সঙ্গে কমিস্যনর সাহেবের হুকুম এবং ঐ টাকা পূর্ব্বে ফিরিয়া দেওয়া যায় নাই এই বিষয়ে আক্কৌণ্টেণ্ট সাহেবের সর্টিফিকটের নকল পাঠাইতে হইবেক।

৪। এই বাবতে যথার্থের অতিরিক্ত টাকা না দেওয়া যাইতে পারিবার নিমিত্ত তোমার দপ্তরে পশ্চাৎ লিখিত পাঠানুসারে এক রেজিষ্টর রাখিতে হুকুম দেওয়া যাইতেছে তাহার মধ্যে এক দিগে সাত বৎসরের এবং তাহার উর্দ্ধ কালের যে সকল আমানৎ সরকারের নামে জমা হইয়াছে বা উত্তর কালে হয় তাহা লেখা থাকিবেক এবং অন্য দিগে সেই বাবতে যে সকল টাকা ফিরিয়া দিবার হুকুম হইয়াছে বা উত্তর কালে হয় তাহা লেখা থাকিবেক। সেই প্রকার রেজিষ্টর এই দপ্তরে প্রস্তুত হইয়াছে।

৫। এই বিষয়ে তোমার আরো বিজ্ঞাপন ও উপদেশের নিমিত্তে বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের গত মাসের ৯ তারিখের যে হুকুমানুসারে এই আদেশ করা যাইতেছে তাহার এক নকল তোমার নিকটে পাঠাইতেছি।

জে এ ডোরিন।
আক্কৌণ্টেণ্ট রেবিনিউ ডিপার্টমেণ্ট।

---

* ১৮৪০ সালের ২৬ জুন তারিখের ৬০৯ নম্বরী সরক্যুলর অর্ডরের দ্বারা প্রথম ও দ্বিতীয় দফা মতান্তর হইল।

† ৪৩৪ নম্বরী সরক্যুলর অর্ডর।

Register of Unclaimed Deposits of seven years' standing and upwards, transferred to the credit of Government under Profit and Loss, with reference to the Orders of Government of the 18th August, 1832, and of refunds made thereupon with the sanction of Government or other competent authority.

Unclaimed Deposits of seven years' standing and upwards, transferred to "Profit and Loss" by a debit to "Deposits," with reference to the Orders of Government in the Judicial Department, dated 24th July, 1832.				Refunds under the Orders of Government, or other competent authority, by a charge to "Profit and Loss."		Remarks.
Date and year of Deposit.	No.	On what account Deposited.	Amount.			
		The following items of unclaimed Deposits aggregating Rs. 00,000, have been transferred to the credit of Government under the head of "Profit and Loss," in the Treasury Account of this Collectorship for the month of ——— agreeably to the				
	,,	Revenue Accountant's letter of ——	00,000 0 0 0	0000 0 0 0	0 0 0 0	The sum of Rs. 0,000 in part of this sum has been refunded to ———, and charged in the Treasury Account for ———, as per Orders of the Commissioner of the ——— Division, dated ———.
	,,	,,	0 0 0 0	000 0 0 0	0 0 0 0	The sum of Rs. 000 in part of this sum has been refunded to ———, and charged in the Treasury Account for ———, as per Orders of the Commissioner of the ——— Division, dated ———.
	,,	,,	0 0 0 0	000 0 0 0	0 0 0 0	The sum of Rs. 000 in part of this sum has been refunded to ———, and charged in the Treasury Account for ———, as per Orders of the Commissioner of the ——— Division, dated ———.
	,,	,,	0 0 0 0	000 0 0 0	00,000 0 0 0	The sum of Rs. 000, being the balance of this Deposit, has been refunded to ——— and charged in the Treasury Account for ———, as per Orders of the Commissioner of the ——— Division, dated the ———.
	,,	,,	0000 0 0 0	0 0 0 0	0000 0 0 0	The sum has been refunded in full to ———, and charged in the Treasury Account for ———, as per Orders of the Commissioner of the ——— Division, dated the ———.
		Total Rs.... as stated above	00,000 0 0 0			

(926)

১৮৩২ সালের ১৮ আগষ্ট তারিখের গবর্ণমেণ্টের হুকুমের উপলক্ষে সাত বৎসরের এবং তাহার উর্দ্ধ কালের দাওয়া না হওয়া যে আমানৎ "লাভনোকসানের" খাতায় সরকারের নামে জমা হইয়াছে তাহার এবং গবর্ণমেণ্ট কিম্বা ক্ষমতাপ্রাপ্ত অন্য কোন কর্ম্মকারকের অনুমতিক্রমে তাহার মধ্যে যে২ টাকা ফিরিয়া দেওয়া গিয়াছে তাহার রেজিষ্টর।

১৮৩২ সালের ২৪ জুলাই তারিখের জুডিসিয়ল ডিপার্টমেণ্টে গবর্ণমেণ্টের হুকুমের উপলক্ষে সাত বৎসর এবং তাহার উর্দ্ধ কালের দাওয়া না হওয়া যে আমানৎ "আমানতেরু" হিসাবে খরচ লিখিয়া "লাভনোকসানের" খাতায় খারিজদাখিল হইয়াছে তাহা।				গবর্ণমেণ্টের কিম্বা ক্ষমতাপ্রাপ্ত অন্য কোন কর্ম্মকারকের হুকুমক্রমে "লাভনোকসানের" খাতায় খরচ লিখিয়া যে টাকা ফিরিয়া দেওয়া যায় তাহা।		মন্তব্য কথা।
তারিখ।	মাস।	যে হিসাবে আমানৎ হইল তাহা।	সংখ্যা।			
		দাওয়া না হওয়া পশ্চাৎ লিখিত নানা টাকা অর্থাৎ সর্ব্বসুদ্ধ এত টাকা অমুক তারিখের রেবিনিউ আকৌণ্টেণ্টের পত্রের অনুসারে এই কালেক্টরীতে অমুক মাসের খাজানাখানার হিসাবে "লাভনোকসানের" খাতায় খারিজদাখিল হইয়া সরকারের নামে জমা হইয়াছে।	০০,০০০ ০ ০ ০	০০০০ ০ ০ ০	০ ০ ০ ০	এই টাকার মধ্যে এত টাকা অমুক তারিখের অমুক এলাকার কমিস্যনর সাহেবের হুকুমক্রমে অমুক ব্যক্তিকে ফিরিয়া দেওয়া গিয়াছে এবং অমুক মাসের খাজানাখানার হিসাবে খরচ লেখা গিয়াছে।
	,,	,,	০ ০ ০ ০	০০০ ০ ০ ০	০ ০ ০ ০	এই টাকার মধ্যে এত টাকা অমুক তারিখের অমুক এলাকার কমিস্যনর সাহেবের হুকুমক্রমে অমুক ব্যক্তিকে ফিরিয়া দেওয়া গিয়াছে এবং অমুক মাসের খাজানাখানার হিসাবে খরচ লেখা গিয়াছে।
	,,	,,	০ ০ ০ ০	০০০ ০ ০ ০	০ ০ ০ ০	এই টাকার মধ্যে এত টাকা অমুক তারিখের অমুক এলাকার কমিস্যনর সাহেবের হুকুমক্রমে অমুক ব্যক্তিকে ফিরিয়া দেওয়া গিয়াছে এবং অমুক মাসের খাজানাখানার হিসাবে খরচ লেখা গিয়াছে।
	,,	,,	০ ০ ০ ০	০০০ ০ ০ ০	০০,০০০ ০ ০ ০	এই আমানতের অবশিষ্ট এই টাকার মধ্যে এত টাকা অমুক তারিখের অমুক এলাকার কমিস্যনর সাহেবের হুকুমক্রমে অমুক ব্যক্তিকে ফিরিয়া দেওয়া গিয়াছে এবং অমুক মাসের খাজানাখানার হিসাবে খরচ লেখা গিয়াছে।
	,,	,,	০০০০ ০ ০ ০	০ ০ ০ ০	০০০০ ০ ০ ০	এই আমানতের সম্পূর্ণ টাকা অমুক তারিখের অমুক এলাকার কমিস্যনর সাহেবের হুকুমক্রমে অমুক ব্যক্তিকে ফিরিয়া দেওয়া গিয়াছে এবং অমুক মাসের খাজানাখানার হিসাবে খরচ লেখা গিয়াছে।
		উপরের লিখিতমতে মোট টাকা	০০,০০০ ০ ০ ০			

(No. 226.)

To J. R. Colvin, Esquire, Secretary to the Sudder Board of Revenue.

1st. I am directed to acknowledge the receipt of your letter, No. 37, dated the 1st Instant, with its enclosures; and in reply to request, that you will inform the Board that as recommended by them, the Honourable the Governor of Bengal has been pleased to vest the local Revenue Commissioners with authority to sanction in future, as regards the Revenue Department, the repayment of all sums of money carried to the credit of Government as unclaimed Deposits of seven years' standing, under Orders of the 24th July, 1832, the safeguard of a previous reference in all cases to the Accountant in the Revenue Department, suggested by that Officer, being carefully observed.

2nd. The Board are requested in communication with the Accountant to issue the necessary instructions to the local authorities accordingly.

3rd. The Original papers received with your letter are herewith returned, copies being kept for record.

(Signed) R. D. MANGLES,
Secy. to the Govt. of Bengal.

Fort William, the 9th February, 1846.

(True Copy.)

(Signed) J. A. DORIN, *A. R. D.*

Circular No. 567, dated the 30th December, 1837.

To the Collectors of Land Revenue.

In pursuance of the Orders of the Hon'ble the Court of Directors, dated 10th May, 1837, communicated to me by the Accountant General under date the 30th October last, I have the honor by direction of that Officer to request, that you will discontinue the practice prescribed by Circular Orders of this Office of the 18th August, 1832, of transferring to the head of "Profit and Loss" Item of deposits standing unclaimed for seven years and upwards, and that you will substitute hereafter the period of twenty for seven years in transferring unclaimed Items to the credit of Government, under the head of "Profit and Loss."

(Signed) J. A. DORIN, *A. R. D.*

Circular No. 609, dated the 26th June, 1840.

To the Collectors of Land Revenue.

1st. In modification of the 1st and 2d Paras. (vide Margin*) of the Circular Instructions issued from this Department on the 21st March, 1836, No. 533, relative to the repayment of unclaimed Deposits of old standing which have been carried to the credit of Government, I have the honor with

* Part of 1st. I have the honor to request that henceforward you will submit all applications for the refund of such Deposits to the Commissioner of your Division, accompanying the same with a report as to the fact of the amount having been carried to the credit of Government and not having been subsequently repaid.

2nd. The Commissioner will after considering the application transmit it to the Accountant with the

২২৬ নম্বর।

সদর বোর্ড রেবিনিউর সেক্রেটারী শ্রীযুত জে আর কলবিন সাহেব বরাবরেষু।

১। এই মাসের ১ তারিখের ৩৭ নম্বরী তোমার পত্র এবং তাহার সঙ্গে প্রেরিত লিপি প্রাপ্ত হওয়া গিয়াছে* তাহার উত্তরস্বরূপ বোর্ডের সাহেবদিগকে ইহা জ্ঞাত করিতে আদেশ করিতেছি যে তাঁহারদের পরামর্শক্রমে ১৮৩২ সালের ২৪ জুলাই তারিখের হুকুমানুসারে রেবিনিউ ডিপার্টমেণ্টের সম্পর্কে সাত বৎসরের দাওয়া না হওয়া যে আমানৎ সরকারের নামে জমা হইয়াছে তাহার টাকা ফিরিয়া দিবার অনুমতি করণের ক্ষমতা উত্তর কালে রাজস্বের কমিস্যনর সাহেবের প্রতি অর্পণ থাকিবেক। কিন্তু এই বিষয়ে সাবধান করিতে হইবেক যে রেবিনিউ ডিপার্টমেণ্টের আকৈকৌণ্টেণ্ট সাহেব যেরূপ পরামর্শ দিয়াছেন সেইরূপে প্রত্যেক গতিকে সেই বিষয়ে তাঁহার নিকটে পূর্ব্বে জিজ্ঞাসা করা যায়।

২। বোর্ডের সাহেবেরদের প্রতি আদেশ হইতেছে যে আকৈকৌণ্টেণ্ট সাহেবের সঙ্গে লিখনপঠন করিয়া তাঁহারা নানা স্থানীয় কর্ম্মকারকদিগকে এই বিষয়ে যথোচিত হুকুম দেন্।

৩। তোমার পত্রের সঙ্গে যে আসল কাগজপত্র আসিয়াছিল তাহা তোমার নিকটে ফিরিয়া পাঠান যাইতেছে তাহার নকল রিকার্ডের জন্যে রাখা গিয়াছে।

আর ডি মাঙ্গলস।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

ফোর্ট উলিয়ম। ১৮৪৬। ৯ ফেব্রুআরি।

(যথার্থ নকল।) জে এ ডোরিন।
আকৈকৌণ্টেণ্ট রেবিনিউ ডিপার্টমেণ্ট।

১৮৩৭ সালের ৩০ ডিসেম্বর তারিখের ৫৬৭ নম্বরী সরক্যুলর অর্ডর।

ভূমির রাজস্বের শ্রীযুত কালেক্টর সাহেব বরাবরেষু।

শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের ১৮৩৭ সালের ১০ মে তারিখের যে হুকুম গত ৩০ অক্টোবর তারিখে শ্রীযুত আকৈকৌণ্টেণ্ট জেনরল সাহেব আমাকে জ্ঞাত করিয়াছিলেন তদনুসারে ঐ কর্ম্মকারকের হুকুমক্রমে তোমাকে আদেশ করিতেছি যে সাত বৎসরের এবং তাহার ঊর্দ্ধ কালের যে আমানতী টাকার দাওয়া হয় নাহি তাহা ১৮৩২ সালের ১৮ আগষ্ট তারিখের এই সিরিশ্তার সরক্যুলর অর্ডরের হুকুমক্রমে "লাভনোকসানের" খাতায় খারিজদাখিলকরণের ব্যবহার নিবৃত্ত কর এবং উত্তর কালে সাত বৎসরের পরিবর্ত্তে বিশ বৎসরপর্য্যন্ত দাওয়া না হওয়া আমানতী টাকা "লাভনোকসানের" খাতায় সরকারের নামে জমা কর।

জে এ ডোরিন।
আকৈকৌণ্টেণ্ট রেবিনিউ ডিপার্টমেণ্ট।

১৮৪০ সালের ২৬ জুন তারিখের ৬০৯ নম্বরী সরক্যুলর অর্ডর।

ভূমির রাজস্বের শ্রীযুত কালেক্টর সাহেব বরাবরেষু।

১। বহুকালের দাওয়া না হওয়া যে আমানতী টাকা সরকারের নামে জমা হইয়াছে তাহা ফিরিয়া দেওনের বিষয়ে ১৮৩৬ সালের ২১ মার্চ তারিখের ৫৩৩ নম্বরী এই সিরিশ্তার পশ্চাৎ লিখিত* সরক্যুলর অর্ডরের প্রথম ও দ্বিতীয় দফা মতান্তর হইল এবং সদর বোর্ড রেবি-

* এক দফার এক ভাগ। তোমাকে আদেশ করিতেছি যে ঐরূপ আমানতী টাকা ফিরিয়া দেওনের বিষয়ে যে সকল দরখাস্ত হয় তাহা তোমার এলাকার কমিস্যনর সাহেবের প্রতি অর্পণ কর। অর্পণের সময়ে ঐ টাকা সরকারের নামে নিতান্ত যে জমা হইয়াছে এবং তৎপরে ফিরিয়া দেওয়া যায় নাহি এই বিষয়ের এক রিপোর্ট পাঠাও।

২। কমিস্যনর সাহেব দরখাস্ত বিবেচনা করণের পর তাহা আকৈকৌণ্টেণ্ট সাহেবের নিকটে পাঠাইবেন এবং আকৈকৌণ্টেণ্ট সাহেব তাহা মোকাবিলা করিবেন এবং

the sanction of the Sudder Board of Revenue to request that henceforward when the refund of such a deposit is demanded, you will have the goodness yourself to make application to this Office for the necessary certificate as soon as from an inspection of your own records you have satisfied yourself of the existence of the Deposit whereof refund is demanded. On receipt of the Certificate from this Office you will submit it with the other papers in the case to the Commissioner for his final orders.

2nd. By this change of practice, there will be a material saving of time, as whilst the reference to this Office is pending, the time will be elapsing that it may be necessary to allow for other claimants, if any exist, to come forward, after the publication of a notice; or for the conduct of any enquiries into the validity of the claim that it may be requisite to make before submitting the case for the orders of the Commissioner.

(Signed) J. P. GRANT, *A. R. D.*

Circular No. 648, dated the 8th November, 1842.

To the Collectors of Land Revenue.

My attention having been drawn to the practicability of modifying the Forms already prescribed of Register of deposit repayments made by disbursing officers, with a view to prevent the occurrence of errors in the shape of excess charges, which are now so frequently apparent in the Register rendered to this Office, I submitted on the 27th ultimo, for the sanction of Government, a revised form of Registers of deposit repayments for adoption by disbursing officers, and the form having been approved, under orders communicated to me in the letter noted in the margin,* I have the honour to transmit it for your adoption from the 1st of next month.

2nd. In this form, as compared with that already prescribed, you will observe that the only real addition is of one column numbered 4, and headed, "Balance of Deposits," the introduction of which appeared to me absolutely necessary, and the object in opening which is obvious, for the balance remaining unpaid on the opening of the month on account of each deposit, being given in the Register, (Column 4) it is almost impossible for the disbursing Officer to enter in Column 9,† against any deposit, a *larger* amount than is shewn in the balance column, a circumstance of *frequent* occurrence in the accounts that are drawn up in the form at present in use, and which therefore indicates the necessity of the check that the additional Column No. 4, is intended to supply.

---

view to the Accountant's checking the same, and reporting to the Commissioner whether the amount applied for be at credit or otherwise in his Registers to enable him to pass his final orders on the case.

* Letter to Offg. Revenue Accountant from Mr. Offg. Deputy Secretary to the Government of Bengal, No. 1366, of the 10th October, 1842.

† Headed, "Total Amount Repaid."

[*Government Gazette, 22d December*, 1846.]

নিউর অনুমতিক্রমে তোমাকে আদেশ করিতেছি যে ভবিষ্যৎ কালে এইরূপ আমানতের দাওয়া হইলে তুমি আপনার হিসাব দৃষ্টি করিয়া ঐ দাবীর টাকা আমানৎ আছে ইহা তোমার নিতান্ত বোধ হইলে পর তুমি আপনি এই দফ্তরে তাহার বিষয়ি নিরূপিত সর্টিফিকটের বিষয়ে দরখাস্ত করিবা। ঐ সর্টিফিকট এই দফ্তরহইতে পাইলে পর তুমি তাহা এবং সেই বিষয়ের অন্য সকল কাগজপত্র কমিস্যনর সাহেবের চূড়ান্ত হুকুম পাইবার নিমিত্ত তাঁহার নিকটে প্রস্তাব করিবা।

২। এইরূপ ব্যবহার মতান্তর করণেতে অনেক সময়ের লাভ হইবেক যেহেতুক এই দফ্তরে ঐ বিষয় প্রস্তাব থাকনের সময়ে অন্যান্য দাওয়াদার থাকিলে তাহারদিগকে উপস্থিত হওনার্থ এত্তেলাক্রমে যে মিয়াদ দেওনের আবশ্যক সেই মিয়াদ ক্রমে২ কাটিয়া যাইবেক অথবা কমিস্যনর সাহেবের হুকুমের নিমিত্ত সেই বিষয় তাঁহার নিকটে অর্পণ করণের পূর্বে দাওয়ার যথার্থতার বিষয়ে যে অনুসন্ধান করণের কোন আবশ্যক তাহা ঐ সময়ে নিকাস হইতে পারে।

জে পি গ্রাণ্ট।

আক্কোণ্টেণ্ট রেবিনিউ ডিপার্টমেণ্ট।

১৮৪২ সালের ৮ নবেম্বর তারিখের ৬৪৮ নম্বরী সরক্যুলর অর্ডর।

ভূমির রাজস্বের শ্রীযুত কালেক্টর সাহেব বরাবরেষু।

যে আমানতী টাকা ফিরিয়া দেওয়া যায় তাহার যে রেজিষ্টর টাকাদেওনিয়া কর্ম্মকারক এই দফ্তরেতে দাখিল করেন তাহার মধ্যে বারম্বার ভুল দেখা যাইতেছে অর্থাৎ বেশী টাকা খরচ লেখা যাইতেছে ইহা নিবারণার্থ ঐ আমানতের রেজিষ্টরীর নির্দ্দিষ্ট পাঠ মতান্তরকরণ সাধ্য কি না এই বিষয়ে আমার বিবেচনা হইয়াছে অতএব আমানতের যে টাকা ফিরিয়া দেওয়া যায় তাহার রেজিষ্টরীর সংশোধিত এক পাঠ আমি গত মাসের ২৭ তারিখে গবর্ণমেণ্টে অর্পণ করিলাম এবং পশ্চাৎ লিখিত পত্রে* ঐ পাঠ মঞ্জুরহওনের সম্বাদ আমাকে দেওয়া গিয়াছে অতএব আগামি মাসের ১ তারিখঅবধি তাহা ব্যবহারকরণার্থ তোমার নিকটে পাঠাইতেছি।

২। পূর্ব্বের নির্দ্দিষ্ট পাঠ এবং এই পাঠ ঐক্য করিলে তোমার দৃষ্ট হইবেক যে ইহাতে কেবল এক ঘর অর্থাৎ ৪ নম্বরী ঘর বেশী করা গিয়াছে তাহার নাম "মৌজুদ আমানৎ" দেওয়া গিয়াছে। এই নূতন ঘরকরা আমার অত্যন্ত আবশ্যক বোধ হইল এবং তাহা করণের কারণ অতিস্পষ্ট দেখা যাইতেছে যেহেতুক প্রত্যেক আমানতের হিসাবে মাসের আরম্ভে যে টাকা মৌজুদ ছিল তাহা যদি রেজিষ্টরের ৪ নম্বরী ঘরে লেখা যায় তবে টাকাদেওনিয়া কর্ম্মকারক ঐ মৌজুদের ঘরে যে টাকা দৃষ্ট হইতেছে তাহাহইতে অধিক টাকা দিতে ও ৯ নম্বরী ঘরে† খরচ লিখিতে কদাচ পারিবেন না। এক্ষণে যে পাঠ ব্যবহার হইতেছে তাহাতে এইমত ভুল বারম্বার হইতেছে এবং ইহাতে স্পষ্ট বোধ হইতেছে যে ৪ নম্বরী ঘর করাতে যে আঁটাআঁটি হইবেক তাহা না হইলে নয়।

দরখাস্তের টাকা তাহার রেজিষ্টরী বহীতে নিতান্ত জমা আছে কি না এই বিষয়ের রিপোর্ট কমিস্যনর সাহেবের নিকটে দিবেন তৎপরে কমিস্যনর সাহেব চূড়ান্ত হুকুম দিবেন।

* একটিং রেবিনিউ আক্কোণ্টেণ্ট সাহেবের প্রতি বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের একটিং ডেপুটী সেক্রেটারী সাহেবের ১৮৪২ সালের ১০ অক্টোবর তারিখের ১৩৬৬ নম্বরী পত্র।

† তাহার শিরোভাগে "ফিরিয়া দেওয়া মোট টাকা।"

3rd. Being aware of the general complaint by Provincial Officers of a great press of business in their Offices, I have been anxious in drawing up the form to aim at abridgment, and I trust that this object has been fully gained, both in the saving of space on the amended form as compared with the old, and the omission of the last column headed "Remarks," the explanations given in which, experience has shewn to be of no use to this Office. Moreover, the time and labor which it now costs you to reply to letters written by this Department, pointing out excess payments in your deposit register, and requiring explanations and corrections of such items, will also, it is hoped in a great measure, if not altogether, be saved by the adoption of the new forms.

4th. Although the explanations hitherto given in the Register of Repayments are of no use to this Office, they may be useful to you, and I would therefore recommend the continuance of their entry in your Office Copy of the Register.

5th. In conclusion, I would urge upon you the necessity of a *strict* adherence to the form now transmitted of the Register of Repayments, the entries in which, are, in all cases, to be made in the order of time in which the deposits were received; thus, Repayments of deposits received in the year 1836-37 are invariably to be entered before repayments of deposits of 1837-38, and re-payments of deposits received in *May* 1836-37, before repayments of deposits received in *June* 1836-37, and so on.

6th. The form already prescribed for the Register of deposit Receipts, not having appeared to me to admit of any improvement, I confined my report to Government to the forms of the Register of repayments, but with a view to completeness and facility of reference, I append to this Circular, the prescribed form of the Register of Receipts also in which you will observe only a few trifling verbal alterations in the heading.

7th. Both the Registers ought invariably to be drawn up on general letter paper.

8th. You will have the goodness to continue to number as heretofore your vouchers in support of deposit charges in this month, in continuation of the series of numbers given to the vouchers for other charges in the Treasury Account of each month.

(Signed) J. B. THORNHILL,
Offg. A. R. D.

Circular No. 661, dated the 5th May, 1843.

To the Collectors of Land Revenue.

In order to afford facility in tracing and comparing deposit items charged on your Registers with the vouchers forwarded to this Office in support of such charges, I have the honor to request that you will have the goodness in future to cause all vouchers supporting more than *one* item of deposit repayment, to be endorsed on the reverse, furnish-

৩। মফঃসলের কর্ম্মকারকেরা আপন২ কার্য্যের অত্যন্ত বাহুল্যের বিষয়ে নিয়ত নিবেদন করিতেছেন অতএব আমি ঐ নূতন পাঠ সংক্ষেপরূপে প্রস্তুত করিতে উদ্যোগ করিয়াছি এবং আমার ভরসা হইতেছে যে সাবেক পাঠের অপেক্ষা এই সংশোধিত পাঠের স্থানের লাঘব হওয়াতে এবং মন্তব্য কথার শেষ ঘর উঠাইয়া দেওয়াতে আমার ঐ অভিপ্রায় সিদ্ধ হইবেক। ঐ মন্তব্য কথার ঘরে যাহা লেখা যাইত তাহাতে এই দফ্তরের কিছু উপকার ছিল না। আরো তোমার আমানতী রেজিষ্টরীতে বেশী টাকা মধ্যে২ লিখিত থাকাতে এবং তাহার কারণ দেখাইতে এবং তাহা সংশোধিত করিতে এই সিরিশ্তাহইতে তোমার নিকটে যে নানা পত্র লেখা যাইত তাহার উত্তর দেওনেতে অনেক কাল ও পরিশ্রম লাগিত এই নূতন পাঠ ব্যবহার করণেতে একেবারে তাহার লাঘব হইবেক।

৪। ফিরিয়া দেওয়া টাকার রেজিষ্টরীতে বিষয় স্পষ্টকরণার্থ যে বিবরণ লেখা যাইত তাহাতে যদ্যপিও এই দফ্তরের কিছু উপকার ছিল না তথাপি তাহাতে তোমার উপকার হইতে পারিবেক এবং ঐ রেজিষ্টরীর যে সকল তোমার দফ্তরে থাকে তাহাতে সেই সকল বিবরণ পূর্ব্ববৎ লিখিতে তোমাকে পরামর্শ দিতেছি।

৫। পরিশেষে জানান যাইতেছে যে ফিরিয়া দেওয়া টাকার রেজিষ্টরীর যে পাঠ এক্ষণে তোমার নিকটে পাঠান যাইতেছে তদনুসারে অবিকল কার্য্য করা অত্যন্ত আবশ্যক এবং যে২ কালে আমানতী টাকা জমা হইয়াছিল সেই২ কালক্রমে প্রত্যেক গতিকে ফিরিয়া দেওয়া টাকা হিসাবে লিখিতে হইবেক। যথা ১৮৩৬। ৩৭ সালে যে আমানতী টাকা পাওয়া গিয়াছিল তাহা ফিরিয়া দেওয়া গেলে নিয়ত ১৮৩৭। ৩৮ সালের আমানতী টাকার পূর্ব্বে লিখিতে হইবেক এবং ১৮৩৬। ৩৭ সালের মে মাসে প্রাপ্ত যে আমানতী টাকা ফিরিয়া দেওয়া যায় তাহা ১৮৩৬। ৩৭ সালের জুন মাসে প্রাপ্ত যে আমানতী টাকা ফিরিয়া দেওয়া যায় তাহার পূর্ব্বে লিখিতে হইবেক।

৬। আমানতী টাকার রেজিষ্টরের নির্দ্দিষ্ট পাঠ আমার বোধে সংশোধিত করণের আবশ্যক নাই অতএব গবর্ণমেণ্টের নিকটে আমি যে রিপোর্ট করিলাম তাহাতে আমি কেবল ফিরিয়া দেওয়া টাকার রেজিষ্টরের পাঠের বিষয় উত্থাপন করিয়াছিলাম। তথাপি ঐ রেজিষ্টর সম্পূর্ণ করণার্থ এবং তাহাতে অনায়াসে কোন বিষয় পাওয়া যাওনের নিমিত্ত আমি এই সরক্যুলর অর্ডরের শেষে আমানতী টাকার রেজিষ্টরের নিয়মিত পাঠ দিয়াছি এবং তোমার দৃষ্ট হইবেক যে শিরোভাগে আমি অল্প কথার মাত্র ফেরফার করিয়াছি।

৭। উভয় রেজিষ্টর নিয়ত জেনরল লেটরনামক কাগজে লিখিতে হয়।

৮। প্রত্যেক মাসের খাজানাখানার হিসাবে অন্যান্য খরচার বৌচরেতে যে নম্বর নির্দ্দিষ্ট আছে তাহার অনুক্রমে এই মাসের আমানতী খরচার পোষকতা করণার্থ তোমার বৌচরের পূর্ব্ববৎ নম্বর দিবা।

জে বি থর্ণহিল।
একটিং আকৌণ্টেণ্ট রেবিনিউ ডিপার্টমেণ্ট।

১৮৪৩ সালের ৫ মে তারিখের ৬৬১ নম্বরী সরক্যুলর অর্ডর।

ভূমির রাজস্বের শ্রীযুত কালেক্টর সাহেব বরাবরেষু।

তোমার রেজিষ্টরীতে যে আমানতী টাকার খরচ লেখা যায় সেই খরচের পোষকতার নিমিত্তে এই দফ্তরে প্রেরিত বৌচরের অনুসন্ধান ও তাহার সঙ্গে ঐক্য করণের সুগমহওনার্থ তোমাকে আদেশ করিতেছি যে উত্তর কালে যে সকল বৌচরেতে একের অধিক আমানতী টাকা ফিরিয়া দেওনের হুকুম থাকে সেই বৌচরের পৃষ্ঠে

the common seal of such corporation, and such appointment shall be delivered to the arbitrator or arbitrators, and shall be deemed a submission to arbitration on the part of the party by whom the same shall be made, and after any such appointment shall have been made neither party shall have power to revoke the same without the consent of the other, nor shall the death of either party operate as a revocation, and if after any such dispute shall have arisen and after a request in writing in which shall be stated the matter so required to be referred to arbitration shall have been served by the one party on the other party to appoint an arbitrator, such last mentioned party fail within fourteen days after such service to appoint such arbitrator, then upon such failure the party making the request, and having himself appointed an arbitrator may appoint such arbitrator to act on behalf of both parties, and such arbitrator may proceed to hear and determine the matters which shall be in dispute, and in such case the award or determination of such single arbitrator shall be final.

XII. And it is enacted, that if before the matters so referred shall be determined, any arbitrator appointed by either party shall die or become incapable to act, the party by whom such arbitrator was appointed may nominate and appoint in writing some other person to act in his place, and if for the space of seven days after notice in writing from the other party for that purpose he shall fail to do so, the remaining or other arbitrator may proceed to hear and determine the matters which shall be in dispute, and every arbitrator who shall be so substituted as aforesaid shall have the same power and authorities as were vested in the former arbitrator at the time of such his death or disability aforesaid.

XIII. And it is enacted, that where more than one arbitrator shall have been appointed such arbitrators shall before they enter upon the matters referred to, then nominate and appoint by writing under their hands an umpire to decide on any such matters on which they shall differ, or which shall be referred to him under the provisions of this Act, and if such umpire shall die or become incapable to act, they shall forthwith after such death or incapacity appoint another umpire in his place, and the decision of every such umpire on the matters so referred to him shall be final.

XIV. And it is enacted, that if in either of the cases aforesaid the said arbitrators shall refuse, or shall for seven days after request of either party to such arbitration, neglect to appoint an umpire, any two of the Magistrates of Calcutta shall on the application of either party to such arbitration appoint an umpire, and the decision of such umpire on the matters on which the arbitrators shall differ or which shall be referred to him under this Act shall be final.

XV. And it is enacted, that when a single arbitrator shall have been appointed as hereinbefore provided, and such arbitrator shall die or become incapable to act before he shall have made

ক্রমে সালিস নিযুক্ত হইবেন। এবং ঐ নিয়োগপত্র ঐ সালিস বা সালিসদিগকে দেওয়া যাইবেক এবং যে ব্যক্তি সেই নিয়োগপত্রে দস্তখৎ করেন তিনি ঐ সালিস মানন স্বীকার করিয়াছেন এমত জান হইবেক। এবং এইরূপে নিযুক্ত হইলে কোন এক পক্ষ অপর পক্ষের সম্মতি বিনা ঐ সালিস অন্যথা করিতে পারিবেন না এবং উভয় পক্ষের কোন এক জন মরিলেও সালিস অন্যথা হইবেক না। এবং এমত বিরোধ উত্থিত হইলে পর এবং যে বিষয় সালিসীতে অর্পণহওনের মানস আছে তাহার বেওরাযুক্ত এক লিপির দ্বারা এক পক্ষের ব্যক্তি অন্য পক্ষের উপর সালিস নিযুক্ত করণের দাওয়া জারী করিলে যদি শেষোক্ত ব্যক্তি দাওয়া জারী হইলে পর চৌদ্দ দিনের মধ্যে সালিস নিযুক্ত না করেন তবে সেই ত্রুটি হইলে পর যে ব্যক্তি সালিসের দরখাস্ত করিয়াছিলেন এবং আপনার নিমিত্তে এক সালিস নিযুক্ত করিয়াছিলেন সেই ব্যক্তি সেই সালিসকে উভয় পক্ষের তরফে কার্য্য করিতে নিযুক্ত করিতে পারেন এবং সেই সালিস তৎপরে বিরোধি বিষয় শুনিতে ও নিষ্পত্তি করিতে পারেন এবং এইরূপ হইলে ঐ এক জন সালিসের নিষ্পত্তি অথবা ফয়সলা চূড়ান্ত হইবেক ইতি।

১২ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে ঐ অর্পিত বিষয় নিষ্পত্তিহওনের পূর্ব্বে যদি উভয় পক্ষের এক জনের নিযুক্ত সালিস মরেন অথবা কার্য্যাক্ষম হন তবে যে ব্যক্তি ঐ সালিসকে নিযুক্ত করিয়াছিলেন সেই ব্যক্তি তাঁহার এওজে অন্য কোন ব্যক্তিকে লিখনের দ্বারা মনোনীত ও নিযুক্ত করিতে পারেন। এবং অপর পক্ষ তন্নিমিত্তে লিখনের দ্বারা তাঁহাকে যে এত্তেলা দেন তাহার পর যদি সাত দিনপর্য্যন্ত ঐ ব্যক্তি সালিস নিযুক্ত না করেন তবে ঐ অবশিষ্ট অর্থাৎ অপর পক্ষের সালিস বিরোধি বিষয় শুনিতে ও নিষ্পত্তি করিতে পারেন। এবং যে প্রত্যেক সালিস পূর্ব্বোক্তমতে অন্যের এওজে নিযুক্ত হন সাবেক সালিসের মরণ অথবা অক্ষম হওনের সময়ে তাঁহার যে শক্তি ও ক্ষমতা ছিল তিনি সেই শক্তি ও ক্ষমতাবিশিষ্ট হইবেন ইতি।

১৩ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে যে স্থলে একের অধিক সালিস নিযুক্ত হন সেই স্থলে ঐ সালিসেরা অর্পিত বিষয়ের বিচার আরম্ভ করণের পূর্ব্বে লিখনের দ্বারা আপনার দস্তখৎক্রমে এক জন মধ্যস্থ মনোনীত ও নিযুক্ত করিবেন এবং যে২ বিষয়ে তাঁহারদের ঐক্য না হইতে পারে অথবা যে২ বিষয় এই আইনের বিধানানুসারে ঐ মধ্যস্থের প্রতি অর্পণ হয় সেই২ বিষয় তিনি নিষ্পত্তি করিবেন এবং যদি ঐ মধ্যস্থ মরেন অথবা কর্ম্মাক্ষম হন তবে তাঁহার সেই মরণ অথবা অক্ষমতার পর অগৌণে আর এক জন মধ্যস্থ নিযুক্ত করিবেন এবং ঐ মধ্যস্থের প্রতি অর্পিত সকল বিষয়েতে তিনি যে নিষ্পত্তি করেন তাহা চূড়ান্ত হইবেক ইতি।

১৪ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে পূর্ব্বোক্ত উভয়ের কোন এক গতিকে যদি ঐ সালিসেরা এক মধ্যস্থ নিযুক্ত করিতে অস্বীকার করেন অথবা ঐ সালিসসম্পর্কীয় কোন পক্ষের দাওয়ার পর সাত দিনের মধ্যে যদি তাঁহাকে নিযুক্ত করিতে ত্রুটি করেন তবে শহর কলিকাতার কোন দুই জন মাজিষ্ট্রেট ঐ সালিসের সম্পর্কীয় উভয় পক্ষের কোন এক জনের দরখাস্তক্রমে এক জন মধ্যস্থ নিযুক্ত করিবেন এবং যে২ বিষয়ে সালিসেরদের ঐক্য না হয় সেই২ বিষয়ে অথবা ঐ মধ্যস্থের নিকটে এই আইনক্রমে যে২ বিষয় অর্পণ হয় সেই২ বিষয়ে ঐ মধ্যস্থের নিষ্পত্তি চূড়ান্ত হইবেক ইতি।

১৫ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে পূর্ব্বোক্ত নির্দ্দিষ্টমতে যদি কেবল এক জন সালিস নিযুক্ত হন এবং তিনি আপনার ফয়সলাকরণের পূর্ব্বে মরেন অথবা অক্ষম

his award, the matters referred to him shall be determined by arbitrators under the provisions of this Act in the same manner as if such arbitrator had not been appointed.

XVI. And it is enacted, that if where more than one arbitrator shall have been appointed either of the arbitrators refuse, or for seven days after the day of his appointment shall neglect to act the other arbitrator may proceed to hear and determine the matters in dispute, and the decision of such other arbitrator shall be as effectual as if he had been the single arbitrator appointed by both parties.

XVII. And it is enacted, that if where more than one arbitrator shall have been appointed, and where neither of them shall refuse or neglect to act as aforesaid, but such arbitrators shall fail to make their award within twenty-one days after the day on which the last of such arbitrators shall have been appointed, or within such extended time, (if any) as shall have been appointed for that purpose by both such arbitrators under their hands, the matters referred to them shall be determined by the umpire to be appointed as aforesaid.

XVIII. And it is enacted, that the said arbitrators or their umpire may call for the production of any documents in the possession or power of either party which they or he may think necessary for determining the question in dispute, and may examine the parties or their witnesses on oath or solemn affirmation, and administer the oaths and solemn affirmations necessary for that purpose.

XIX. And it is enacted, that before any such arbitrator or umpire as aforesaid shall enter into the consideration of any matters referred to him he shall in the presence of a Magistrate of Calcutta make and subscribe the following declaration, that is to say—

I, A. B., do solemnly and sincerely declare that I will faithfully and honestly to the best of my skill and ability hear and determine the matters referred to me under the provisions of the Act

( )

A. B.

Made and subscribed
in the presence of C. D.

And such declaration shall be annexed to the award when made, and if any arbitrator or umpire having made such declaration shall wilfully act contrary thereto, he shall be deemed guilty of a misdemeanour.

XX. And it is enacted, that all the costs of any such arbitration and incident thereto, shall be settled by the said arbitrators and shall be borne by the said Commissioners, unless the arbitrators shall award the same or a less sum than shall have been offered by the said Commissioners in which case each party shall bear their own costs incident to the said arbitration, and the costs of the said arbitrators shall be borne by the parties in equal proportions.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৬। ২৯ ডিসেম্বর।]

হন্ তবে ঐ সালিস নিযুক্ত না হইলে যেরূপ হইত সেইরূপে তাঁহার প্রতি অর্পিত বিষয় এই আইনের নিয়মানুসারে নিযুক্ত সালিসেরদের দ্বারা নিষ্পত্তি হইবেক ইতি।

১৬ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে একের অধিক সালিস নিযুক্ত হইলে যদি সালিসেরদের মধ্যে কোন এক জন কার্য্য করিতে অস্বীকার করেন্ অথবা নিযুক্ত হওনের পর সাত দিনপর্য্যন্ত কার্য্য করিতে ত্রুটি করেন তবে অপর সালিস বিরোধি বিষয় শুনিতে ও নিষ্পত্তি করিতে পারেন্ এবং ঐ অপর সালিস উভয় পক্ষের দ্বারা একই সালিসরূপে নিযুক্ত হইলে যেরূপ হইত সেইরূপে তাঁহার নিষ্পত্তি প্রবল হইবেক ইতি।

১৭ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে একের অধিক সালিস নিযুক্ত হইলে যদি তাঁহারদের মধ্যে কেহ পূর্ব্বোক্তমতে কার্য্য করিতে অস্বীকৃত না হন্ অথবা ত্রুটি না করেন্ তথাপি ঐ সালিসেরদের মধ্যে যে ব্যক্তি শেষে নিযুক্ত হইলেন তাঁহার নিযুক্ত হওনের পর যদি একুশ দিনপর্য্যন্ত ঐ সালিসেরা আপনারদের ফয়সলা না করেন অথবা যদি ঐ উভয় সালিস আপনারদের দস্তখৎক্রমে ফয়সলার নিমিত্তে যে অধিক মিয়াদ নিরূপণ করেন যদি সেই অধিক মিয়াদের মধ্যে তাঁহারা ফয়সলা না করেন্ তবে তাঁহারদের প্রতি অর্পিত বিষয় পূর্ব্বোক্তমতে নিযুক্ত মধ্যস্থের দ্বারা নিষ্পত্তি হইবেক ইতি।

১৮ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে উক্ত সালিসেরা অথবা তাঁহারদের মধ্যস্থ উভয় পক্ষের কোন এক জনের দখলে অথবা অধীনে থাকা যে কোন দলীলদস্তাবেজ বিরোধি বিষয় নিষ্পত্তি করণার্থ আবশ্যক বোধ করেন্ তাহা তলব করিতে পারেন্ এবং উভয় পক্ষ ব্যক্তির অথবা তাঁহারদের সাক্ষিরদের শপথ বা প্রতিজ্ঞাক্রমে জোবানবন্দী লইতে পারেন্ এবং তন্নিমিত্তে যে শপথ বা প্রতিজ্ঞার আবশ্যক হয় তাহা করাইতে পারেন্ ইতি।

১৯ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে ঐ প্রকার পূর্ব্বোক্তমতে নিযুক্ত কোন সালিস বা মধ্যস্থ তাঁহার প্রতি অর্পিত বিষয় বিবেচনা করণের পূর্ব্বে কলিকাতার মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে পশ্চাৎ লিখিত প্রতিজ্ঞা করিবেন ও তাহাতে দস্তখৎ করিবেন।

আমি অমুক ধর্ম্মতঃ এবং সরলতাপূর্ব্বক জানাইতেছি যে অমুক আইনের বিধির অনুসারে আমার প্রতি অর্পিত বিষয় আমার বুদ্ধি ও সাধ্যপর্য্যন্ত বিশদ ও যথার্থরূপে শুনিব ও নিষ্পত্তি করিব।

শ্রী অমুক।

আমার সম্মুখে করা গেল
ও দস্তখৎ হইল। শ্রী অমুক।

এবং ঐ প্রতিজ্ঞাপত্র ঐ ফয়সলার শেষে সংযুক্ত হইবেক এবং যদি কোন সালিস অথবা মধ্যস্থ এরূপ প্রতিজ্ঞা করণের পর জানিয়া শুনিয়া তাহার বিরুদ্ধে কোন কর্ম্ম করেন্ তবে তিনি অপরাধের দোষী জ্ঞান হইবেন।

২০ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে ঐ সালিসীর সকল খরচা এবং তৎসম্পর্কে যে ব্যয় হয় তাহা ঐ সালিসেরা স্থির করিবেন এবং উক্ত কমিস্যনরেরা তাহা দিবেন। কিন্তু ঐ কমিস্যনরেরা যে টাকা দিতে স্বীকার করিয়াছিলেন যদি সালিসেরা তত্তুল্য টাকা অথবা তাহাহইতে কম টাকা ধার্য্য করেন্ তবে ঐ সালিসীসম্পর্কীয় উভয় পক্ষ আপনং খরচা দিবেন এবং ঐ সালিসেরদের খরচা উভয় পক্ষ সমান অংশে দিবেন ইতি।

XXI. And it is enacted, that the said arbitrators or the said umpire, as the case may be, shall deliver their award in writing to the said Commissioners, and the said Commissioners shall retain the same, and on demand made at the office of their clerk shall forthwith at their own expense furnish a copy thereof to the other party to the arbitration, and shall at all reasonable times when thereunto required produce the said award and allow the same to be inspected or examined at the office of their said clerk by such party or any person appointed by him for that purpose.

XXII. And it is enacted, that the submission to any such arbitration as aforesaid may be made a rule of the said Supreme Court on the application of either or any party thereto, and may be enforced against all necessary parties by any rule, order or decree of the said Court notwithstanding that any or either of the said parties are not otherwise subject to the jurisdiction of the said Court.

XXIII. And it is enacted, that no award made with respect to any question referred to arbitration under the provisions of this Act shall be set aside for irregularity or error in matter of form.

XXIV. And it is enacted, that in every case in which a dispute or difference shall arise between the said Commissioners, and any person or persons whose property they may intend or desire to purchase for the purposes of this Act as to the amount of compensation to be paid for the said property which difference and dispute either of the said parties shall refuse to settle by arbitration the said Commissioners shall issue a warrant in writing signed by any one of them and sealed with their common seal to the Sheriff of Calcutta, requiring him to summon a jury for the purpose of settling the said difference or dispute, and if such Sheriff be interested in the matter in dispute such warrant shall be addressed and sent to the Coroner of Calcutta, and if the said Sheriff and the said Coroner be both of them interested in the said matter then the said warrant shall be addressed and sent to the last person who shall have filled the office of Sheriff of Calcutta who is not interested in the said matter, and who is at the time of the issuing the said warrant an inhabitant of the said Town of Calcutta, and every such Sheriff, Coroner, or Ex-Sheriff shall have power if he think fit to appoint a Deputy or Assessor.

XXV. And it is enacted, that throughout the enactments contained in this Act relative to a reference to a jury where the term Sheriff is used the provisions applicable thereto shall be held to apply to every Coroner or other person lawfully acting in the place of the Sheriff, and in every case in which any such warrant as aforesaid shall have been directed to any other person than the said Sheriff of Calcutta, such Sheriff shall immediately on receiving notice of the delivery of the warrant on application being made to him for that purpose deliver over to the person to whom the said warrant shall have been directed, or to any

২১ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে ঐ সালিসেরা অথবা বিবাদ বিশেষে ঐ মধ্যস্থ আপনারদের ফয়সলা লিখিয়া ঐ কমিস্যনরেরদের নিকটে দাখিল করিবেন এবং ঐ কমিস্যনরেরা তাহা নিজে রাখিবেন এবং সালিসের অন্য পক্ষ ব্যক্তি তাহার এক নকল পাইবার নিমিত্তে তাঁহারদের মুহুরীর দপ্তরে দরখাস্ত করিলে তাঁহারা আপনারদের নিজ খরচে তাহা তাঁহাকে দিবেন এবং সকল উপযুক্ত সময়ে তাঁহারদের নিকটে দরখাস্ত হইলে তাঁহারা সেই ফয়সলা দেখাইবেন এবং সেই ব্যক্তিকে অথবা তিনি সেই নিমিত্ত যাঁহাকে নিযুক্ত করেন তাঁহাকে আপনারদের মুহুরীর দপ্তরে ঐ ফয়সলা দেখিতে অথবা মোকাবিলা করিতে অনুমতি দিবেন ইতি।

২২ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে পূর্ব্বোক্ত মতে ঐ সালিসী মাননের স্বীকার ঐ সালিসী-সম্পর্কীয় উভয় পক্ষের কোন এক জন বা অন্য ব্যক্তির দরখাস্তক্রমে উক্ত সুপ্রিম কোর্টের বিধানের ন্যায় ধার্য্য হইতে পারে এবং ঐ উভয় পক্ষীয় ব্যক্তিরদের মধ্যে কোন জন বা কোন এক জন অন্য প্রকারে ঐ আদালতের এলাকার অধীন না থাকিলেও উক্ত আদালত আবশ্যক হইলে অন্য সকল ব্যক্তিকে ঐ সালিসের ফয়সলা মানিতে নিয়ম কি হুকুম অথবা ডিক্রী করিতে পারেন ইতি।

২৩ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে এই আইনের বিধির অনুসারে সালিসীতে অর্পণহওয়া কোন বিষয়ে যে ফয়সলা হয় তাহা নিয়ম বিরুদ্ধ হইয়াছে বলিয়া অথবা দাঁড়ার বিষয়ে চুক আছে বলিয়া অন্যথা করা যাইবেক না ইতি।

২৪ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে যে প্রত্যেক গতিকে এই আইনের অভিপ্রায়ের নিমিত্তে যে সম্পত্তি ঐ কমিস্যনরেরা খরীদ করিতে মানস অথবা ইচ্ছা করেন সেই সম্পত্তির মালিক কি মালিকেরদের সঙ্গে উক্ত সম্পত্তির মূল্যের বিষয়ে যদি কোন বিবাদ অথবা অনৈক্য হয় এবং যদি উভয় পক্ষের কোন এক পক্ষ ঐ বিবাদ বা অনৈক্য সালিসীর দ্বারা নিষ্পত্তি করিতে স্বীকার না করেন তবে ঐ কমিস্যনরেরা আপনারদের কোন এক জনের দ্বারা দস্তখৎহওয়া এবং তাঁহারদের সাধারণ মোহরকরা এক ওয়ারণ্ট অর্থাৎ পরওয়ানা কলিকাতার সরিফ সাহেবের উপরে জারী করিবেন এবং তাহাতে ঐ বিবাদ অথবা অনৈক্য নিষ্পত্তিকরণের নিমিত্তে জুরি তলব করিতে তাঁহার প্রতি হুকুম হইবেক। এবং যদি বিরোধি বিষয়ে ঐ সরিফ সাহেবের কোন ক্ষতিবৃদ্ধি থাকে তবে ঐ ওয়ারণ্ট কলিকাতার করণর সাহেবের নামে লেখা যাইবেক এবং তাঁহার নিকটে পাঠান যাইবেক এবং যদি ঐ সরিফ সাহেব এবং ঐ করণর সাহেব এই উভয়ের সেই বিষয়ে কোন ক্ষতিবৃদ্ধি থাকে তবে যে ব্যক্তি কলিকাতার সরিফী কর্ম্মে শেষে নিযুক্ত ছিলেন অথচ বিবাদি বিষয়ে তাঁহার কোন ক্ষতিবৃদ্ধি নাই এবং ওয়ারণ্ট বাহির হওনসময়ে কলিকাতানিবাসী থাকেন তাঁহার নামে ঐ ওয়ারণ্ট বাহির হইবেক এবং তাঁহার নিকটে প্রেরিত হইবেক। এবং ঐ সরিফ সাহেব অথবা করণর কি অনাদস্থ সরিফ উচিত বোধ করিলে এক জন নায়েব অথবা সহকারী নিযুক্ত করিতে পারেন ইতি।

২৫ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে জুরির নিকটে বিবাদ অর্পণ করণের বিষয়ে এই আইনের যে২ স্থানে "সরিফ" এই কথার ব্যবহার আছে সেই স্থানের সকল নিয়ম প্রত্যেক করণর সাহেব অথবা অন্য যে ব্যক্তি সরিফের এওজে কর্ম্ম করেন তাঁহার বিষয়ে খাটিবেক। এবং যে প্রত্যেক গতিকে পূর্ব্বোক্ত ওয়ারণ্ট কলিকাতার ঐ সরিফছাড়া অন্য ব্যক্তির নামেই দেওয়া যায় সেই গতিকে ঐ সরিফ সাহেব ঐ ওয়ারণ্ট দেওনের বিষয়ে এত্তেলা পাইলে যে ব্যক্তির নামে ঐ ওয়ারণ্ট বাহির হইয়াছে সেই ব্যক্তি জুরির বহী এবং শহর

other fit and proper person appointed by him to receive the same the Juror's book and special Juror's list for the Town of Calcutta.

XXVI. And it is enacted, that upon the receipt of such warrant as aforesaid the Sheriff shall summon a jury of twenty-four indifferent persons duly qualified to act as common jurymen in Her Majesty's Supreme Court of Judicature aforesaid, to meet at a convenient time and place to be appointed by him for that purpose, such time not being less than fourteen nor more than twenty-one days after the receipt of such warrant, and such place not being more than miles from the lands, buildings or tenements concerning and relating to which the said difference or dispute shall have arisen unless by consent of the parties interested some other time and place be agreed upon and settled, and the said Sheriff shall forthwith give notice to the said Commissioners of the time and place so appointed by him.

XXVII. And it is enacted, that out of and from the number of jurors appearing upon such summons as aforesaid, a jury of twelve persons shall be drawn by the said Sheriff in such manner and form as juries for trials of offences before the said Supreme Court are by the rules and orders of the said Courts required to be drawn, and if a sufficient number of the jurymen so summoned as aforesaid do not appear in obedience to such summons as aforesaid the Sheriff shall return other indifferent men duly qualified as aforesaid of the bye-standers or others that can speedily be procured to make up the jury to the said number of twelve persons, and the said Commissioners and all other parties interested in the said lands, buildings or tenements may have and make their challenges against any of the said jurymen according to the course and practice of the said Supreme Court, but neither the said Commissioners nor any of the said parties interested as aforesaid shall challenge the array.

XXVIII. And it is enacted, that in every such inquiry as aforesaid the said Sheriff shall preside, and the party or parties claiming compensation from the said Commissioners shall be deemed the plaintiff or plaintiffs as the case may be, and shall have all such rights and privileges as the plaintiff is entitled to in the trial of actions at law in the Court of Queen's Bench at Westminster, and if the said Commissioners or any person interested in the said lands, buildings or tenements so request in writing the said Sheriff shall summon before him, any person who shall by the said Commissioners, or any person interested as aforesaid be considered necessary to be examined as a witness touching the matters in question, and on the like request the said Sheriff shall order the said jury or any six or more of them to view the place or matter in controversy in like manner as views may be had in the trial of actions at law in the Court of Queen's Bench at Westminster.

(To be Continued:)

কলিকাতার বিশেষ জুরির তালিকার দরখাস্ত করিলে সরিফ সাহেব সেই বহীপ্রভৃতি তাঁহাকে দিবেন অথবা তিনি তাহা লইবার জন্যে যে উপযুক্ত এবং যোগ্য ব্যক্তিকে নির্দ্দিষ্ট করেন তাঁহাকে দিবেন ইতি।

২৬ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে সরিফ সাহেব পূর্ব্বোক্ত ওয়ারণ্ট পাইলে যে ব্যক্তিরা উক্ত শ্রীশ্রীমতী মহারাণীর সুপ্রিম কোর্টে সাধারণ জুরির কর্ম্মকরণের যোগ্য তাঁহারদের মধ্যহইতে চল্লিশ জন অপক্ষপাতি ব্যক্তিকে জুরি হওনার্থ তলব করিবেন এবং তন্নিমিত্তে যে উপযুক্ত সময় ও স্থান তিনি নির্দ্দিষ্ট করেন সেইখানে তাঁহারা একত্র হইবেন কিন্তু আবশ্যক যে সেই সময় ঐ ওয়ারণ্ট পাইবার পর চৌদ্দ দিনের কম ও একুশ দিনের অধিক না হয় এবং সেই স্থান যে ভূমি বা বাটী কি এমারতের বিষয়ে এবং সম্পর্কে ঐ অনৈক্য অথবা বিরোধ হইয়াছে সেই খানহইতে এত মাইলের অধিক না হয়। কিন্তু তৎসম্পর্কীয় ব্যক্তিরদের সম্মতিক্রমে অন্য কোন সময় ও অন্য স্থান নিরূপণ এবং স্থির হইতে পারে। এবং ঐ সরিফ সাহেব যে সময় ও স্থান নির্দ্দিষ্ট করেন তাহার সম্বাদ ঐ কমিস্যনরদিগকে তৎক্ষণাৎ দিবেন ইতি।

২৭ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে পূর্ব্বোক্ত সমনক্রমে যে সকল জুরি ব্যক্তি উপস্থিত হন তাঁহারদের মধ্যে ঐ সরিফ সাহেব যেরূপে ও যে প্রকারে সুপ্রিম কোর্টের নিয়ম ও হুকুমানুসারে ঐ আদালতে অপরাধের বিচার করণার্থ জুরি মনোনীত হন সেইরূপে ঐ সরিফ সাহেব বারো জনকে জুরির ন্যায় নিরূপণ করিবেন এবং পূর্ব্বোক্ত সমনক্রমে যদি সেইরূপে তলবহওয়া জুরিরদের প্রচুর সংখ্যক ব্যক্তি উপস্থিত না হন তবে ঐ সরিফ সাহেব জুরির বারো ব্যক্তির সংখ্যা পূর্ণ করণার্থ সেই স্থানে উপস্থিত থাকা ব্যক্তিরদের অথবা অন্য যে ব্যক্তিরদিগকে শীঘ্র আনা যাইতে পারে এইমত যোগ্য এবং সেই বিবাদি বিষয়ে অলিপ্ত ব্যক্তিরদিগকে জুরির মধ্যে ভর্ত্তি করিয়া দিবেন এবং ঐ কমিস্যনরেরা এবং ঐ ভূমি বা বাটী কি এমারতে অন্য যে ব্যক্তিরদের লাভনোকসান থাকে তাঁহারা উক্ত সুপ্রিম কোর্টের রীতি ও ব্যবহারানুসারে উক্ত জুরিরদের মধ্যে কোন ব্যক্তির বিষয়ে আপত্তি করিতে পারেন কিন্তু ঐ কমিস্যনরেরা অথবা সেই বিষয়ে অন্য যে ব্যক্তির লাভনোকসান থাকে তাঁহারা ঐ সমুদয় জুরির বিষয়ে আপত্তি করিতে পারিবেন না ইতি।

২৮ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে এইমত প্রত্যেক মুরৎহালে উক্ত সরিফ সাহেব সভাপতি হইবেন এবং যে ব্যক্তি বা ব্যক্তিরা উক্ত কমিস্যনরেরদের স্থানে ক্ষতিপূরণের দাওয়া করেন তাঁহারা ফরিয়াদী বা ফরিয়াদী সকলের ন্যায় জ্ঞান হইবেন এবং শ্রীশ্রীমতী মহারাণীর ওএষ্টমিনষ্টর শহরের আদালতে আইনসম্পর্কীয় নালিশের বিচারে ফরিয়াদীর যে সকল হক ও ক্ষমতা আছে এই মুরৎহালে ফরিয়াদীর সেই সকল হক ও ক্ষমতা থাকিবেক এবং যদি ঐ কমিস্যনরেরা অথবা ঐ ভূমি বা বাটী কি এমারতের লাভনোকসানযুক্ত কোন ব্যক্তি লিখনের দ্বারা ঐ সরিফ সাহেবের নিকটে প্রার্থনা করেন তবে বিরোধি বিষয়ে যে কোন ব্যক্তির সাক্ষিরূপ জোবানবন্দী লইতে ঐ কমিস্যনরেরা অথবা পূর্ব্বোক্ত প্রকারে ঐ ক্ষতিবৃদ্ধিযুক্ত কোন ব্যক্তি উচিত বোধ করেন তাঁহাকে সরিফ সাহেব তলব করিবেন এবং সেইরূপ প্রার্থনাক্রমে যেরূপ শ্রীশ্রীমতী মহারাণীর ওএষ্টমিনষ্টর শহরের আদালতে আইনের পক্ষে নালিশের বিচারের সময়ে সরেজমীনে দর্শন হইতে পারে সেইরূপে ঐ সরিফ সাহেব ঐ জুরিরদিগকে অথবা তাঁহারদের মধ্যে কোন ছয় বা ততোধিক ব্যক্তিকে বিরোধি স্থান অথবা বিষয়ের সরেজমীনে দর্শন করিতে হুকুম দিতে পারেন ইতি।

(ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।)

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE,
THE 19TH DECEMBER, 1846.

The following Draft of a proposed Act was read in Council for the first time on the 19th of December 1846 :

ACT No.—— OF 1846.

An Act for repealing the Law which authorizes the imposition of fines on Moonsiffs and Sudder Ameens.

Whereas it was enacted, by Clause 3, Section 9, Regulation XXIII. of 1814, of the Bengal Code, that in cases of misconduct and neglect of duty which might not be of a nature to require the suspension or dismissal of a Moonsiff from his office, the Judge should be authorized to impose on the Moonsiff a fine not exceeding Twenty Rupees in amount, and that the order of the Judge in such case should be final :

And whereas by Section 67 of the said Regulation the provision above recited, was declared amongst other things to be applicable to the office of Sudder Ameens, as well as to that of Moonsiffs :

And whereas the provision above recited, is no longer adapted to Moonsiffs and Sudder Ameens, in the more elevated Judicial position which they now occupy :

It is therefore hereby enacted, that Clause 3, Section 9, Regulation XXIII. of 1814, and Section 67 of the said Regulation, so far as it declares the said Clause to be applicable to Sudder Ameens, are repealed.

Ordered, that the Draft now read be published for general information.

Ordered, that the said Draft be re-considered at the first meeting of the Legislative Council of India after the 19th day of February next.

G. A. BUSHBY,
Secy. to the Govt. of India.

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
লেজিসলেটিব।
ইঙ্গরেজী ১৮৪৬ সাল ১৯ ডিসেম্বর।

প্রস্তাবিত আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৪৬ সালের ১৯ ডিসেম্বর তারিখে হজুর কৌন্সেলে প্রথমবার পাঠ করা গেল।

ইঙ্গরেজী ১৮৪৬ সাল—আক্ট।

যে আইনের দ্বারা মুনসেফ ও সদর আমীনেরদের জরীমানা করণের ক্ষমতা দেওয়া গিয়াছে তাহা রদ করণের বিষয়ি আইন।

যেহেতুক বাঙ্গলা দেশের চলিত ১৮১৪ সালের ২৩ আইনের ৯ ধারার ৩ প্রকরণে হুকুম আছে যে "মুনসেফেরদিগহইতে আপন২ ভারের কর্ম্ম নির্ব্বাহ করণের মধ্যে কর্ম্মহইতে তগীর কি সস্পেণ্ড না হইতে পারিবার মত আর২ প্রকার বিরুদ্ধাচরণ ও শৈথিল্য হইলে জজ সাহেবের ক্ষমতা আছে যে ২০৲ কুড়ি টাকার অধিক না হয় এমত জরীমানা তাহারদিগের স্থানে লন্ ও এমত২ গতিকের বিষয়েতে জজ সাহেব যে হুকুম দিবেন তাহাই চূড়ান্ত হইবেক।"

এবং যেহেতুক ঐ আইনের ৬৭ ধারানুসারে অন্যান্য বিষয়ের মধ্যে ঐ বিধান যেমন মুনসেফের বিষয়ে খাটে তেমনি সদর আমীনের বিষয়েও খাটিবার হুকুম হইয়াছিল।

এবং যেহেতুক মুনসেফেরদের ও সদর আমীনেরদের পূর্ব্বাপেক্ষা বিচারকরণসম্পর্কীয় যে উচ্চ পদ এক্ষণে হইয়াছে তদ্দৃষ্টে ঐ বিধি তাঁহারদের বিষয়ে উপযুক্তমতে আর না খাটে।

অতএব ইহাতে হুকুম হইল যে ১৮১৪ সালের ২৩ আইনের ৯ ধারার ৩ প্রকরণ এবং ঐ আইনের ৬৭ ধারার যে ভাগে লেখে যে ঐ নিয়ম সদর আমীনের বিষয়ে খাটে তাহাও রদ হইল।

হুকুম হইল যে এক্ষণে পাঠকরা মুসাবিদা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

হুকুম হইল যে আগামি ১৯ ফেব্রুআরি তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের যে প্রথম বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনরায় বিবেচনা করা যায়।

জি এ বুশবি।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

CIRCULAR ORDERS OF THE SUDDER BOARD OF REVENUE.

No. 28.

From the Officiating Secretary to the Sudder Board of Revenue, to the Commissioner of Revenue for the Division of ——

I am directed by the Sudder Board of Revenue to request that you will direct measures to be taken, on the abolition of an office in your Division, whether of an Uncovenanted Deputy Collector or other functionary, to stop the Official Gazette supplied to such office.

(Signed) G. PLOWDEN,
Offg. Secretary.

Sudder Board of Revenue,
Fort William, the 26th November, 1846.

[*Government Gazette, 29th December*, 1846.]

সদর বোর্ড রেবিনিউর সরক্যুলর অর্ডর।

২৮ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিসানর সাহেবের প্রতি সদর বোর্ড রেবিনিউর শ্রীযুত এক্টিং সেক্রেটারী সাহেবের পত্র।

সদর বোর্ড রেবিনিউর হুকুমক্রমে আদেশ করিতেছি যে তোমার এলাকার মধ্যে কোন পদ অর্থাৎ অচিহ্নিত ডেপুটী কালেক্টরের কিম্বা অন্য কোন কার্য্যকারকের পদ রহিত হইলে সেই সিরিশ্তায় যে গবর্ণমেণ্ট গেজেট পাঠান যায় তাহাও রহিত করণের হুকুম কর।

জি প্লৌডেন।
এক্টিং সেক্রেটারী।

সদর বোর্ড রেবিনিউ। ফোর্ট উলিয়ম।
১৮৪৬। ২৬ নবেম্বর।

No. 29.

From the Officiating Secretary to the Sudder Board of Revenue, to the Commissioner of Revenue for the Division of ———

I am directed by the Sudder Board of Revenue to instruct you that no appeal is in future to be instituted in the Zillah Court in a case decided against the Government by a lower tribunal, until the opinion of the Legal Remembrancer has been taken on the decision.

2d. Whenever a case is decided against Government, in which the decision is open to an appeal to the Zillah Judge, you will be pleased to report without loss of time on the merits of the decision to the Legal Remembrancer, stating whether in your opinion an appeal should be preferred against it or not.

3d. If the Legal Remembrancer and yourself should be of the same opinion on the question of appealing you will act accordingly. If you should differ, the Legal Remembrancer will refer the case for the orders of the Board.

4th. It may sometimes be necessary, in cases decided by a Moonsiff, to lodge an appeal at once, pending a reply to the reference to the Remembrancer, only one month being allowed for appealing against the decision of a Moonsiff, and in such cases the appeal can be withdrawn, if, after the reference, it should be thought proper not to prefer an appeal.

(Signed) G. PLOWDEN,
Offg. Secretary.

Sudder Board of Revenue,
Fort William, the 4th December, 1846.

The following amended translation of Clause 7, Schedule A, Regulation X. 1829, is published by order of the Honourable the Deputy Governor of Bengal.

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

৭ সপ্তম।—রপ্ত অর্থাৎ তমঃসুক এতাবতা টাকা আদায়ের কারণ এক কি ততোধিক সাক্ষির দস্তখৎযুক্ত করারী তমঃসুক ও হুণ্ডী ও টাপ ও বরাৎইত্যাদি এক বৎসরের

২৯ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিস্যনর সাহেবের প্রতি সদর বোর্ড রেবিনিউর শ্রীযুত একটিং সেক্রেটারী সাহেবের পত্র।

১। সদর বোর্ড রেবিনিউর আজ্ঞাক্রমে তোমাকে জানাইতেছি যে অধস্থ আদালতে সর্ক্কারের প্রতিকূলে উত্তর কালে কোন মোকদ্দমার নিষ্পত্তি হইলে যাবৎ ঐ নিষ্পত্তির বিষয়ে লিগেল রিমেম্ব্রান্সর সাহেবের মত পাওয়া না যায় তাবৎ কোন আপীল জিলা আদালতে উপস্থিত করা যাইবেক না।

২। যে মোকদ্দমার নিষ্পত্তির উপর জিলার জজ সাহেবের নিকটে আপীল হইতে পারে এমত মোকদ্দমা সর্ক্কারের বিরুদ্ধে নিষ্পত্তি হইলে ঐ নিষ্পত্তির দোষগুণের বিষয়ের এক রিপোর্ট লিগেল রিমেম্ব্রান্সর সাহেবের নিকটে অগৌণে পাঠাইবা এবং তোমার বিবেচনায় এই নিষ্পত্তির উপর আপীল করা উচিত কি না তাহা তাঁহাকে জানাইবা।

৩। আপীল করণের বিষয়ে যদি লিগেল রিমেম্ব্রান্সর সাহেবের মত এবং তোমার মতে ঐক্য হয় তবে তদনুসারে কার্য্য করিবা। কিন্তু যদি অনৈক্য হয় তবে সেই বিষয় লিগেল রিমেম্ব্রান্সর সাহেব সদর বোর্ডের সাহেবেরদের মত পাইবার নিমিত্তে তথায় অর্পণ করিবেন।

৪। মুনসেফের নিষ্পত্তির উপর আপীলের মিয়াদ কেবল এক মাস নিরূপিত আছে অতএব কখন২ এমত হইতে পারে যে মুনসেফের নিষ্পত্তি করা মোকদ্দমায় লিগেল রিমেম্ব্রান্সর সাহেবের নিকটে অর্পিত বিষয়ের উত্তর পাইবার পূর্ব্বে একেবারে আপীল করিতে হইবেক। এইমত হইলে যদি ঐ বিষয় অর্পণ হওনের পর আপীল না করা বিহিত বোধ হয় তবে ঐ আপীল উঠান যাইতে পারে।

জি প্লোডন।
একটিং সেক্রেটারী।

সদর বোর্ড রেবিনিউ।
ফোর্ট উলিয়ম। ১৮৪৬। ৪ ডিসেম্বর।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

১৮২৯ সালের ১০ আইনের A চিহ্নিত তফসীলের ৭ প্রকরণের নীচের লিখিত শুধরা তরজমা বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে প্রকাশ হইতেছে।

জান সি মার্শমন। বাঙ্গলা তরজমাকারক।

অধিক মিয়াদে হইলে ২৫৲ পঁচিশ টাকার অধিক না হইলে যে ইষ্টাম্পকাগজে লেখা যাইবেক তাহার মূল্য। ৵০

রাজকর্ম্মে নিয়োগ।

২৩৬৮ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৬ সাল ১৭ ডিসেম্বর।

শ্রীযুত আর জে রিচার্ডসন সাহেব (Mr. R. J. Richardson,) ঢাকার মাজিস্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিস্টাণ্ট হইবেন।

১৮৪৬ সাল ২১ ডিসেম্বর।

শ্রীযুত মৌলবী রুকনুদ্দীনের অনুপস্থানপর্য্যন্ত পরগনা সেরপুরের কাজী শ্রীযুত মৌলবী মহম্মদ আফতাবুদ্দীন ময়মনসিংহের ফতওয়াদায়কের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ছুটী।

১৮৪৬ সাল ২১ ডিসেম্বর।

পূর্ব্ব বর্দ্ধমানের সিবিল আসিস্টাণ্ট চিকিৎসক শ্রীযুত এ সি মাক্রে সাহেব (Mr. A. C. Macrae,) স্বীয় কর্ম্মোপলক্ষে পাঁচ দিনের ছুটী পাইয়াছেন।

হাবড়ার মাজিস্ট্রেট শ্রীযুত জি এফ কোবর্ণ সাহেব (Mr. G. F. Cockburn,) স্বীয় কর্ম্মোপলক্ষে এক মাসের ছুটী পাইয়াছেন।

ময়মনসিংহের ফতওয়াদায়ক শ্রীযুত মৌলবী মহম্মদ রুকনুদ্দীন স্বীয় কর্ম্মোপলক্ষে দুই মাসের ছুটী পাইয়াছেন।

১৮৪৬ সাল ২৩ ডিসেম্বর।

মুরশিদাবাদের কালেক্টর শ্রীযুত ডবলিউ এম ডিরম সাহেব (Mr. W. M. Dirom,) গত সেপ্টেম্বর মাসের ২ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত এক মাসের ছুটী পাইয়াছেন।

কানপুরের আফীনের সব-ডেপুটী এজেণ্ট শ্রীযুত পি মাকসুএল সাহেব (Mr. P. Maxwell,) ১৮৪৫ সালের ১৯ নবেম্বর তারিখে যে ছুটী পান তদতিরিক্ত এক মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৪৬ সাল ২৩ ডিসেম্বর।

মুরশিদাবাদে শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের এক্টিং এজেণ্ট শ্রীযুত এচ টরেন্স সাহেব (Mr. H. Torrens,) বর্ত্তমান মাসের ১৭ তারিখে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন।

বাকরগঞ্জের এক্টিং কালেক্টর শ্রীযুত হেনরি আথরটন সাহেব (Mr. Henry Atherton,) বর্ত্তমান মাসের ১৪ তারিখে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন।

গোয়ালপাড়াতে আসামের কমিস্যনর সাহেবের এক্টিং প্রধান আসিস্টাণ্ট শ্রীযুত লেপ্টেনেণ্ট ই টি ডালটন সাহেব (Lieutenant E. T. Dalton,) মফঃস্বলে গমনার্থ বর্ত্তমান মাসের ১১ তারিখে আপন খাজানাখানার ও মাজিষ্ট্রেটের সিরিশ্তার ভার শ্রীযুত ডবলিউ এস হড্সন সাহেবের (Mr. W. S. Hudson,) প্রতি অর্পণ করেন।

পূরণিয়ার সিবিল ও সেশন জজ শ্রীযুত ডি প্রিঙ্গল সাহেব (Mr. D. Pringle,) বর্ত্তমান মাসের ১৫ তারিখে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্তিহার।

OPIUM ADVERTISEMENT. আফিমবিষয়ক ইশ্তিহার।

ফোর্ট উলিয়ম আফিম দপ্তর সন ১৮৪৬ সাল তারিখ ১৫ ডিসেম্বর মোতাবেকে বাঙ্গলা সন ১২৫৩ সাল তারিখ ১ পৌষ।

ইশতেহার দেওয়া যাইতেছে যে সন ১৮৪৬ সাল তারিখ ২৮ ডিসেম্বর মোতাবেকে বাঙ্গলা সন ১২৫৩ সাল তারিখ ১৪ পৌষ সোমবার পূর্ব্বাহ্নে দিবা এগার ঘণ্টার সময়ে মোকাম কলিকাতার এক্সচেঞ্জ ঘরে নীচের লিখিত মেকদার সন ১৮৪৫। ৪৬ সালের পয়দায়শী আফিম সমুদ্রপথে রপ্তানির জন্য নীলামে পশ্চাৎ লিখিত শরতে বিক্রয় করা যাইবেক।

বেহারের পয়দায়শী আফীম ——— ১৬৯০
বানারসের পয়দায়শী আফিম. ——— ৭১৫

জুমলা সিন্দুক ২৪০৫

নীলামের শরত।

১ দফা। পূর্ব্বোক্ত আফিম সকল সমুদ্রপথে রপ্তানির জন্য বিক্রয় করা যাইবেক এবং এরূপে রপ্তানি ভিন্ন অন্য কোন বাবতে সার্টিফিকেট দেওয়া যাইবেক না।

২ দফা। ফি সিন্দুক আফিম ন্যূন সংখ্যা কোং ৪০০৲ টাকা দরে চলিতমতে ধরা যাইবেক তাহার উপর যে ব্যক্তি সর্ব্বাপেক্ষা অধিক মূল্য দিতে চাহিবেক তাহাকেই বিক্রয় করা যাইবেক যদিস্যাৎ এমত কোন ঘটনা উপস্থিত না হয় যে ঘটনার জন্যে এই নীলামের শরতের ১২ দফায় বিশেষ নিয়ম নির্দ্ধারিত করা গেল।

৩ দফা। ঐ নীলাম পূর্ব্বাহ্নে দিবা এগার ঘণ্টার সময় আরম্ভ হইবেক এবং অপরাহ্নে দুই প্রহর পাঁচ ঘণ্টার পর স্থগিত হইবেক কিন্তু যদি ঐ ঘড়িতে যে সকল লাটহায় বিক্রয়ের কারণ ইশতেহার হইল তাহার কতক লাট গরবিক্রী থাকে তবে সাহেবান বোর্ডের বিবেচনানুসারে তৎপর দিবস যদি সে দিবস রবিবার কিম্বা কোন পর্ব্বাহ্ন না হয় তবে বেলা এগার ঘণ্টার সময় পুনশ্চ বিক্রয় করিতে আরম্ভ করা যাইবেক এই রীতিক্রমে যাবৎ সামুদায়িক লাট বিক্রীত না হয় তাবৎ নীলাম করা যাইবেক। আর যে দিবসে বিক্রয়ের ইশতেহার হইল সে দিবস যদি ঐ সমুদয় ২৪০৫ সিন্দুক আফিম বিক্রয় না হয় তবে যে সকল লাট হাতে থাকিবেক তাহা সাহেবান বোর্ড ভবিষ্যৎ কোন নীলামে বিক্রয় করিতে পারিবেন।

৪ দফা। ঐ আফিমের ফি লাট ৫ সিন্দুকে হইবেক।

৫ দফা। নীলামঘরের ভিতর খরিদারের নাম সেলবহীতে রেজষ্টরী হওনের পূর্ব্বে প্রত্যেক লাট যে দরে ডাক মঞ্জুর হইবেক সেই দরের মোটের উপর ফিশত ২৫৲ টাকার হিসাবে খরিদারকে আমানৎ পেশগীর বাবৎ প্রমিস্যরি নোট অর্থাৎ তমঃসুক লিখিয়া দিতে হইবেক আর আগামি সন ১৮৪৬ সালের ৩০ ডিসেম্বর বুধবার বেলা দুই প্রহর চারি ঘণ্টার পূর্ব্বে বোর্ডের দপ্তরখানায় আসিয়া সবত্রেজরর সাহেবের রসিদ অথবা কোম্পানির কাগজ এওজ দিয়া পূর্ব্বোক্ত দর্শনি প্রমিস্যরি নোটসকল খালাস করিতে হইবেক কিন্তু নিরূপিত সময়মধ্যে যদি খালাস না করে তবে যে সকল লাটহায়ের আমানৎ পেশগী হিসাবে টাকা অথবা সবত্রেজরর সাহেবের রসিদ কিম্বা কোম্পানির কাগজ দাখিল না হইবেক তাহা বোর্ডের সাহেবান যে সময় ও নিয়ম স্থির করিবেন সেই সময় ও সেই নিয়মানুসারে ছানী নীলামে বিক্রয় হইবেক তাহাতে যে নোকসান ও খরচখরচা পড়িবেক তাহা পূর্ব্বোক্তমতে যাহারদিগের আমানৎ পেশগী দাখিল করিতে ত্রুটি হইবেক তাহারদিগকে দিতে হইবেক ও মুনফা যদ্যপি হয় তাহা কোম্পানি বাহাদুরের সরকারে জব্দ হইবেক।

৬ দফা। ঐ নীলামের দিবস পূর্ব্বোক্ত শরতমতে যে সকল প্রমিস্যরি নোট লওয়া যাইবেক তাহা যদি আগামি পূর্ব্বোক্ত ১৮৪৬ সালের ৩০ ডিসেম্বর তারিখে খালাস না হয় তবে ঐ সকল নোট কোম্পানির তরফ উকিলের স্থানে দেওয়া যাইবেক তাঁহাকে যেমত উচিত বোধ হইবেক সেইমত তিনি ঐ নোটের বাবৎ টাকা আদায় করিবেন।

৭ দফা। যে আফিমের বাবৎ আমানৎ পেশগীর টাকা ঐ ৩০ ডিসেম্বর দিবা দুই প্রহর চারি ঘণ্টার পূর্ব্বে দাখিল না হইবেক তাহার হিসাবে কোন টাকা কিম্বা সবত্রেজরর সাহেবের রসিদ অথবা কোম্পানির কাগজ পশ্চাৎ লওয়া যাইবেক না।

[*Government Gazette, 29th December*, 1846.]

৮ দফা। যে সকল আফিম বিক্রয়ার্থে এইক্ষণে ইশতেহার দেওয়া যাইতেছে তাহার কিস্মতের বেবাক টাকা নীলামের তারিখ ইস্তক পূরা পোনের দিনের মধ্যে দাখিল করিতে হইবেক অর্থাৎ সন ১৮৪৭ সালের ১২ জানুআরি মঙ্গলবার দিবা দুই প্রহর চারি ঘণ্টার পর উক্ত কিস্মতের বাবৎ ত্রেজরি রসিদ আর লওয়া যাইবেক না যদিস্যাৎ ঐ আফিমের কোন লাটের টাকা দাখিল হইয়া হিসাব নিষ্পত্তি না হয় তবে যে দরে লাট ডাক মঞ্জুর হইয়া থাকে তাহার মোট টাকার উপর ফি শত ২৫৲ টাকার হিসাবে সমান পরিমাণে যে টাকা আমানৎ হইয়া থাকিবেক অথবা কোন রকম কোম্পানির কাগজ যাহা ঐ লাট ফি সিন্দুকের হিসাবে দাখিল হইয়া থাকিবেক তাহা সরকারে জব্দ হইবেক। পরে বোর্ড পরমিট ও নেমক ও আফিমের সাহেবান আলিশানের দ্বারা যে তারিখে যেপ্রকারে নীলাম করা উচিত বিবেচনা হইবেক সেই দিবস সেইপ্রকারে ঐ আফিম সরকার বাহাদুরের নিজ হিসাবে বিক্রয় হইবেক। তাহাতে ছানি নীলামে যে লাভ হইবেক তাহাতে নাদাওয়া হইয়া পহিলা খরিদারকে প্রথম খরিদা দরহইতে ছানি নীলামের খরিদ দরে যত টাকা নোকসান অথবা তফাওৎ হইবেক তাহা আদায় করিতে হইবেক।

৯ দফা। যে সকল খরিদারান পূর্ব্বোক্তমতে বেবাক টাকা দাখিল করিয়া আফিমের সার্টফিকেট অর্থাৎ আফিম বাহির করিবার হুকুম লইবেক তাহারদিগের এক্তিয়ার রহিল যে আপন খরিদা আফিমের প্রত্যেক সার্টফিকেটের মধ্যে কত লাট দরজ করিতে চাহে তাহা বিশেষ করিয়া জানায় কারণ ইহা স্পষ্টরূপে জানা কর্ত্তব্য যে পূর্ব্বোক্তমতে যে সকল সার্টফিকেট একবারে লইয়া যাইবেক তাহাই চূড়ান্ত হইবেক এবং ঐ সার্টফিকেটের পরিবর্ত্তে পশ্চাৎ অন্য কোন সার্টফিকেট অথবা হুকুম যাহাতে এক২ লাট করিয়া খালাস হইতে পারে অথবা প্রথম যত লাট কিম্বা সিন্দুকের জন্য সার্টফিকেট দেওয়া যায় তাহা ভিন্ন অন্য কোন প্রকারে কমিবেশী পরিমাণে খালাস হইতে পারে এমত সার্টফিকেট এওজ দেওয়া যাইবেক না।

১০ দফা। এই ইশতেহারের ৫ দফার লিখিত নিয়মানুসারে আমানতের হিসাবে যে কোন কোম্পানির কাগজ অথবা সবত্রেজরর সাহেবের রসিদ দাখিল করিয়া লইতে হইবেক তাহা কেবল যে সকল খরিদারের নাম সেলবহীতে লেখা থাকে তাহারদিগের নিকটহইতে অথবা তাহারদিগের এজেন্ট অর্থাৎ মোক্তারের নিকটহইতে লওয়া যাইবেক এবং ঐরূপ আমানৎ পেশগী দাখিলের রসিদ কেবল ঐ পূর্ব্বোক্ত খরিদারের নামে হইবেক ও আফিম মজকুরা খালাস হইলে পর পূর্ব্বোক্ত কোম্পানির কাগজ তাহারদিগকে অথবা তাহারদিগের বরাতি লোককে ফিরাইয়া দেওয়া যাইবেক।

১১ দফা। শ্রীযুত সাহেবান আলিশান বোর্ডের তরফ সরকারী যে সাহেব নীলামের সুপরিন্‌টেন্‌ডেন্ট হইবেন তাঁহার এমত এক্তিয়ার আছে যে তিনি আপন বিবেচনানুসারে কোন ব্যক্তির ডাক অগ্রাহ্য করেন কিন্তু যদিস্যাৎ সে ব্যক্তি যে ডাক করিবেক তাহার মোট টাকার উপর ফিশতে ২৫৲ টাকার হিসাবে সমান পরিমাণে বাঙ্গালব্যাঙ্ক নোট কিম্বা সবত্রেজরর সাহেবের রসিদ অথবা কোম্পানির কাগজ তলব করিবামাত্র দাখিল করে তবে তাহারদিগের ডাক অগ্রাহ্য করিবেন না।

১২ দফা। নীলাম রোধকরণের মানসে কেহ কৃত্রিম ডাক করিলে তাহা রহিত করণার্থে এই ইশতেহারের দ্বারা বিজ্ঞাপন করা যাইতেছে যে সরকারের কার্য্যকারক যে সাহেব নীলামের কর্ম্ম সম্পাদন করিবেন তিনি নীলাম কালে যে কোন সময়ে হউক আপন এক্তিয়ারে কোন গরবিক্রী লাটের নীলাম রহিত করিয়া পুনরায় তৎক্ষণাৎ সেই লাট উচ্চ পরিমিত মূল্যে ধরিতে পারিবেন তাহাতে সেই দরক্রমে কম করিতে থাকিবেন যাবৎ কেহ ডাক না করে তদনন্তর প্রথমে যে ব্যক্তি পূর্ব্বোক্তমতে কোন লাটের নিমিত্তে কৃত্রিম ডাক করিবেক সেই ব্যক্তি ঐ লাটের খরিদাররূপে গণ্য হইবেক এবং ঐ নীলামের কার্য্যসম্পাদক সাহেবের আরো এক্তিয়ার রহিল যে তাহার পর যত লাট উচিত বুঝিবেন তত লাট ঐরূপে বিক্রয় করিতেপারিবেন কিন্তু এই শরতের ২ দফার লিখিত ন্যূন সংখ্যা ৪০০৲ টাকার মূল্যের কমে কোন লাট বিক্রয় হইবেক না।

১৩ দফা। নীলামি খরিদারের এমত এক্তিয়ার আছে যে প্রথম যে লাট খরিদ করিবেক সেই লাট নম্বরহইতে যত লাট সেই এজেন্সির আফিম খরিদ করিতে চাহে তাহা তৎক্ষণাৎ প্রকাশ করিয়া কহে এবং তদনুসারে খরিদ করে এমতে ২৫ লাটপর্য্যন্ত উর্দ্ধ সংখ্যা খরিদ করিতে পারিবেক এবং এইরূপে যত লাট খরিদ হইবেক তত লাটের বাবৎ পহিলা লাটের মোট দরের উপর ২৫৲ টাকার হিসাবে যত টাকা হয় সেই হিসাবে সমান পরিমাণে টাকা আমানৎ করিতে হইবেক। এবং পহিলা লাট ফি সিন্দুক যত টাকা দরে খরিদ করিয়া থাকে সেই হিসাবে কিস্মতের টাকা দাখিল করিতে হইবেক। এমতে যদিস্যাৎ ঐ আফিমের এত লাট গরবিক্রী থাকে যে তাহাতে ২৫ লাট পূরা হইতে পারে তবে পাইবেক নতুবা পাইবেক না।

১৪ দফা। এই ইশতেহারের লিখিত আফিমের বিক্রীসম্পর্কীয় কিম্বা ঐ আফিমের হিসাব রফার বিষয়ে কোন বিবাদ অথবা গরমেল উপস্থিত হইলে তাহা সুবে বাঙ্গালার সুপ্রিম কোর্ট আদালতের বিচারে নিষ্পত্তি হইবেক আর খরিদারেরদিগের মধ্যে কেহ ঐ আদালতের এলাকার অধীন নহে বলিয়া কোন আপত্তি করিলে গ্রাহ্য হইবেক না।

১৫ দফা। নীচের লিখিত তপসীলমাফিক কাগজাত ও যে আফিম বিক্রী হইবেক তাহার নমুনা নীলামের দিবস দেখান যাইবেক অথবা তাহার পূর্ব্বে বোর্ড পরমিট নেমক ও আফিমের সেক্রেটারী সাহেবের দপ্তরখানায় অনুসন্ধান করিলে দেখিতে পাওয়া যাইবেক।

১ নং যে আফিম বিক্রয় কারণ এইক্ষণে ইশতেহার হইল তাহার সার্টফিকেট।
২ নং ঐ আফিম তজবিজের রিপোর্ট।

১৬ দফা। সকলকে জ্ঞাত করা যাইতেছে যে সন ১৮৪৫। ৪৬ সালের বেহার ও বানারসের আফিম তৈয়ারি কারণ গত সনহায়ের মত যত্ন ও খবরদারি করা গিয়াছে বিশেষতঃ আফিমের লোচসুদ্ধ নিভাঁজ প্রস্তুত করিয়া পাঠাইতে এবং গুটী তৈয়ারী কারণ নিয়মিত পরিমাণ পাতি ব্যবহার করিতে এবং প্রতিগুটীতে সমান ভাগ আফিম রাখিতে সাবধান হওয়া গিয়াছে আফিম মজকুরের বেহার ও বানারসের মোকামী ওজনের হিসাব ও ঐ মোকামের ফি চালানহইতে ছয় সিন্দুক করিয়া কলিকাতায় যে ওজন করা যায় তাহার গড় ওজনের হিসাবে বোর্ড পরমিট নেমক ও আফিমের সেক্রেটারী সাহেবের দপ্তরখানায় তল্লব করিলে দেখিতে পাওয়া যাইবেক। এবং গত দুই

যোত্রহীন জান মণ্টিথ সাহেবের বিষয়ে ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ডিবিডেণ্ড করণের জন্যে এই বিষয়ের শুননি আগামি জানুআরি মাসের ২ তারিখ শনিবারে পুনরায় হইবেক এবং ১৮৪৬ সালের ২৭ ফেব্রুআরি তারিখঅবধি ৩০ নবেম্বর মাসের ৩০ তারিখপর্য্যন্ত আসৈনি সাহেব যত টাকা জমা ও খরচ করিয়াছেন তাঁহার বিস্তারিত হিসাব দাখিল হইয়াছে ও প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় দেখা যাইতে পারে। যে কোন জন কিম্বা এই বিষয়োত্থ লিপ্ত অন্য যে কোন ব্যক্তি উক্ত যোত্রহীনের ইস্টেটের উপর কোন দাওয়া সাবুদ কিম্বা প্রতিবন্ধকতা করিতে চাহেন তিনি শুননির দিবসের পূর্ব্বে তিন দিবস প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় সম্বাদ দিলে তাঁহার কথা শুনা যাইবেক।

আসৈনির দফ্তরখানা। ১৮৪৬ সাল। ২৩ ডিসেম্বর।

[*Government Gazette, 29th December*, 1846.]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান কাশমন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।